আধুনিক
আরবী-বাংলা অভিধান
[আল-মু'জামুল ওয়াফী]

(পরিবর্ধিত ও পরিমার্জিত সংস্করণ)

ড. মুহাম্মদ ফজলুর রহমান
অধ্যাপক, আরবী বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়;
খণ্ডকালীন শিক্ষক (আরবী), আধুনিক ভাষা ইনস্টিটিউট,
ঢাকা বিশ্ববিদ্যালয়

Today's
Arabic-Bengali Dictionary
"al-Mu'jam al-Wāfi"

by
Dr. M. Fazlur Rahman

রিয়াদ প্রকাশনী, ঢাকা

প্রয়াত অনুজ

ফায়েজুর রহমানের

রূহের মাগফেরাত কামনায়

লেখকের প্রকাশিত গ্রন্থ

০১. সরল রীতির কোরআন শরীফ (বাংলা অর্থসহ)
০২. কোরআন শরীফের সরল বাংলা অনুবাদ [৩০ পারা]
০৩. আধুনিক আরবী-বাংলা অভিধান [আল-মু'জামুল ওয়াফী]
০৪. আরবী-বাংলা ব্যবহারিক অভিধান [আল-ক্বামূসুল ওয়াজীয]
০৫. বাংলা-ইংরেজী-আরবী ব্যবহারিক অভিধান [আল-ক্বামূসুল ওয়াজীয]
০৬. দিশারীঃ বাংলা-ইংরেজী-আরবী ব্যবহারিক শব্দকোষ
০৭. তিন ভাষার পকেট অভিধান (বাংলা-ইংরেজী-আরবী)
০৮ আরবী ব্যাকরণ
০৯. দৈনন্দিন আরবী কথোপকথন
১০. আরব মনীষা
১১. আদর্শ অনুবাদকোষ (আরবী বাংলা ইংরেজী)
১২. আদর্শ নামকোষ (বাংলা ইংরেজী আরবী)
১৩. তিন ভাষায় শিক্ষাঙ্গন পরিভাষা (বাংলা-ইংরেজী-আরবী)
১৪. দেশ-বিদেশের পেশা ও পদমর্যাদা (আরবী-ইংরেজী-বাংলা)
১৫. ক্বাছীদাতুল বুর্‌দাহ (অনুবাদসহ)
১৬. কাসীদা-ই-নু'মান (অনুবাদসহ)
১৭. হাফিজ ইব্রাহীম ও মা'রূফ আর-রুসাফীর কাব্য-প্রতিভা
১৮. হারীরীর মাকামাত
১৯. খলীল ইব্‌ন আহমদ ও খলীল মুতরান
২০. ইসলাম ও বাস্তবতার আলোকে আরব জাতীয়তাবাদ (অনুবাদ)

প্রিয় পাঠক!

২০০৫ সনে প্রথম প্রকাশিত ''আধুনিক আরবী-বাংলা অভিধান: আল-মু'জামুল ওয়াফী''-এর পরিবর্ধিত ও পরিমার্জিত ৮ম সংস্করণ প্রকাশিত হল। *অভিধানটির প্রতি আপনাদের প্রবল আগ্রহ এ* কাজে আমাকে বাড়তি অনুপ্রেরণা যুগিয়েছে। আশা করি, এ অভিধানের বর্তমান কলেবর আরো সফলভাবে আপনাদের প্রয়োজন মেটাতে সক্ষম হবে এবং এর নতুন বিন্যাস ও বহুবিধ পরিমার্জন আপনাদের আরো ভাল লাগবে। আমরা আগেও বলেছি, এখনো বলছি, এই অভিধান একটি চলমান কাজ। আগামীতেও হয়তো এতে আরো পরিবর্ধন ও পরিমার্জন প্রয়োজন হবে। সে ক্ষেত্রেও আপনাদের আন্তরিক সহযোগিতা ও মূল্যবান পরামর্শ আমাদের কাজে লাগবে। অতীতের মত ভবিষ্যতেও আমরা অভিধানটির প্রতি আপনাদের সহৃদয় ভালবাসা ও অটুট সহমর্মিতা কামনা করি।

- গ্রন্থকার

"আধুনিক আরবী-বাংলা অভিধান" প্রণয়নে
সহায়ক কয়েকটি অভিধান

- আরবী-বাংলা ব্যবহারিক অভিধান [আল-ক্বামূসুল ওয়াজীয]
  -- ড. মুহাম্মদ ফজলুর রহমান
- আল-ফারা'ইদুদ দুররিয়্যাহ (আরবী-ইংরেজী)
  -- J. G. Hava
- আল-মুনজিদ আল-আব্‌জাদী (আরবী-আরবী)
  -- দারুল মাশ্‌রিক, বৈরুত
- আর-রা'ইদ (আরবী-আরবী)
  -- জুব্‌রান মাস্‌'উদ
- A Dictionary of Modern Written Arabic (Arabic-English)
  -- Hans Wehr
- Arabic Military Dictionary (English-Arabic)
  -- Ernest Kay (editor)
- ব্যবহারিক বাংলা অভিধান (পরিমার্জিত সংস্করণ)
  -- বাংলা একাডেমী ঢাকা
- English-Bengali Dictionary
  -- Bangla Academy, Dhaka
- Samsad English-Bengali Dictionary
  -- Sahitya Samsad, Calcutta
- Everyman's Dictionary (English-Bengali)
  -- Ramkrishna Pustakalaya, Kolkata
- Oxford Advanced Learner's Dictionary
  -- A S Hornby

ভূমিকা

কোন ভাষার শিক্ষার্থীর জন্য সেই ভাষার একটি ভাল অভিধান অত্যন্ত প্রয়োজন। বিশেষ করে ঐ ভাষার শব্দাবলী ও ব্যবহারসমূহের মাতৃভাষায় অর্থ-সম্বলিত একটি অভিধান খুবই সহায়ক হয়ে থাকে। বাংলা ভাষাভাষী আরবী শিক্ষার্থীদের ব্যবহারের জন্য একসময় কোন আরবী-বাংলা অভিধান ছিল না। তখন তারা অভিধান ছাড়াই শিক্ষক এবং সহায়ক বইপুস্তকের ওপরই বেশিরভাগ নির্ভর করতেন। সীমিত সংখ্যক শিক্ষার্থীর জন্য দু'একটি আরবী-ফার্সী, আরবী-উর্দু কিংবা আরবী-ইংরেজী অভিধান ব্যবহারের সুযোগ ছিল। তাই বলা যায়, বাংলা ভাষাভাষী আরবী শিক্ষার্থীরা যুগযুগ ধরে অভিধান সঙ্কটে নিপতিত ছিলেন। বলাবাহুল্য, আমি নিজেও এ ব্যাপারে একজন ভুক্তভোগী শিক্ষার্থী ছিলাম। পরবর্তীতে দু'একটি আরবী-বাংলা অভিধান রচিত হয়েছে। যেমন আব্দুর রহমান আল-কাশগরী প্রণীত "আল-মুফীদ", মুহিউদ্দীন খান প্রণীত "আল-কাওছার", আলাউদ্দীন আল-আযহারী প্রণীত "আরবী-বাংলা অভিধান" এবং আবু তাহের মেসবাহ্ প্রণীত আল-মানার। পি-এইচ. ডি. ডিগ্রীর জন্য আরবী অভিধান বিষয়ে উচ্চতর গবেষণাকালে আমার এসব অভিধান পর্যালোচনা করার সুযোগ হয়েছিল।

শিক্ষা-জীবনের একটি পর্যায়ে আমি অভিধান ব্যবহারের প্রয়োজনীয়তা মর্মে মর্মে উপলব্ধি করি এবং অভিধান ব্যবহার থেকে বেশ উপকার লাভ করতে আরম্ভ করি। বলা যায়, অভিধান থেকে নিজের পড়াশুনায় অনেকটা আত্মবিশ্বাস জন্মে। তখন থেকেই অভিধানের প্রতি মনে এক ধরনের দুর্বলতা ও আগ্রহ সৃষ্টি হয়। তাই স্বভাবতই বিশ্ববিদ্যালয়ে অধ্যাপনাকালে উচ্চতর গবেষণার জন্য আরবী অভিধান বিষয়টি ঠিক হয়। ঐ গবেষণাকালে প্রখ্যাত আরবী অভিধানগুলো সম্পর্কে অধ্যয়ন করার সুযোগ আসে। উদাহরণসরূপ, খলীল ইবনে আহমদের "কিতা॑বুল 'আইন", ইবনে দুরাইদের "আল-জাম্হারাহ", আবু 'আলী আল-ক্বালীর "আল-বারি'", আল-আয্হারীর "আত-তাহ্যীব", ছা॑হিব ইবনে 'আব্বা॑দের "আল-মুহীত", ইবনে ফা॑রিসের "আল-মুজ্মাল", আল-জাওহারীর "আছ্-ছিহা॑হ্", ইবনে সীদার "আল-মুহ্কাম" ও "আল-মুখাছ্ছছ্", আয-যামাখশারীর "আসা॑সুল বালা॑গাহ্", ইবনে মানযূরের "লিসা॑নুল 'আরব", আল-ফাইয়ূমীর "আল-মিছ্বা॑হুল মুনীর", আল-ফীরোযাবাদীর "আল-ক্বামূসুল মুহীত", মুরতজা আয-যাবীদীর "তা॑জুল 'আরূস" ইত্যাদি অভিধানের কথা উল্লেখ করা যায়। তাছাড়া এই উপমহাদেশের অভিধান প্রণেতাদের বিভিন্ন আরবী অভিধান পর্যালোচনা করাও আমার ঐ গবেষণার বিষয়বস্তুর অন্তর্ভুক্ত ছিল। অধিকন্তু, নিজের প্রয়োজনে ব্যবহৃত কয়েকটি আরবী-ইংরেজী অভিধান যেমন J. G. Hava প্রণীত "আল-ফারা॑'ইদুদ দুররিয়্যাহ", Hans Wehr প্রণীত A Dictionary of Modern Written

Arabic, এবং ড. রূহী আল-বা'আলবাকী প্রণীত ''আল-মাওরিদ'' আরবী অভিধান বিষয়টির প্রতি আমার আগ্রহ অনেক বৃদ্ধি করে দিয়েছে।

এক পর্যায়ে এসব অভিধানের আলোকে বাংলা ভাষাভাষী আরবী সাহিত্যের পাঠকদের প্রয়োজনীয়তার প্রতি লক্ষ্য রেখে একটি উন্নতমানের আরবী-বাংলা অভিধান রচনার তাগিদ অনুভব করি। যদিও আমার বিশ্ববিদ্যালয়ের শিক্ষকতা জীবনের শুরুতে একটি সম্মিলিত প্রচেষ্টার অধীনে প্রায় সাড়ে তিন বছরে একটি আরবী-বাংলা অভিধান রচনায় আমার কার্যকর ভূমিকা ছিল, যা এখনো প্রকাশিত হয়নি। ১৯৯৮ সনে ''আরবী-বাংলা ব্যবহারিক অভিধান'' নামে প্রায় ত্রিশ হাজার শব্দ সম্বলিত আমার প্রণীত একটি অভিধান প্রকাশিত হয়েছে। সংক্ষিপ্ত হলেও দৈনন্দিন ব্যবহারের আরবী শব্দসমূহ স্থান পাওয়ায় এই অভিধান বেশ পাঠকপ্রিয়তা লাভ করেছে বলে মনে হয়। কারণ, ইতিমধ্যেই এর ৭টি সংস্করণ প্রকাশ করতে হয়েছে। পাঠকদের ব্যাপক উৎসাহ এবং পূর্ণাঙ্গতর একটি অভিধান প্রণয়নে নিজের প্রচণ্ড আগ্রহের কারণেই হয়তো দীর্ঘদিনের নিরলস প্রচেষ্টার পর ''আধুনিক আরবী-বাংলা অভিধান'' তথা ''আল-মু'জামুল ওয়াফী'' নামের এই বৃহত্তর বর্ণানুক্রমিক অভিধান প্রকাশ সম্ভব হয়েছে।

এই অভিধানের সকল এন্ট্রি সরল বর্ণানুক্রমে সাজানো হয়েছে এবং প্রয়োজনীয় ক্ষেত্রে তৃতীয় বন্ধনীর মধ্যে প্রতিটি এন্ট্রির ''মাদ্দাহ'' বা শব্দমূল উল্লেখ করা হয়েছে। অধিকন্তু, অর্থ লেখার পূর্বে প্রতিটি মূল এন্ট্রির বাংলা উচ্চারণও দেওয়া হয়েছে। উচ্চারণের ক্ষেত্রে যথাসম্ভব জটিলতা পরিহার করা হয়েছে এবং কম্পিউটারের বাংলা সফটওয়্যার সম্পাদনা করে দীর্ঘ ''আ'' ধ্বনি উচ্চারণের জন্য আ-কারের উপর একটি দীর্ঘস্বর-নির্দেশক টান (া) ব্যবহার করা সম্ভব হয়েছে। প্রত্যেক শব্দের একবচন পুরুষবাচক রূপকে মূল এন্ট্রি হিসেবে গ্রহণ করা হয়েছে এবং প্রয়োজনীয় ক্ষেত্রে শব্দসংক্ষেপযোগে ''ইস্‌ম'' (বিশেষ্য) এন্ট্রির বহুবচন ও স্ত্রীলিঙ্গ উল্লেখ করা হয়েছে। প্রতিটি ''ফি'ল'' (ক্রিয়া) এন্ট্রির সাথে প্রথম বন্ধনীর মধ্যে তার ''মাছ্‌দার'' (ক্রিয়াবিশেষ্য) রূপ দেখানো হয়েছে। পারিভাষিক ব্যবহারের কারণে কোন কোন ক্ষেত্রে বহুবচন রূপও (বিশেষ করে কোরআন শরীফে ব্যবহৃত বহুবচন রূপ) এন্ট্রি হিসেবে ব্যবহার করা হয়েছে এবং সেক্ষেত্রে সাথে সাথে বন্ধনীর মধ্যে মূল একবচন রূপ উল্লেখ করা হয়েছে।

''আল-মু'জামুল ওয়াফী'' অভিধানের এন্ট্রি সংখ্যা প্রায় চল্লিশ হাজার। এতে শব্দের শুধু অর্থই নয়, একেকটি শব্দের যত বেশী সম্ভব প্রতিশব্দ দেওয়া হয়েছে এবং ক্রিয়া ও ক্রিয়া-বিশেষ্যের সাথে ভিন্ন ভিন্ন অর্থবোধক বিভিন্ন পদান্বয়ী অব্যয়ের (ছিলাহ্) ব্যবহার দেখানো হয়েছে। সাধারণ শব্দ ছাড়াও এই অভিধানে নামবাচক বিশেষ্য যেমন পৃথিবীর দেশসমূহের নাম ও বড় বড় নগরীর নাম

অন্তর্ভুক্ত করা হয়েছে। তাছাড়া কোরআন শরীফের সকল মূল শব্দ এবং হাদীস, ব্যাকরণ ও অলঙ্কারশাস্ত্রের উল্লেখযোগ্য পরিভাষাসমূহ অন্তর্ভুক্ত করা হয়েছে।

আমার অসংখ্য ছাত্র, সহকর্মী ও গুণগ্রাহী এই অভিধান প্রণয়নে উৎসাহ প্রদান করেছেন। আমার ছোট ছেলে কম্পিউটার ইঞ্জিনিয়ার ও প্রোগ্রামার রেদওয়ান অভিধান কম্পোজের উপযোগী করে আরবী ও বাংলা সফটওয়্যার চমৎকারভাবে পুনর্বিন্যাস করে দিয়েছে। বড় ছেলে রিয়াদ সম্পূর্ণ অভিধানটি কম্পোজ করেছে। আমার প্রিয় ছাত্র এম. ফিল. গবেষক ও ঢাকার পুরাতন বিমানবন্দরস্থ বাংলাদেশ বিমানবাহিনীর জামে মসজিদের ইমাম ও খতীব মওলানা আবদুল মোনায়েম স্বপ্রণোদিত হয়ে এই অভিধানে আল্লাহর গুণবাচক নামসমূহ ও হাদীসশাস্ত্রের কতিপয় পরিভাষা সংযোজনে গুরুত্বপূর্ণ অবদান রেখেছে। আবদুল মোনায়েম ও আরেক ছাত্র মোহাম্মদ কামরুল হাসান প্রুফ দেখার দায়িত্ব পালন করেছে। আমার ছোট মেয়ে মেডিকেল ছাত্রী সোনিয়া ইংরেজী শব্দ ও মেডিকেল টার্মগুলো দেখে দিয়েছে। অ্যারোমা প্রিন্টিং এন্ড পাবলিকেশনের মোঃ সারোয়ার জাহান বইটির প্রচ্ছদ তৈরী করেছেন। ''আল- মু'জামুল ওয়াফী'' আরবী-বাংলা অভিধান এদের সবার কাছেই ঋণী হয়ে থাকল। আল্লাহ্ এদের সকলকে উত্তম বিনিময় দান করুন।

এই অভিধানসহ আমার অন্যান্য প্রকাশনার প্রতি অপরিসীম আগ্রহ পোষণকারী আমার অনুজ ভেনাজ এন্টারপ্রাইজের স্বত্বাধিকারী মোহাম্মদ ফায়েজুর রহমান বইটি প্রকাশিত হবার আগেই অকালে ইন্তেকাল করেছে। বইটি প্রকাশকালে তাই বারবার তার কথা মনে পড়ছে। সেজন্যই তার রূহের মাগফেরাত কামনায় তার নামেই এবারের এই বৃহৎ প্রকাশনাটি উৎসর্গ করা হয়েছে।

আশা করি, বিশ্বের বাংলা ভাষাভাষী জনপদের শিক্ষাঙ্গনে শিক্ষক-শিক্ষার্থীরা কোরআন-হাদীছ, প্রাচীন ও আধুনিক আরবী সাহিত্য এবং আরবী পত্র-পত্রিকা পড়তে ও পড়াতে এই অভিধান থেকে সহায়তা পাবেন। বিশেষ করে, আরবী থেকে বাংলা অনুবাদের কাজে ''আল-মু'জামুল ওয়াফী'' উল্লেখযোগ্য ভূমিকা রাখবে বলে আমাদের বিশ্বাস। আরবী ভাষা ও সাহিত্যের সাথে সংশ্লিষ্ট বাংলা ভাষাভাষী আগ্রহী পাঠকদের খানিকটা উপকারে এলেই আমাদের এই প্রয়াস সার্থক হবে।

মুহাম্মদ ফজলুর রহমান
জানুয়ারি ১, ২০০৫

আরবী বর্ণমালা

الحروف الهجائية العربية

বর্ণমালার এই ধারাবাহিকতা অনুসারে আধুনিক আরবী-বাংলা অভিধানের এন্ট্রিসমূহ বিন্যস্ত হয়েছে।

বর্ণ	প্রতিবর্ণ	বর্ণের নাম	বর্ণ	প্রতিবর্ণ	বর্ণের নাম
ا	অ	ألف (আলিফ)	ص	ছ/স	صاد (ছাদ)
ء	অ	همزة (হাম্যাহ)	ض	দ	ضاد (দাদ)
ب	ব	باء (বা')	ط	ত	طاء (তা')
ت	ত	تاء (তা')	ظ	য/জ	ظاء (যা')
ة	ত/হ্	تاء (তা')	ع	'আ	عين ('আইন)
ث	ছ/স	ثاء (ছা')	غ	গ	غين (গাইন)
ج	জ	جيم (জীম)	ف	ফ	فاء (ফা')
ح	হ	حاء (হা')	ق	ক্ব/ক	قاف (ক্বাফ)
خ	খ	خاء (খা')	ك	ক	كاف (কাফ)
د	দ	دال (দাল)	ل	ল	لام (লাম)
ذ	য/জ	ذال (যাল)	م	ম	ميم (মীম)
ر	র	راء (রা')	ن	ন	نون (নূন)
ز	য/জ	زاي (যাই)	هـ	হ	هاء (হা')
س	স/ছ	سين (সীন)	و	ও/উ/ব	واو (ওয়াও)
ش	শ/স	شين (শীন)	ي	য়/ই	ياء (ইয়া')

এই অভিধানে

- এন্ট্রিসমূহ সরল বর্ণানুক্রম পদ্ধতিতে সাজানো হয়েছে এবং প্রয়োজনে প্রতিটি এন্ট্রির সাথে তৃতীয় বন্ধনীর মধ্যে তার শব্দমূল (মাদ্দাহ) উল্লেখ করা হয়েছে।
- অর্থ লেখার পূর্বে তৃতীয় বন্ধনীর মধ্যে সকল আরবী শব্দের বাংলা উচ্চারণ দেওয়া হয়েছে এবং আরবী ভাষার দীর্ঘ 'আ' ধ্বনি দেখানোর জন্য দীর্ঘ আ-কার (া) ব্যবহার করা হয়েছে।
- এক একটি আরবী শব্দের বহুসংখ্যক বাংলা প্রতিশব্দ দেওয়ার চেষ্টা করা হয়েছে।
- কোরআন-হাদীছের শব্দ ও ব্যবহারিক আরবী শব্দের প্রতি বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে।
- শুধু শব্দের অর্থ আর প্রতিশব্দই নয়, ভাষার অনেক প্রয়োজনীয় ব্যবহারও দেখানো হয়েছে।
- হাদীছ, ব্যাকরণ ও অলংকারশাস্ত্রের গুরুত্বপূর্ণ পরিভাষা অন্তর্ভুক্ত করা হয়েছে।
- ক্রিয়ার ক্ষেত্রে অতীতকালবাচক (মাদী) প্রথম রূপকে মূল এন্ট্রি হিসেবে গ্রহণ করা হয়েছে।
- বর্তমান ও ভবিষ্যৎ কালবাচক (মুদারি‘) রূপ নিরূপণের সুবিধার্থে সংশ্লিষ্ট শব্দ-সংক্ষেপযোগে প্রতিটি তিন অক্ষরবিশিষ্ট ক্রিয়ার শ্রেণী (বাব) চিহ্নিত করা হয়েছে।
- প্রতিটি ক্রিয়া এন্ট্রির সাথে বন্ধনীর মধ্যে ক্রিয়াবিশেষ্য (মাছ্দার) উল্লেখ করা হয়েছে।
- ক্রিয়া ও ক্রিয়াবিশেষ্যের সাথে বিভিন্ন প্রসর্গের (ছিলাহ্) ব্যবহার দেখানো হয়েছে।
- বিশেষ্যের ক্ষেত্রে একবচন পুরুষবাচক রূপকে মূল এন্ট্রি হিসেবে গ্রহণ করা হয়েছে।
- সংশ্লিষ্ট শব্দ-সংক্ষেপযোগে বিশেষ্য এন্ট্রির বহুবচন ও স্ত্রীলিঙ্গ উল্লেখ করা হয়েছে।

এই অভিধানে ব্যবহৃত শব্দ-সংক্ষেপ

[ن]	نَصَرَ গ্রুপের ক্রিয়া, যার মধ্যের অক্ষর ماضي তে فتحة যুক্ত এবং مضارع তে ضمة যুক্ত (يَكْتُبُ – يَنْصُرُ) (كَتَبَ – نَصَرَ)
[ض]	ضَرَبَ গ্রুপের ক্রিয়া, যার মধ্যের অক্ষর ماضي তে فتحة যুক্ত এবং مضارع তে كسرة যুক্ত (يَحْمِلُ – يَضْرِبُ) (حَمَلَ – ضَرَبَ)
[س]	سَمِعَ গ্রুপের ক্রিয়া, যার মধ্যের অক্ষর ماضي তে كسرة যুক্ত এবং مضارع তে فتحة যুক্ত (يَعْلَمُ – يَسْمَعُ) (عَلِمَ – سَمِعَ)
[ف]	فَتَحَ গ্রুপের ক্রিয়া, যার মধ্যের অক্ষর ماضي এবং مضارع উভয় ক্ষেত্রে فتحة যুক্ত (ماضي : فَتَحَ – بَعَثَ এবং مضارع : يَفْتَحُ – يَبْعَثُ)
[ك]	كَرُمَ গ্রুপের ক্রিয়া, যার মধ্যের অক্ষর ماضي এবং مضارع উভয় ক্ষেত্রে ضمة যুক্ত (ماضي : كَرُمَ – بَعُدَ এবং مضارع : يَكْرُمُ – يَبْعُدُ)
[ح]	حَسِبَ গ্রুপের ক্রিয়া, যার মধ্যের অক্ষর ماضي এবং مضارع উভয় ক্ষেত্রে كسرة যুক্ত (ماضي : حَسِبَ – وَرِثَ এবং مضارع : يَحْسِبُ – يَرِثُ)

مث	مؤنث (স্ত্রীলিঙ্গ)
ج	جمع (বহুবচন)
جج	جمع الجمع (বহুবচনের বহুবচন)
এক	একবচন
বহু	বহুবচন
পুং	পুংলিঙ্গ

স্ত্রী	স্ত্রীলিঙ্গ
ব্যা	ব্যাকরণে
অল	অলঙ্কারশাস্ত্রে
ছন্দ	ছন্দশাস্ত্রে
ধ্বনি	ধ্বনিতত্ত্বে
--	--

সূচীপত্র

বর্ণ	পৃষ্ঠা
ا/أ/إ	১৫-১৯৯
ب	২০০-২৩৮
ت	২৩৯-৩৪১
ث	৩৪২-৩৪৯
ج	৩৫০-৩৮১
ح	৩৮২-৪২৮
خ	৪২৯-৪৫৮
د	৪৫৯-৪৮২
ذ	৪৮৩-৪৯০
ر	৪৯১-৫২৯
ز	৫৩০-৫৪৪
س	৫৪৫-৫৮৪
ش	৫৮৫-৬১৫
ص	৬১৬-৬৩৯

বর্ণ	পৃষ্ঠা
ض	৬৪০-৬৫০
ط	৬৫১-৬৬৮
ظ	৬৬৯-৬৭২
ع	৬৭৩-৭২০
غ	৭২১-৭৪১
ف	৭৪২-৭৭১
ق	৭৭২-৮০৯
ك	৮১০-৮৩৫
ل	৮৩৬-৮৫৭
م	৮৫৮-১০৪৪
ن	১০৪৫-১০৯২
ه	১০৯৩-১১১২
و	১১১৩-১১৪২
ي	১১৪৩-১১৪৯

أ

[আলিফ] আলিফঃ আরবী বর্ণমালার ১ম হরফ ا

[আ] প্রশ্নবোধক হাম্‌যা, কি? أ

[আ-আন্‌যারতাহুম আম লাম তুন্‌যির্‌হুম?] তুমি কি তাদের সতর্ক করেছো, নাকি সতর্ক করোনি? أَأَنْذَرْتَهُمْ أَمْ لَمْ تُنْذِرْهُمْ ؟

[আ-ফাবিনি'মাতিল্লাহি ইয়াজ্‌হাদূন?] তারা কি আল্লাহর অনুগ্রহ অস্বীকার করে? أَفَبِنِعْمَةِ اللهِ يَجْحَدُونَ ؟

[আ-কাতাব্‌তার রিসালাতা?] তুমি কি চিঠিটি লিখেছো? أَكَتَبْتَ الرِّسَالَةَ ؟

[আ-লাম আকুল লাকা?] আমি কি তোমাকে বলিনি? أَلَمْ أَقُلْ لَكَ ؟

[আ] হে, ওহে, ওরে آ

[আ'ইব] آيِب ج أَوْب ، أَوَّاب ، أُيَّاب [اوب] ফিরে আসে বা ফিরে যায় এমন, প্রত্যাবর্তনকারী, প্রত্যাগমনকারী

[ই'তাবারা] (কূপ) খনন করা اِئْتَبَرَ (اِئْتِبَار) [أبر]

[ই'তাজ্জা] জ্বলে ওঠা, প্রজ্বলিত হওয়া اِئْتَجَّ (اِئْتِجَاج) [أجج]

[ই'তাদামা] সালন দিয়ে রুটি খাওয়া اِئْتَدَمَ (اِئْتِدَام) [أدم]

[ই'তাকালা] ক্ষয় হওয়া, খেয়ে যাওয়া, ভক্ষিত হওয়া, (আগুন) দাউদাউ করে জ্বলা, ক্রোধে জ্বলে ওঠা اِئْتَكَلَ (اِئْتِكَال) [أكل]

[ই'তালাকা] উজ্জ্বল হওয়া, চকচকে হওয়া, জ্বলজ্বল করা, প্রদীপ্ত হওয়া, জ্বলে ওঠা, (বিদ্যুৎ) চমকানো اِئْتَلَقَ (اِئْتِلَاق) [ألق]

[ই'তাম্মা] ইচ্ছা করা, মনস্থ করা اِئْتَمَّ (اِئْتِمَام) [أمم]

[-- বি] অনুসরণ করা, নকল করা, অনুকরণ করা, পরিচালিত হওয়া, (নামাযে) ইমামের অনুসরণ করা اِئْتَمَّ بِ

[ই'তিমাম] ইচ্ছা, অনুসরণ, নকল, অনুকরণ, (নামাযে) ইমামের অনুসরণ اِئْتِمَام [أمم]

[ই'তানাফা] শুরু করা, আরম্ভ করা اِئْتَنَفَ (اِئْتِنَاف) [أنف]

[ই'তিয়াব] প্রত্যাবর্তন, প্রত্যাগমন اِئْتِيَاب [أوب]

[ই'তাবা] ফিরে আসা, ফিরে যাওয়া, প্রত্যাবর্তন করা اِئْتَابَ (اِئْتِيَاب) [اوب]

[ই'তাযারা] ইযার (দেহের নিম্নাংশের পরিধেয়) পরিধান করা اِئْتَزَرَ (اِئْتِزَار) [أزر]

[ই'তাসা] অনু- সরণ করা, অনুকরণ করা, নকল করা, পরিচালিত হওয়া اِئْتَسَى (اِئْتِسَاء) [أسو ، أسي] بِ

[ই'তিলাফ] ঐক্য, বন্ধুত্ব, মৈত্রী, মিল, চুক্তি, জোট, কোয়ালিশন اِئْتِلَاف [ألف]

[ই'তিলাফী] মিলপূর্ণ, ঐক্যবদ্ধ, জোটবদ্ধ, কোয়ালিশন (সরকার) اِئْتِلَافِيّ [ألف]

[ই'তালাফা] জোটবদ্ধ হওয়া, ঐক্যবদ্ধ হওয়া, মৈত্রীবদ্ধ হওয়া, জোট গঠন করা, মিলপূর্ণ হওয়া اِئْتَلَفَ (اِئْتِلَاف) [ألف]

[ই'তালা] শপথগ্রহণ করা, শপথ করা, কসম করা اِئْتَلَى (اِئْتِلَاء) [ألي]

[ই'তিমার] পরামর্শ, আলোচনা, ষড়যন্ত্র, আনুগত্য اِئْتِمَار [أمر]

[ই'তিমান] আমানত, বিশ্বাস, আস্থা, নির্ভরতা, ভরসা اِئْتِمَان [أمن]

[ই'তামারা] পরামর্শ করা, ষড়যন্ত্র করা, (আদেশ) মেনে নেওয়া, অনুগত হওয়া اِئْتَمَرَ (اِئْتِمَار) [أمر]

[ই'তামানা] বিশ্বাস করে বলা, আমানত রাখা, আস্থা স্থাপন করা, নির্ভর করা, ভরসা করা اِئْتَمَنَ (اِئْتِمَان) [أمن]

[আ'ইস] নিরাশ, হতাশ, আশাহত, ভগ্নমনোরথ آيِس [أيس]

[আ'ইসাহ্‌] যে মহিলার স্থায়ীভাবে মাসিক বন্ধ হয়ে গিয়েছে, পঞ্চাশোর্ধ বয়সের মহিলা, বৃদ্ধা آيِسَة ج آيِسَات [أيس]

[আব] বাবা, বাপ, পিতা, জনক, أَب ج آبَاء [أبو] পূর্বপুরুষ, (খ্রীষ্টানদের) পুরোহিত, পাদরী, ফাদার

[লি-আব] পিতৃকুল-সম্পর্কিত, পিতার দিক لِأَب থেকে সম্বন্ধযুক্ত

[আব্] ঘাস, তৃণ, চারণভূমি, أَبّ ج أَأُبّ [أبب] তৃণভূমি

[আব্বা] আগ্রহী হওয়া, প্রত্যাশা أَبَّ [ن] (أَبّ) করা, তাকিয়ে থাকা

[আঁব] আগস্ট (মাস) آب

[আঁবা] ফিরে آبَ [ن] (أَوْب ، إِيَاب) [أوب] আসা, প্রত্যাবর্তন করা, তওবা করা

[আবাঁ] পিতা হওয়া, أَبَا [ن] (أُبُوّ، أُبُوَّة) [أبو] বাবা হওয়া, লালনপালন করা

[আবাআ] ফিরিয়ে দেওয়া, أَبَاءَ (إِبَاءَة) [بوأ] জায়গা করে দেওয়া, থাকতে দেওয়া, আশ্রয় দেওয়া

[-- বি] নিবাস স্থাপন করা, বাস করা أَبَاءَ بِ

[ইবা', ইবাআহ্] প্রত্যাখ্যান, إِبَاء ، إِبَاءَة [أبي] অস্বীকৃতি, অসম্মতি, অহঙ্কার, ঔদ্ধত্য, অবজ্ঞা, আত্মসম্মানবোধ

[আবাবীল] ঝাঁক, দল, পাল أَبَابِيل

[আবাবীলা] ঝাঁকে ঝাঁকে, দলে দলে, পাল أَبَابِيلَ বেঁধে

[আবাতা] রাতে থাকতে أَبَاتَ (إِبَاتَة) [بيت] দেওয়া, রাত কাটাতে দেওয়া, রাত্রিযাপনের ব্যবস্থা করা

[আবাতী, আব্বাতী] (খ্রীষ্টানদের) أَبَاتِي ، أَبَّاتِي গির্জার কর্তাব্যক্তি, বিশপ

[আবাহা] প্রকাশ করা, ফাঁস أَبَاحَ (إِبَاحَة) [بوح] করা, বৈধ করা, বৈধ ঘোষণা করা, অনুমতি দেওয়া

[ইবাহাহ্] প্রকাশ, ফাঁসকরণ, বৈধ- إِبَاحَة [بوح] করণ, বৈধ ঘোষণা, অনুমতি প্রদান

[ইবাহী] স্বেচ্ছাচারী, নৈরাজ্যবাদী, إِبَاحِيّ [بوح] স্বেচ্ছাচারমূলক, নৈরাজ্যমূলক

[ইবাহিয়্যাহ্] স্বেচ্ছাচার, স্বেচ্ছা- إِبَاحِيَّة [بوح] চারিতা, নৈরাজ্য, নৈরাজ্যবাদ

[আবাখা] প্রশমিত করা, أَبَاخَ (إِبَاخَة) [بوخ] শীতল করা, ঠাণ্ডা করা, নির্বাপিত করা, হ্রাস করা

[আবাদা] ধ্বংস করা, বিনাশ أَبَادَ (إِبَادَة) [بيد] করা, নিঃশেষ করা, নির্মূল করা

[ইবাদাহ্] ধ্বংসকরণ, বিনাশসাধন, إِبَادَة [بيد] বিলোপসাধন, নির্মূলকরণ

[আবাদীদ তাবাদীদ] বিক্ষিপ্ত, أَبَادِيد تَبَادِيد [بدد] ছড়ানো-ছিটানো

[আবারা] ধ্বংস করা, নির্মূল أَبَارَ (إِبَارَة) [بور] করা

[আব্বার] সুঁইওয়ালা, সুঁই প্রস্তুতকারী, أَبَّار [أبر] সুঁই বিক্রেতা, ক্ষুদ্র কীটবিশেষ, পিশু

[উবাশাহ্] দল, ভিড়, জনতা أُبَاشَة ج أُبَاشَات

[আবাদা] ডিম্বাশয় থেকে أَبَاضَ (إِبَاضَة) [بيض] ডিম্বাণু নির্গত করা, ডিম্বাণু উৎপাদন করা

[আবা'আ] বিক্রির প্রস্তাব أَبَاعَ (إِبَاعَة) [بيع] দেওয়া, বিক্রির জন্য দেখানো

[ইবাত] বগলদাবা করা বস্তু, বগলে রাখা إِبَاط জিনিস

[আবালা] পেশাব করানো أَبَالَ (إِبَالَة) [بول]

[ইবালাহ্] দল, গোষ্ঠী, বাণ্ডিল, গাঁট إِبَالَة

[ইব্বালাহ্] বাণ্ডিল, প্যাকেট, গাঁট, আঁটি إِبَّالَة

[দিগ্‌ছ 'আলা ইব্বালাহ্] বোঝার ضِغْث عَلَى إِبَّالَة উপর শাকের আঁটি, বিপদের উপর বিপদ

[আবানা] প্রকাশ করা, স্পষ্ট أَبَانَ (إِبَانَة) [بين] করা, খুলে বলা, বিচ্ছিন্ন করা, পৃথক করে ফেলা

[ইব্বান] সময়, ক্ষণ, কাল إِبَّان

[ইব্বানা] সময়ে, ক্ষণে, কালে إِبَّانَ

[ইবানাহ্] প্রকাশকরণ, স্পষ্টকরণ, إِبَانَة [بين] বিচ্ছিন্নকরণ, পৃথকীকরণ

[আবাতা] (দিবসের) أَبَتَ [ض] (أَبْت ، أُبُوت) উষ্ণতা তীব্র হওয়া, তাপ বৃদ্ধি পাওয়া

[আবিতা] (দিবসের) أَبِتَ [س] (أَبْت، أُبُوت) উষ্ণতা তীব্র হওয়া, তাপ বৃদ্ধি পাওয়া

[আবাত্তা] অনুসারী করা, أَبَتَّ (إِبْتَات) [بتت] কেটে ফেলা, সম্পন্ন করা

[ইবাহ্] লাঞ্ছনা, অপমান, লজ্জা إِبَة [وأب]

اِبْتَذَلَ (اِبْتِذَال) [بذل] [ইব্তাযালা] গতানুগতিক করা, সাধারণ করা, অতিব্যবহার করা, অপব্যয় করা, অপচয় করা, অপব্যবহার করা, অভদ্র হওয়া, অশালীন হওয়া

أَبْتَر ـ بَتْرَاء ج بُتْر [بتر] [আব্তার] নিঃসন্তান, ত্রুটিপূর্ণ, বিকলাঙ্গ, লেজকাটা, কর্তিত, দুষ্ট, অপদার্থ

اَلْأَبْتَرَانِ [আল-আব্তারানি] দুই অপদার্থঃ দাস ও গাধা

أَبْتَرَ (إِبْتَار) [بتر] [আব্তারা] নিঃসন্তান করা, বিকলাঙ্গ করা

اِبْتَرَّ (اِبْتِرَار) [برر] [ইব্তারর়া] সঙ্গীদের থেকে আলাদা হওয়া, বিচ্ছিন্ন হওয়া

اِبْتَرَدَ (اِبْتِرَاد) [برد] [ইব্তারদা] গোসল করে শরীর ঠাণ্ডা করা, ঠাণ্ডা পানি দ্বারা গোসল করা

اِبْتَرَكَ (اِبْتِرَاك) [برك] [ইব্তারকা] বুকের নিচে চেপে ধরা, হাঁটু গেড়ে লড়াই করা, আদাজল খেয়ে লাগা

اِبْتَرَكَ فِي عِرْضِهِ [ইব্তারকা ফী 'ইর্দিহী] গালা-গালি করা, নিন্দা করা, অপমানিত করা

اِبْتَرَى (اِبْتِرَاء) [بري] [ইব্তারা] কাটা, কেটে ধারালো করা

اِبْتَزَّ (اِبْتِزَاز) [بزز] [ইব্তায্যা] কেড়ে নেওয়া, বলপূর্বক নিয়ে যাওয়া, ছিনিয়ে নেওয়া, ছিনতাই করা, অপহরণ করা

اِبْتَزَّ بِالتَّهْدِيد [ইব্তায্যা বিত-তাহ্‌দীদ] হুমকি দিয়ে আদায় করা, ভয় দেখিয়ে আদায় করা, ব্ল্যাকমেইল করা

اِبْتِزَاز [بزز] [ইব্তিযায] ছিনতাই, অপহরণ, হাইজ্যাক

اِبْتِزَاز تَهْدِيدِيّ [ইব্তিযায তাহ্‌দীদী] ভয় দেখিয়ে আদায়, ব্ল্যাকমেইল

اِبْتَزَغَ (اِبْتِزَاغ) [بزغ] [ইব্তাযাগা] (বসন্ত) শুরু হওয়া, সূচিত হওয়া

اِبْتَزَلَ (اِبْتِزَال) [بزل] [ইব্তাযালা] (পাত্র) ছিদ্র হওয়া, চুইয়ে পড়া, ফোঁটা ফোঁটা করে পড়া, (শরীরের) রক্ত ঝরা

اِبْتِسَام ، اِبْتِسَامَة [بسم] [ইব্তিসাম, ইব্তিসা-মাহ] হাসি, হাস্য, মৃদু হাসি, মুচকি হাসি

اِبْتَاجَ (اِبْتِيَاج) [بوج] [ইব্তাজা] (বিদ্যুৎ) চম-কানো

اِبْتَاعَ (اِبْتِيَاع) [بيع] [ইব্তা'আ] কেনা, খরিদ করা, ক্রয় করা

اِبْتَأَرَ (اِبْتِئَار) [بئر] [ইব্তাআরা] কূপ খনন করা, গর্ত খোঁড়া, গর্ত করা

اِبْتَأَسَ (اِبْتِئَاس) [بأس] [ইব্তাআসা] দুঃখিত হওয়া, বিষণ্ণ হওয়া, চিন্তিত হওয়া

اِبْتَدَّ (اِبْتِدَاد) [بدد] [ইব্তাদ্দা] দুই দিক থেকে প্রহার করা

اِبْتِدَاء [بدأ] [ইব্তিদা'] আরম্ভ, প্রারম্ভ, সূচনা, শুরু

اِبْتِدَاءً مِنْ [ইব্তিদাআম মিন] আরম্ভ করে, শুরু করে, থেকে

اِبْتِدَائِيّ [ইব্তিদা'ঈ] প্রাথমিক, প্রারম্ভিক, সূচনা-মূলক

تَعْلِيم اِبْتِدَائِيّ [তা'লীম ইব্তিদাঈ] প্রাথমিক শিক্ষা

مَدْرَسَة اِبْتِدَائِيَّة [মাদ্‌রসাহ ইব্তিদা'ইয়্যাহ] প্রাথ-মিক বিদ্যালয়, প্রাইমারী স্কুল

اِبْتِدَاع [بدع] [ইব্তিদা'] আবিষ্কার, উদ্ভাবন, সৃষ্টি, নতুন প্রবর্তন, বিদ্‌আত

اِبْتِدَاه [بده] [ইব্তিদাহ] মুখে মুখে রচনা, তাৎ-ক্ষণিক রচনা, বিনা প্রস্তুতিতে বক্তৃতা

اِبْتَدَأَ (اِبْتِدَاء) [بدأ] [ইব্তাদাআ] আরম্ভ করা, শুরু করা, সূচনা করা

اِبْتَدَرَ (اِبْتِدَار) [بدر] [ইব্তাদারা] আগে আগে করা, তাড়াতাড়ি করা, দ্রুত হওয়া, ছুটে যাওয়া

اِبْتَدَعَ (اِبْتِدَاع) [بدع] [ইব্তাদা'আ] আবিষ্কার করা, উদ্ভাবন করা, নতুন প্রবর্তন করা, নতুন মত প্রবর্তন করা, বিদ্‌আত করা

اِبْتَدَهَ (اِبْتِدَاه) [بده] [ইব্তাদাহা] উপস্থিতভাবে রচনা করা, মুখে মুখে রচনা করা, বিনা প্রস্তুতিতে বক্তৃতা করা

اِبْتَذَّ (اِبْتِذَاذ) [بذذ] [ইব্তায্যা] কেড়ে নেওয়া, ছিনিয়ে নেওয়া, অপহরণ করা

اِبْتِذَال [بذل] [ইব্তিযাল] অপচয়, অপব্যয়, অপ-ব্যবহার, অতিব্যবহার, অভদ্রতা, অশালীনতা, গতানুগতিকতা, সাধারণত্ব

اِبْتَسَرَ (اِبْتِسَار) [بسر] [ইব্তাসারা] আগে আগে করা, সময়ের আগে করা, অতিশয় তাড়াহুড়া করা, হঠকারিতা করা

اِبْتَسَلَ (اِبْتِسَال) [بسل] [ইব্তাসালা] বীরত্বের পরিচয় দেওয়া, ভয় না করা, সাহস করা

اِبْتَسَمَ (اِبْتِسَام) [بسم] [ইব্তাসামা] হাসা, হাস্য করা, মৃদু হাসা, মুচকি হাসা

اِبْتَشَكَ (اِبْتِشَاك) [بشك] [ইব্তাশাকা] বানিয়ে বলা, মিথ্যা বলা, অসত্য বলা

اِبْتَضَّ (اِبْتِضَاض) [بضض] [ইব্তাদ্দা] মূলোৎ-পাটন করা, মূলোচ্ছেদ করা, উপড়ে ফেলা

أَبْتَع ست بَتْعَاء ج بُتْع [بتع] [আব্তা'] দৃঢ়কায়, বলিষ্ঠদেহী, সবল, সুতনু

اِبْتِعَاد [بعد] [ইব্তি'আদ] দূরত্বে অবস্থান, দূরে গমন, দূরত্ব, বিচ্ছিন্নতা, প্রত্যাহার, অনুপস্থিতি, পরিহার, ত্যাগ

اِبْتَعَثَ (اِبْتِعَاث) [بعث] [ইব্তা'আছা] প্রেরণ করা, উৎক্ষেপণ করা, ছোঁড়া, ছুঁড়ে মারা, জাগ্রত করা, জাগিয়ে তোলা, প্রণোদিত করা

اِبْتَعَدَ (اِبْتِعَاد) [بعد] [ইব্তা'আদা] দূরে থাকা, দূরে অবস্থান করা, দূরে যাওয়া, ছেড়ে যাওয়া, ত্যাগ করা, পরিহার করা, এড়িয়ে থাকা, অসম্ভাব্য হওয়া, বিচ্ছিন্ন হওয়া, অনুপস্থিত থাকা

اِبْتِغَاء [بغي] [ইব্তিগা'] কামনা, ইচ্ছা, পাওয়ার ইচ্ছা, অভিলাষ, খোঁজ, তালাশ

اِبْتِغَاءَ [ইব্তিগাআ] কামনায়, উদ্দেশ্যে, পাওয়ার আশায়, লাভের উদ্দেশ্যে

اِبْتَغَى (اِبْتِغَاء) [بغي] [ইব্তাগা] চাওয়া, কামনা করা, পেতে চাওয়া, খোঁজ করা, তালাশ করা

اِبْتَقَعَ (اِبْتِقَاع) [بقع] [ইব্তাক্বা'আ] রোগ দুঃখ বা ভয়ে চেহারার রং পরিবর্তিত হওয়া

أُبْتُقِعَ [بقع] [উব্তুক্বি'আ] রোগ দুঃখ বা ভয়ে চেহারার রং পরিবর্তিত হওয়া

اِبْتِكَار ج اِبْتِكَارَات [بكر] [ইব্তিকার] আবিষ্কার, উদ্ভাবন, সৃষ্টি, প্রবর্তন, নতুনত্ব

اِبْتَكَرَ (اِبْتِكَار) [بكر] [ইব্তাকারা] আবিষ্কার করা, উদ্ভাবন করা, সৃষ্টি করা, প্রবর্তন করা

اِبْتَلَّ (اِبْتِلَال) [بلل] [ইব্তাল্লা] (পানিতে) ভেজা, সিক্ত হওয়া, আর্দ্র হওয়া, সজল হওয়া

اِبْتِلَاء [بلي] [ইব্তিলা'] পরীক্ষা, পরখ, ভোগান্তি, কষ্টপ্রদান, নির্যাতন

اِبْتِلَاع [بلع] [ইব্তিলা'] গলাধঃকরণ, ভক্ষণ, গ্রাস

اِبْتَلَجَ (اِبْتِلَاج) [بلج] [ইব্তালাজা] প্রকাশিত হওয়া, উদ্ভাসিত হওয়া, পরিষ্কার হওয়া

اِبْتَلَعَ (اِبْتِلَاع) [بلع] [ইব্তালা'আ] গেলা, গিলে ফেলা, গলাধঃকরণ করা, ভক্ষণ করা, গ্রাস করা

اِبْتَلَى (اِبْتِلَاء) [بلي] [ইব্তালা] পরীক্ষায় ফেলা, পরীক্ষা করা, পরখ করা, কষ্ট দেওয়া, নির্যাতন করা, ভোগানো

أُبْتُلِيَ [بلي] [উব্তুলিয়া] পরীক্ষায় পড়া, কষ্টে পতিত হওয়া, নির্যাতিত হওয়া, ভোগা

اِبْتَنَى (اِبْتِنَاء) [بني] [ইব্তানা] বানানো, তৈরী করা, নির্মাণ করা, প্রতিষ্ঠা করা, সদ্ব্যবহার করা, পুত্রওয়ালা হওয়া

اِبْتِهَاج [بهج] [ইব্তিহাজ] প্রফুল্লতা, প্রসন্নতা, খুশি, আনন্দ

اِبْتِهَال [بهل] [ইব্তিহাল] মিনতি, অনুনয়, অভি-শাপ

اِبْتَهَجَ (اِبْتِهَاج) [بهج] [ইব্তাহাজা] আনন্দিত হওয়া, খুশী হওয়া, প্রফুল্ল হওয়া

اِبْتَهَرَ (اِبْتِهَار) [بهر] بِـ [ইব্তাহারা] প্রদর্শন করা, জাহির করা, লোক দেখানো, চোখ ধাঁধানো আলোতে প্রদর্শন করা

اِبْتَهَرَ فِي [-- ফী] অতিশয়োক্তি করা, অতিরঞ্জিত করা, বাড়াবাড়ি করা

اِبْتَهَلَ (اِبْتِهَال) [بهل] [ইব্তাহালা] মিনতি করা, অনুনয় করা, অভিশাপ দেওয়া

اِبْتَهَى (اِبْتِهَاء) [بهي] بِـ [ইব্তাহা] বড়াই করা, অহঙ্কার করা, গর্ব করা, গৌরব করা

اِبْتِيَاع [بيع] [ইব্তিয়া'] ক্রয়করণ, খরিদকরণ, ক্রয়, খরিদ

أَبَثَّ (إِبْثَاث) [بثث] [আবাছ্ছা] গোপন কথা বলা, গোপন কথা প্রকাশ করা

أَبْجَد [আব্জাদ] বর্ণক্রম, বর্ণানুক্রম, বর্ণমালা

أَبْجَدَ (إِبْجَاد) [بجد] [আব্জাদা] বর্ণানুক্রমিক করা, বর্ণমালার ক্রমানুসারে সাজানো

أَبْجَدِيّ ست أَبْجَدِيَّة [আব্জাদী] বর্ণমালার ক্রমা-

নুযায়ী, বর্ণানুক্রমিক

أَلْحُرُوف الأَبْجَدِيَّة [আল-হুরূফুল আব্জাদিয়্যাহ] বর্ণমালা, the alphabet

أَبْجَدِيًّا [আব্জাদিয়্যান] বর্ণমালার ক্রমানুসারে, বর্ণানুক্রমিকভাবে

أَبْجَدِيَّة [আব্জাদিয়্যাহ্] বর্ণক্রম, বর্ণানুক্রম, বর্ণ-মালা

أَبْجَر مث بَجْرَاء ج بُجْر [بجر] [আব্জার] অধিক মোটা, স্থূলকায়, মেদবহুল, ভুঁড়িওয়ালা

أَبَحّ مث بَحَّاء ج بُحّ [بحح] [আবাহ্] কর্কশ, কর্কশ স্বরবিশিষ্ট, ভগ্নস্বর

أَبَحَّ (إِبْحَاح) [بحح] [আবাহ্হা] ভগ্নস্বর করা, কর্কশ করা

إِبْحَار [بحر] [ইব্হার] সমুদ্রপথে ভ্রমণ, সমুদ্র-যাত্রা

أَبْحَرَ (إِبْحَار) [بحر] [আব্হারা] সমুদ্রপথে ভ্রমণ করা, সমুদ্রযাত্রা করা, ছেড়ে যাওয়া

أَبْخَر مث بَخْرَاء ج بُخْر [بخر] [আব্খার] মুখ থেকে দুর্গন্ধ আসে এমন, নিঃশ্বাসে দুর্গন্ধ আছে এমন, দুর্গন্ধযুক্ত

أَبْخَق مث بَخْقَاء ج بُخْق [بخق] [আব্খাক] এক-চক্ষুহীন, কানা

أَبْخَقَ (إِبْخَاق) [بخق] [আব্খাক্বা] কানা করা, এক-চক্ষুহীন করা

أَبْخَلَ (إِبْخَال) [بخل] [আব্খালা] কৃপণ মনে করা, কৃপণ দেখতে পাওয়া

أَبَد ج آبَاد ، أُبُود [আবাদ] অবিনশ্বরতা, স্থায়িত্ব, চিরন্তনতা, অনন্তকাল

إِلَى الأَبَد ، لِلأَبَد [ইলাল আবাদ, লিল-আবাদ] চিরকাল, চিরদিন, চিরকালের জন্য, চিরতরে

أَبَدًا [আবাদান] সর্বদা, চিরকাল, চিরকালের জন্য, চিরতরে, কখনো না

أَبَدَ [ن] [ض] (أُبُود) [আবাদা] বন্য হওয়া, ছুটে যাওয়া, পালিয়ে যাওয়া, ভয় পাওয়া, আতঙ্কিত হওয়া, (কবিতায়) দুর্বোধ্য শব্দ ব্যবহার করা

أَبَدَ [ض] (أُبُود) بِـ [-- বি] স্থায়ী হওয়া, টিকে থাকা, চিরকাল থাকা, বাস করা

أَبِدَ [س] (أَبَد) [আবিদা] বন্য হওয়া, রাগান্বিত হওয়া, (কবিতায়) দুর্বোধ্য শব্দ ব্যবহার করা

أَبَّدَ (تَأْبِيد) [أبد] [আব্বাদা] স্থায়ী করা, চিরস্থায়ী করা, চিরন্তন করা, অমর করা

أَبَدّ مث بَدَّاء ج بُدّ [আবাদ্] যার দুটি পা ও দুটি হাতের একটি আরেকটি থেকে দূরে দূরে অবস্থিত, বিরাট দেহবিশিষ্ট যার অঙ্গ-প্রত্যঙ্গ একটি থেকে আরেকটি দূরে দূরে অবস্থিত, সুঠামদেহী

آبِد [أبد] [আবিদ] পোষ মানানো যায়নি এমন, বন্য (পশু)

إِبْدَاء [بدو] [ইব্দা'] প্রকাশন, প্রদর্শন, ঘোষণা, ব্যক্তকরণ, স্পষ্টকরণ

إِبْدَاع [بدع] [ইব্দা'] আবিষ্কার, সৃষ্টি, প্রবর্তন, নতুনত্ব, সৃজনশীলতা, মৌলিকত্ব, কীর্তি

إِبْدَاعِيّ [ইব্দা'য়ী] সৃজনশীল, মৌলিক, কীর্তিময়, চমৎকার, রোমান্টিক

إِبْدَاعِيَّة [بدع] [ইব্দা'ইয়্যাহ্] সৃজনশীলতা, মৌলিকত্ব, চমৎকারিত্ব, নতুনত্ব, কীর্তিময়তা, রোমান্টিসিজম

أَبْدَال [আব্দাল] সুফীসাধকবৃন্দ, আবদাল

إِبْدَال [بدل] [ইব্দাল] পরিবর্তন, রূপান্তরকরণ, বদলকরণ, বদলানো

أَبْدَأَ (إِبْدَاء) [بدأ] [আব্দাআ] আবিষ্কার করা, সৃষ্টি করা, প্রবর্তন করা

آبِدَة ج أَوَابِد [أبد] [আবিদাহ্] বন্য পশু, পোষ মানানো যায়নি এমন পশু

أَبْدَرَ (إِبْدَار) [بدر] [আব্দারা] পূর্ণিমার রাতে ভ্রমণ করা, পূর্ণিমার চাঁদ পাওয়া

أَبْدَعَ (إِبْدَاع) [بدع] [আব্দা'আ] আবিষ্কার করা, সৃষ্টি করা, নতুন কিছু করা, চমৎকার কিছু করা

أَبْدَلَ (إِبْدَال) [بدل] [আব্দালা] বদলানো, বদল করা, পরিবর্তে দেওয়া বা নেওয়া, পরিবর্তন করা, রূপান্তর করা

أَبْدَى (إِبْدَاء) [بدو] [আব্দা] প্রকাশ করা, ব্যক্ত করা, ঘোষণা করা, প্রদর্শন করা, স্পষ্ট করা

أَبَدِيّ [আবাদী] চিরস্থায়ী, চিরন্তন, শাশ্বত, অনন্ত, অবিনশ্বর

أَبَدِيَّة [আবাদিয়্যাহ্] অবিনশ্বরতা, চিরস্থায়িত্ব, চিরন্তনতা, অমরত্ব

أَبْذَأَ (إِبْذَاء) [بذأ] [আব্‌যাআ] অশ্লীলতা করা

أَبْذَى (إِبْذَاء) [بذو] [আব্‌যা] অশ্লীল কথা বলা

أَبَرَ [ن] [ض] (أَبْر ، إِبَار) [আবারা] বিদ্ধ করা, ফুটা করা, ছিদ্র করা, দংশন করা, কামড় দেওয়া, নিন্দা করা, কুৎসা করা, পরাগায়ন করা

أَبَرَّ (إِبْرَار) [برر] [আবার্‌রা] (প্রতিশ্রুতি) পূরণ করা, পালন করা, রক্ষা করা, কবুল করা, গ্রহণ করা, পরাগায়ন করা

إِبْرَاء [برأ] [ইব্‌রা'] আরোগ্যকরণ, আরোগ্যদান, আরোগ্য, অব্যাহতি, মাফকরণ, মুক্তকরণ

إِبْرَاز [برز] [ইব্‌রায] প্রকাশকরণ, পেশকরণ, বের-করণ, প্রক্ষেপণ, জোরদান, গুরুত্বপ্রদান, মলত্যাগ

إِبْرَاق [برق] [ইব্‌রাক] টেলিগ্রাফবিদ্যা, টেলিগ্রাফি, তারবার্তা প্রেরণ বা গ্রহণ, তড়িতায়ন, চমকানি, ঝলক

إِبْرَام [برم] [ইব্‌রাম] বিরক্তকরণ, উত্ত্যক্তকরণ, সুষ্ঠুভাবে সম্পাদন, সুদৃঢ়করণ, অনুমোদন, সত্যায়ন

أَبْرَامِيس [আব্‌রামীস] একপ্রকার মাছ, bream

إِبْرَاهِيم [ইব্‌রাহীম] হযরত ইব্‌রাহীম (আ), সূরা ইব্‌রাহীমঃ পবিত্র কোরআনের ১৪শ সূরা

أَبْرَأَ (إِبْرَاء) [برأ] [আব্‌রআ] আরোগ্য করা, সুস্থ করে তোলা, সারিয়ে তোলা

أَبْرَأَ مِنْ [-- মিন] মাফ করে দেওয়া, অব্যাহতি দেওয়া, মুক্ত করা

إِبْرَة ج إِبَر [ইব্‌রাহ] সুচ, সুচি, সূচী, সুঁই, কাঁটা, হুল

أَبْرَج مث بَرْجَاء ج بُرْج [برج] [আব্‌রজ] সুন্দর চোখবিশিষ্ট, সুনয়ন, সুনেত্র

أَبْرَجَ (إِبْرَاج) [برج] [আব্‌রজা] দুর্গ বানানো

أَبْرَحَ (إِبْرَاح) [برح] [আব্‌রহা] স্থানচ্যুত করা, সরিয়ে দেওয়া, সম্মান করা

أَبْرَدَ (إِبْرَاد) [برد] [আব্‌রদা] ডাকে পাঠানো, পোস্ট করা, (আকাশ) শিলা বর্ষণ করা, দুর্বল করা, ঠাণ্ডাকবলিত হওয়া

أَبْرَزَ (إِبْرَاز) [برز] [আব্‌রযা] প্রকাশ করা, পেশ করা, বের করা, প্রক্ষিপ্ত করা, জোর দেওয়া, বড় করা, মলত্যাগ করা

أَبْرَش مث بَرْشَاء ج بُرْش [برش] [আব্‌রশ] ছোট ছোট দাগযুক্ত, ফোঁটাযুক্ত

أَبْرَشِيَّة ج أَبْرَشِيَّات [আব্‌রশিয়্যাহ] যাজকপল্লী, বিশপের এলাকা

أَبْرَص مث بَرْصَاء ج بُرْص [برص] [আব্‌রছ] কুষ্ঠে, কুষ্ঠরোগগ্রস্ত, কুষ্ঠরোগী

أَبْرَق ج أَبَارِق [برق] [আব্‌রক] পাথর বালি ও মাটির সমন্বয়ে গঠিত শক্ত ভূমি

أَبْرَق مث بَرْقَاء ج بُرْق [برق] [আব্‌রক] সাদা ও কালো রঙবিশিষ্ট, সাদা-কালো

أَبْرَقَ (إِبْرَاق) [برق] [আব্‌রকা] উজ্জ্বল হওয়া, ঝলকানো, বিদ্যুৎ চমকানো, তড়িতাহত হওয়া, তারবার্তা পাঠানো

أَبْرَكَ (إِبْرَاك) [برك] [আব্‌রকা] (উটকে) হাঁটু গেড়ে বসানো, নতজানু করা

أَبْرَمَ (إِبْرَام) [برم] [আব্‌রমা] বিরক্ত করা, ক্লান্ত করা, সুষ্ঠুভাবে সম্পাদন করা, শক্ত করা, সুদৃঢ় করা, অনুমোদন করা, সত্যায়ন করা

أَبْرَمِيس [আব্‌রমীস] একপ্রকার মাছ, bream

إِبْرِيّ [ইব্‌রী] সুঁইবিক্রেতা, সুঁইওয়ালা, সুঁইয়ের মত

إِبْرِيَّة [ইব্‌রিয়্যাহ] মাথার খুশকি, মরামাস

إِبْرِيج [ইব্‌রীজ] দুধ মন্থন করে ঘি তোলার পাত্র, মন্থনপাত্র

إِبْرِيز ، إِبْرِيزِيّ [ইব্‌রীয, ইব্‌রীযী] খাঁটি সোনা, নির্ভেজাল স্বর্ণ

إِبْرِيسَم ، إِبْرِيسِم [ইব্‌রীসাম, ইব্‌রীসিম] রেশম, সিল্ক

إِبْرِيق ج أَبَارِيق [ইব্‌রীক] জগ, কেতলি, কেটলি, লোটা

إِبْرِيق الشَّاي [ইব্‌রীকুশ শাই] চায়ের কেতলি, টীপট

أَبْرِيل ، إِبْرِيل [আব্‌রীল, ইব্‌রীল] এপ্রিল (মাস)

إِبْزَام ج أَبَازِيم [ইব্‌যাম] কবজা, কজা, খিল

أَبْزَن ج أَبَازِن [আব্‌যান] হাতমুখ ধোয়ার জন্য পানি রাখার গামলা বা বাটি, washbowl

إِبْزِيم ج أَبَازِيم [ইব্‌যীম] কবজা, কজা, খিল

أَبْسَرَ (إِبْسَار) [بسر] [আব্সারা] (ক্ষত থেকে) পুঁজ বের করা, (ফোঁড়া) গালা, চাপ দিয়ে রস বের করা, পিষ্ট করা, নিংড়ানো, অসময়ে পেতে চাওয়া

أَبْسَلَ (إِبْسَال) [بسل] [আব্সালা] আটক করা, বঞ্চিত করা, নিষিদ্ধ করা, নিষিদ্ধ ঘোষণা করা

أَبْشَرَ (إِبْشَار) [بشر] بِـ [আব্শারা] খুশী হওয়া, আনন্দিত হওয়া, প্রসন্ন হওয়া, সুসংবাদ দেওয়া

أَبْشَمَ (إِبْشَام) [بشم] [আব্শামা] বদহজমের কারণ ঘটানো

إِبْصَار [بصر] [ইব্ছার] দর্শন, প্রত্যক্ষকরণ, দৃষ্টি-প্রদান, উপলব্ধি, অনুভব

أَبْصَرَ (إِبْصَار) [بصر] [আব্ছরা] দেখা, প্রত্যক্ষ করা, লক্ষ্য করা, নজর দেওয়া, দৃষ্টি দেওয়া, উপলব্ধি করা, অনুভব করা

أَبْصَع مث بَصْعَاء ج بُصْع [بصع] [আব্ছা'] হাবা, বোকা, নির্বোধ

أَبَضَّ (إِبْضَاض) [بضض] لِـ [আবাদ্দা] সামান্য বস্তু দান করা, অল্প কিছু দেওয়া

أُبْض ج آبَاض [উব্দ] হাঁটুর পশ্চাদ্ভাগের কোটর, হাঁটুর ভিতরের দিক

أَبْضَعَ (إِبْضَاع) [بضع] [আব্দ'আ] পণ্য করা, পণ্যে পরিণত করা

إِبْط ج آبَاط [ইব্ত] বগল, বাহুমূল, (পাহাড়ের) পাদদেশ, ঢাল

إِبْطَاء [بطأ] [ইব্তা'] বিলম্বকরণ, বিলম্বিতকরণ, বিলম্ব, মন্থরতা

إِبْطَال [بطل] [ইব্তাল] বাতিলকরণ, নষ্টকরণ, অকেজোকরণ, নাকচকরণ, বিলোপসাধন

أَبْطَأ [بطأ] [আব্তা'] অধিকতর মন্থর, ধীরতর, অধিকতর বিলম্বিত, স্বল্পতর গতিসম্পন্ন

أَبْطَأَ (إِبْطَاء) [بطأ] [আব্তআ] বিলম্বিত করা, মন্থর হওয়া, বিলম্ব করা, ধীরে চলা

أَبْطَح مث بَطْحَاء [بطح] [আব্তাহ] সমান, সমতল, বিস্তৃত

أَبْطَح ج أَبَاطِح [আব্তাহ] নদী বা উপত্যকার প্রশস্ত তলদেশ, গামলা আকারের উপত্যকা

أَبْطَرَ (إِبْطَار) [بطر] [আব্তরা] হতবুদ্ধি করা, অবাক করা, বিস্মিত করা, অবিবেচক করা, অহঙ্কারী করা

أَبْطَع مث بَطْعَاء ج بُطْع [بطع] [আব্তা'] নিচের চোয়ালের সামনের দাঁত পড়ে গিয়েছে এমন

أَبْطَلَ (إِبْطَال) [بطل] [আব্তলা] বাতিল করা, নাকচ করা, নষ্ট করা, অকেজো করা, অকার্যকর করা

أَبْطَنَ (إِبْطَان) [بطن] [আব্তনা] লুকিয়ে রাখা, গোপন করা, (কাপড়ে) ভিতরদিকে আস্তরণ লাগানো, লাইনিং করা, ঘনিষ্ঠ করা, বেঁধে রাখা

إِبْعَاد [بعد] [ইব্'আদ] দূরকরণ, দূরীকরণ, বিদ্- রণ, বিচ্ছিন্নকরণ, বিতাড়ন

أَبْعَد ج أَبَاعِد [بعد] [আব্'আদ] অধিকতর দূরবর্তী, দূরতম

أَبْعَدَ (إِبْعَاد) [بعد] [আব্'আদা] দূর করা, বিদূরিত করা, দূরে রাখা, বাদ দেওয়া, বিচ্ছিন্ন করা, বিতাড়ন করা

أَبْعَرَ (إِبْعَار) [بعر] [আব্'আরা] (পশু) মলত্যাগ করা, পায়খানা করা, মল বের করা

أَبْعَضَ (إِبْعَاض) [بعض] [আব্'আদা] মশাবহুল হওয়া, মশাকবলিত হওয়া

أَبْغَث مث بَغْثَاء ج بُغْث [بغث] [আব্গাছ] নীলাভ সাদা, ধূসরবর্ণের কাছাকাছি রংবিশিষ্ট

أَبْغَضَ (إِبْغَاض) [بغض] [আব্গাদা] ঘৃণা করা, অপছন্দ করা, বিরাগ পোষণ করা

أَبْغَى (إِبْغَاء) [بغي] [আব্গা] প্রত্যাশা করানো, প্রত্যাশী করা, চাইতে সাহায্য করা

أَبَق [আবাক] একপ্রকার শণ

أَبَقَ [ن] [ض] (أَبْق ، أَبَق) [আবাক্বা] পলায়ন করা, পালিয়ে যাওয়া, ভাগা, ভেগে যাওয়া

أَبِقَ [س] (أَبْق ، أَبَق) [আবিক্বা] পলায়ন করা, পালিয়ে যাওয়া, ভাগা, ভেগে যাওয়া

آبِق ج أُبَّاق ، آبِقُون [أبق] [আবিক্ব] পলায়নকারী, পলাতক

إِبْقَاء [بقي] [ইব্ক্বা'] রক্ষা, রক্ষণ, রক্ষণাবেক্ষণ, স্থায়ীকরণ

أَبْقَرَ (إِبْقَار) [بقر] [আব্ক্বারা] বিদীর্ণ করা, চেরা, ফাড়া

أَبْقَع ث بَقْعَاء ج بُقْع [بقع] [আব্কা'] ছোট ছোট দাগযুক্ত, সাদা-কালো দাগযুক্ত, ফোঁটাযুক্ত, নানান রঙবিশিষ্ট, চিত্রবিচিত্র

أَبْقَلَ (إِبْقَال) [بقل] [আব্কালা] সবজি উৎপন্ন করা, সবজির মালিক হওয়া, প্রকাশিত হওয়া, উদগত হওয়া

أَبْقَى [بقي] [আব্কা] অধিকতর স্থায়ী, বেশী দীর্ঘস্থায়ী

أَبْقَى (إِبْقَاء) [بقي] [আব্কা] রাখা, বাকি রাখা, রেখে দেওয়া, থাকতে দেওয়া, টিকিয়ে রাখা, বাঁচিয়ে রাখা, স্থায়ী করা, ছেড়ে দেওয়া, যেমন আছে তেমন রাখা

إِبْكَار [بكر] [ইব্কার] প্রভাত, সকাল, প্রত্যূষ, ভোর, ঊষা

أَبْكَرَ (إِبْكَار) [بكر] [আব্কারা] প্রভাতে সম্পন্ন করা, প্রত্যূষে ওঠা, সকালে আসা বা যাওয়া, অগ্রসর হওয়া

أَبْكَم ث بَكْمَاء ج بُكْم [بكم] [আব্কাম] বোবা, মূক, নির্বাক

أَبْكَمَ (إِبْكَام) [بكم] [আব্কামা] বোবা বানানো, নির্বাক করা

أَبْكَى (إِبْكَاء) [بكي] [আব্কা] কাঁদানো, ক্রন্দন উদ্রেক করা, কান্না জাগানো

أَبَلَ [ن] (أَبَالَة) [আবালা] উটের রক্ষণাবেক্ষণ করা, উট পালা

أَبِلَ [س] (أَبَل) [আবিলা] উটের রক্ষণাবেক্ষণ করা, উট পালা

أَبَلَّ (إِبْلَال) [بلل] [আবাল্লা] আরোগ্য লাভ করা, সুস্থ হয়ে ওঠা

آبِل ج أُبَّال [আবিল] উট রক্ষণাবেক্ষণকারী, উট পালনকারী

إِبِل ج آبَال ، أَبِيل [ইবিল] উট, উষ্ট্র, ক্রমেল, ক্রমেলক

أَبَلّ ث بَلَّاء ج بُلّ [بلل] [আবাল্ল] পাপিষ্ঠ, ইতর, ঝগড়াটে, অধিকতর বা সবচেয়ে উপযোগী

إِبْلَال [بلل] [ইব্লাল] আরোগ্য, সুস্থতা

إِبْلَاغ [بلغ] [ইব্লাগ] অবহিতকরণ, সংবাদদান, প্রচার, ঘোষণা, বিজ্ঞপ্তি, সমন, তথ্য

أَبَلَة [وبل] [আবালাহ্] বদহজম, অজীর্ণ

أُبُلَّة [উবুল্লাহ্] গোত্র, বংশ

أَبْلَج ث بَلْجَاء ج بُلْج [بلج] [আব্লাজ] উজ্জ্বল, সুন্দর, পরিষ্কার, স্বচ্ছ, সুস্পষ্ট, উদ্ভাসিত, প্রদীপ্ত

أَبْلَجَ (إِبْلَاج) [بلج] [আব্লাজা] উজ্জ্বল হওয়া, আলো দেওয়া, উদ্ভাসিত হওয়া, প্রদীপ্ত হওয়া

أَبْلَد ث بَلْدَاء ج بُلْد [بلد] [আব্লাদ] স্থূলবুদ্ধি, অমেধাবী, হাবা, হাবলা

أَبْلَدَ (إِبْلَاد) [بلد] [আব্লাদা] স্থায়ী বাসিন্দা হওয়া, স্থায়ী বাসিন্দা করা

أَبْلَسَ (إِبْلَاس) [بلس] [আব্লাসা] নিরাশ হওয়া, লজ্জিত হওয়া, নিশ্চুপ হওয়া, হতভম্ব হওয়া

أَبْلَطَ (إِبْلَاط) [بلط] [আব্লাতা] টালি বসানো, টাইলস্ লাগানো, সর্বস্ব ছিনিয়ে নেওয়া

أُبْلِطَ [উব্লিতা] সর্বস্ব হারিয়ে মাটিতে পড়ে থাকা

أَبْلَعَ (إِبْلَاع) [بلع] [আব্লা'আ] গলাধঃকরণ করানো, গেলানো, ভক্ষণ করানো

أَبْلَغ [بلغ] [আব্লাগ] পূর্ণাঙ্গতর, গভীরতর, অধিকতর জোরদার, অধিকতর গুরুত্বপূর্ণ

أَبْلَغَ (إِبْلَاغ) [بلغ] [আব্লাগা] পৌঁছিয়ে দেওয়া, সংবাদ দেওয়া, অবহিত করা, জানানো, বিজ্ঞপ্তি দেওয়া, ঘোষণা করা

أَبْلَغَ عَنْ [-- 'আন] জানিয়ে দেওয়া, ফাঁস করে দেওয়া, বেঈমানি করা, বিশ্বাসঘাতকতা করা

أَبْلَق ث بَلْقَاء ج بُلْق [بلق] [আব্লাক] ছোট ছোট দাগযুক্ত, সাদা-কালো দাগযুক্ত, ফোঁটা-যুক্ত, চিত্রবিচিত্র

أَبْلَقَ (إِبْلَاق) [بلق] [আব্লাক্বা] সাদা-কালো দাগযুক্ত হওয়া, ফোঁটাযুক্ত হওয়া

أَبْلَه ث بَلْهَاء ج بُلْه [بله] [আব্লাহ্] নির্বোধ, বোকা, হাবা, হাবলা, স্থূলবুদ্ধি

أَبْلَهَ (إِبْلَاه) [بله] [আব্লাহা] নির্বোধ দেখতে পাওয়া

أَبْلَى (إِبْلَاء) [بلي] [আব্লা] জীর্ণ করা, ক্ষয় করা, পরীক্ষা করা, কষ্ট দেওয়া, নির্যাতন করা

إِبْلِيس ج أَبَالِسَة [ইব্লীস] ইবলীস, শয়তান

أَبَّنَ (تَأْبِين) [أبن] [আব্বানা] মৃত ব্যক্তির প্রশংসা

করা, সামনা-সামনি দোষারোপ করা

إِبْن ج أَبْنَاء ، بَنُون [بنو ، بني] [ইব্‌ন] ছেলে, পুত্র, তনয়, বংশধর

إِبْن الأَخ [ইব্‌নুল আখ] ভ্রাতুষ্পুত্র, ভাতিজা, ভাই-পো

إِبْن الأُخْت [ইব্‌নুল উখ্‌ত] ভাগিনেয়, ভাগিনা, ভাগনে

إِبْن آدَم [ইব্‌ন আদাম] আদম (আ)-এর পুত্র বা বংশধর, আদমসন্তান, মানুষ, মানব

إِبْن آوَى [ইব্‌ন আওয়া] শৃগাল, শিয়াল, শেয়াল, ফেরু

إِبْن بَرِيح [ইব্‌ন বারীহ্] কাক, দাঁড়কাক

إِبْن الْبَلَد [ইব্‌নুল বালাদ] দেশের সন্তান, দেশের মানুষ, নাগরিক, দেশবাসী

إِبْن بِالتَّبَنِّي [ইব্‌ন বিত-তাবান্নী] বানানো পুত্র, দত্তকপুত্র, পোষ্যপুত্র

إِبْن جَلَا [ইব্‌ন জালা] বিখ্যাত ব্যক্তি, প্রভাত, চন্দ্র

إِبْن الحَرْب [ইব্‌নুল হার্‌ব] যোদ্ধা, সৈনিক

إِبْن دَايَة [ইব্‌ন দা'ইয়াহ্] কাক

إِبْن ذُكَاء [ইব্‌ন যুকা'] প্রভাত, সকাল

إِبْن بِالتَّرْبِيَة [ইব্‌ন বিত-তারবিয়াহ্] পালিত পুত্র

إِبْن بِالرِّضَاع [ইব্‌ন বির-রিদা'] পালিত পুত্র

إِبْن الزَّوْج [ইব্‌নুয যাওজ] (অন্য স্ত্রী থেকে) স্বামীর ছেলে, সৎপুত্র, সৎছেলে

إِبْن الزَّوْجَة [ইব্‌নুয যাওজাহ্] (অন্য স্বামী থেকে) স্ত্রীর ছেলে, সৎপুত্র, সৎছেলে

إِبْن سَاعَتِه [ইব্‌নু সা'আতিহী] ক্ষণস্থায়ী, স্বল্প-কালীন, তাৎক্ষণিক, স্বয়ংক্রিয়, স্বতঃস্ফূর্ত, পূর্বপ্রস্তুতি ছাড়া রচিত

إِبْن السَّبِيل [ইব্‌নুস সাবীল] পথিক, মুসাফির, ভ্রমণকারী, পর্যটক

إِبْن الطَّوْد [ইব্‌নুত তাওদ] প্রতিধ্বনি

إِبْن عِرْس [ইব্‌নু 'ইর্‌স] বেজি, নেউল, নকুল

إِبْن العَمّ [ইব্‌নুল 'আম্] চাচার ছেলে, চাচাতো ভাই, পিতৃব্যপুত্র

إِبْن قِتْرَة ج بَنَات قِتْرَة [ইব্‌ন কিত্‌রাহ্] ফোঁটা ফোঁটা দাগযুক্ত একপ্রকার ক্ষুদ্রাকার বিষাক্ত সাপ

إِبْن اليَوْم [ইব্‌নুল ইয়াওম] আজকের ছেলেঃ যে শুধু আজকের কথাই ভাবে, আগামীকাল নিয়ে যার কোন ভাবনা নেই

إِبْنَة ج إِبْنَات [بنو ، بني] [ইব্‌নাহ্] কন্যা, পুত্রী, মেয়ে, তনয়া

إِبْنَة الجَبَل [ইব্‌নাতুল জাবাল] সাপ, প্রতিধ্বনি

أُبْنَة ج أُبَن [উব্‌নাহ্] গিঁঠ, গিরা, ত্রুটি, বিদ্বেষ

إِبْنُم [بني] [ইব্‌নুম] পুত্র, ছেলে, তনয়

أَبْنُوس ، آبَنُوس [আব্‌নূস, আবানূস] আবলুসঃ একপ্রকার গাছ ও তার কাঠ

أَبْنَى (إِبْنَاء) [بني] [আব্‌না] ভিত্তি প্রদান করা, নির্মাণ করতে দেওয়া, ঘর বানাতে দেওয়া

أَبَهَ [ف]، أَبِهَ [س] (أَبْه) بِ ، لِ [আবাহা, আবিহা] মনোযোগ দেওয়া, যত্ন নেওয়া, লক্ষ্য রাখা, খেয়াল রাখা

إِبْهَارَّ (إِبْهِيرَار) [بهر] [ইব্‌হার্‌রা] (দিন/রাত) বেড়ে যাওয়া, (রাত) অন্ধকারাচ্ছন্ন হওয়া, দীর্ঘায়িত হওয়া

إِبْهَام [بهم] [ইব্‌হাম] অস্পষ্টতা, অবোধগম্যতা, দ্ব্যর্থকতা

إِبْهَام ج أَبَاهِم ، أَبَاهِيم [ইব্‌হাম] বুড়ো আঙ্গুল, বৃদ্ধাঙ্গুলি, বৃদ্ধাঙ্গুষ্ঠ

أَبْهَتَ (إِبْهَات) [بهت] [আব্‌হাতা] হতবাক করা, হতবুদ্ধি করা, হতভম্ব করা, স্তম্ভিত করা, ফ্যাকাশে করা, অনুজ্জ্বল করা

أُبَّهَة [উব্বাহাহ্] ঔজ্জ্বল্য, আড়ম্বর, জাঁকজমক, অহঙ্কার, বড়াই, দেমাক

أَبْهَجَ (إِبْهَاج) [بهج] [আব্‌হাজা] আনন্দিত করা, খুশী করা, সন্তুষ্ট করা, প্রফুল্ল করা

أَبْهَر [بهر] [আব্‌হার] উজ্জ্বলতর, অধিকতর দীপ্তি-মান, উৎকৃষ্টতর, মহাধমনী, aorta, মেরুদণ্ড

أَبْهَرَ (إِبْهَار) [بهر] [আব্‌হারা] ধাঁধা লাগানো, বিস্ময়াভিভূত করা, উত্তপ্ত হওয়া, জ্বলে ওঠা

أَبْهَظَ (إِبْهَاظ) [بهظ] [আব্‌হাযা] চাপ দেওয়া, চাপ হওয়া, বোঝা হওয়া

أَبْهَل [بهل] [আব্‌হাল] তৃণবিশেষ, savina

أَبْهَم مث بَهْمَاء ج بُهْم [بهم] [আব্‌হাম] বোবা,

মূক, বাকশক্তিহীন, নির্বাক

[আব্‌হামা] অস্পষ্ট করা, অবোধগম্য করা, দ্ব্যর্থক করা, গোপন করা أَبْهَمَ (إِبْهَام) [بهم]

[আব্‌হা] সুদর্শন হওয়া, খালি করা, ফেলে রাখা أَبْهَى (إِبْهَاء) [بهي]

[আবুল আশ্‌বাল] সিংহ, কেশরী أَبُو الأَشْبَال

[আবূ ইয়াস] নিরাশকারী বস্তুঃ (খাবার পর) হাত ধোয়ার পানি أَبُو إِيَاس

[আবুল বাশার] মানবজাতির (আদি) পিতাঃ হযরত আদম (আ) أَبُو الْبَشَر

[আবূ ছাক্বীফ] সিরকা, সির্কা أَبُو ثَقِيف

[আবূ জাবির] রুটি (খাদ্য) أَبُو جَابِر

[আবূ জামি'] দস্তরখান, খাবার টেবিল أَبُو جَامِع

[আবূ জা'আদাহ] নেকড়ে (বাঘ) أَبُو جَعَادَة

[আবূ জা'দাহ] নেকড়ে (বাঘ) أَبُو جَعْدَة

[আবূ জি'রান] গুবরেপোকা أَبُو جِعْرَان

[আবূ জামীল] সবজি, তরকারি أَبُو جَمِيل

[আবুল হারিছ] সিংহ, মৃগেন্দ্র أَبُو الْحَارِث

[আবূ হাবীব] ভুনা বকরী أَبُو حَبِيب

[আবূ হুদাইজ] সারস (পাখি) أَبُو حُدَيْج

[আবুল হুছইন] শৃগাল, খেঁকশিয়াল أَبُو الْحُصَيْن

[আবুল হিন্না'] দোয়েল, রবিন (পাখি) أَبُو الْحِنَّاء

[আবূ খালিদ] কুকুর (প্রাণী) أَبُو خَالِد

[আবূ খিন্‌জির] হেলেঞ্চা বা কলমি-জাতীয় শাক, nasturtium أَبُو خِنْجِر

[আবূ দাগ্‌ফা'] বোকা, নির্বোধ أَبُو دَغْفَاء

[আবূ যাক্‌ন] একপ্রকার মাছ, goat-fish أَبُو ذَقْن

[আবূ রযীন] খাবীছঃ খেজুর ননী ও মাড় দিয়ে তৈরী একপ্রকার মিষ্টান্ন أَبُو رَزِين

[আবুর রুক্কাব] ডেঙ্গু জ্বর, হাড়-ভাঙ্গা জ্বর أَبُو الرُّكَب

[আবূ যাজির] কাক (পাখি) أَبُو زَاجِر

[আবূ যুরইক] রঙিন পালকবিশিষ্ট কিচির-মিচিরকারী একপ্রকার পাখি, jay أَبُو زُرَيْق

[আবূ যাম্মারাহ] একপ্রকার মাছ, pipefish أَبُو زَمَّارَة

[আবুস সার্‌ও] ধোঁয়া দেওয়ার ধূপ, সুগন্ধদ্রব্য, সুগন্ধি أَبُو السَّرْو

[আবূ সু'ন] পূর্ব আফ্রিকার একপ্রকার সারস, হাড়গিলা (পাখি) أَبُو سُعْن

[আবূ সাইফ] তলোয়ার মাছ, sword-fish أَبُو سَيْف

[আবুশ শিছ্] একপ্রকার মাছ, ang-lerfish أَبُو الشِّصّ

[আবূ ছাবির] লবণ أَبُو صَابِر

[আবূ ছুফাইর] কমলালেবুজাতীয় তিক্ত ফলবিশেষ, জামির أَبُو صُفَيْر

[আবূ যব্‌ই] আবুধাবী (নগরী)ঃ সংযুক্ত আরব আমীরাতের রাজধানী أَبُوظَبْي

[আবুল 'উলা'] ফালুদাঃ একপ্রকার মিষ্টান্ন أَبُو الْعُلَاء

[আবূ 'আম্‌রাহ] ক্ষুধা, দারিদ্র أَبُو عَمْرَة

[আবূ 'আওন] লবণ أَبُو عَوْن

[আবূ ফিরাস] সিংহ, মৃগেন্দ্র, কেশরী أَبُو فِرَاس

[আবূ ফার্‌ওয়াহ] বাদাম أَبُو فَرْوَة

[আবূ ক্বিত্‌রাহ] ইবলীস, শয়তান أَبُو قِتْرَة

[আবূ কুর্‌রাহ] গিরগিটি (প্রাণী) أَبُو قُرَّة

[আবূ ক্বার্‌ন] শিংওয়ালা পাখিবিশেষ, ধনেশ পাখি أَبُو قَرْن

[আবূ কাসিব] নেকড়ে (বাঘ) أَبُو كَاسِب

[আবূ কা'ব] কর্ণমূলস্ফীতি, গালফোলা রোগ, মাম্পস (mumps) أَبُو كَعْب

[আবূ কু'আইব] কর্ণমূলস্ফীতি, গাল-ফোলা রোগ, মাম্পস (mumps) أَبُو كُعَيْب

[আবূ লাহিক] বাজপাখি أَبُو لَاحِق

[আবূ লুবাদ] সিংহ, মৃগেন্দ্র, কেশরী أَبُو لُبَد

[আবূ লাহাব] আবূ লাহাবঃ রসূলুল্লাহর (স) চাচা আব্দুল উয্‌যার কুনিয়াত (ডাকনাম) أَبُو لَهَب

أَبُو مَالِك [আবূ মালিক] ক্ষুধা, বার্ধক্য

أَبُو الْمَثْوَى [আবুল মাছ্ওয়া] ঘরের মালিক, বাড়িওয়ালা, মেহমান, অতিথি

أَبُو مُرَّة [আবূ মুর্রাহ্] ইবলীস, শয়তান

أَبُو مِقَصّ [আবূ মিক্বাছ্] লম্বা ঠোঁটওয়ালা জলচর পাখিবিশেষ skimoner. গুবরে পোকাজাতীয় ক্ষুদ্র কীটবিশেষ, earwig

أَبُو مِنْجَل [আবূ মিন্জাল] লম্বা ঠোঁট ও লম্বা পাওয়ালা একপ্রকার পাখি

أَبُو الْمُنْذِر [আবুল মুন্যির] মোরগ, পোষা মোরগ

أَبُو مِنْشَار [আবূ মিন্শার] করাত মাছঃ হাঙ্গর-জাতীয় একপ্রকার মাছ, sawfish

أَبُو مِنْقَار [আবূ মিন্ক্বার] একপ্রকার লম্বা মাছ, garfish

أَبُو النَّوْم [আবুন নাওম] আফিম গাছ, পপিফুলের গাছ

أَبُو نُعَيْم [আবূ নু'আইম] (চাপাতি) রুটি

أَبُو الْهَوْل *[আবুল হাওল] স্ফিংসঃ মিশরের পিরা-*মিডসংলগ্ন বিশাল প্রস্তরমূর্তি, the sphinx

أَبُو الْوَرَى [আবুল ওয়ারা] যুগ, কাল, মহাকাল

أَبُو الْيَقْظَان [আবুল ইয়াক্বযান] মোরগ, পোষা মোরগ

الأَبَوَان ، الأَبَوَيْن [আল-আবাওয়ান, আল-আবা-ওয়াইন] পিতামাতা, মাতাপিতা, বাবা-মা, মা-বাবা

أُبُوَّة [أبو] [উবুওওয়াহ্] পিতৃত্ব, পিতার বৈশিষ্ট্য, পিতৃসুলভ আচরণ

أَبَوِيّ [আবাবী] পিতাসংক্রান্ত, পিতৃ-, পিতৃ-বিষয়ক, পিতৃসুলভ, পৈত্রিক

أَبَى ف। (إِبَاء ، إِبَاءَة) [আবা] অস্বীকার করা, মানতে রাজি না হওয়া, অমান্য করা, ঘৃণা করা, অবজ্ঞা করা

أَبِيَ س। (أَبَى ، إِبَى) [আবিয়া] বিরত থাকা

أَبِيّ [أبي] [আবী] অবজ্ঞাপূর্ণ, ঔদ্ধত্যপূর্ণ, উদ্ধত, উন্নাসিক, গর্বিত

آبٍ ، آبِي ج أُبَاة [أبي] [আবী] অস্বীকারকারী, অসম্মত, মানতে নারাজ

أُبَيْحِر [بحر] [উবাইহির] ছোট সমুদ্র

أَبْيَض مث بَيْضَاء ج بِيض [بيض] [আব্ইয়াদ] সাদা, শ্বেত, শুভ্র, উজ্জ্বল, খাঁটি, নির্ভেজাল, নিষ্কলঙ্ক, দাগবিহীন, লেখা হয়নি এমন, খালি

الْخَيْط الأَبْيَض [আল-খাইতুল আব্ইয়াদ] শুভ্র আলোকরেখা, প্রভাতের প্রথম আলো

الذَّهَب الأَبْيَض [আয-যাহাবুল আব্ইয়াদ] প্লাটি-নামঃ মূল্যবান সাদা ধাতুবিশেষ

مَوْت أَبْيَض [মাউত আব্ইয়াদ] স্বাভাবিক মৃত্যু

اِبْيَضَّ (اِبْيِضَاض) [بيض] [ইব্ইয়াদ্দা] সাদা হওয়া, শুভ্র হওয়া, শ্বেতবর্ণ হওয়া

اِبْيِضَاض [بيض] [ইব্য়িদাদ] শুভ্রতা, ধবলতা, শুক্লতা, সাদা

اِبْيِضَاض الدَّم [ইব্য়িদাদুদ দাম] রক্তের শ্বেত-কণিকা বৃদ্ধি, লিউকেমিয়া (রোগ)

أَبِيل ج آبَال ، أُبَّال [আবীল] খ্রীষ্টান সন্ন্যাসী, পাদ্রী, নাকূসঃ এক প্রকার বাদ্যযন্ত্র, নাকূসবাদক

أَبِيلِيّ [আবীলী] খ্রীষ্টান সন্ন্যাসী, পাদ্রী

أَتَا ن। (أُتُو ، إِتَاء) [أتو] [আতা] (গাছে) ফল ধরা, ফল বেশি হওয়া

أَتَى بِ ، عَلَى [-- বি, 'আলা] গীবত করা, কুৎসা রটানো

إِتَاء [أتو] [ইতা'] (গাছে) ফলধরণ, (ক্ষেতের) ফসল

أَتَابِك [আতাবিক] নেতা, প্রধান, প্রভু, যুবরাজ

أَتَاحَ (إِتَاحَة) [تيح] لِ [আতাহা] সম্ভব করা, সহজ করে দেওয়া, সুযোগ দেওয়া, অনুমতি দেওয়া, প্রদান করা, দান করা, দেওয়া, যোগান দেওয়া, নিয়তি-নির্ধারিত করা

إِتَاد ج أُتُد ، آتِدَة [ইতাদ] (দুধ দোহনকালে) গাভীর পা বেঁধে রাখার রশি

أَتَان ج أُتُن [আতান] গাধী, গর্দভী

أَتَاهَ (إِتَاهَة) [تيه] [আতাহা] বিপথগামী করা, বিভ্রান্ত করা, দিশেহারা করা

إِتَاوَة ج إِتَاوَات ، أَتَاوِي [أتو] [ইতাওয়াহ্] কর, শুল্ক, ঘুষ, উপরি

اِتَّأَدَ (اِتِّئَاد) [وأد] [ইত্তাআদা] মন্থর হওয়া, বিলম্ব

করা, ঢিলেমি করা, সময় নেওয়া

أَتَارَ (إِتَارَ) الْبَصَرَ [تار] [আতআরল বাছরা] স্থির দৃষ্টিতে তাকানো, দৃষ্টি নিবদ্ধ করা

أَتَبَّ (إِتْبَاب) [تبب] [আতাব্বা] দুর্বল করা

إِتْبَاع [تبع] [ইত্বা'] অনুসরণ, অনুগমণ, আনুগত্য, অধীনস্থতা, সংযোজন, পরিশিষ্ট, ব্যাখ্যা-বিশেষ্য ব্যবহার (ব্যা)

اِتِّبَاع [تبع] [ইত্তিবা'] অনুসরণ, মান্যকরণ, আনুগত্য, পালন, অনুকরণ, পশ্চাদ্ধাবন

اِتِّبَاعًا لِ [ইত্তিবা'আন লি] অনুসরণে, পদাঙ্ক অনুসরণ করে, দেখাদেখি, অনুসারে, অনুযায়ী

اِتِّبَاعِيّ [ইত্তিবা'ঈ] সনাতন, প্রাচীন, ক্লাসিক

اِتِّبَاعِيَّة [ইত্তিবা'ইয়্যাহ] সনাতনতা, প্রাচীনত্ব, ক্ল্যাসিসিজম

أَتْبَعَ (إِتْبَاع) [تبع] بِ [আত্‌বা'আ] অনুসারী করা, অনুগামী করা, অধীন করা, অনুসরণ করা, পিছনে লাগা, সংযোজন করা, (ব্যাকরণে) ব্যাখ্যা-বিশেষ্য (appositive) ব্যবহার করা

اِتَّبَعَ (اِتِّبَاع) [تبع] [ইত্তাবা'আ] অনুসরণ করা, পিছনে পিছনে চলা, পশ্চাদ্ধাবন করা, অনুগামী হওয়া, মান্য করা, পালন করা

أَتْبَلَ (إِتْبَال) [تبل] [আত্‌বালা] রুগ্ন করা, বুদ্ধি বিলুপ্ত করা

اِتِّجَار [تجر] [ইত্তিজার] ব্যবসা, বাণিজ্য, সওদাগরি

اِتِّجَاه ج اِتِّجَاهَات [وجه] [ইত্তিজাহ] মনোভাব, দৃষ্টিভঙ্গি, ঝোঁক, প্রবণতা, দিক, গতি

اِتِّجَاهِيّ [وجه] [ইত্তিজাহী] নির্দেশনামূলক

اِتَّجَرَ (اِتِّجَار) [تجر] [ইত্তাজারা] ব্যবসা করা, বাণিজ্য করা, ক্রয়-বিক্রয় করা, সওদাগরি করা

اِتَّجَهَ (اِتِّجَاه) [وجه] إِلَى [ইত্তাজাহা] অভিমুখী হওয়া, মুখ ফিরানো, মনোযোগ দেওয়া, উদ্দেশ্য করা

اِتِّحَاد [وحد] [ইত্তিহাদ] ঐক্য, একতা, ঐক্যমত, সংযুক্তি

اِتِّحَاد ج اِتِّحَادَات [وحد] [ইত্তিহাদ] সঙ্ঘ, জোট, ইউনিয়ন, ফেডারেশন

اِتِّحَاد الْآرَاء [ইত্তিহাদুল আরা'] ঐক্যমত, মতের মিল, সর্বসম্মতি

بِاتِّحَاد الْآرَاء [বিত্তিহাদিল আরা'] ঐক্যমতের ভিত্তিতে, সর্বসম্মতিক্রমে

الاتِّحَاد السُّوفِيَاتِيّ [আল-ইত্তিহাদুস সোফিয়াতী] সোভিয়েত ইউনিয়ন (দেশ)

اِتِّحَادِيّ مث اِتِّحَادِيَّة [ইত্তিহাদী] ঐক্যবিষয়ক, যুক্তরাষ্ট্রীয়, ফেডারেল, ঐক্যপন্থী, সম্মিলনপন্থী

حُكُومَة اِتِّحَادِيَّة [হুকূমাহ ইত্তিহাদিয়্যাহ] যুক্তরাষ্ট্রীয় সরকার

اِتِّحَادِيَّة [ইত্তিহাদিয়্যাহ] সম্মিলন-পন্থা, মৈত্রীতন্ত্র, যুক্তরাষ্ট্রীয় ব্যবস্থা

اِتَّحَدَ (اِتِّحَاد) [وحد] [ইত্তাহাদা] সংযুক্ত হওয়া, একত্রিত হওয়া, ঐক্যবদ্ধ হওয়া, মৈত্রীবদ্ধ হওয়া

أَتْحَفَ (إِتْحَاف) [تحف] بِ [আত্‌হাফা] উপহার দেওয়া, উপঢৌকন দেওয়া

أَتَخَّ (إِتْخَاخ) [تخخ] [আতাখ্‌খা] নরম করার জন্য বেশি পানি দেওয়া

اِتَّخَذَ (اِتِّخَاذ) [أخذ] [ইত্তাখাযা] লওয়া, ধরা, গ্রহণ করা, বেছে নেওয়া, পছন্দ করা, বানানো, গঠন করা

أَتْخَمَ (إِتْخَام) [تخم ، وخم] [আত্‌খামা] বেশী খাওয়ানো, অতিভোজন করানো, বদহজম ঘটানো, অসুস্থ করা

اِتَّخَمَ (اِتِّخَام) [تخم ، وخم] [ইত্তাখামা] বেশী খাওয়া, অতিভোজন করা, বদহজম হওয়া

أَتْرَبَ (إِتْرَاب) [ترب] [আত্‌রবা] ধুলায় ভরে দেওয়া, ধুলায় ঢেকে দেওয়া, ধূলি নিক্ষেপ করা, ধনাঢ্য হওয়া, নিঃস্ব হওয়া

أُتْرُجّ ، أُتْرُجَّة [উতরুজ্জ, উতরুজ্জাহ] জামির, জাম্বীর, লেবুজাতীয় একপ্রকার ফল

أَتْرَحَ (إِتْرَاح) [ترح] [আত্‌রহা] দুঃখ দেওয়া, কষ্ট দেওয়া

أَتْرَسَ (إِتْرَاس) [ترس] [আত্‌রসা] বন্ধ করা, তালা দেওয়া, অর্গলবদ্ধ করা, খিল লাগানো

أَتْرَع مث تَرْعَاء ج تُرْع [ترع] [আত্‌রা'] পরিপূর্ণ, কানায় কানায় পূর্ণ, ভরা (পাত্র)

أَتْرَعَ (إِتْرَاع) [ترع] [আত্‌র'আ] (পাত্র) ভরা, পূর্ণ করা, পরিপূর্ণ করা

اِتَّرَعَ (اِتِّرَاع) [ترع] [ইত্তারা'আ] ভরে যাওয়া, পরিপূর্ণ হওয়া, কানায় কানায় ভরা

أَتْرَفَ (إِتْرَاف) [ترف] [আত্‌রফা] বিলাসিতায় নিমজ্জিত করা, বিলাসী করা, সুখ দান করা, অকৃতজ্ঞ করা, অমনোযোগী করা

أُتْرُنْج ، أُتْرُنْجَة [উত্‌রুন্‌জ, উত্‌রুন্‌জাহ্] লেবু-জাতীয় একপ্রকার ফল, জামির, জাম্বীর

اِتِّزَان [وزن] [ইত্তিযান] ভারসাম্য, পরিমিতি, সুস্থ বিচারবুদ্ধি, উপযোগিতা, স্থৈর্য, গাম্ভীর্য, প্রশান্ত ভাব, ওজন

اِتَّزَرَ (اِتِّزَار) [أزر] [ইত্তাযারা] ইযার পরিধান করা

اِتَّزَنَ (اِتِّزَان) [وزن] [ইত্তাযানা] পরিমিত হওয়া, ভারসাম্যপূর্ণ হওয়া, উপযোগী হওয়া, গম্ভীর হওয়া, প্রশান্ত হওয়া, সুস্থ বিচারবুদ্ধিসম্পন্ন হওয়া, ওজন করা, ওজনকৃত হওয়া

اِتِّسَاع [وسع] [ইত্তিসা'] প্রসার, বিস্তৃতি, প্রশস্ততা, ব্যাপকতা, পরিসর, অবকাশ

اِتِّسَاق [وسق] [ইত্তিসাক] বিন্যাস, শৃঙ্খলা, মিল, সামঞ্জস্য, সমন্বয়

اِتَّسَخَ (اِتِّسَاخ) [وسخ] [ইত্তাসাখা] নোংরা হওয়া, ময়লা হওয়া, অপরিচ্ছন্ন হওয়া, পঙ্কিল হওয়া

أَتْسَعَ (إِتْسَاع) [تسع] [আত্‌সা'আ] নয়সংখ্যক হওয়া, নয়জন হওয়া, নয়টি হওয়া

اِتَّسَعَ (اِتِّسَاع) [وسع] [ইত্তাসা'আ] প্রশস্ত হওয়া, চওড়া হওয়া, বিস্তৃত হওয়া, ব্যাপক হওয়া, বর্ধিত হওয়া, ধনী হওয়া, সচ্ছল হওয়া, যোগ্য হওয়া

اِتَّسَعَ لِ [-- লি] ধারণক্ষমতাসম্পন্ন হওয়া, স্থান সংকুলান হওয়া, সামাই হওয়া

اِتَّسَقَ (اِتِّسَاق) [وسق] [ইত্তাসাকা] খাপ খাওয়া, সুবিন্যস্ত হওয়া, সুশৃঙ্খল হওয়া, পূর্ণ হওয়া

اِتَّسَمَ (اِتِّسَام) [وسم] [ইত্তাসামা] ছাপযুক্ত হওয়া, দাগযুক্ত হওয়া, চিহ্নিত হওয়া, ভূষিত হওয়া, বৈশিষ্ট্যমণ্ডিত হওয়া

اِتَّشَحَ (اِتِّشَاح) [وشح] [ইত্তাশাহা] ঘাঘরা পরা, কোমরবন্ধ পরিধান করা

اِتِّصَال ج اِتِّصَالَات [وصل] [ইত্তিছাল] সংযোগ, যোগাযোগ, যোগসূত্র, মিলন, সম্পৃক্ততা, সম্পর্ক, সংশ্লিষ্টতা, সংলগ্নতা, ধারাবাহিকতা

وَسَائِل الاِتِّصَال [ওয়াসা'ইলুল ইত্তিছাল] যোগাযোগের মাধ্যম, যোগাযোগ-মাধ্যম

اِتَّصَفَ (اِتِّصَاف) [وصف] بِ [ইত্তাছফা] বিশেষিত হওয়া, গুণান্বিত হওয়া, বর্ণিত হওয়া

اِتَّصَلَ (اِتِّصَال) [وصل] بِ [ইত্তাছলা] সংযুক্ত হওয়া, মিলিত হওয়া, যোগাযোগ করা, যোগসূত্র থাকা, সম্পৃক্ত হওয়া, সংশ্লিষ্ট হওয়া, সংলগ্ন হওয়া, অব্যাহত থাকা, ধারাবাহিক হওয়া

اِتَّضَحَ (اِتِّضَاح) [وضح] [ইত্তাদহা] স্পষ্ট হওয়া, পরিষ্কার হওয়া

اِتَّضَعَ (اِتِّضَاع) [وضع] [ইত্তাদ'আ] নিজেকে হেয় করা, হেয় প্রতিপন্ন হওয়া

اِتَّطَنَ (اِتِّطَان) [وطن] [ইত্তাতনা] নিবাস স্থাপন করা, স্বদেশ বানানো

أَتْعَاب (تَعَب) [আত্‌'আব] কষ্ট-ক্লেশ, মজুরি, পারিশ্রমিক, সম্মানি

اِتِّعَاظ [وعظ] [ইত্তি'আয] উপদেশগ্রহণ, শিক্ষাগ্রহণ

أَتْعَبَ (إِتْعَاب) [تعب] [আত্‌'আবা] ক্লান্ত করা, পরিশ্রান্ত করা, কষ্ট দেওয়া, ত্যক্ত করা, বিরক্ত করা, জ্বালাতন করা

اِتَّعَدَ (اِتِّعَاد) [وعد] [ইত্তা'আদা] ওয়াদাবদ্ধ হওয়া, পরস্পর প্রতিজ্ঞা করা, হুমকি দেওয়া

أَتْعَسَ (إِتْعَاس) [تعس] [আত্‌'আসা] অসহায় করা, অসুখী করা, দুর্ভাগ্যবান করা, ধ্বংস করা

اِتَّعَظَ (اِتِّعَاظ) [وعظ] بِ [ইত্তা'আযা] শিক্ষা গ্রহণ করা, উপদেশ গ্রহণ করা

اِتِّفَاق [وفق] [ইত্তিফাক] মতৈক্য, ঐক্যমত, চুক্তি, সমঝোতা, মিল, সামঞ্জস্য, সঙ্গতি, আকস্মিক-ভাবে সংঘটন

بِالاِتِّفَاق [বিল-ইত্তিফাক] সর্বসম্মতিক্রমে, সর্বসম্মতভাবে

اِتِّفَاق الآرَاء [ইত্তিফাকুল আরা'] মতৈক্য, ঐক্যমত, সর্বসম্মতি

بِاتِّفَاق الآرَاء [বিত্তিফাকিল আরা'] সর্বসম্মতিক্রমে, সর্বসম্মতভাবে

اِتِّفَاقًا [ইত্তিফাকান] ঘটনাক্রমে, আকস্মিকভাবে, অকস্মাৎ, হঠাৎ, সহসা, ঐক্যমতে, সর্বসম্মতিক্রমে

اِتِّفَاقِيّ [ইত্তিফাকী] আকস্মিক, হঠাৎ সঙ্ঘটিত,

প্রথাগত, সম্মতিমূলক

اِتِّفَاقِيَّة ج اِتِّفَاقِيَّات [وفق] [ইত্তিফাক্বিয়্যাহ] চুক্তি, মতের মিল, মতৈক্য, ঐক্যমত

اِتَّفَقَ (اِتِّفَاق) [وفق] [ইত্তাফাক্বা] ঘটা, সংঘটিত হওয়া, আকস্মিকভাবে ঘটা, সঙ্গতিপূর্ণ হওয়া, উপযুক্ত হওয়া

اِتَّفَقَ عَلَى [-- 'আলা] একমত হওয়া, মতৈক্যে পৌঁছা, সম্মত হওয়া, রাজি হওয়া

اِتَّفَقَ مَعَ [-- মা'আ] চুক্তি করা, চুক্তিবদ্ধ হওয়া, ঐক্যমতে উপনীত হওয়া, মিলপূর্ণ হওয়া, সামঞ্জস্যপূর্ণ হওয়া, উপযোগী হওয়া

أَتْفَلَ (إِتْفَال) [تفل] [আত্ফালা] পূতিগন্ধময় করা, পচিয়ে দুর্গন্ধযুক্ত করা

أَتْفَهَ (إِتْفَاه) [تفه] [আত্ফাহা] কম করা, কম দেওয়া, অল্প দেওয়া

اِتِّقَاء [وقي] [ইত্তিক্বা'] আত্মরক্ষা, সতর্কতা, পরিহার

إِتْقَان [تقن] [ইত্ক্বান] দৃঢ়তা, বলিষ্ঠতা, দক্ষতা, যথার্থতা, পূর্ণাঙ্গতা .

اِتَّقَحَ (اِتِّقَاح) [وقح] [ইত্তাক্বাহা] নির্লজ্জ হওয়া, বেশরম হওয়া

اِتَّقَدَ (اِتِّقَاد) [وقد] [ইত্তাক্বাদা] প্রজ্বলিত হওয়া, শিখায়িত হওয়া, জ্বলে ওঠা, উত্তেজিত হওয়া

أَرَبَ [ض] (أَرْب) [আরবা] আঁটা, আঁটসাঁট করা, কষা, শক্ত করা

أَرِب [আরিব] চতুর, দক্ষ, পারদর্শী, বুদ্ধিমান, বিচক্ষণ, ব্যুৎপত্তিসম্পন্ন

أَرِبَ [س] (أَرَب) [আরিবা] পারদর্শী হওয়া, দক্ষ হওয়া, বিচক্ষণ হওয়া, ব্যুৎপত্তিসম্পন্ন হওয়া

أَرُبَ [ك] (أَرَابَة) [আরুবা] বুদ্ধিমান হওয়া, দূরদর্শী হওয়া, বিচক্ষণ হওয়া

أَرَّبَ (تَأْرِيب) [أرب] [আররবা] আঁটসাঁট করা, শক্ত করা, দক্ষ করা, বিচক্ষণ করা, পরিপূর্ণ করা, (জবাইকৃত পশু) অংশ অংশ করে কাটা

إِرْب ج آرَاب [ইর্ব] (দেহের) অঙ্গ, অংশ, টুকরা, প্রয়োজন, বুদ্ধি, মেধা, ধূর্ততা, অনুভূতি

إِرْبَاك [ربك] [ইর্বাক] হতবুদ্ধিকরণ, জটিলকরণ, জটিলতা

إِرْبَة [ইর্বাহ] দক্ষতা, বিচক্ষণতা, পারদর্শিতা, চাতুর্য, ধূর্ততা, কৌশল, ইচ্ছা, উদ্দেশ্য

أُرْبَة ج أُرَب [উর্বাহ] গিঁট, গ্রন্থি, বন্ধন, বাঁধন

أَرْبَحَ (إِرْبَاح) [ربح] [আর্বাহা] লাভবান করা, মুনাফা করতে দেওয়া, (উষ্ট্রী) সকালে ও দুপুরে দোহন করা

أَرْبَد مث رَبْدَاء ج رُبْد [ربد] [আর্বাদ] ধূলিবর্ণ, ধূসরবর্ণ, ছাইবর্ণ, পাংশুল, অনুজ্জ্বল, দুর্ভিক্ষগ্রস্ত

إِرْبَدَّ (إِرْبِدَاد) [ربد] [ইর্বাদ্দা] ধূসরবর্ণ হওয়া, ধূলিবর্ণ হওয়া, ছাইবর্ণ হওয়া

أَرْبَع [ربع] [আর্বা'] চার, চারজন, চারটি (স্ত্রী)

ذَوَات الأَرْبَع [যাওয়াতুল আর্বা'] চতুষ্পদ জন্তু

أَرْبَعَ (إِرْبَاع) [ربع] [আর্বা'আ] চতুর্থ বছরে প্রবেশ করা, চারজন হওয়া, বসন্তকালে পড়া,

الأَرْبِعَاء [ربع] [আল-আর্বি'আ'] বুধবার

يَوْم الأَرْبِعَاء [ইয়াওমুল আর্বি'আ'] বুধবার

أَرْبَعَة [ربع] [আর্বা'আহ] চার, চারজন, চারটি (পুং)

أَرْبَعَةَ عَشَرَ مث أَرْبَعَ عَشْرَةَ [আর্বা'আতা 'আশারা] চৌদ্দ, চতুর্দশ, চৌদ্দজন, চৌদ্দটি

أَرْبَعُون [ربع] [আর্বা'উন] চল্লিশ, চল্লিশজন, চল্লিশটি

الأَرْبَعُون [আল-আর্বা'উন] চল্লিশতম

أَرْبَعِين [ربع] [আর্বা'ঈন] চল্লিশ, চল্লিশজন, চল্লিশটি

الأَرْبَعِين [আল-আর্বা'ঈন] চল্লিশতম

الأَرْبَعِينَات [আল-আর্বা'ঈনাত] চল্লিশের দশক

أَرْبَكَ (إِرْبَاك) [ربك] [আর্বাকা] হতবুদ্ধি করা, জটিল করা

أَرْبَى [ربو] [আর্বা] অধিক বৃদ্ধিপ্রাপ্ত

أَرْبَى (إِرْبَاء) [ربو] [আর্বা] বৃদ্ধি করা, বাড়ানো, বর্ধিত করা, বড় করা, বেশী হওয়া

إِرْبِيَان [ইর্বিয়ান] চিংড়ি (মাছ)

أُرْبِيَّة [ربو] [উর্বিয়্যাহ] পরিবারবর্গ, বংশের লোকজন, কটিসন্ধি, কুঁচকি

إِرْتَابَ (إِرْتِيَاب) [ريب] [ইর্তাবা] সন্দেহ করা, সন্দেহ পোষণ করা, সন্দিহান হওয়া

إِرْتَاحَ (إِرْتِيَاح) [روح] [ইর্তাহা] প্রফুল্ল হওয়া, আনন্দিত হওয়া, সন্তুষ্ট হওয়া, আনন্দ পাওয়া, আরাম পাওয়া

إِرْتَادَ (إِرْتِيَاد) [رود] [ইর্তাদা] অনুসন্ধান করা, চেষ্টা করা, ভ্রমণ করা, বারবার যাওয়া

اِرْتَاضَ (اِرْتِيَاض) [روض] [ইর্তাদা] প্রমোদ-ভ্রমণ করা, অনুশীলন করা, প্রশিক্ষণ নেওয়া, ব্যায়াম করা

اِرْتَاعَ (اِرْتِيَاع) [روع] [ইর্তা'আ] ভয় পাওয়া, ভীত হওয়া, শঙ্কিত হওয়া, আতঙ্কিত হওয়া

اِرْتَاغَ (اِرْتِيَاغ) [روغ] [ইর্তাগা] পেতে চাওয়া, পাওয়ার ফন্দি করা, ধান্ধা করা

اِرْتَأَسَ (اِرْتِئَاس) [رأس] [ইর্তাআসা] প্রধান হওয়া, নেতা হওয়া, শীর্ষে ওঠা, মাথায় চড়া

اِرْتَأَى (اِرْتِآء) [رأي] [ইর্তাআ] বিবেচনা করা, বিচার করা, চিন্তা করা, মনে করা, মত পোষণ করা, বিশ্বাস করা, পাওয়া, দেখা, যথাযথ মনে করা, প্রস্তাব দেওয়া, সিদ্ধান্ত করা

أَرْتَبَ (إِرْتَاب) [رتب] [আর্তাবা] সোজা হয়ে দাঁড়ানো, ধনী থাকার পর গরীব হওয়া

اِرْتِبَاط ج اِرْتِبَاطَات [ربط] [ইর্তিবাত] সম্পর্ক, সংযোগ, যোগাযোগ, সম্বন্ধ, বন্ধন, বাধ্যবাধকতা, প্রতিশ্রুতি

اِرْتِبَاك [ربك] [ইর্তিবাক] জটিলতা, হতবুদ্ধিতা, হতভম্বতা

اِرْتَبَطَ (اِرْتِبَاط) [ربط] [ইর্তাবাতা] যুক্ত হওয়া, সম্পৃক্ত হওয়া, একত্রিত হওয়া, আবদ্ধ হওয়া, বন্ধনযুক্ত হওয়া, প্রতিশ্রুতিবদ্ধ হওয়া

اِرْتَبَكَ (اِرْتِبَاك) [ربك] [ইর্তাবাকা] দিশেহারা হওয়া, হতবুদ্ধি হওয়া, জড়িয়ে পড়া, জটিল হওয়া, আটকা পড়া

أَرْتَجَ (إِرْتَاج) [رتج] [আর্তাজা] বন্ধ করা, খিল লাগানো, তালা দেওয়া, (সমুদ্র) উত্তাল হওয়া

اِرْتَجَّ (اِرْتِجَاج) [رجج] [ইর্তাজ্জা] কেঁপে ওঠা, কম্পিত হওয়া, আন্দোলিত হওয়া, অস্থির হওয়া

اِرْتِجَاج [رجج] [ইর্তিজাজ] কাঁপুনি, কম্পন, কম্প, শিহরণ, আন্দোলন

اِرْتِجَاع [رجع] [ইর্তিজা'] ফেরত প্রদান

اِرْتِجَاف [رجف] [ইর্তিজাফ] কাঁপুনি, কম্পন, কম্প, আলোড়ন, আন্দোলন

اِرْتِجَال [رجل] [ইর্তিজাল] তাৎক্ষণিক কথা বা কাজ, তাৎক্ষণিকতা

اِرْتِجَالاً [ইর্তিজালান] পূর্বপ্রস্তুতি ব্যতীত, তাৎক্ষণিকভাবে, উপস্থিতভাবে

اِرْتِجَالِيّ [ইর্তিজালী] পূর্বপ্রস্তুতি ব্যতীত সম্পন্ন, তাৎক্ষণিক, উপস্থিত

اِرْتَجَزَ (اِرْتِجَاز) [رجز] [ইর্তাজাযা] "রজায" ছন্দে কবিতা রচনা করা, (সমুদ্র) গর্জন করা

اِرْتَجَسَ (اِرْتِجَاس) [رجس] [ইর্তাজাসা] কাঁপা, কেঁপে ওঠা, কম্পিত হওয়া, (আকাশ) বজ্রধ্বনি করা

اِرْتَجَعَ (اِرْتِجَاع) [رجع] [ইর্তাজা'আ] ফেরত দেওয়া, ফিরিয়ে দেওয়া, বাসী হওয়া, পুরান হওয়া

اِرْتَجَفَ (اِرْتِجَاف) [رجف] [ইর্তাজাফা] কাঁপা, কেঁপে ওঠা, কম্পিত হওয়া, আন্দোলিত হওয়া

اِرْتَجَلَ (اِرْتِجَال) [رجل] [ইর্তাজালা] পূর্বপ্রস্তুতি ছাড়াই বলা বা করা, তাৎক্ষণিকভাবে বলা বা করা, উপস্থিতভাবে বলা বা করা

اِرْتَجَى (اِرْتِجَاء) [رجو] [ইর্তাজা] আশা করা, প্রত্যাশা করা, কামনা করা, আকাংক্ষা করা

اِرْتِحَال [رحل] [ইর্তিহাল] যাত্রা, প্রস্থান, রওয়ানা, বহির্গমন

اِرْتَحَلَ (اِرْتِحَال) [رحل] [ইর্তাহালা] প্রস্থান করা, যাত্রা করা, রওয়ানা করা, চলে যাওয়া

اِرْتَخَعَ (اِرْتِخَاع) [رخع] [ইর্তাখ্'আ] শিথিল হওয়া, ঢিলে হওয়া, নরম হওয়া, অস্থির হওয়া

اِرْتِخَاء [رخي] [ইর্তিখা'] শ্লথতা, শিথিলতা, শৈথিল্য, ঢিলেমি

اِرْتَخَصَ (اِرْتِخَاص) [رخص] [ইর্তাখাছা] সস্তা মনে করা, সস্তায় কেনা

اِرْتَخَى (اِرْتِخَاء) [رخي] [ইর্তাখা] আলগা হওয়া, ঢিলে হওয়া, শিথিল হওয়া, নরম হওয়া

اِرْتَدَّ (اِرْتِدَاد) [ردد] [ইর্তাদ্দা] ফিরে আসা, ফিরে যাওয়া, বিরত থাকা, নিবৃত্ত হওয়া, মুরতাদ (স্বধর্মত্যাগী) হওয়া

اِرْتِدَاء [ردي] [ইর্তিদা'] (পোশাক) পরিধান

اِرْتِدَاد [ردد] [ইর্তিদাদ] পশ্চাদপসরণ, প্রত্যাবর্তন, প্রস্থান, স্বধর্মত্যাগ

اِرْتَدَعَ (اِرْتِدَاع) [ردع] [ইর্তাদা'আ] পিছিয়ে আসা, হটে আসা, বিরত থাকা, প্রতিহত হওয়া

اِرْتَدَفَ (اِرْتِدَاف) [ردف] [ইর্তাদাফা] অনুসরণ করা, পিছনে আরোহী করা, (শত্রুকে) পিছন থেকে ধরা

اِرْتَدَى (اِرْتِدَاء) [ردي] **[ইর্‌তাদা]** পরিধান করা, পরা, পরিহিত হওয়া

اِرْتَزَقَ (اِرْتِزَاق) [رزق] **[ইর্‌তাযাক্বা]** জীবিকা লাভ করা, রিযিক পাওয়া, রসদ পাওয়া, জীবিকা চাওয়া

اِرْتَسَمَ (اِرْتِسَام) [رسم] [ইর্‌তাসামা] দৃশ্যমান হওয়া, অঙ্কিত হওয়া, ছাপ পড়া, ক্রুশচিহ্ন দেওয়া

اِرْتَشَحَ (اِرْتِشَاح) [رشح] [ইর্‌তাশাহা] ঘামানো, (পানি) চুইয়ে পড়া

اِرْتَشَفَ (اِرْتِشَاف) [رشف] [ইর্‌তাশাফা] চুমুক দেওয়া, মুখে নেওয়া

اِرْتَشَى (اِرْتِشَاء) [رشو] **[ইর্‌তাশা]** ঘুষ খাওয়া, ঘুষ নেওয়া, উৎকোচ গ্রহণ করা

اِرْتَصَدَ (اِرْتِصَاد) [رصد] **[ইর্‌তাছদা]** অপেক্ষা করা, প্রতীক্ষা করা

اِرْتَصَعَ (اِرْتِصَاع) [رصع] [ইর্‌তাছ'আ] লেগে থাকা, কাছাকাছি থাকা

اِرْتَصَفَ (اِرْتِصَاف) [رصف] [ইর্‌তাছফা] মিলিত হওয়া, একত্রিত হওয়া, কাছাকাছি থাকা, সারিবদ্ধ থাকা

اِرْتَضَّ (اِرْتِضَاض) [رضض] [ইর্‌তাদ্দা] ভেঙে যাওয়া

اِرْتَضَعَ (اِرْتِضَاع) [رضع] [ইর্‌তাদ'আ] মাতৃদুগ্ধ পান করা, স্তন্য পান করা

اِرْتَضَى (اِرْتِضَاء) [رضي] [ইর্‌তাদা] খুশী হওয়া, সন্তুষ্ট হওয়া, সম্মত হওয়া

اِرْتَطَمَ (اِرْتِطَام) [رطم] [ইর্‌তাতমা] অসুবিধায় পড়া, আটকে পড়া, জড়িয়ে পড়া, লেগে পড়া, জটিল হওয়া

اِرْتَطَمَ بِ [-- বি] ধাক্কা লাগা

أَرْتَعَ (إِرْتَاع) [رتع] [আর্‌তা'আ] চরানো, ঘাস খাওয়ানো, ঘাস উৎপন্ন করা

اِرْتِعَاش ، اِرْتِعَاشَة [رعش] **[ইর্‌তি'আশ, ইর্‌তি'আশাহ্‌]** কম্পন, কম্প, কাঁপুনি, শিহরণ

اِرْتَعَبَ (اِرْتِعَاب) [رعب] [ইর্‌তা'আবা] ভীত হওয়া, শঙ্কিত হওয়া, সন্ত্রস্ত হওয়া, ভয় পাওয়া

اِرْتَعَجَ (اِرْتِعَاج) [رعج] **[ইর্‌তা'আজা]** কম্পিত হওয়া, সন্ত্রস্ত হওয়া

اِرْتَعَدَ (اِرْتِعَاد) [رعد] **[ইর্‌তা'আদা]** ভয় পাওয়া, ভীত হওয়া, কাঁপা, কম্পিত হওয়া

اِرْتَعَشَ (اِرْتِعَاش) [رعش] [ইর্‌তা'আশা] কাঁপা, কম্পিত হওয়া, কেঁপে ওঠা, আন্দোলিত হওয়া, শিহরিত হওয়া

اِرْتَعَى (اِرْتِعَاء) [رعي] **[ইর্‌তা'আ]** ঘাস খাওয়া, চরা

اِرْتَغَى (اِرْتِغَاء) [رغو] **[ইর্‌তাগা]** ফেনা তোলা, ফেনা ফেলা, ফেনা পান করা

اِرْتَغَبَ (اِرْتِغَاب) [رغب] [ইর্‌তাগাবা] চাওয়া, কামনা করা, ভারী হওয়া

اِرْتِفَاع [رفع] [ইর্‌তিফা'] ঊর্ধ্বগমন, আরোহণ, উত্তোলন, উত্থাপন, উচ্চতা

اِرْتَفَدَ (اِرْتِفَاد) [رفد] [ইর্‌তাফাদা] উপার্জন করা

اِرْتَفَعَ (اِرْتِفَاع) [رفع] [ইর্‌তাফা'আ] উঁচু হওয়া, ওপরে ওঠা, উত্তোলিত হওয়া, উন্নত হওয়া, উত্থাপিত হওয়া

اِرْتَفَقَ (اِرْتِفَاق) [رفق] بِ **[ইর্‌তাফাক্বা]** উপকৃত হওয়া, উপকার পাওয়া, লাভবান হওয়া

اِرْتَفَقَ عَلَى [-- 'আলা] ভর করা, ঠেস দেওয়া

اِرْتِقَاء [رقي] **[ইর্‌তিক্বা']** আরোহণ, অগ্রসরতা, উন্নতি, ঊর্ধ্বগতি

اِرْتِقَاب [رقب] **[ইর্‌তিক্বাব]** প্রত্যাশা, প্রতীক্ষা, অপেক্ষা

اِرْتَقَبَ (اِرْتِقَاب) [رقب] **[ইর্‌তাক্বাবা]** প্রত্যাশা করা, প্রতীক্ষা করা, অপেক্ষা করা

اِرْتَقَى (اِرْتِقَاء) [رقي] **[ইর্‌তাক্বা]** উন্নতি করা, অগ্রসর হওয়া, ওপরে ওঠা, আরোহণ করা

اِرْتِكَاب [ركب] **[ইর্‌তিকাব]** (অপরাধ) সাধন, সম্পাদন

اِرْتِكَاز [ركز] [ইর্‌তিকায] ভর, নির্ভরতা, নির্ভরশীলতা, ভিত্তি, দৃঢ়তা, প্রতিষ্ঠা

اِرْتِكَاس [ركس] [ইর্‌তিকাস] অধঃপতন, অবনতি, পশ্চাদগমন, পশ্চাদমুখিতা, প্রতিক্রিয়া, ক্রিয়াশীলতা, প্রতিফলন, সাড়া, বাধাগ্রস্ততা

اِرْتِكَاسِيّ **[ইর্‌তিকাসী]** সহজে সাড়া দেয় কিংবা প্রভাবিত হয় এমন, প্রতিফলিত, ক্রিয়াশীল, সক্রিয়

اِرْتِكَاض [ركض] [ইর্‌তিকাদ] নড়াচড়া, নড়ন, আন্দোলন, কম্পন

اِرْتَكَبَ (اِرْتِكَاب) [ركب] [ইর্‌তাকাবা] (পাপ) করা, সম্পাদন করা, সাধন করা

اِرْتَكَزَ (اِرْتِكَاز) [ركز] عَلَى [ইর্‌তাকাযা] ভর করা, নির্ভরশীল হওয়া, ভিত্তিশীল হওয়া, দৃঢ়ীভূত হওয়া, সুপ্রতিষ্ঠিত হওয়া, স্থাপিত হওয়া

اِرْتَكَسَ (اِرْتِكَاس) [ركس] [ইর্‌তাকাসা] অবনতি হওয়া, অধঃপতন হওয়া, পশ্চাদগামী হওয়া, পশ্চাদমুখী হওয়া, প্রতিক্রিয়াশীল হওয়া, প্রতি-ফলিত হওয়া, ক্রিয়াশীল হওয়া, সক্রিয় হওয়া, সাড়া দেওয়া, বাধাগ্রস্ত হওয়া

اِرْتَكَضَ (اِرْتِكَاض) [ركض] [ইর্‌তাকাদা] নড়া, নড়াচড়া করা, কাঁপা, কম্পিত হওয়া, আন্দো-লিত হওয়া

اِرْتَكَمَ (اِرْتِكَام) [ركم] [ইর্‌তাকামা] স্তূপীকৃত হওয়া, জড়ো হওয়া

اِرْتَمَزَ (اِرْتِمَاز) [رمز] [ইর্‌তামাযা] নড়া, নড়ে ওঠা, অস্থির হওয়া, প্রস্তুত হওয়া

اِرْتَمَسَ (اِرْتِمَاس) [رمس] [ইর্‌তামাসা] (পানিতে) ডুবে যাওয়া, নিমজ্জিত হওয়া

اِرْتَمَضَ (اِرْتِمَاض) [رمض] [ইর্‌তামাদা] পুড়ে যাওয়া, দগ্ধ হওয়া, তপ্ত হওয়া, দুঃখ ভারাক্রান্ত হওয়া, নষ্ট হয়ে যাওয়া

اِرْتَمَى (اِرْتِمَاء) [رمي] [ইর্‌তামা] নিক্ষিপ্ত হওয়া, পতিত হওয়া, পড়ে যাওয়া

اِرْتَهَطَ (اِرْتِهَاط) [رهط] [ইর্‌তাহাতা] সমবেত হওয়া, মিলিত হওয়া, একত্রিত হওয়া

اِرْتَهَنَ (اِرْتِهَان) [رهن] [ইর্‌তাহানা] বন্ধক লওয়া, বন্ধক গ্রহণ করা

اِرْتَهَنَ بِ [-- বি] শর্তযুক্ত হওয়া, বাধ্য হওয়া, নির্ভরশীল হওয়া

اِرْتَوَى (اِرْتِوَاء) [روي] [ইর্‌তাওয়া] সিক্ত হওয়া, সিঞ্চিত হওয়া, তৃপ্ত হওয়া, শক্ত হওয়া

اِرْتِيَاء [رأى] [ইর্‌তিয়া'] চিন্তা, ভাবনা

اِرْتِيَاب [ريب] [ইর্‌তিয়াব] সন্দেহ পোষণ, সন্দেহ, সংশয়

اِرْتِيَاح [روح] [ইর্‌তিয়াহ্] সন্তোষ, সন্তুষ্টি, খুশি, আনন্দ, প্রফুল্লতা, প্রসন্নতা

اِرْتِيَاد [رود] [ইর্‌তিয়াদ] অনুসন্ধান, প্রচেষ্টা, ভ্রমণ, বারবার গমন

اِرْتِيَاع [روع] [ইর্‌তিয়া'] ভয়, ভীতি, শঙ্কা, ডর, আতঙ্ক

إِرْث [ইর্‌ছ] উত্তরাধিকার, ওয়ারিসী স্বত্ব, মীরাছ

أَرِثٌ مث رِثَاء ج رُثٌّ [رثث] [আরছ্] পুরাতন, জীর্ণ, ক্ষয়প্রাপ্ত

أَرَّثَ (تَأْرِيث) [أرث] [আর্‌রছা] (আগুন) ধরানো, জ্বালানো, প্রজ্বলিত করা

أَرَّثَ بَيْنَ [-- বাইনা] বিবাদ লাগানো, বিরোধ ছড়ানো, অনৈক্য সৃষ্টি করা

أَرْثَأَ (إِرْثَاء) [رثأ] [আর্‌ছাআ] (দুধ) ঘন হওয়া, জমাট বাঁধা, শক্ত হওয়া

أَرَج [আরজ] সুগন্ধ, সুবাস, সৌরভ, সুরভি

أَرِج [আরিজ] সুবাস ছড়ায় এমন, সুবাসিত, সুর-ভিত, সুগন্ধময়

أَرِجَ [س] (أَرَج ، أَرِيج) [আরিজা] সুগন্ধময় হওয়া, সুরভিত হওয়া, সুবাস ছড়ানো

أَرَّجَ (تَأْرِيج) [أرج] [আর্‌রজা] (আগুন) ধরানো, জ্বালানো, প্রজ্বলিত করা

أَرَّجَ بَيْنَ [-- বাইনা] বিবাদ লাগানো, বিরোধ ছড়ানো, অনৈক্য সৃষ্টি করা

أَرْجَاء (رَجًا) [رجو] [আর্‌জা'] দিক, অঞ্চল, প্রান্ত

إِرْجَاء [رجأ] [ইর্‌জা'] বিলম্বিতকরণ, মুলতবি-করণ, স্থগিতকরণ, অবকাশপ্রদান

أَرْجَاب [رجب] [আর্‌জাব] নাড়িভুঁড়ি, অন্ত্রাদি

إِرْجَاج [رجج] [ইর্‌জাজ] মহিলাদের গর্ভকালীন কিংবা প্রসব পরবর্তী খিঁচুনি, eclampsia

إِرْجَاع [رجع] [ইর্‌জা'] ফেরত আনয়ন, ফেরত-দান, ফেরতপ্রদান

إِرْجَاف [رجف] [ইর্‌জাফ] রটনা, গুজব, গুজব রটনা

أَرْجَأَ (إِرْجَاء) [رجأ] [আর্‌জাআ] বিলম্বিত করা, স্থগিত করা, মুলতবি রাখা

أَرْجَبَ (إِرْجَاب) [رجب] [আর্‌জাবা] ভীত করা, ভয় দেখানো, সম্মান করা

أَرْجَح [رجح] [আর্‌জাহ্] অগ্রাধিকারপ্রাপ্ত, অগ্রা-

ধিকারযোগ্য, সর্বাধিক গ্রহণযোগ্য, অধিকতর সম্ভাব্য

عَلَى الأَرْجَح ['আলাল আরজাহ] সম্ভবত, খুব-সম্ভব

أَرْجَحَ (إِرْجَاح) [رجح] [আরজাহা] অগ্রাধিকার দেওয়া, বেশী দেওয়া, পাল্লা ভারী করা

أَرْجَحِيَّة [رجح] [আরজাহিয়্যাহ] অগ্রাধিকার, প্রাধান্য, শ্রেষ্ঠত্ব, অধিকতর সম্ভাব্যতা

أَرْجَعَ (إِرْجَاع) [رجع] [আরজা'আ] ফিরিয়ে আনা, ফেরত আনা, ফিরিয়ে দেওয়া, প্রত্যাবর্তন করানো

أَرْجَفَ (إِرْجَاف) [رجف] [আরজাফা] কম্পিত করা, কাঁপানো, রটনা করা, গুজব ছড়ানো

أُرْجِفَ (إِرْجَاف) [رجف] [উরজিফা] কম্পিত হওয়া, কেঁপে ওঠা

أَرْجَل مث رَجْلَاء ج رُجْل [رجل] [আরজাল] বড় পা-বিশিষ্ট, অধিকতর সুপুরুষ, এক পায়ে সাদা রং আছে এমন (পশু)

أَرْجَلَ (إِرْجَال) [رجل] [আরজালা] হাঁটানো, পায়ে হেঁটে গমন করানো, ঢিল দেওয়া, অবকাশ দেওয়া

الأَرْجَنْتِين [আল-আরজানতীন] আর্জেন্টিনা (দেশ)

أُرْجُوَان [উরজুওয়ান] লাল এবং নীলের মিশ্রণে সৃষ্ট রং, বেগুনি রং

أُرْجُوَانِيّ [উরজুওয়ানী] বেগুনী, রক্তবর্ণ

أُرْجُوحَة [رجح] [উরজূহাহ] ঢেঁকিকল, দোলনা

أُرْجُوزَة ج أَرَاجِيز [رجز] [উরজূযাহ] "রাজায" ছন্দে রচিত কবিতা

أَرْجَى (إِرْجَاء) [رجو] [আরজা] ঢিল দেওয়া, অবকাশ দেওয়া, পাশে রাখা

أَرْحَبَ (إِرْحَاب) [رحب] [আরহাবা] প্রশস্ত হওয়া, প্রশস্ত করা

أَرْحَضَ (إِرْحَاض) [رحض] [আরহাদা] ধোয়া, ধৌত করা, পরিষ্কার করা

أَرْحَم [رحم] [আরহাম] অধিকতর দয়ালু, অধিক দয়াবান

أَرْحَمُ الرَّاحِمِين [আরহামুর রাহিমীন] সর্বাধিক দয়াময়ঃ আল্লাহ

أَرَّخَ (تَأْرِيخ) [أرخ] [আররখা] তারিখ দেওয়া, সময় নির্ধারণ করা, ইতিহাস লেখা

إِرْخَاء [رخي] [ইরখা'] ঝুলিয়ে দেওয়া, ঢিল দেওয়া, শিথিলকরণ

أَرْخَبِيل [আরখাবীল] দ্বীপপুঞ্জ, দ্বীপবহুল সমুদ্র

أَرْخَص [رخص] [আরখাছ] তুলনামূলকভাবে কম ব্যয়সাধ্য, অধিকতর সস্তা

أَرْخَصَ (إِرْخَاص) [رخص] [আরখাছা] সস্তা করা, মূল্যহ্রাস করা, সস্তা মনে করা

أَرْخَم مث رَخْمَاء ج رُخْم [رخم] [আরখাম] যে ঘোড়ার গায়ের রং কালো এবং মাথার রং সাদা

أَرْخَمَ (إِرْخَام) [رخم] [আরখামা] (মুরগী) ডিমে তা দেওয়া

أَرْخَى (إِرْخَاء) [رخي] [আরখা] ঝুলিয়ে দেওয়া, ঢিল দেওয়া, শিথিল করা, ছেড়ে দেওয়া, নরম করা

أَرْدَأ [ردأ] [আরদা'] অধিকতর খারাপ, মন্দতর, নিকৃষ্টতর

الأَرْدَأ [ردأ] [আল-আরদা'] সবচেয়ে খারাপ, মন্দতম, নিকৃষ্টতম

أَرْدَأَ (إِرْدَاء) [ردأ] [আরদাআ] খারাপ করা, নষ্ট করা, খারাপ কাজ করা, বৃদ্ধি করা, সাহায্য করা, ঝুলিয়ে দেওয়া

إِرْدَبّ ج أَرَادِب [ইরদাব্] মাপবিশেষ, আরদেব (ardeb), খাল, জলপথ, ইট, টালি

إِرْدَبَّة [ইরদাব্বাহ] নর্দমা, নালা, ড্রেন, নর্দমার পানি, ইট, টালি

أَرْدَفَ (إِرْدَاف) [ردف] [আরদাফা] পশ্চাতে আরোহণ করানো, সহগামী করা, অনুগামী করা, অনুসরণ করা, পরে আসা, যোগ করা, আরো বলা

أَرْدَم ج أَرْدَمُون [ردم] [আরদাম] দক্ষ নাবিক

أَرْدَمَ (إِرْدَام) [ردم] [আরদামা] অব্যাহত থাকা, চলতে থাকা, বিচ্ছিন্ন না হওয়া, (মেঘ) কেটে না যাওয়া

أَرْدَنَ (إِرْدَان) [ردن] [আরদানা] (জামায়) হাতা বা আস্তিন লাগানো, লেগে থাকা, অব্যাহত থাকা

الأُرْدُنّ [আল-উরদুন] জর্দান (দেশ), জর্দান নদী

أَرْدُنِّيّ [উর্‌দুনী] জর্দানী, জর্দানের

أَرْدُوَاز [আর্‌দুওয়ায] (লেখার) স্লেট

أَرْدَى (إِرْدَاء) [ردي] [আর্‌দা] শেষ করা, ধ্বংস করা, বিনাশ করা, মেরে ফেলা, ভূপাতিত করা

الأُرْدِيَّة [আল-উর্‌দিয়্যাহ] উর্দু ভাষা

أَرْذَل ج أَرْذَلُون ، أَرَاذِل [رذل] [আর্‌যাল] নিকৃষ্টতর, হীনতর, নিম্নশ্রেণীর লোক

الأَرْذَل [رذل] [আল-আর্‌যাল] হীনতম, নিকৃষ্টতম, জঘন্যতম

أَرْذَل العُمُر [আর্‌যালুল 'উমুর] জীবনের নিকৃষ্টতম অংশ

أَرْذَلَ (إِرْذَال) [رذل] [আর্‌যালা] নিক্ষেপ করা, ছুঁড়ে ফেলা, বর্জন করা, প্রত্যাখ্যান করা

أَرْذَى (إِرْذَاء) [رذي] [আর্‌যা] দুর্বল করা

أَرْز [আর্‌য] সিডারঃ চিরহরিৎ বৃক্ষবিশেষ, ঐ বৃক্ষের কাঠ

أَرُزّ ، أُرْز [আরুয্‌, উর্‌য] চাউল, চাল, তণ্ডুল, ধান, ভাত

أَرْزَمَ (إِرْزَام) [رزم] [আর্‌যামা] শব্দ করা, গর্জন করা, বাচ্চাকে সোহাগ করা

أَرْزَن [رزن] [আর্‌যান] লাঠি বানানোর শক্ত গাছ

أَرْزِيَّة [আর্‌যিয়্যাহ] ল্যার্চঃ হালকা সবুজ পাতাওয়ালা একজাতীয় গাছ, ঐ গাছের কাঠ

إِرْزِيز [رزز] [ইর্‌যীয] দূরের শব্দ, নিনাদ, গর্জন, শিলা, করকা, তীব্র আঘাত

إِرْسَاء [رسو] [ইর্‌সা'] নোঙ্গরকরণ, দৃঢ়ীকরণ, স্থিরকরণ, স্থাপন, প্রতিষ্ঠিতকরণ

إِرْسَال [رسل] [ইর্‌সাল] প্রেরণ, ঝুলিয়ে দেওয়া

جِهَاز إِرْسَال [জিহায ইর্‌সাল] প্রেরক-যন্ত্র

مَحَطَّة إِرْسَال [মাহাত্তত ইর্‌সাল] প্রেরণকেন্দ্র

إِرْسَالِيَّة [رسل] [ইর্‌সালিয়্যাহ] মিশন, পণ্য প্রেরণ, শিপমেন্ট, প্রেরিত পণ্য

أَرْسَبَ (إِرْسَاب) [رسب] [আর্‌সাবা] তলানি জমানো, নিচে ফেলা, দাবিয়ে দেওয়া, পরীক্ষায় ফেল করানো

أَرْسَخَ (إِرْسَاخ) [رسخ] [আর্‌সাখা] শক্ত করা, সুদৃঢ় করা, মজবুত করা, সুপ্রতিষ্ঠিত করা

أَرِسْتُقْرَاطِيّ [আরিস্‌তোক্‌রাতী] সম্ভ্রান্ত ব্যক্তি, অভিজাত ব্যক্তি, কুলীন

أَرِسْتُقْرَاطِيَّة [আরিস্‌তোক্‌রাতিয়্যাহ] অভিজাততন্ত্র, অভিজাত সম্প্রদায়, অভিজাত সম্প্রদায়ের শাসন

أَرْسَح ست رَسْحَاء ج رُسْح [رسح] [আর্‌সাহ] যার পাছা ও রানে মাংস কম, দেহের পশ্চাভাগ তকমা এমন, পাছামরা, নেকড়ে

أَرْسَحَ (إِرْسَاح) [رسح] [আর্‌সাহা] দুর্বল করা

أَرْسَخَ (إِرْسَاخ) [رسخ] [আর্‌সাখা] সুদৃঢ় করা, মজবুত করা, পাকাপোক্ত করা, সুপ্রতিষ্ঠিত করা

أَرْسَفَ (إِرْسَاف) [رسف] [আর্‌সাফা] (পশু) বাঁধা অবস্থায় তাড়িয়ে নেওয়া

أَرْسَلَ (إِرْسَال) [رسل] [আর্‌সালা] প্রেরণ করা, পাঠানো, (চুল) ঝুলিয়ে দেওয়া, ছেড়ে দেওয়া, মুক্ত করা

أَرْسَنَ (إِرْسَان) [رسن] [আর্‌সানা] (পশু) দড়ি দিয়ে বাঁধা, নাকে দড়ি লাগানো, স্বাধীনভাবে চরতে দেওয়া

أَرْسَى (إِرْسَاء) [رسو] [আর্‌সা] নোঙ্গর করানো, দৃঢ় করা, স্থির করা, স্থাপন করা, প্রতিষ্ঠিত করা

أَرَّشَ (تَأْرِيش) [أرش] [আর্‌রশা] (আগুন) প্রজ্বলিত করা, জ্বালানো, ধরানো

أَرَّشَ بَيْنَ [-- বাইনা] বিবাদ লাগানো, বিরোধ ছড়ানো, অনৈক্য সৃষ্টি করা

أَرَشَّ (إِرْشَاش) [رشش] [আরশ্‌শা] ছিটানো, ঝরানো, (আকাশ) হালকা বৃষ্টি বর্ষণ করা, (আঘাত) রক্ত ঝরানো

إِرْشَاد [رشد] [ইর্‌শাদ] পথপ্রদর্শন, শিক্ষাদান, পরামর্শদান, নির্দেশপ্রদান

إِرْشَاد ج إِرْشَادَات [رشد] [ইর্‌শাদ] পথনির্দেশ, উপদেশ, পরামর্শ, নির্দেশ, শিক্ষা

أَرْشَحَ (إِرْشَاح) [رشح] [আর্‌শাহা] প্রবাহিত হওয়া, ঝরা, ঝরানো, ছিটানো

أَرْشَدَ (إِرْشَاد) [رشد] [আর্‌শাদা] পথ প্রদর্শন করা, পরামর্শ দেওয়া, শিক্ষা দেওয়া, এরশাদ করা

أَرْشَفَ (إِرْشَاف) [رشف] [আর্‌শাফা] চুষে নেওয়া, শুষে নেওয়া

[আর্‌শাম] অস্বচ্ছ, أَرْشَم مث رَشْمَاء ج رُشْم [رشم] অপরিষ্কার, সামান্য পরিমাণ (বৃষ্টি), ভাল ফসল হয় না এমন (বছর), লোভাতুর, কুকুর

[আর্‌শা] (গাছ) ডালপালা أَرْشَى (إِرْشَاء) [رشو] বিস্তার করা, (বালতিতে) দড়ি লাগানো, (বাছুরকে) দুধ খাওয়ানো

[আর্‌শীফ] সরকারী দলিল দস্তাবেজ, أَرْشِيف মহাফেজখানায় রক্ষিত নথিপত্র, সেরেস্তা

[আমীনুল আর্‌শীফ] মহাফেজ- أَمِين الأَرْشِيف খানার সংরক্ষক, নথিরক্ষক, সেরেস্তাদার

[আর্‌স্বাদ] আবহ- أَرْصَاد (رَصْد) جَوِّيَّة [رصد] বিদ্যা, আবহবিজ্ঞান, আবহাওয়ার বিভিন্ন অবস্থা পর্যবেক্ষণ

[আর্‌স্বাদী] আবহবিদ, আবহবিজ্ঞানী, أَرْصَادِيّ আবহবিদ্যা-বিষয়ক, আবহাওয়ার বিভিন্ন অবস্থা পর্যবেক্ষণসংক্রান্ত

[আর্‌স্বদা] প্রস্তুত রাখা, أَرْصَدَ (إِرْصَاد) [رصد] তৈরী রাখা, বরাদ্দ করা, নির্দিষ্ট করা

[আর্‌স্বনা] সুদৃঢ় করা, أَرْصَنَ (إِرْصَان) [رصن] মজবুত করা

[আর্‌দ] ভূমি, أَرْض (مث) ج أَرَاضٍ ، أَرْضُون ম্যাটি, ভূখণ্ড, পৃথিবী, দেশ, মেঝ

[আল-আর্‌দ] পৃথিবী, ধরণী, ধরা, ধরিত্রী الأَرْض

[আরদ] উইপোকা, উই, বল্মীক أَرَض

[আর্‌রদা] মাটিতে রাখা, أَرَّضَ (تَأْرِيض) [أرض] মাটির সাথে সংযুক্ত করা, আর্থিং লাগানো

[আর্‌দ] ঠায় أَرْضٌ مث رَضَّاء ج رُضّ [رضض] বসে আছে এমন, অনড়ভাবে উপবিষ্ট

[ইর্‌দা'] রাজিকরণ, সম্মতকরণ, إِرْضَاء [رضو] সন্তুষ্টকরণ, পূরণ

[ইর্‌দা'] স্তন্যদান, দুগ্ধপান إِرْضَاع [رضع] করানো

[আর্‌দবা] (আকাশ) أَرْضَبَ (إِرْضَاب) [رضب] বৃষ্টি বর্ষণ করা, চুষে নেওয়া

[আরদাহ] উইপোকা, উই, বল্মীক أَرَضَة

[আর্‌দখা] অল্প কিছু أَرْضَخَ (إِرْضَاخ) [رضخ] দেওয়া, সামান্য পরিমাণ দেওয়া

[আর্‌দ'আ] স্তন্যপান أَرْضَعَ (إِرْضَاع) [رضع] করানো, স্তন্যদান করা, মাতৃদুগ্ধ পান করানো

[আর্‌দা] সম্মত করা, أَرْضَى (إِرْضَاء) [رضو] রাজি করা, সন্তুষ্ট করা, তুষ্ট করা

[আর্‌দী] ভূমিসংক্রান্ত, ভূমি-বিষয়ক, ভূমি-, أَرْضِيّ পৃথিবী-সম্বন্ধীয়

[আর্‌দিয়্যাহ] (ঘরের) মেঝ, أَرْضِيَّة ج أَرْضِيَّات ভিত্তি, তলদেশ, পটভূমি

[আল-কুর্‌রতুল আর্‌দিয়্যাহ] الكُرَة الأَرْضِيَّة ভূগোলক, পৃথিবী

[আর্‌তবা] আর্দ্র করা, أَرْطَبَ (إِرْطَاب) [رطب] ভিজানো, সিক্ত করা, (খেজুর) পাকা

[উর্‌তাহ] (সেনা) ব্যাটালিয়ান أُرْطَة ج أُرَط

[আর্‌'আবা] সন্ত্রস্ত করা, أَرْعَبَ (إِرْعَاب) [رعب] ভয় দেখানো, শঙ্কিত করা, আতঙ্কিত করা

[আর্‌'আদা] কম্পিত করা, أَرْعَدَ (إِرْعَاد) [رعد] কাঁপানো, বজ্রধ্বনি করা, গর্জন করা, বজ্রধ্বনি শোনা, ভয় দেখানো

[উর্‌'ইদা] ভয়ে কেঁপে ওঠা, সন্ত্রস্ত أُرْعِدَ [رعد] হওয়া

[আর্‌'আশা] কম্পিত أَرْعَشَ (إِرْعَاش) [رعش] করা, কাঁপানো

[আর্‌'আন] أَرْعَن مث رَعْنَاء ج رُعْن [رعن] অস্থিরমতি, চঞ্চলমতি, লঘুচিত্ত, খামখেয়ালী, অমনোযোগী, চিন্তাশূন্য, নির্বোধ, লম্বা নাকবিশিষ্ট, লম্বা পাহাড়

[ইর্‌'আওয়া] إِرْعَوَى (إِرْعِوَاء) [رعو] عَنْ ، مِنْ বিরত হওয়া, ফিরে আসা, তওবা করা, অনুতপ্ত হওয়া

[আর্‌'আ] চরানো, চরতে أَرْعَى (إِرْعَاء) [رعي] দেওয়া, ঘাস খাওয়ানো

[ইর্‌গাম] লাঞ্ছিতকরণ, বাধ্যকরণ, إِرْغَام [رغم] বলপ্রয়োগ, অসন্তুষ্টকরণ

[আর্‌গাবা] আগ্রহী أَرْغَبَ (إِرْغَاب) [رغب] فِي করা, উৎসাহী করা, আগ্রহ জাগানো, উৎসাহ দেওয়া

[আর্‌গাদা] স্বাচ্ছন্দ্যময় أَرْغَدَ (إِرْغَاد) [رغد] করা, স্বাচ্ছন্দ্যময় জীবনযাপন করা, স্বাধীনভাবে চরতে দেওয়া

[আর্‌গামা] লাঞ্ছিত أَرْغَمَ (إِرْغَام) [رغم] عَلَى

করা, অসন্তুষ্ট করা, বাধ্য করা, বলপ্রয়োগ করা

أُرْغُن ج أَرَاغِن [উর্গুন] অর্গান (বাদ্যযন্ত্র)

أُرْغُون [আর্গুন] আর্গন গ্যাস

أَرْغَى (إِرْغَاء) [رغو] [আর্গা] ফেনা ওঠা, ফেনা তোলা, ফেনিল হওয়া

أَرْغَى وَأَزْبَدَ [আর্গা ওয়া আয্বাদা] মুখে ফেনা তোলা, রাগে ফোলা, ক্রোধপরবশ হওয়া

أَرْفَأَ (إِرْفَاء) [رفأ] [আর্ফাআ] কাছে আসা, কাছে আনা, ভিরানো, (জাহাজ) বন্দরের কাছাকাছি আসা, বন্দরের কাছাকাছি আনা

أَرْفَدَ (إِرْفَاد) [رفد] [আর্ফাদা] সাহায্য করা, সহায়তা দেওয়া, সমর্থন করা

أَرْفَش مث رَفْشَاء ج رُفْش [رفش] [আর্ফাশ] চওড়া কানবিশিষ্ট

أَرْفَضَ (إِرْفَاض) [رفض] [আর্ফাদা] প্রশস্ত হওয়া, চারণভূমিতে স্বাধীনভাবে চরতে দেওয়া

إِرْفَضَّ (إِرْفِضَاض) [رفض] [ইর্ফাদ্দা] বিক্ষিপ্ত হয়ে যাওয়া, ছিন্নভিন্ন হওয়া, (সভা) ভেঙ্গে যাওয়া, (ব্যথা) চলে যাওয়া, (অশ্রু, ঘাম) নিঃসৃত হওয়া, ঝরা, পুঁজ বের হওয়া

أَرْفَع [رفع] [আর্ফা'] উচ্চতর, ঊর্ধ্বতন, উন্নততর, শ্রেষ্ঠতর

أَرْفَغ مث رَفْغَاء ج رُفْغ [رفغ] [আর্ফাগ] স্বচ্ছল, স্বাচ্ছন্দ্যময় (জীবনযাত্রা)

أَرْفَغَ (إِرْفَاغ) [رفغ] [আর্ফাগা] স্বচ্ছল হওয়া, স্বাচ্ছন্দ্যময় জীবনযাত্রার অধিকারী হওয়া, (জীবনযাত্রা) স্বাচ্ছন্দ্যময় করা

أَرْفَقَ (إِرْفَاق) [رفق] [আর্ফাক্বা] কোমল আচরণ করা, উপকারে আসা, কাজে আসা, সেবা করা, সাহায্য করা

أَرْفَقَ بِ [-- বি] সঙ্গে দেওয়া, সংযুক্ত করা

أَرْفَلَ (إِرْفَال) [رفل] [আর্ফালা] (কাপড়) লম্বা করে পরা, ঝুলিয়ে দেওয়া, কাপড় ঝুলিয়ে গর্বভরে চলা, সম্মান করা

أَرْفَهَ (إِرْفَاه) [رفه] [আর্ফাহা] সমৃদ্ধি লাভ করা, স্বচ্ছল হওয়া, স্বচ্ছল করা, আরাম করা, (উট) পানির কাছে অবস্থান করা, যখন ইচ্ছা উট পানির কাছে নেওয়া

أَرَق [আরাক] নিদ্রাহীনতা, অনিদ্রা

أَرِق ، آرِق [আরিক, আরিক] ঘুম আসে না এমন, নিদ্রাহীন, বিনিদ্র, সজাগ, জাগ্রত

أَرِقَ [س] (أَرَق) [আরিক্বা] ঘুম না আসা, ঘুমাতে না পারা, বিনিদ্র থাকা

أَرَقَّ (إِرْقَاق) [رقق] [আরক্কা] নরম করা, পাতলা করা, চেপটা করা, (হৃদয়ে) নাড়া দেওয়া

أَرَّقَ (تَأْرِيق) [أرق] [আর্রক্বা] ঘুম নষ্ট করা, ঘুমাতে না দেওয়া, বিনিদ্র রাখা

إِرْقَاطَّ (إِرْقِيطَاط) [رقط] [ইর্ক্বাত্তা] ছোট ছোট দাগযুক্ত হওয়া, ফোঁটাযুক্ত হওয়া

أَرْقَب مث رَقْبَاء ج رُقْب [رقب] [আর্ক্বাব] মোটা ঘাড়বিশিষ্ট

أَرْقَة ، أَرَقَة [আর্ক্বাহ, আরক্বাহ] উদ্ভিদের রস চুষে নেয় এমন পোকাবিশেষ, পামরি পোকা

أَرْقَدَ (إِرْقَاد) [رقد] [আর্ক্বাদা] ঘুম পাড়ানো, নিদ্রিত করা, ঘুমাতে দেওয়া, বিছানায় শুইয়ে দেওয়া

أَرْقَش مث رَقْشَاء [رقش] [আর্ক্বাশ] বহুবর্ণ, বহু-বর্ণরঞ্জিত, রংবেরঙের, চিত্রবিচিত্র, কর্বুরিত, চকরা-বকরা

أَرْقَصَ (إِرْقَاص) [رقص] [আর্ক্বাছা] নাচানো, নৃত্য করানো, নাচতে বলা

أَرْقَط مث رَقْطَاء ج رُقْط [رقط] [আর্ক্বাত] ছোট ছোট দাগযুক্ত, ক্ষুদ্র ক্ষুদ্র চিহ্নযুক্ত, ফোঁটাযুক্ত, চিতাবাঘ

إِرْقَطَّ (إِرْقِطَاط) [رقط] [ইর্ক্বাত্তা] ছোট ছোট দাগ-যুক্ত হওয়া, ফোঁটাযুক্ত হওয়া

أَرْقَع مث رَقْعَاء ج رُقْع [رقع] [আর্ক্বা'] বোকা, নির্বোধ, হাবা, আহমক

أَرْقَم ج أَرَاقِم [رقم] [আর্ক্বাম] ডোরা-কাটা সাপ, কলম

أَرْكَان (رُكْن) [আর্কান] কোন প্রতিষ্ঠানের কর্ম-চারীবৃন্দ, স্টাফ, মৌল উপাদান, প্রধান উপাদান

إِرْكَان [ركن] [ইর্কান] নির্ভরতা, ভরসা, আস্থা

أَرْكَب مث رَكْبَاء ج رُكْب [ركب] [আর্কাব] বড় হাঁটুবিশিষ্ট, একটি হাঁটু বড় এমন (উট)

أَرْكَبَ (إِرْكَاب) [ركب] [আর্কাবা] আরোহণ করানো, চড়ানো, আরোহী করা

أَرْكَدَ (إِرْكَاد) [ركد] [আর্কাদা] নিশ্চল করা, গতিহীন করা, থামিয়ে রাখা, শান্ত করা

أَرْكَسَ (إِرْكَاس) [ركس] [আর্কাসা] উল্টানো, উল্টিয়ে দেওয়া, পূর্বাবস্থায় ফেলে দেওয়া

أَرْكَعَ (إِرْكَاع) [ركع] [আর্কা'আ] মাথানত করানো, নতজানু করা, রুকু করানো

أَرْكَنَ (إِرْكَان) [ركن] إِلَى *[আর্কানা] নির্ভর করা,* ভরসা করা, আস্থা স্থাপন করা, আশ্রয় লওয়া

أَرْكُون ج أَرَاكِنَة [ركن] [উর্কূন] নেতা, সর্দার, প্রধান, গ্রামপ্রধান

إِرَم [ইরম] ইরামঃ একটি প্রাচীন গোত্র ও স্থানের নাম

أُرَّم [উর্রম] পেষণদন্ত, চর্বণদন্ত, পাথর

حَرَّقَ الْأُرَّمَ [হার্রকাল উর্রমা] দাঁত কড়কড় করা, দাঁত কটমট করা

أَرْمَد مث رَمْدَاء ج رُمْد [رمد] [আর্মাদ] ছাইবর্ণ, ধূসরবর্ণ, খাকী, ময়লাযুক্ত, অপরিস্কার, চক্ষু-রোগে আক্রান্ত

أَرْمَدَ (إِرْمَاد) [رمد] [আর্মাদা] ছাইয়ে পরিণত করা, ছাই করে ফেলা, পুড়িয়ে ভস্ম করা, চক্ষু-প্রদাহে আক্রান্ত করা

اِرْمَدَّ (اِرْمِدَاد) [رمد] [ইর্মাদ্দা] ছাইবর্ণ হওয়া, ধূসরবর্ণ হওয়া, চক্ষু-প্রদাহে আক্রান্ত হওয়া, *(চোখ) প্রদাহগ্রস্ত হওয়া*

أَرْمَسَ (إِرْمَاس) [رمس] [আর্মাসা] পুঁতে রাখা, ঢেকে দেওয়া, কবর দেওয়া, দাফন করা, সমাহিত করা

أَرْمَش مث رَمْشَاء ج رُمْش [رمش] [আর্মাশ] চক্ষু-প্রদাহে আক্রান্ত, সুন্দর গড়নবিশিষ্ট, বিভিন্ন রঙের

أَرْمَضَ (إِرْمَاض) [رمض] [আর্মাদা] পোড়ানো, ঝলসে দেওয়া, জ্বালিয়ে দেওয়া, যন্ত্রণা দেওয়া

أَرْمَل ج أَرَامِل [رمل] [আর্মাল] স্ত্রী মারা গিয়েছে এমন, বিপত্নীক, মৃতদার, প্রাচুর্যবিহীন (বছর)

أَرْمَلَ (إِرْمَال) [رمل] [আর্মালা] বিপত্নীক হওয়া, বিধবা হওয়া, নিঃস্ব হওয়া, বালুকাময় হওয়া

أَرْمَلَة ج أَرَامِل ، أَرَامِلَة [رمل] [আর্মালাহ] বিধবা, স্বামীহারা, পতিহীনা

أَرْمَنِيّ [আর্মানী] আর্মেনিয়াবাসী, আর্মেনিয়ার, আর্মেনীয়

الْأَرْمَنِيَّة [আল-আর্মানিয়্যাহ] আর্মেনীয় ভাষা

أَرْمَى (إِرْمَاء) [رمي] [আর্মা] ফেলে দেওয়া, নিক্ষেপ করা, বের করে দেওয়া, বৃদ্ধি পাওয়া

أَرْمِينِيَا [আর্মীনিয়া] আর্মেনিয়া (দেশ)

أَرْنَب ج أَرَانِب [رنب] [আর্নাব] শশক, খরগোশ

أَرْنَبَة ج أَرْنَبَات [رنب] [আর্নাবাহ] শশকী, স্ত্রী-খরগোশ, (নাকের) ডগা, অগ্রভাগ

أَرْنَى (إِرْنَاء) [رنو] [আর্না] মোহিত করা, আকৃষ্ট করা, অভ্যস্ত করা

إِرْهَاب [رهب] [ইর্হাব] ভীতিপ্রদর্শন, সন্ত্রাস, সন্ত্রাসবাদ, আতঙ্কবাদ

إِرْهَابِيّ [رهب] [ইর্হাবী] সন্ত্রাসমূলক, সন্ত্রাসী, সন্ত্রাসবাদী, আতঙ্কবাদী

إِرْهَابِيَّة [رهب] [ইর্হাবিয়্যাহ] আতঙ্কবাদ, সন্ত্রাসবাদ

إِرْهَاصَة ج إِرْهَاصَات [رهص] [ইর্হাছাহ] চিহ্ন, নিদর্শন, লক্ষণ

إِرْهَاق [رهق] [ইর্হাক] কষ্টপ্রদান, ভারপ্রদান, কষ্ট, ক্লান্তি, ভার, বোঝা

أَرْهَبَ (إِرْهَاب) [رهب] [আর্হাবা] আতঙ্কিত করা, ভীতিপ্রদর্শন করা, সন্ত্রাস করা

أَرْهَجَ (إِرْهَاج) [رهج] [আর্হাজা] ধূলি উড়ানো, বিবাদ লাগানো, (আকাশ) বর্ষণোদ্যত হওয়া

أَرْهَفَ (إِرْهَاف) [رهف] [আর্হাফা] পাতলা করা, ধারালো করা, ধার দেওয়া

أَرْهَفَ السَّمْعَ إِلَى ، لِـ [আর্হাফাস সাম্'আ] কান পাতা, কান দিয়ে শোনা, মনোযোগ দিয়ে শোনা

أَرْهَقَ (إِرْهَاق) [رهق] [আর্হাক্বা] কষ্ট দেওয়া, বিপদগ্রস্ত করা, বিপদে ফেলা, আপতিত করা, চাপিয়ে দেওয়া, বাধ্য করা, প্রভাবিত করা

أَرْهَنَ (إِرْهَان) [رهن] [আর্হানা] বন্ধক রাখা, জামানত রাখা

أَرْوَاحِيّ (رُوح) [আর্ওয়াহী] আধ্যাত্মিক, আত্মিক, অধ্যাত্মবাদী, সর্বপ্রাণবাদী

أَرْوَاحِيَّة [আর্ওয়াহিয়্যাহ] আধ্যাত্মিকতা, আত্মিকতা, অধ্যাত্মবাদ, সর্বপ্রাণবাদ

أَرْوَح مث رَوْحَاء ج رُوْح [روح] [আর্‌ওয়াহ্‌] প্রশস্ত, যার দুই পায়ের মধ্যবর্তী ফাঁক প্রশস্ত

أَرْوَحَ (إِرْوَاح) [روح] [আর্‌ওয়াহা] দুর্গন্ধ ছাড়া, দুর্গন্ধ ছড়ানো

أَرْوَد مث رَوْدَاء ج رُوْد [رود] [আর্‌ওয়াদ] ধীর, মন্থর, ঢিলে

أَرْوَدَ (إِرْوَاد) [رود] [আর্‌ওয়াদা] ঢিলেমি করা, আস্তে চলা, ধীরে চলা

أُرُوز [أرز] [উরূয] অর্ধচেতন অবস্থা, মরার মত অবস্থা, শীতঘুম, শীতনিদ্রা, hibernation

أَرْوَضَ (إِرْوَاض) [روض] [আর্‌ওয়াদা] অধিক বাগান থাকা, উদ্যানবহুল হওয়া

أَرْوَع مث رَوْعَاء ج رُوْع [روع] [আর্‌ওয়া'] মুগ্ধকর, মনোহর, অপূর্ব, চমৎকার

أُرُوم ، أَرُومَة ، أُرُومَة [أرم] [আরূম, আরূমাহ, উরূমাহ] মূল, গোড়া, শিকড়, (চেক, রসিদ ইত্যাদির) গোড়ার অংশ, মুড়ি

أَرْوَى (إِرْوَاء) [روي] [আর্‌ওয়া] সিক্ত করা; পানি দেওয়া, তৃষ্ণা নিবারণ করা

أُرْوِيَّة [روي] [উর্‌বিয়্যাহ] পাহাড়ী মেষ

أَرْي [আর্‌ই] মধু, মৌ

أَرَى (إِرَاءَة) [رأي] [আরা] দেখানো, প্রদর্শন করা, পেশ করা, উপস্থাপন করা

آرِيّ [আরী] আর্য, Aryan

أَرِيب [أرب] [আরীব] চতুর, দক্ষ, মেধাবী, পারদর্শী, বুদ্ধিমান, বিচক্ষণ, ব্যুৎপত্তিসম্পন্ন

الآرِيَّة [আল-আরিয়্যাহ] আর্যভাষা

أَرِيج [أرج] [আরীজ] সুগন্ধ, সুবাস, সৌরভ, সুরভি

أَرْيَحِيّ [روح] [আর্‌ইয়াহী] উদার, বদান্য, দানশীল, মুক্তহস্ত

أَرْيَحِيَّة [روح] [আর্‌ইয়াহিয়্যাহ] উদারতা, দানশীলতা, বদান্যতা

أَرْيَش مث رَيْشَاء ج رِيش [ريش] [আর্‌ইয়াশ] কান অথবা চেহারায় অধিক পশম আছে এমন, ধন-সম্পদ ও পোশাক-পরিচ্ছদে সমৃদ্ধ

أَرِيض [আরীদ] সুদর্শন তৃণক্ষেত্র, ঘাসবহুল স্থান

أَرْيَفَ (إِرْيَاف) [ريف] [আর্‌ইয়াফা] গ্রামে আসা, উর্বর হওয়া, শস্যশ্যামল হওয়া

أَرِيكَة ج أَرَائِك [أرك] [আরীকাহ] সোফা, গদি, পালঙ্ক, সিংহাসন

أَزَّ (ن) [ض] (أَزّ ، أَزِيز) [আয্‌যা] গুঞ্জন করা, গুনগুন শনশন শাঁশাঁ হিসহিস ইত্যাদি শব্দ করা

أَزَّ عَلَى [-- 'আলা] প্ররোচনা দেওয়া, উস্কানি দেওয়া

إِزَاءَ [أزي] [ইযা'আ] বিপরীতে, পাশে, সম্মুখে, সামনে, বিষয়ে, সম্বন্ধে

أَزَاحَ (إِزَاحَة) [زوح] [আযাহা] দূর করা, সরিয়ে দেওয়া, অপসারিত করা, তাড়িয়ে দেওয়া

إِزَاحَة [زوح] [ইযাহাহ] দূরীকরণ, অপসারণ, বিতাড়ন

أَزَادَ (إِزَادَة) [زود] [আযাদা] যোগান দেওয়া, সরবরাহ করা, পাথেয় যোগানো

إِزَار (مث) ج أُزُر [ইযার] দেহের নিম্নাংশের বস্ত্র, লুঙ্গি, ইযার

أَزَارِقَة [زرق] [আযারিকাহ] নাফি' ইবনুল আয্‌রাকের অনুসারী একটি শিয়া সম্প্রদায়

أَزَاغَ (إِزَاغَة) [زيغ] [আযাগা] বিপথগামী করা, বিচ্যুত করা, বাঁকা করা

أَزَالَ (إِزَالَة) [زول] [আযালা] দূর করা, দূরীভূত করা, অপসারণ করা, সরিয়ে দেওয়া, বিলুপ্ত করা, বিলোপ করা

إِزَالَة [زول] [ইযালাহ] দূরীকরণ, দূরীভূতকরণ, অপসারণ, বিলোপসাধন

أَزَانَ (إِزَانَة) [زين] [আযানা] সাজানো, সজ্জিত করা, সুন্দর করা

أَزَبّ [زبب] [আযাব্ব] অধিক কেশবিশিষ্ট, কেশবহুল

أَزَبَ [ض] (أَزْب) [আযাবা] (পানি) প্রবাহিত হওয়া

أَزْبَدَ (إِزْبَاد) [زبد] [আয্‌বাদা] ফেনিল হওয়া, ফেনায়িত হওয়া, ফেনা বের করা, ফেনা তোলা

أَرْغَى وَأَزْبَدَ [আর্‌গা ওয়া আয্‌বাদা] মুখে ফেনা তোলা, রাগে ফোলা, ক্রোধপরবশ হওয়া

أَزَّة [আয্‌যাহ] শব্দ, ধ্বনি, আওয়াজ, গুঞ্জন

أَزْجَى (إِزْجَاء) [زجو] [আয্জা] ঠেলে দেওয়া, চালিয়ে নেওয়া, তাড়িয়ে নেওয়া, পেশ করা

أَزْحَفَ (إِزْحَاف) [زحف] [আয্হাফা] লক্ষ্যে উপনীত হওয়া, ক্লান্ত করা, ক্লান্ত হওয়া, বাহন ক্লান্ত হওয়া

أَزْحَلَ (إِزْحَال) [زحل] [আয্হালা] দূর করা, দূরীভূত করা, সরিয়ে দেওয়া

أَزْد [আয্দ] আযদঃ ইয়েমেনের একটি প্রাচীন গোত্রের নাম

اِزْدَادَ (اِزْدِيَاد) [زيد] [ইয্দাদা] বৃদ্ধি পাওয়া, বেড়ে যাওয়া, বাড়া, বেশী হওয়া, বেশী চাওয়া

اِزْدَانَ (اِزْدِيَان) [زين] [ইয্দানা] সজ্জিত হওয়া, শোভিত হওয়া, সুন্দর হওয়া

اِزْدَجَرَ (اِزْدِجَار) [زجر] [ইয্দাজারা] ধমক দেওয়া, ধমকানো, ধমক খাওয়া, বিতাড়িত হওয়া, বিরত হওয়া

اِزْدَجَى (اِزْدِجَاء) [زجو] [ইয্দাজা] আস্তে ঠেলে দেওয়া, সরিয়ে দেওয়া, চালিত করা

اِزْدِحَام [زحم] [ইয্দিহাম] ভিড়, চাপ, জট, ঠাস, গাদাগাদি

اِزْدَحَمَ (اِزْدِحَام) [زحم] [ইয্দাহামা] ভিড় করা, ভিড় হওয়া, চাপ দেওয়া, জড়ো হওয়া, জট বাঁধা, জনাকীর্ণ হওয়া, গাদাগাদি করা

اِزْدِرَاء [زري] [ইয্দিরা'] তুচ্ছ জ্ঞান, হেয়জ্ঞান, ঘৃণা, অবজ্ঞা, নিন্দা

اِزْدَرَدَ (اِزْدِرَاد) [زرد] [ইয্দারদা] গিলে ফেলা, গলাধঃকরণ করা, গ্রাস করা

اِزْدَرَعَ (اِزْدِرَاع) [زرع] [ইয্দার'আ] (গাছে) কলম কাটা, (বীজ) বপন করা

اِزْدَرَى (اِزْدِرَاء) [زري] [ইয্দারা] ঘৃণা করা, অবজ্ঞা করা, হেয়জ্ঞান করা

اِزْدَقَمَ (اِزْدِقَام) [زقم] [ইয্দাক্বামা] গিলে ফেলা, গলাধঃকরণ করা, গ্রাস করা

اِزْدَلَفَ (اِزْدِلَاف) [زلف] [ইয্দালাফা] নিকট-বর্তী হওয়া, নিকটে আসা, কাছে যাওয়া

اِزْدِهَار [زهر] [ইয্দিহার] ঔজ্জ্বল্য, চাকচিক্য, উন্নতি, বিকাশ

اِزْدَهَدَ (اِزْدِهَاد) [زهد] [ইয্দাহাদা] তুচ্ছ জ্ঞান করা, নগণ্য মনে করা, সামান্য মনে করা

اِزْدَهَرَ (اِزْدِهَار) [زهر] [ইয্দাহারা] উন্নতি করা, বিকাশলাভ করা, চকচক করা, উজ্জ্বল হওয়া, মুকুলিত হওয়া

اِزْدَهَى (اِزْدِهَاء) [زهو] [ইয্দাহা] বড়াই করা, গর্ব করা, আত্মতৃপ্ত হওয়া

أَزْدَى (إِزْدَاء) [زدو] [আয্দা] ভাল কাজ করা

اِزْدَوَجَ (اِزْدِوَاج) [زوج] [ইয্দাওয়াজা] যুগলবদ্ধ হওয়া, যুগ্ম হওয়া, জোড়া হওয়া, দ্বিগুণ হওয়া

اِزْدِيَاد [زيد] [ইয্দিয়াদ] বৃদ্ধি, বর্ধন, আধিক্য, বেশি

أَزْر [আয্‌র] শক্তি, কোমর, কটি, মাজা, মেরুদণ্ড

آزَر [আযার] আযরঃ হযরত ইব্রাহীম (আ)-এর পিতার নাম

أَزَرَ [ض] (أَزْر) [আযারা] বেষ্টন করা, পরিবেষ্টন করা, ঘেরা, শক্ত করা, শক্তিশালী করা

أَزَّرَ (تَأْزِير) [أزر] [আয্যারা] আচ্ছাদিত করা, পরিধান করানো, পরিয়ে দেওয়া, শক্তিশালী করা

آزَرَ (مُؤَازَرَة) [أزر] [আযারা] শক্তি যোগানো, সমর্থন করা, সাহায্য করা

أَزَّرَ (إِزْرَار) [زرر] [আযার্‌রা] (জামায়) বোতাম লাগানো

اِزْرَاقَّ (اِزْرِيقَاق) [زرق] [ইয্রাক্কা] নীল হওয়া, নীল রং ধারণ করা

اِزْرَبَّ (اِزْرِبَاب) [زرب] [ইয্রাব্বা] (উদ্ভিদ) হলদে হওয়া, বিবর্ণ হওয়া

أَزْرَفَ (إِزْرَاف) [زرف] [আয্রফা] দ্রুত করা, অগ্রসর হওয়া, এগিয়ে যাওয়া, উৎসাহ দেওয়া

أَزْرَق ـث زَرْقَاء ج زُرْق [زرق] [আয্রক] নীল, আসমানী, আকাশী (রং)

الزَّرْقَاء ، القُبَّة الزَّرْقَاء [زرق] [আয-যার্ক্বা', আল-কুব্বাতুয যার্ক্বা'] নীলাকাশ

أَزْرَق سَمَاوِيّ [আয্রক সামাবী] আসমানী নীল, আকাশী নীল (রং)

اِزْرَقَّ (اِزْرِقَاق) [زرق] [ইয্রক্কা] নীল হওয়া, নীল রং ধারণ করা

اِزْرِقَاق [زرق] [ইয্রিক্বাক] নীলাভতা, নীল রং

أَزْرَى (إِزْرَاء) [زري] بِ [আয্রা] ঘৃণা করা, তুচ্ছ করা, অবজ্ঞা করা, হেয় প্রতিপন্ন করা

أَزْعَجَ (إِزْعَاج) [زعج] [আয্'আজা] বিরক্ত করা, কষ্ট দেওয়া, অস্থির করা, অশান্ত করা, উত্তেজিত করা

أَزْعَر مث زَعْرَاء ج زُعْر [زعر] [আয্'আর] অল্প গাছপালাবিশিষ্ট (ভূমি), পাতলা চুলবিশিষ্ট, স্বল্পকেশ, দুষ্ট, বদমাশ, চোর, ডাকাত

أَزْعَمَ (إِزْعَام) [زعم] [আয্'আমা] অনুগত হওয়া, নেতা হওয়া, সম্ভব হওয়া, জিম্মাদার করা

أَزْغَب [زغب] [আয্গাব] কোমল কেশ বা পালক-বিশিষ্ট

أَزِفَ [س] (أَزَف) [আযিফা] নিকটবর্তী হওয়া, কাছে আসা, আসন্ন হওয়া, এসে পড়া

أَزَفَّ (إِزْفَاف) [زفف] [আযাফ্ফা] (কনেকে) বরের হাতে অর্পণ করা, কন্যা সম্প্রদান করা, ত্বরা করা, ত্বরা করানো

الْآزِفَة [আল-আযিফাহ্] পুনরুত্থান দিবস, শেষ বিচারের দিন, কেয়ামত

أَزْفَر مث زَفْرَاء ج زُفْر [زفر] [আয্ফার] শক্ত পাঁজরবিশিষ্ট (ঘোড়া)

أَزْقَمَ (إِزْقَام) [زقم] [আয্কামা] গলাধঃকরণ করানো, গিলানো, গ্রাস করানো

أَزْقَى (إِزْقَاء) [زقو] [আয্কা] কাঁদানো

أَزْكَمَ (إِزْكَام) [زكم] [আয্কামা] শ্লেষ্মাগ্রস্ত করা, সর্দিতে আক্রান্ত করা, (পাত্র) পূর্ণ করা

أَزْكَمَ بِ [-- বি] (সন্তান) প্রসব করা

أَزْكَى [زكو] [আয্কা] অধিকতর পরিচ্ছন্ন, পবিত্র-তর, পবিত্রতার জন্য অধিকতর সহায়ক

أَزْكَى (إِزْكَاء) [زكو] [আয্কা] বর্ধিত করা, বৃদ্ধি করা, বৃদ্ধি পাওয়া

أَزَل [আযাল] চিরন্তনতা, চিরস্থায়িত্ব, অবিনশ্বরতা, অনন্তকাল

أَزَلّ مث زَلَّاء ج زُلّ [زلل] [আযাল] দ্রুত গতি-সম্পন্ন, হালকা নিতম্ববিশিষ্ট

أَزَلَّ (إِزْلَال) [زلل] [আযাল্লা] হোঁচট খাওয়ানো, স্খলিত করা

أَزْلَجَ (إِزْلَاج) [زلج] [আয্লাজা] (দরজায়) খিল দেওয়া, খিল লাগানো, হুড়কা লাগানো, তালা দেওয়া, স্খলিত করা, পিছলে দেওয়া

اِزْلَحَفَّ (اِزْلِحْفَاف) [زلحف] [ইয্লাহাফ্ফা] দূরে যাওয়া, সরে যাওয়া

أَزْلَفَ (إِزْلَاف) [زلف] [আয্লাফা] নিকটবর্তী করা, কাছে আনা, একত্রিত করা, এগিয়ে নেওয়া

أَزْلَق مث زَلْقَاء ج زُلْق [زلق] [আয্লাক] সদ্যুন মুল পড়িয়েছে এমন

أَزْلَقَ (إِزْلَاق) [زلق] [আয্লাকা] স্খলিত করা, পিচ্ছিল করা, পিছলে দেওয়া

أَزَلِيّ مث أَزَلِيَّة [أزل] [আযালী] চিরন্তন, শাশ্বত, চিরস্থায়ী, অবিনশ্বর

أَزَلِيَّة [أزل] [আযালিয়্যাহ্] চিরন্তনতা, চিরস্থায়িত্ব, অবিনশ্বরতা

أَزْم [আয্ম] নিয়ন্ত্রিত খাদ্যগ্রহণ, ক্ষতি থেকে আত্মরক্ষা, প্রতিরক্ষা

أَزَمَ [ض] (أَزْم) [আযামা] কঠিন হওয়া, কষ্টকর হওয়া, জটিল হওয়া, কামড় দেওয়া, (দড়ি) শক্ত করে পাকানো, (দরজা) বন্ধ করা

أَزَمَ عَلَى [-- 'আলা] লেগে থাকা, রক্ষা করা

أَزَمَ عَنْ [-- 'আন] বিরত থাকা, নিবৃত্ত থাকা

أَزَّمَ (تَأْزِيم) [أزم] [আয্যামা] সঙ্কটপূর্ণ করা, সমস্যাসংকুল করা, জটিল করা

أَزْمَا [আয্মা] হাঁপানি, asthma (রোগ)

اِزْمَأَرَّ (اِزْمِئْرَار) [زمر] [ইয্মাআর্রা] ক্রোধান্বিত হওয়া, রাগে চোখ লাল করা

أَزْمَة ج أَزَمَات [আয্মাহ্] সঙ্কট, কঠিন বিপদ, সমস্যা, জটিলতা

آزِمَة ج أَوَازِم [أزم] [আযিমাহ্] দুর্ভিক্ষ, অভাব, কঠিন অবস্থা, কষ্টের বছর, দাঁত

أَزْمَع ج أَزَامِع [زمع] [আয্মা'] খারাপ কাজ, ধূর্ত ব্যক্তি, চতুর লোক, অতিরিক্ত আঙ্গুলবিশিষ্ট

أَزْمَعَ (إِزْمَاع) [زمع] عَلَى [আয্মা'আ] সঙ্কল্প করা, সিদ্ধান্ত করা, সঙ্কল্পবদ্ধ হওয়া

أَزْمَل ج أَزَامِل ، أَزَامِيل [زمل] [আয্মাল] মিশ্র শব্দ, গোটা, সমগ্র

اِزَّمَّلَ (اِزَّمُّل) [زمل] [ইয্যাম্মালা] নিজেকে

বস্ত্রাবৃত করা, বস্ত্রাবৃত হওয়া

أَزْمَلَة ج أَزَامِل [زمل] [আয্মালাহ্] পোষ্যবর্গ, পরিবার-পরিজন, (ধনুকের) টঙ্কারধ্বনি, গোটা, সমগ্র

أَزْمَنَ (إِزْمَان) [زمن] [আয্মানা] দীর্ঘস্থায়ী হওয়া, বহুকাল অবস্থান করা, থেকে যাওয়া, পুরাতন হওয়া

إِزْمِيل ج أَزَامِيل [ইয্মীল] বাটালি, বাটালী (অস্ত্র)

أَزْنَى (إِزْنَاء) [زني] [আয্না] ব্যভিচারে উদ্বুদ্ধ করা, যেনা করানো

إِزْهَارَّ إِزْهِيرَار [زهر] [ইয্হার্‌রা] (গাছে) ফুল বের হওয়া, পুষ্পিত হওয়া, মুকুলিত হওয়া

أَزْهَر ث زَهْرَاء ج زُهْر [زهر] [আয্হার] উজ্জ্বল, আলোকময়, সুন্দর, মনোহর

الأَزْهَرَانِ [আল-আয্হারানি] উজ্জ্বল জ্যোতিষ্কদ্বয়ঃ চন্দ্র ও সূর্য

أَزْهَرَ (إِزْهَار) [زهر] [আয্হারা] (গাছে) ফুল বের হওয়া, পুষ্পিত হওয়া, মুকুলিত হওয়া, উজ্জ্বল হওয়া, আলো দেওয়া, উজ্জ্বল করা, আলোকিত করা

إِزْهَرَّ (إِزْهِرَار) [زهر] [ইয্হার্‌রা] (গাছে) ফুল বের হওয়া, পুষ্পিত হওয়া, মুকুলিত হওয়া

أَزْهَقَ (إِزْهَاق) [زهق] [আয্হাক্বা] বিলোপ করা, ধ্বংস করা, সমাপ্ত করা

أَزْهَى (إِزْهَاء) [زهو] [আয্হা] বড়াই করা, গর্ব করা, বর্ধিত হওয়া, বিকাশলাভ করা

إِزْوَارَّ (إِزْوِيرَار) [زور] عَنْ [ইয্ওয়ার্‌রা] বিচ্যুত হওয়া, সরে যাওয়া, এড়িয়ে যাওয়া, দূরে থাকা

أَزْوَجَ (إِزْوَاج) [زوج] [আয্ওয়াজা] যুগলবদ্ধ করা, বৈবাহিক বন্ধনে আবদ্ধ করা, মিলিত করা, মিলন ঘটানো

أَزْوَر ث زَوْرَاء ج زُور [زور] [আয্ওয়ার] আড়, তেরছা, বাঁকা, তির্যক, বক্রদৃষ্টি, ট্যারা

إِزْوَرَّ (إِزْوِرَار) [زور] عَنْ [ইয্ওয়ার্‌রা] দূরে থাকা, সরে যাওয়া, এড়িয়ে যাওয়া, বিচ্যুত হওয়া

أَزِيز [أزز] [আযীয] গুঞ্জন, শব্দ, আওয়াজ, ধ্বনি

إِزَّيَّنَ (إِزَّيُّن) [زين] [ইয্যাইয়ানা] সুশোভিত হওয়া, সজ্জিত হওয়া

أُسّ ، إِسّ ج إِسَاس [আস্, ইস্] ভিত্তি, ভিত, বুনিয়াদ, মূল, কাঠামো

أَسَّ [ن] (أَسّ) [أسس] [আস্সা] ভিত্তি স্থাপন করা, রাগিয়ে দেওয়া, বিবাদ সৃষ্টি করা

آس [আস] চিরহরিৎ গুল্মবিশেষঃ মেদিগাছ

آسَ [ن] (أَوْس ، إِيَاس) [أوس] [আসা] দান করা, দেওয়া, পুরস্কার দেওয়া, পুষিয়ে দেওয়া, পরিবর্তে দেওয়া, সাহায্য করা

أُسّ ج إِسَاس [উস্] ভিত্তি, ভিত, বুনিয়াদ, মূল, কাঠামো, (বীজগণিতে) রাশির ঘাতচিহ্ন, সূচক

أَسَا [ن] (أَسْو ، أَسًى) [أسو] [আসা] চিকিৎসা করা, শুশ্রূষা করা, আরোগ্য করা, প্রতিকার করা, সান্ত্বনা দেওয়া

أَسَا بَيْنَ [-- বাইনা] বিবাদ মীমাংসা করা, শান্তি স্থাপন করা

أَسَاءَ (إِسَاءَة) [سوأ] [আসাআ] খারাপভাবে করা, খারাপ করা

أَسَاءَ إِلَى [-- ইলা] খারাপ আচরণ করা, দুর্ব্যবহার করা, কষ্ট দেওয়া, ক্ষতি করা, নষ্ট করা

أَسَاءَ الإِدَارَةَ [আসাআল ইদারাতা] খারাপভাবে পরিচালনা করা, মন্দভাবে চালানো

أَسَاءَ اسْتِعْمَالَهُ [আসাআ ইস্তি'মালাহু] খারাপভাবে ব্যবহার করা, অপব্যবহার করা

أَسَاءَ التَّصَرُّفَ [আসাআত তাছররুফা] খারাপ ব্যবহার করা, অন্যায় আচরণ করা

أَسَاءَ التَّفْسِيرَ ، أَسَاءَ التَّأْوِيلَ [আসাআত তাফসীরা, আসাআত তা'বীলা] অপব্যাখ্যা করা

أَسَاءَ الظَّنَّ [আসাআয যান্না] কুধারণা পোষণ করা, কুচিন্তা করা

أَسَاءَ الْفَهْمَ [আসাআল ফাহ্মা] ভুল বোঝা, ভুল করা

أَسَاءَ مُعَامَلَتَهُ [আসাআ মু'আমালাতাহু] খারাপ আচরণ করা

إِسَاء [أسو] [ইসা'] চিকিৎসা, প্রতিকার, ঔষধ

إِسَاءَة [سوأ] [ইসাআহ্] অন্যায়, অবিচার, কষ্ট-প্রদান, খারাপ আচরণ, দুর্ব্যবহার, অনিষ্ট, ক্ষতি

أَسَاحَ (إِسَاحَة) [سيح] [আসাহা] প্রবাহিত করা

أَسَاحَ بِـ [-- বি] (লেজ) ঝুলিয়ে দেওয়া, ছেড়ে

দেওয়া

أَسَاحِل [আসাহিল] পানির গতিপথ, স্রোতধারা, প্রবাহ

أَسَادَ (إِسَادَة) [سود] [আসাদা] কালো সন্তান জন্ম দেওয়া, নেতা জন্ম দেওয়া

أَسَارَ (إِسَارَة) [سير] [আসারা] চালানো, ভ্রমণ করানো, (পশু) চারণভূমিতে পাঠানো

إِسَار [أسر] [ইসার] (চামড়ার) সরু ফালি, দড়ি, বন্ধন, বন্দিদশা, বন্দিত্ব

أَسَارِير (سِرَار) [سرر] [আসারীর] ললাটরেখা, হস্তরেখা, চেহারার সৌন্দর্য

أَسَاس ج أُسُس [أسس] [আসাস] ভিত্তি, ভিত, বুনিয়াদ, মূল, কাঠামো

حَجَر الأَسَاس [হাজারুল আসাস] ভিত্তিপ্রস্তর

عَلَى أَسَاس [‘আলা আসাসি] ভিত্তিতে, ভিত্তি করে

أَسَاسِيّ [আসাসী] মৌলিক, মৌল, মূল, বুনিয়াদী

أَسَاطِين (أُسْطُوَانَة) [سطن] [আসাতীন] বিশিষ্ট ব্যক্তিবর্গ, পদস্থ ব্যক্তিবর্গ, দক্ষ ব্যক্তিবর্গ

أَسَاعَ (إِسَاعَة) [سوع ، سيع] [আসা‘আ] নষ্ট করা, খোয়ানো, হারানো

أَسَاغَ (إِسَاغَة) [سوغ] [আসাগা] গিলে ফেলা, গলাধঃকরণ করা, হজম করা, সহ্য করা

أَسَالَ (إِسَالَة) [سيل] [আসালা] প্রবাহিত করা, গড়িয়ে দেওয়া, ঢেলে দেওয়া, গলানো, ঝরানো

أَسَافَ (إِسَافَة) [سوف] [আসাফা] সম্পদ ধ্বংস হওয়া, সন্তান মারা যাওয়া, ধ্বংস করা, তরবারি কেনা, অভাবগ্রস্ত হওয়া

أَسَاقَ (إِسَاقَة) [سوق] [আসাক্বা] তাড়িয়ে নিতে দেওয়া, মালিক করে দেওয়া, তাড়িয়ে নেওয়া

إِسَّاقَطَ (إِسِّقَاط) [سقط] [ইস্সাক্বাতা] ক্রমাগত পড়তে থাকা, পড়ে যাওয়া, পতন হওয়া

أَسَالَ (إِسَالَة) [سيل] [আসালা] প্রবাহিত করা, তরল করা, গলানো, ধারালো দিক লম্বা করা

أَسَامَ (إِسَامَة) [سوم] [আসামা] চরানো, চরতে দেওয়া, ঘাস খাওয়ার জন্য ছেড়ে দেওয়া

أُسَامَة [উসামাহ] সিংহ, মৃগেন্দ্র, কেশরী, পশুরাজ

أَسْأَلَ (إِسْآل) [سأل] [আস্আলা] (প্রয়োজন, ইচ্ছা) পূরণ করা, (অনুরোধ) রক্ষা করা, যা চায় তাই দেওয়া, অনুমোদন করা, মঞ্জুর করা

أَسْأَمَ (إِسْآم) [سأم] [আস্আমা] বিরক্ত করা, বিরক্তির উদ্রেক করা, ক্লান্ত করা

إِسْبَات [سبت] [ইস্বাত] অর্ধচেতন অবস্থা, শীতঘুম, শীতনিদ্রা, hibernation

أَسْبَانِيَا [আস্বানিয়া] স্পেন (দেশ)

أَسْبَانِيّ [আস্বানী] স্পেনীয়, স্পেনের

الأَسْبَانِيَّة [আল-আস্বানিয়্যাহ] স্প্যানিশ ভাষা

أَسْبَتَ (إِسْبَات) [سبت] [আস্বাতা] অর্ধচেতন অবস্থায় পড়ে থাকা, মরার মত পড়ে থেকে শীতকাল অতিবাহিত করা, শনিবারে প্রবেশ করা

أَسْبَحَ (إِسْبَاح) [سبح] [আস্বাহা] সাঁতরাতে দেওয়া, সাঁতার কাটানো, পানিতে ভাসানো

أَسْبَرَ (إِسْبَار) [سبر] [আস্বারা] গভীরতা মাপা বা পরীক্ষা করা

أَسْبَعَ (إِسْبَاع) [سبع] [আস্বা‘আ] সাত হওয়া, সাত করা, গর্ভের সপ্তম মাসে সন্তান প্রসব করা, (স্থান) হিংস্র জন্তুতে ভরে যাওয়া, হিংস্র জন্তুর মাংস খাওয়ানো

أَسْبَغَ (إِسْبَاغ) [سبغ] [আস্বাগা] পুরোপুরি করা, যথাযথভাবে সম্পন্ন করা, পূর্ণ করা, বড় করা

أَسْبَغَ عَلَى [-- ‘আলা] প্রচুর পরিমাণে দেওয়া, ভরে দেওয়া

أَسْبَق [سبق] [আস্বাক] পূর্ববর্তী, অগ্রবর্তী, অগ্রাধিকারপ্রাপ্ত

أَسْبَقَ (إِسْبَاق) [سبق] [আস্বাক্বা] আগে সম্পন্ন করা, দ্রুত করা, আগে যাওয়া

أَسْبَقِيَّة [سبق] [আস্বাক্বিয়্যাহ] অগ্রাধিকার, অগ্রবর্তিতা, পূর্ববর্তিতা

أَسْبَلَ (إِسْبَال) [سبل] [আস্বালা] ঝুলিয়ে দেওয়া, টাঙিয়ে দেওয়া, ঢেলে দেওয়া, প্রবলবেগে পড়া

أُسْبُوع ج أَسَابِيع [سبع] [উস্বু‘] সপ্তাহ, সপ্তা, হপ্তা

أُسْبُوعِيّ [উস্বূ‘ঈ] সাপ্তাহিক, সপ্তাহ-বিষয়ক

أُسْبُوعِيًّا [উস্বূ‘ইয়্যান] প্রতি সপ্তাহে, সাপ্তাহিক হিসেবে

أُسْبُوعِيَّة ج أُسْبُوعِيَّات [سبع] [উস্বূ‘ইয়্যাহ]

সাপ্তাহিক পত্রিকা, সাপ্তাহিক, সাপ্তাহিক প্রবন্ধ বা আলোচনা, সাপ্তাহিকী, সাপ্তাহিক মজুরি

[ইস্‌ত] নিতম্ব, পাছা, পিছন إِسْت ج أَسْتَاه

[ইস্তাআ] বিরক্ত হওয়া, اِسْتَاءَ (اِسْتِيَاء) [سوأ] مِنْ অসন্তুষ্ট হওয়া, অপছন্দ করা, কষ্ট পাওয়া

[ইস্তাদ] স্টেডিয়াম إِسْتَاد ج إِسْتَادَات

[উস্তায] শিক্ষক, গুরু, ওস্তাদ, أُسْتَاذ ج أَسَاتِذَة বিজ্ঞ ব্যক্তি, অধ্যাপক, প্রফেসর

[উস্তায মুসা'ইদ] সহকারী অধ্যাপক أُسْتَاذ مُسَاعِد

[উস্তায মুশারিক] সহযোগী অধ্যাপক أُسْتَاذ مُشَارِك

[ইস্তাকা] (পশু) তাড়িয়ে اِسْتَاقَ (اِسْتِيَاق) [سوق] নেওয়া

[ইস্তাকা] মেসওয়াক اِسْتَاكَ (اِسْتِيَاك) [سوك] করা, দাঁত পরিষ্কার করা

[ইস্তাম্বুল] ইস্তাম্বুল (নগরী) إِسْتَانْبُول

[আল-আস্তানাহ] ইস্তাম্বুল (নগরী) الأَسْتَانَة

[ইস্তা'তা] আসতে বলা, اِسْتَأْتَى (اِسْتِئْتَاء) [أتي] ডেকে পাঠানো, তলব করা, হাজির হতে বলা

[ইস্তি'ছার] একচেটিয়াকরণ, এক- اِسْتِئْثَار [أثر] চেটিয়া ক্ষমতা, একচেটিয়া অধিকার, আত্মসাৎ

[ইস্তি'ছারী] একচেটিয়া, একান্ত, খাস اِسْتِئْثَارِيّ

[ইস্তা'ছারা] নিজের اِسْتَأْثَرَ (اِسْتِئْثَار) [أثر] بِ করে নেওয়া, একচেটিয়া করা, একচেটিয়া অধিকার করা, দখল করা, আত্মসাৎ করা, দাবি করা, মৃত্যু দেওয়া

[ইস্তা'জারা] ভাড়া اِسْتَأْجَرَ (اِسْتِئْجَار) [أجر] করা, ভাড়া দেওয়া, ইজারা লওয়া, ইজারা দেওয়া, মজুর নিয়োগ করা

[ইস্তা'জালা] স্থগিত اِسْتَأْجَلَ (اِسْتِئْجَال) [أجل] করতে বলা, বিলম্বিত করতে চাওয়া

[ইস্তা'খারা] বিলম্বিত اِسْتَأْخَرَ (اِسْتِئْخَار) [أخر] হওয়া, দেরি করা, পিছনে পড়া

[ইস্তা'দা] গ্রহণ করা, اِسْتَأْدَى (اِسْتِئْدَاء) [أدي] লওয়া, পাওয়া

[-- বি] সাহায্য চাওয়া, সমর্থন চাওয়া اِسْتَأْدَى بِ

[ইস্তা'যানা] অনুমতি اِسْتَأْذَنَ (اِسْتِئْذَان) [أذن] চাওয়া, অনুমতি লওয়া, প্রবেশাধিকার চাওয়া

[ইস্তা'সাদা] সাহস اِسْتَأْسَدَ (اِسْتِئْسَاد) [أسد] করা, সাহসী হওয়া, শক্তিশালী হওয়া, শক্তি প্রদর্শন করা, সিংহের সাহস দেখানো

[-- 'আলা] প্রভাব খাটানো, নিয়ন্ত্রণ اِسْتَأْسَدَ عَلَى করা

[ইস্তা'সারা] বন্দী হতে اِسْتَأْسَرَ (اِسْتِئْسَار) [أسر] চাওয়া, আত্মসমর্পণ করা, বন্দী করা, গ্রেফতার করা, আটক করা

[ইস্তি'ছাল] উৎপাটন, মূলোৎ- اِسْتِئْصَال [أصل] পাটন, অপসারণ

[ইস্তা'ছলা] শিকড় اِسْتَأْصَلَ (اِسْتِئْصَال) [أصل] গাড়া, উপড়ানো, উৎপাটন করা, মূলোৎপাটন করা

[ইস্তা'কালা] খেতে اِسْتَأْكَلَ (اِسْتِئْكَال) [أكل] চাওয়া, (সম্পদ) খেয়ে ফেলা, হরণ করা, আত্মসাৎ করা

[ইস্তা'লাফা] বন্ধুত্ব اِسْتَأْلَفَ (اِسْتِئْلَاف) [ألف] চাওয়া

[ইস্তি'মারাহ] ফরম, اِسْتِئْمَارَة ج اِسْتِئْمَارَات [أمر] দরখাস্তের ফরম, দরখাস্ত, আবেদনপত্র

[ইস্তি'মান] নিরাপত্তা প্রার্থনা, اِسْتِئْمَان [أمن] বিশ্বাস, আস্থা, নির্ভরতা, ভরসা

[ইস্তা'মানা] নিরাপত্তা اِسْتَأْمَنَ (اِسْتِئْمَان) [أمن] চাওয়া, আশ্রয় চাওয়া

[-- বি, 'আলা] বিশ্বাস রাখা, اِسْتَأْمَنَ بِ ، عَلَى আস্থা রাখা, নির্ভর করা, ভরসা করা

[ইস্তি'নাফ] আরম্ভ, পুনরারম্ভ, اِسْتِئْنَاف [أنف] (আদালতে) আপীল

[ইস্তি'নাফী] আপীল-বিষয়ক, আপীল- اِسْتِئْنَافِيّ সম্বন্ধীয়

[ইস্তা'নাসা] اِسْتَأْنَسَ (اِسْتِئْنَاس) [أنس] إِلَى ، بِ মিশুক হওয়া, ঘনিষ্ঠ হওয়া, পরিচিত হওয়া, কথাবার্তা বলা

[-- লি] কান দিয়ে শোনা, মনোযোগ اِسْتَأْنَسَ لِ দেওয়া

[ইস্তা'নাফা] আরম্ভ اِسْتَأْنَفَ (اِسْتِئْنَاف) [أنف] করা, নতুনভাবে শুরু করা, আপীল করা

[ইস্তা'না] সময় নেওয়া, اِسْتَأْنَى (اِسْتِئْنَاء) [أني]

ধীরে কাজ করা, কালক্ষেপণ করা, ঢিলেমি করা, অপেক্ষা করা

اِسْتَأْهَلَ (اِسْتِئْهَال) [أهل] [ইস্তা'হালা] যোগ্যতা রাখা, অধিকার রাখা, যোগ্য হওয়া

اِسْتَبَّ (اِسْتِبَاب) [سبب] [ইস্তাব্বা] পরস্পর গালিগালাজ করা, একে অপরকে গালি দেওয়া

اِسْتَبَاتَ (اِسْتِبَاتَة) [بيت] [ইস্তাবাতা] রাতের খাবার তৈরী করা

اِسْتَبَاحَ (اِسْتِبَاحَة) [بوح] [ইস্তাবাহা] বৈধ মনে করা, সম্মান নষ্ট করা, দখল করা, প্রকাশ করা

اِسْتِبَاق [سبق] [ইস্তিবাক] দৌড়, দৌড়ের পাল্লা, আগে যাবার প্রতিযোগিতা, অন্যের আগে সম্পাদন

اِسْتَبَالَ (اِسْتِبَالَة) [بول] [ইস্তাবালা] মূত্রত্যাগ করানো, প্রস্রাব করানো, পেশাব করানো

اِسْتَبَانَ (اِسْتِبَانَة) [بين] [ইস্তাবানা] স্পষ্ট হওয়া, প্রকাশিত হওয়া, স্পষ্ট করা, প্রকাশ করা, লক্ষ্য করা

اِسْتَبْحَرَ (اِسْتِبْحَار) [بحر] [ইস্তাব্হারা] প্রশস্ত হওয়া, বড় হওয়া, বিশাল হওয়া

اِسْتَبَدَّ (اِسْتِبْدَاد) [بدد] [ইস্তাবাদ্দা] স্বেচ্ছাচারী হওয়া, স্বৈরাচারী হওয়া, একগুঁয়ে হওয়া

اِسْتِبْدَاد [بدد] [ইস্তিব্দাদ] স্বেচ্ছাচার, স্বৈরাচার, একগুঁয়েমি

اِسْتِبْدَادِيّ [ইস্তিব্দাদী] স্বেচ্ছাচারমূলক, স্বৈর-, স্বৈরাচারী, একগুঁয়ে

اِسْتِبْدَادِيَّة [بدد] [ইস্তিব্দাদিয়্যাহ্] একগুঁয়েমি, স্বেচ্ছাচার, স্বৈরাচার

اِسْتِبْدَال [بدل] [ইস্তিব্দাল] স্থলাভিষিক্তকরণ, বদলকরণ, পরিবর্তন, বিনিময়

اِسْتَبْدَعَ (اِسْتِبْدَاع) [بدع] [ইস্তাব্দা'আ] অপূর্ব মনে করা, চমৎকার মনে করা, অসাধারণ বিবেচনা করা, অদ্ভুত দেখতে পাওয়া

اِسْتَبْدَلَ (اِسْتِبْدَال) [بدل] [ইস্তাব্দালা] বদল করা, পরিবর্তন করা, বিনিময় করা, স্থলাভিষিক্ত করা

اِسْتَبْرَأَ (اِسْتِبْرَاء) [برأ] [ইস্তাব্রাআ] অব্যাহতি চাওয়া, দায়মুক্ত হতে চাওয়া, নিষ্কৃতি পেতে চাওয়া, আরোগ্য কামনা করা

اِسْتَبْرَدَ (اِسْتِبْرَاد) [برد] [ইস্তাব্রদা] ঠাণ্ডা মনে করা, ঠাণ্ডা পাওয়া

اِسْتَبْرَدَ عَلَيْهِ لِسَانَهُ [-- 'আলাইহি লিসানাহু] রেতের মত ধারালো ভাষায় তিরস্কার করা, তীব্র গালমন্দ করা

اِسْتَبْرَزَ (اِسْتِبْرَاز) [برز] [ইস্তাব্রযা] বের করে আনা, বের করে আনতে বলা

اِسْتَبْرَق [برق] [ইস্তাব্রক] কিংখাবঃ নকশা-করা রেশমী বস্ত্রবিশেষ, মূল্যবান পুরু রেশমী কাপড়

اِسْتَبْرَكَ (اِسْتِبْرَاك) [برك] بِ [ইস্তাব্রকা] বরকত লাভ করা, আশীর্বাদ লাভ করা, বরকতময় মনে করা, শুভ মনে করা

اِسْتَبْزَلَ (اِسْتِبْزَال) [بزل] [ইস্তাব্যালা] বিদীর্ণ করা, ফুটিয়ে দেওয়া, ফুটো করা, খুলে দেওয়া, (মদ) ছেঁকে পরিষ্কার করা

اِسْتَبْسَلَ (اِسْتِبْسَال) [بسل] [ইস্তাব্সালা] বীরত্ব প্রদর্শন করা, দুঃসাহস দেখানো, জীবনের ঝুঁকি নেওয়া

اِسْتَبْشَرَ (اِسْتِبْشَار) [بشر] بِ [ইস্তাব্শারা] খুশী হওয়া, আনন্দিত হওয়া, প্রফুল্ল হওয়া, শুভ মনে করা

اِسْتَبْشَعَ (اِسْتِبْشَاع) [بشع] [ইস্তাব্শা'আ] কদর্য দেখতে পাওয়া, কুৎসিত মনে করা

اِسْتِبْصَار [بصر] [ইস্তিব্ছার] পর্যবেক্ষণ, চিন্তা, ধ্যান, অনুসন্ধান, অভিনিবেশ

اِسْتَبْصَرَ (اِسْتِبْصَار) [بصر] [ইস্তাব্ছরা] লক্ষ্য করা, পর্যবেক্ষণ করা, অনুসন্ধান করা, বিবেচনা করা, স্পষ্ট হওয়া

اِسْتَبْصَرَ فِي [-- ফী] অভিনিবেশ সহকারে দেখা, চিন্তা করা, ধ্যান করা, দূরদর্শী হওয়া

اِسْتَبْطَأَ (اِسْتِبْطَاء) [بطأ] [ইস্তাব্তআ] মন্থর মনে করা, মন্থর দেখতে পাওয়া, ধীরগজ মনে করা

اِسْتَبْطَحَ (اِسْتِبْطَاح) [بطح] [ইস্তাব্তহা] প্রশস্ত হওয়া, চওয়া হওয়া

اِسْتَبْطَنَ (اِسْتِبْطَان) [بطن] [ইস্তাব্তনা] ভিতরে প্রবেশ করা, নিবিষ্ট হওয়া, ভালভাবে পরীক্ষা করা, লুকানো, গোপন করা

اِسْتَبْعَدَ (اِسْتِبْعَاد) [بعد] [ইস্তাব্'আদা] দূরে রাখা, দূরে মনে করা, দূরে দেখতে পাওয়া, সুদূর-পরাহত মনে করা, অসম্ভব মনে করা, দূরবর্তী হওয়া

اِسْتَبْعَلَ (اِسْتِبْعَال) [بعل] [ইস্তাব্'আলা] স্বামী হওয়া, বিয়ে করা, (জমি) সেচবিহীন হওয়া

اِسْتَبْغَى (اِسْتِبْغَاء) [بغي] [ইস্তাব্গা] চাওয়া, পেতে চাওয়া, সাহায্য চাওয়া

اِسْتَبَقَ (اِسْتِبَاق) [سبق] [ইস্তাবাক্বা] দৌড়ানো, দৌড়ের পাল্লা দেওয়া, আগে যাবার প্রতিযোগিতা করা, আগে সম্পন্ন করা

اِسْتَبْقَى (اِسْتِبْقَاء) [بقي] [ইস্তাব্ক্বা] বাকি রাখা, সংরক্ষণ করা, টিকিয়ে রাখা, রাখতে চাওয়া, থাকতে বলা

اِسْتَبْكَى (اِسْتِبْكَاء) [بكي] [ইস্তাব্কা] কাঁদানো, কান্নার উদ্রেক করা

اِسْتَبْلَى (اِسْتِبْلَاء) [بلي] [ইস্তাব্লা] পরখ করা, পরীক্ষা করা, যাচাই করা

اِسْتَبَى (اِسْتِبَاء) [سبي] [ইস্তাবা] বন্দী করা, মুগ্ধ করা, আকৃষ্ট করা

اِسْتَتَابَ (اِسْتِتَابَة) [توب] [ইস্তাতাবা] তওবা করতে বলা, অনুতপ্ত হতে বলা

اِسْتَتَبَّ (اِسْتِتْبَاب) [تبب] [ইস্তাতাব্বা] (পথ) পরিষ্কার হওয়া, সুগম হওয়া, স্থির হওয়া, স্থিতিশীল হওয়া, স্বাভাবিক হওয়া

اِسْتَتْبَعَ (اِسْتِتْبَاع) [تبع] [ইস্তাত্বা'আ] অনুসরণ করতে বলা, অনুসরণ করানো, অধীন করা

اِسْتَتَرَ (اِسْتِتَار) [ستر] [ইস্তাতারা] লুকিয়ে থাকা, আত্মগোপন করা, পলায়ন করা, লুক্কায়িত থাকা

اِسْتَتَمَّ (اِسْتِتْمَام) [تمم] [ইস্তাতাম্মা] পূর্ণ করা, পূর্ণাঙ্গ করা, পূর্ণ করতে বলা

اِسْتَثَابَ (اِسْتِثَابَة) [ثوب] [ইস্তাছাবা] প্রতিদান চাওয়া, ছওয়াব চাওয়া, ফেরৎ চাওয়া, ফেরৎ আনা

اِسْتَثَارَ (اِسْتِثَارَة) [ثور] [ইস্তাছারা] উসকানো, উত্তেজিত করা, জাগ্রত করা, প্রজ্বলিত করা, ছড়ানো, উড়ানো

اِسْتَثْقَلَ (اِسْتِثْقَال) [ثقل] [ইস্তাছ্কালা] ভারী হওয়া, ভারী মনে করা, ভারী দেখতে পাওয়া

اِسْتِثْمَار ج اِسْتِثْمَارَات [ثمر] [ইস্তিছ্মার] বিনিয়োগ, লগ্নি, ব্যবহার

اِسْتَثْمَرَ (اِسْتِثْمَار) [ثمر] [ইস্তাছ্মারা] ব্যবহার করা, কাজে লাগানো, বিনিয়োগ করা, মুনাফা করা

اِسْتِثْنَاء ج اِسْتِثْنَاءَات [ثني] [ইস্তিছ্না'] ব্যতিক্রম, ব্যত্যয়, বাদ, বর্জন

اِسْتِثْنَائِيّ [ইস্তিছ্না'ঈ] ব্যতিক্রমী, ব্যতিক্রমধর্মী

اِسْتَثْنَى (اِسْتِثْنَاء) [ثني] [ইস্তাছ্না] বাদ দেওয়া, বাদ রাখা, ব্যতিক্রম করা

اِسْتَجَابَ (اِسْتِجَابَة) [جوب] لِ [ইস্তাজাবা] সাড়া দেওয়া, জবাব দেওয়া, অনুরোধ রক্ষা করা, ইচ্ছা পূরণ করা, দোয়া কবুল করা

اِسْتِجَابَة [جوب] [ইস্তিজাবাহ] জবাবদান, সাড়াদান, (অনুরোধ) রক্ষা, (ইচ্ছা) পূরণ, (দোয়া) কবুলকরণ

اِسْتَجَادَ (اِسْتِجَادَة) [جود] [ইস্তাজাদা] উত্তম বিবেচনা করা, ভাল মনে করা

اِسْتَجَارَ (اِسْتِجَارَة) [جور] بِ [ইস্তাজারা] আশ্রয় চাওয়া, শরণ লওয়া, সাহায্য চাওয়া

اِسْتَجَازَ (اِسْتِجَازَة) [جوز] [ইস্তাজাযা] জায়েয মনে করা, বৈধ মনে করা, অনুমতি চাওয়া

اِسْتَجَدَّ (اِسْتِجْدَاد) [جدد] [ইস্তাজাদ্দা] নবায়ন করা, নতুন করা, নতুন হওয়া, নতুন হিসেবে আসা

اِسْتِجْدَاء [جدو] [ইস্তিজ্দা'] ভিক্ষা, দান প্রার্থনা, অনুনয়, মিনতি

اِسْتَجْدَى (اِسْتِجْدَاء) [جدو] [ইস্তাজ্দা] ভিক্ষা চাওয়া, দান চাওয়া, সাহায্য চাওয়া, অনুনয়-বিনয় করা, মিনতি করা

اِسْتَجْرَأَ (اِسْتِجْرَاء) [جرأ] [ইস্তাজ্রআ] সাহস দেখানো, বাহাদুরি দেখানো, বীরত্বের ভান করা

اِسْتِجْلَاب [جلب] [ইস্তিজ্লাব] আমদানি, তলব, আকর্ষণ, অর্জন, লাভ

اِسْتَجْلَبَ (اِسْتِجْلَاب) [جلب] [ইস্তাজ্লাবা] আমদানি করা, আনতে চাওয়া, পেতে চাওয়া, তলব করা, আকর্ষণ করা, লাভ করা

اِسْتَجْلَسَ (اِسْتِجْلَاس) [جلس] [ইস্তাজ্লাসা] বসতে বলা, বসাতে চাওয়া

اِسْتَجْلَى (اِسْتِجْلَاء) [جلو] [ইস্তাজ্লা] পরিষ্কার করতে চাওয়া, পরিষ্কার করা, উজ্জ্বল করা, আলোতে আনা, উদ্‌ঘাটিত করা

اِسْتَجَمَّ (اِسْتِجْمَام) [جمم] [ইস্তাজাম্মা] একত্রিত হওয়া, পূর্ণ মনোযোগ দেওয়া, আরাম করা, বিনোদন করা, গাছপালায় ভরে যাওয়া

[ইস্তাজ্মারা] মিলিত اِسْتَجْمَرَ (اِسْتِجْمَار) [جمر] হওয়া, একত্রিত হওয়া, শত্রুর ভূমি দখল করা (ধূপ দ্বারা) সুবাসিত করা, মলমূত্র ত্যাগের পর পাথর দ্বারা পবিত্র হওয়া

[ইস্তাজ্মা'আ] জমা اِسْتَجْمَعَ (اِسْتِجْمَاع) [جمع] করা, একত্র করা, জড়ো করা, সঞ্চয় করা, শামিল করা, সমষ্টি নির্ণয় করা

[ইস্তাজ্মা'লা] সুন্দর اِسْتَجْمَلَ (اِسْتِجْمَال) [جمل] মনে করা, সুন্দর দেখতে পাওয়া

[ইস্তাজান্না] আবৃত اِسْتَجَنَّ (اِسْتِجْنَان) [جنن] হওয়া, আচ্ছাদিত হওয়া, লুক্কায়িত হওয়া, পাগল মনে করা, উম্মাদ ভাবা

[ইস্তাজ্হাদা] اِسْتَجْهَدَ (اِسْتِجْهَاد) [جهد] فِي চিন্তা করা, মনোযোগ দেওয়া

[ইস্তাজ্হালা] মূর্খ اِسْتَجْهَلَ (اِسْتِجْهَال) [جهل] মনে করা, অজ্ঞ মনে করা

[ইস্তিজ্ওয়াব] اِسْتِجْوَاب ج اِسْتِجْوَابَات [جوب] জেরা, জিজ্ঞাসাবাদ, শুনানি, প্রশ্নোত্তর

تَصْرِيح [صرح] [তাছ্‌রীহ] স্পষ্টকরণ, ব্যক্তকরণ, ব্যাখ্যাকরণ, বর্ণনাদান, ঘোষণা

تَصْرِيح ج تَصْرِيحَات ، تَصَارِيح [তাছ্‌রীহ] বর্ণনা, ব্যাখ্যা, বিবৃতি, ঘোষণা, ছাড়পত্র, অনুমতি

تَصْرِيف ج تَصَارِيف [صرف] [তাছ্‌রীফ] কালের বিবর্তন, কালচক্র, পরিবর্তন, উত্থান-পতন, (ক্রিয়ার) রূপান্তর, পরিচালনা, চালুকরণ, নির্গত-করণ, মুক্তকরণ

تَصَعَّبَ (تَصَعُّب) [صعب] [তাছ‘‘আবা] কঠিন হওয়া, কষ্টসাধ্য হওয়া, কষ্টকর হওয়া

تَصَعَّدَ (تَصَعُّد) [صعد] [তাছ‘‘আদা] আরোহণ করা, ওপরে ওঠা, বৃদ্ধি পাওয়া, ধাপে ধাপে বাড়া, বাষ্পে পরিণত হওয়া

تَصَعَّرَ (تَصَعُّر) [صعر] [তাছ‘‘আরা] অহঙ্কারে গাল ঝুঁকানো

تَصَعْلَكَ (تَصَعْلُك) [صعلك] [তাছ‘লাকা] গরীব হওয়া, রিক্তহস্ত হওয়া, কপর্দকহীন হওয়া

تَصْعِيد [صعد] [তাছ্‌‘ঈদ] ঊর্ধ্বারোহণ, বৃদ্ধি-করণ, সম্প্রসারণ, বাষ্পে পরিণতকরণ

تَصْغِير [صغر] [তাছ্‌গীর] ক্ষুদ্রকরণ, ছোটকরণ, হ্রাসকরণ

اِسْم التَّصْغِير [ইস্‌মুত তাছ্‌গীর] ক্ষুদ্রত্ববাচক বিশেষ্য (ব্যা)

تَصَفَّحَ (تَصَفُّح) [صفح] [তাছফ্‌ফাহা] পর্যবেক্ষণ করা, খুঁটিয়ে দেখা, নিরীক্ষা করা, পরীক্ষা করা, পৃষ্ঠায় পৃষ্ঠায় পড়ে দেখা

تَصْفِيَة [صفو] [তাছ্‌ফিয়াহ] সাফকরণ, শোধন, পরিষ্কারকরণ, পরিষ্করণ, খতমকরণ, (হিসাব) চূড়ান্তকরণ, মিটানো

تَصْفِيف [صفف] [তাছ্‌ফীফ] বিন্যস্তকরণ, সারি-বদ্ধকরণ, বিন্যাস

تَصْفِيق ج تَصْفِيقَات [صفق] [তাছ্‌ফীক] করতালি, হাততালি

تَصَلَّبَ (تَصَلُّب) [صلب] [তাছল্লাবা] শক্ত হওয়া, কঠিন হওয়া, কঠোর হওয়া, অনমনীয় হওয়া, একগুঁয়ে হওয়া, শক্ত হয়ে যাওয়া, জমাট বাঁধা

تَصَلْصَلَ (تَصَلْصُل) [صلصل] [তাছলছলা] শব্দ করা, প্রতিধ্বনিত হওয়া, বাজা, বেজে ওঠা, ঝন ঝন করা

تَصَلَّفَ (تَصَلُّف) [صلف] [তাছল্লাফা] অহঙ্কার করা, বড়াই করা, দম্ভ করা, তর্জন-গর্জন করা

تَصَلَّى (تَصَلِّي) [صلي] [তাছল্লা] নিজেকে গরম করা, গা গরম করা, আগুন পোহানো

تَصْلِيَة [صلي] [তাছ্‌লিয়াহ] প্রজ্বলিতকরণ, দগ্ধ-করণ

تَصْمِيم ج تَصْمِيمَات ، تَصَامِيم [صمم] [তাছ্‌মীম] সঙ্কল্প, সিদ্ধান্ত, দৃঢ় অভিপ্রায়, পরিকল্পনা, রূপরেখা, নকশা

تَصَنَّعَ (تَصَنُّع) [صنع] [তাছন্না'আ] ভান করা, ছল করা, সাজা, কৃত্রিমতা করা

تَصَنَّفَ (تَصَنُّف) [صنف] [তাছন্নাফা] বিভিন্ন শ্রেণীতে বিভক্ত হওয়া, শ্রেণীবদ্ধ হওয়া, রচিত হওয়া

تَصْنِيع [صنع] [তাছ্‌নী'] শিল্পমুখীকরণ, শিল্প-সমৃদ্ধকরণ,শিল্পায়ন

تَصْنِيف [صنف] [তাছ্‌নীফ] শ্রেণীবিভাগ, রচনা, প্রণয়ন

تَصْنِيف ج تَصَانِيف ، تَصْنِيفَات [তাছ্‌নীফ] রচনা, সাহিত্যকর্ম, গ্রন্থ

تَصَوَّرَ (تَصَوُّر) [صور] [তাছওওয়ারা] চিন্তা করা, কল্পনা করা, খেয়াল করা, ভাবা, গঠিত হওয়া, আকৃতি পাওয়া

تَصَوُّر [صور] [তাছওউর] খেয়াল, কল্পনা, চিন্তা, ভাবনা, ধারণা

تَصَوَّفَ (تَصَوُّف) [صوف] [তাছওওয়াফা] সূফী হওয়া, আধ্যাত্মিক সাধনা করা

تَصَوُّف [صوف] [তাছওউফ] সূফীবাদ, অধ্যাত্ম-

বাদ, আধ্যাত্মিকতা, তাসাওউফ

تَصَوَّنَ (تَصَوُّن) [صون] [তাছওওয়ানা] নিজেকে রক্ষা করা, আত্মরক্ষা করা, রক্ষামূলক ব্যবস্থা নেওয়া, সতর্ক থাকা

تَصْوِيب [صوب] [তাছ্‌বীব] ঠিককরণ, শুদ্ধকরণ, নির্দেশকরণ, তাককরণ

تَصْوِيت [صوت] [তাছ্‌বীত] ভোটদান, মতদান

حَقّ التَّصْوِيت [হাক্কুত তাছ্‌বীত] ভোট দেওয়ার অধিকার, ভোটাধিকার

تَصْوِير [صور] [তাছ্‌বীর] চিত্রায়ন, অঙ্কন, বর্ণনা, চিত্রগ্রহণ, আকৃতিপ্রদান

تَصْوِير ج تَصَاوِير [তাছ্‌বীর] ছবি, চিত্র, আকৃতি, প্রতিকৃতি

تَصْوِيرَة ج تَصَاوِير [صور] [তাছ্‌বীরাহ্] ছবি, চিত্র, মূর্তি, ভাস্কর্য

تَصَيَّدَ (تَصَيُّد) [صيد] [তাছইয়াদা] শিকার করা, শিকার ধরা

تَصَيَّفَ (تَصَيُّف) [صيف] [তাছইয়াফা] গ্রীষ্মের ছুটি কাটানো, গ্রীষ্মকাল কাটানো

تَضَاءَلَ (تَضَاؤُل) [ضال] [তাদাআলা] ক্ষীণ হওয়া, দুর্বল হওয়া, ক্ষুদ্র হওয়া, স্বল্প হওয়া, সামান্য হওয়া, ক্ষয়প্রাপ্ত হওয়া, হ্রাসপ্রাপ্ত হওয়া

تَضَاؤُل [ضال] [তাদা'উল] ক্ষীণতা, স্বল্পতা, ক্ষুদ্রত্ব, ক্ষয়, হ্রাস

تَضَاحَكَ (تَضَاحُك) [ضحك] [তাদাহাকা] জোর করে হাসা, হাসাহাসি করা, কৌতুক করা

تَضَادّ [ضدد] [তাদাদ্দ] পরস্পরবিরোধিতা, বৈপরীত্য

تَضَادَّ (تَضَادّ) [ضدد] [তাদাদ্দা] পরস্পরবিরোধী হওয়া, একটি অন্যটির বিপরীত হওয়া

تَضَارَبَ (تَضَارُب) [ضرب] [তাদারবা] মারামারি করা, সংঘাতে লিপ্ত হওয়া, বিবাদ করা, বিরোধপূর্ণ হওয়া, পরস্পরবিরোধী হওয়া

تَضَارَسَ (تَضَارُس) [ضرس] [তাদারসা] বিবাদ করা, বিরোধে লিপ্ত হওয়া, মারামারি করা, দাঁত-দাঁত হওয়া, অসমান হওয়া

تَضَارَعَ (تَضَارُع) [ضرع] [তাদার'আ] একরকম হওয়া

تَضَارِيس [ضرس] [তাদারীস] উঁচু-নিচু ভূমি, ভূ-সংস্থান মানচিত্র, তরঙ্গায়িত রেখাসমূহ, উঁচু-নিচু নকশা

تَضَارِيس الْوَجْه [তাদারীসুল ওয়াজ্‌হি] ললাট-রেখাসমূহ

تَضَاعَفَ (تَضَاعُف) [ضعف] [তাদা'আফা] দ্বিগুণ হওয়া, অনেক বৃদ্ধি পাওয়া

تَضَاعِيف [ضعف] [তাদা'ঈফ] (বই ইত্যাদির) বিষয়বস্তু, ভিতরের বস্তু, ভাঁজ, পাট, লাইনের মধ্যবর্তী ফাঁক, মধ্য, ভিতর

تَضَاغَطَ (تَضَاغُط) [ضغط] [তাদাগাতা] ভিড় করা, চাপাচাপি করা, গাদাগাগি করা, ঠাসাঠাসি করা

تَضَاغَنَ (تَضَاغُن) [ضغن] [তাদাগানা] পরস্পর বিদ্বেষ পোষণ করা, একে অপরকে ঘৃণা করা

تَضَافَرَ (تَضَافُر) [ضفر] [তাদাফারা] একে অন্যকে সাহায্য করা, পরস্পর সহযোগিতা করা, একত্রে কাজ করা, সমবেত হওয়া, একত্রিত হওয়া, একীভূত হওয়া, একতাবদ্ধ হওয়া, সহযোগী হওয়া, সহযোগিতাপূর্ণ হওয়া

تَضَامَّ (تَضَامّ) [ضمم] [তাদাম্মা] একত্রিত হওয়া, মিলিত হওয়া, একীভূত হওয়া, চাপাচাপি করা, ঠাসাঠাসি করা, আঁটসাঁট হয়ে থাকা

تَضَامَنَ (تَضَامُن) [ضمن] [তাদামানা] পরস্পর জামিন হওয়া, যৌথ দায়িত্ব নেওয়া, সংহত হওয়া, সুসংহত হওয়া, ঐক্যবদ্ধ হওয়া

تَضَامُن [ضمن] [তাদামুন] পারস্পরিকতা, যৌথ দায়িত্ব, সংহতি, ঐক্য

تَضَايَقَ (تَضَايُق) [ضيق] [তাদায়াক্বা] রাগান্বিত হওয়া, সঙ্কীর্ণ হওয়া, বিরক্ত হওয়া

تَضَجَّرَ (تَضَجُّر) [ضجر] [তাদজ্জারা] বিরক্ত হওয়া, অসন্তুষ্ট হওয়া, রেগে যাওয়া

تَضَحْضَحَ (تَضَحْضُح) [ضحضح] [তাদহ্‌দাহা] কাঁপা, কম্পিত হওয়া, স্পন্দিত হওয়া

تَضَحَّكَ (تَضَحُّك) [ضحك] [তাদহ্‌হাকা] হাসা

تَضَحَّى (تَضَحِّي) [ضحو] [তাদহ্‌হা] সকালে আহার করা, সকালবেলায় ঘুমানো, রৌদ্রে বের হওয়া

تَضْحِيَة [ضحي] [তাদ্‌হিয়াহ্] কোরবানি, ত্যাগ, উৎসর্গ, বিসর্জন

تَضَخَّمَ (تَضَخُّم) [ضخم] [তাদখ্‌খামা] স্ফীত হওয়া, ফুলে ওঠা, বৃদ্ধি পাওয়া, বড় হওয়া

تَضَخُّم [ضخم] [তাদখ্‌খুম] বৃদ্ধি, বর্ধন, স্ফীতি, মুদ্রাস্ফীতি

تَضَرَّجَ (تَضَرُّج) [ضرج] [তাদর্‌রজা] বিদীর্ণ হওয়া, ফেটে যাওয়া, (ফুল) ফোটা, সাজ-সজ্জা করা, রূপসজ্জা করা, লাল হওয়া

تَضَرَّجَ بِالدَّمِ [-- বিদ-দাম] রক্তের দাগযুক্ত হওয়া, রক্তরঞ্জিত হওয়া, রক্তমাখা হওয়া

تَضَرَّرَ (تَضَرُّر) [ضرر] [তাদর্‌ররা] ক্ষতিগ্রস্ত হওয়া

تَضَرَّعَ (تَضَرُّع) [ضرع] [তাদর্‌র'আ] মিনতি করা, অনুনয় করা, বিনীত হওয়া

تَضَرُّع [ضرع] [তাদর্‌রু'] মিনতি, অনুনয়, বিনয়

تَضَرَّمَ (تَضَرُّم) [ضرم] [তাদর্‌রমা] জ্বলে ওঠা, প্রজ্বলিত হওয়া, ক্রুদ্ধ হওয়া, ক্ষিপ্ত হওয়া

تَضْرِيس ج تَضَارِيس [ضرس] [তাদ্‌রীস] খাঁজ, আল, সূক্ষ্ম প্রান্ত, দাঁত

تَضَعْضَعَ (تَضَعْضُع) [ضعضع] [তাদ'দ'আ] ক্ষয়-প্রাপ্ত হওয়া, ধ্বংস হওয়া, অধঃপাতে যাওয়া, দুর্বল হওয়া, বিলুপ্ত হওয়া, ব্যর্থ হওয়া, ছড়িয়ে যাওয়া

تَضَعَّفَ (تَضَعُّف) [ضعف] [তাদ''আফা] দুর্বল দেখতে পাওয়া, দুর্বল মনে করা

تَضْعِيف [ضعف] [তাদ্'ঈফ] গুণকরণ, দ্বিগুণ-করণ, বহুগুণকরণ, বৃদ্ধিকরণ

تَضَلَّعَ (تَضَلُّع) [ضلع] مِنْ [তাদল্লা'আ] পারদর্শী হওয়া, দক্ষতা অর্জন করা, দক্ষতা রাখা, সুদক্ষ হওয়া, সুযোগ্য হওয়া, দখল থাকা, ভালভাবে আয়ত্ত করা

تَضَلُّع [ضلع] [তাদল্লু'] পারদর্শিতা, দক্ষতা, যোগ্যতা, দখল, আয়ত্ত

تَضْلِيل [ضلل] [তাদ্‌লীল] বিভ্রান্তকরণ, বিপথ-গামীকরণ, ভ্রষ্টতা, বিভ্রান্তি, ব্যর্থতা

تَضَمَّخَ (تَضَمُّخ) [ضمخ] بِـ [তাদম্মাখা] (সুগন্ধি) মাখানো, লাগানো, সুগন্ধিযুক্ত হওয়া

تَضَمَّدَ (تَضَمُّد) [ضمد] [তাদম্মাদা] পটি-বাঁধা হওয়া, ব্যাণ্ডেজযুক্ত হওয়া

تَضَمَّرَ (تَضَمُّر) [ضمر] [তাদম্মারা] কৃশ হওয়া, শীর্ণ হওয়া, শুকিয়ে যাওয়া, কাহিল হওয়া

تَضَمَّنَ (تَضَمُّن) [ضمن] [তাদম্মানা] অন্তর্ভুক্ত করা, শামিল করা, ধারণ করা, অন্তর্ভুক্ত হওয়া

تَضَمُّن [ضمن] [তাদম্মুন] অন্তর্ভুক্তকরণ, ধারণ, শামিলকরণ, অন্তর্ভুক্তি

تَضْمِيد [ضمد] [তাদ্‌মীদ] পটিবাঁধন, ব্যাণ্ডেজ-করণ, ড্রেসিং

تَضْمِين [ضمن] [তাদ্‌মীন] প্রবিষ্টকরণ, অন্তর্ভুক্ত-করণ, জরিমানাকরণ, নিয়ন্ত্রণ, পরিবর্তন

تَضَنَّى (تَضَنِّي) [ضنو] [তাদন্না] অসুস্থতার ভান করা, রুগ্ন সাজা

تَضَوَّرَ (تَضَوُّر) [ضور] [তাদওওয়ারা] (যন্ত্রণায়) ছটফট করা, গড়াগড়ি দেওয়া

تَضَوَّعَ (تَضَوُّع) [ضوع] [তাদওওয়া'আ] (সুরভি) ছড়ানো, বিচ্ছুরিত হওয়া, ছড়িয়ে যাওয়া, (পাখির ছানা) মায়ের থেকে খাওয়ার সময়ে ডানা ছড়িয়ে দেওয়া

تَضَوُّع [ضوع] [তাদওবু'] (সুরভির) বিচ্ছুরণ, (পাখির ছানার) ডানা প্রসারণ

تَضَيَّعَ (تَضَيُّع) [ضيع] [তাদইয়া'আ] (সুরভি) ছড়ানো, বিচ্ছুরিত হওয়া, ছড়িয়ে যাওয়া

تَضَيُّع [ضيع] [তাদইয়ু'] (সুরভির) বিচ্ছুরণ

تَضَيَّفَ (تَضَيُّف) [ضيف] [তাদইয়াফা] অতিথি হিসেবে আগমন করা, মেহমান হওয়া, আতিথ্য চাওয়া, ঝুঁকে পড়া

تَضَيَّقَ (تَضَيُّق) [ضيق] [তাদইয়াকা] সঙ্কটাপন্ন হওয়া, সঙ্কটে পড়া, সঙ্কীর্ণ হওয়া, সঙ্কুচিত হওয়া

تَضَيُّق [ضيق] [তাদইয়ুক] সংকোচন, সঙ্কীর্ণতা, সঙ্কট

تَضْيِيق [ضيق] [তাদ্‌য়ীক] সংকীর্ণকরণ, সংকুচিত-করণ, সংকোচন, সংকটাপন্নকরণ, কড়াকড়ি-করণ, দমন, নিয়ন্ত্রণ

تَطَابَقَ (تَطَابُق) [طبق] [তাতাবাকা] সাদৃশ্যপূর্ণ হওয়া, মিলপূর্ণ হওয়া, সঙ্গতিপূর্ণ হওয়া, এক-রকম হওয়া, স্তরে স্তরে বিন্যস্ত হওয়া

تَطَابُق [طبق] [তাতাবুক] সামঞ্জস্য, আনুরূপ্য, সাদৃশ্য, মিল, সঙ্গতি, স্তরে স্তরে বিন্যাস

تَطَاحَنَ (تَطَاحُن) [طحن] [তাতা্হানা] ঝগড়া করা, বিবাদ-বিতণ্ডা করা, সংঘাতে লিপ্ত হওয়া

تَطَارَحَ (تَطَارُح) [طرح] [তাতারহা] বিনিময় করা, আন্তপরিবর্তন করা, মতামত বিনিময় করা

تَطَارَدَ (تَطَارُد) [طرد] [তাতারদা] একে অন্যকে তাড়িয়ে দেওয়া, পিছনে আসা, পরে আসা

تَطَارَقَ (تَطَارُق) [طرق] [তাতারক্বা] পরে আসা, পিছনে আসা, (উট) একটির পিছনে আরেকটি চলা

تَطَاعَنَ (تَطَاعُن) [طعن] [তাতা'আনা] পরস্পর খোঁচা মারা, একে অন্যকে আক্রমণ করা

تَطَاغَى (تَطَاغِي) [طغو] [তাতাগা] (তরঙ্গ) উত্তাল হওয়া

تَطَالَّ (تَطَالّ) [طلل] [তাতাল্লা] (দূরের জিনিস) দেখার জন্য গ্রীবা প্রসারিত করা, ঘাড় বাড়ানো

تَطَامَنَ (تَطَامُن) [طمن] [তাতামানা] নিচু হওয়া, নিম্ন হওয়া, শান্ত হওয়া

تَطَاوَلَ (تَطَاوُل) [طول] [তাতাওয়ালা] দীর্ঘায়িত হওয়া, প্রলম্বিত হওয়া, প্রসারিত হওয়া

تَطَاوَلَ عَلَى [-- 'আলা] ধৃষ্টতা দেখানো, বাড়াবাড়ি করা

تَطَايَرَ (تَطَايُر) [طير] [তাতায়ারা] ওড়া, উড়ে যাওয়া, ছড়িয়ে যাওয়া, বিক্ষিপ্ত হওয়া, উপরে ওঠা, বাষ্প হওয়া

تَطَأْمَنَ (تَطَأْمُن) [طمن] [তাত'মানা] নিচু হওয়া, নিম্ন হওয়া, শান্ত হওয়া

تَطَبَّبَ (تَطَبُّب) [طيب] [তাতব্বাবা] নিজের চিকিৎসা করা, চিকিৎসা পাওয়া, চিকিৎসাপ্রাপ্ত হওয়া, চিকিৎসাধীন হওয়া

تَطَبَّعَ (تَطَبُّع) [طبع] [তাতব্বা'আ] অভ্যস্ত হওয়া, স্বভাব পাওয়া, চরিত্রে চরিত্রবান হওয়া, চারিত্রিক বৈশিষ্ট্য লাভ করা, স্বভাবগত হওয়া, খাপ খাওয়া

تَطَبَّقَ (تَطَبُّق) [طبق] [তাতব্বাক্বা] বদ্ধ হওয়া, বদ্ধ হয়ে যাওয়া, স্তরে স্তরে বিন্যস্ত হওয়া

تَطَبَّلَ (تَطَبُّل) [طبل] [তাতব্বালা] (পেট) ফাঁপ দেওয়া, ফুলে ওঠা

تَطْبِيب [طبب] [তাত্বীব] ডাক্তারিকরণ, ডাক্তারি, চিকিৎসাকরণ, চিকিৎসাদান

تَطْبِيع [طبع] [তাত্বী'] স্বাভাবিককরণ, স্বভাবগতকরণ

تَطْبِيق [طبق] [তাত্বীক] সামঞ্জস্যবিধান, সমন্বয়-সাধন, প্রয়োগ, ব্যবহার, বাস্তবায়ন, অনুশীলন, পালন

تَطْبِيقِيّ [তাত্বীক্বী] ব্যবহারিক, প্রায়োগিক, ফলিত (বিদ্যা)

تَطَحَّنَ (تَطَحُّن) [طحن] [তাতাহ্হানা] চূর্ণিত হওয়া, চূর্ণ হওয়া

تَطَرَّبَ (تَطَرُّب) [طرب] [তাতররবা] উৎফুল্ল হওয়া, প্রফুল্ল হওয়া, উল্লসিত হওয়া, আনন্দে নাচা

تَطَرَّزَ (تَطَرُّز) [طرز] [তাতররযা] সেলাইকৃত হওয়া, নকশিকৃত হওয়া, সজ্জিত হওয়া, অলংকৃত হওয়া, সাজগোছ করা, সাজসজ্জা করা

تَطَرَّفَ (تَطَرُّف) [طرف] [তাতররফা] উগ্রপন্থী হওয়া, উগ্রবাদী হওয়া, চরমপন্থী হওয়া, বাড়াবাড়ি করা

تَطَرُّف [طرف] [তাতররুফ] চরমপন্থা, উগ্রপন্থা, বাড়াবাড়ি, উগ্রবাদ

تَطَرُّفِيّ [তাতররুফী] চরমপন্থী, উগ্রপন্থী, উগ্রবাদী

تَطَرُّفِيَّة [طرف] [তাতররুফিয়্যাহ] চরমপন্থা, উগ্রপন্থা, বাড়াবাড়ি, উগ্রবাদ

تَطَرَّقَ (تَطَرُّق) [طرق] إِلَى [তাতররক্বা] স্পর্শ করা, ধরে দেখা, কাছে যাওয়া, আসা, পৌঁছা, প্রবৃত্ত হওয়া, প্রবেশ করা

تَطْرِيز [طرز] [তাত্রীয] সেলাইকরণ, নকশিকরণ, সজ্জিতকরণ, সেলাইয়ের কাজ, নকশিকর্ম

تَطَعَّمَ (تَطَعُّم) [طعم] [তাত''আমা] স্বাদ লওয়া, চেখে দেখা, কলম-কাটা হওয়া, টিকা লওয়া

تَطْعِيم [طعم] [তাত্'ঈম] (গাছে) কলমকাটন, কলম, (দেহে) টিকাদান, প্রতিরোপণ, প্রতিস্থাপন

تَطَفَّلَ (تَطَفُّل) [طفل] [তাতফ্ফালা] শিশুদের স্বভাব গ্রহণ করা, শিশুসুলভ আচরণ করা, পরজীবী হওয়া, পরগাছা হওয়া, পরান্নভোজী হওয়া, অন্যের গলগ্রহ হওয়া

تَطَفَّلَ عَلَى [-- 'আলা] অনাহূতভাবে প্রবেশ করা, অনধিকার চর্চা করা

تَطَفُّلِيّ [তাতফ্ফুলী] অনাহূত, পরজীবী, পরগাছা

تَطْفِيف [طفف] [তাত্ফীফ] কমপ্রদান, কার্পণ্য

التَّطْفِيف [طفف] [আত-তাত্ফীফ] সূরা আত-তাত্ফীফঃ পবিত্র কোরআনের ৮৩তম সূরা

تَطَلَّبَ (تَطَلُّب) [طلب] [তাতল্লাবা] দাবি করা, চাওয়া, পেতে চাওয়া, প্রয়োজন বোধ করা

تَطَلَّسَ (تَطَلُّس) [طلس] [তাতল্লাসা] তইলাসান (পুরুষের লম্বা চাদরবিশেষ) পরিধান করা, (লেখা) মুছে যাওয়া

تَطَلَّعَ (تَطَلُّع) [طلع] إِلَى [তাতল্লা'আ] তাকানো, দৃষ্টি নিবদ্ধ করা, তাকিয়ে থাকা, চেয়ে থাকা, কামনা করা, প্রত্যাশা করা, মনোযোগ দেওয়া

تَطَلُّع ج تَطَلُّعَات [طلع] [তাতল্লু'] কৌতূহল, উৎসাহ, উদ্যম, আশা, প্রত্যাশা, কামনা

تَطَلَّقَ (تَطَلُّق) [طلق] [তাতল্লাক্বা] (মুখমণ্ডল) হাসি-খুশি হওয়া, প্রফুল্ল হওয়া, প্রসন্ন হওয়া, দ্রুত চলা, অনায়াসে লক্ষ্যে পৌঁছা

تَطْلِيق [طلق] [তাত্লীক] মুক্তিদান, তালাকপ্রদান, তালাক

تَطَمَّسَ (تَطَمُّس) [طمس] [তাতম্মাসা] নিশ্চিহ্ন হওয়া, মুছে যাওয়া

تَطَمَّعَ (تَطَمُّع) [طمع] [তাতম্মা'আ] লোভ করা, পেতে চাওয়া, কামনা করা

تَطَهَّرَ (تَطَهُّر) [طهر] [তাতহ্হারা] পবিত্র হওয়া, পরিষ্কার হওয়া, শোধিত হওয়া, পরিশুদ্ধ হওয়া

تَطْهِير [طهر] [তাত্হীর] পরিষ্করণ, পবিত্রকরণ, পরিশুদ্ধকরণ, শোধন, খাতনাকরণ

تَطْوَاف [طوف] [তাত্ওয়াফ] আবর্তন, ঘূর্ণন, প্রদক্ষিণ, চক্কর, পরিভ্রমণ, ভ্রমণ

تَطَوَّحَ (تَطَوُّح) [طوح] [তাতওওয়াহা] হোঁচট খাওয়া, পড়ে যাওয়া, ঘুরে বেড়ানো

تَطَوَّدَ (تَطَوُّد) [طود] [তাতওওয়াদা] ভ্রমণ করা, পরিভ্রমণ করা, ঘুরে বেড়ানো

تَطَوَّرَ (تَطَوُّر) [طور] [তাতওওয়ারা] ত্বরান্বিত হওয়া, উন্নত হওয়া, বিকাশলাভ করা, বিবর্তিত হওয়া

تَطَوُّر ج تَطَوُّرَات [طور] [তাতওবুর] ক্রমবিকাশ, বিবর্তন, উত্তরণ, উন্নয়ন, বিকাশ, অগ্রগতি, উন্নতি

تَطَوُّرِيّ [তাতওবুরী] উন্নয়ন-বিষয়ক, উন্নয়নমূলক, বিকাশমূলক, বিবর্তনমূলক

تَطَوُّرِيَّة [طور] [তাতওবুরিয়্যাহ] বিবর্তনবাদ

تَطَوَّسَ (تَطَوُّس) [طوس] [তাতওওয়াসা] সজ্জিত হওয়া, অলংকৃত হওয়া, সাজগোছ করা, সাজসজ্জা করা, রূপসজ্জা করা, গর্বভরে চলা

تَطَوَّعَ (تَطَوُّع) [طوع] [তাতওওয়া'আ] অনুগত হওয়া, স্বেচ্ছায় কাজ করা, স্বেচ্ছাসেবক হওয়া, নফল কাজ করা

تَطَوُّع [طوع] [তাতওবু'] স্বেচ্ছাসেবা, স্বেচ্ছাশ্রম, বাড়তি কাজ, নফল কাজ, আনুগত্য

تَطَوُّعِيّ [তাতওবু'ঈ] স্বেচ্ছামূলক, স্বপ্রণোদিত, ঐচ্ছিক, স্বতঃপ্রবৃত্ত

تَطَوَّفَ (تَطَوُّف) [طوف] [তাতওওয়াফা] ঘুরে বেড়ানো, প্রদক্ষিণ করা, তওয়াফ করা

تَطَوَّقَ (تَطَوُّق) [طوق] [তাতওওয়াক্বা] গলাবন্ধ পরিধান করা, হার পরা, (সাপ) কুণ্ডলী পাকানো

تَطَوَّى (تَطَوِّي) [طوي] [তাতওওয়া] পেঁচযুক্ত হওয়া, পাক খাওয়া, মোচড় খাওয়া, কুঁচকানো

تَطْوِيب [طوب] [তাত্বীব] রেজিস্ট্রিকরণ, রেজিস্ট্রেশন, রেজিস্ট্রি

تَطْوِير [طور] [তাত্বীর] ত্বরান্বিতকরণ, অগ্রসরকরণ, উন্নতকরণ, উন্নতি, উন্নয়ন, বিকাশ

تَطْوِيع [طوع] [তাত্বী'] বশীভূতকরণ, বশে আনয়ন, অধীনকরণ, তালিকাভুক্তকরণ

تَطْوِيل [طول] [তাত্বীল] দীর্ঘকরণ, দীর্ঘায়িতকরণ, প্রলম্বিতকরণ

تَطَيَّبَ (تَطَيُّب) [طيب] [তাতইয়াবা] সুবাসিত হওয়া, সুগন্ধযুক্ত হওয়া

تَطَيَّرَ (تَطَيُّر) [طير] بِ ، مِنْ [তাতইয়ারা] অশুভ মনে করা, অশুভ লক্ষণ দেখা, দুঃখবাদী হওয়া

تَطَيَّفَ (تَطَيُّف) [طوف] [তাতইয়াফা] অধিক পরিভ্রমণ করা, বেশী প্রদক্ষিণ করা

تَطَيْلَسَ (تَطَيْلُس) [طلس] [তাতইলাসা] তইলাসান (পুরুষের লম্বা চাদরবিশেষ) পরিধান করা

تَظَارَفَ (تَظَارُف) [ظرف] [তাযারফা] বুদ্ধিমান চতুর বা রসিক হওয়ার ভান করা, চাতুর্য দেখানো, রসিক সাজা

تَظَافَرَ (تَظَافُر) [ظفر] [তাযাফারা] একে অন্যাকে

সাহায্য করা, সহযোগিতা করা, একত্রিত হওয়া, সমবেত হওয়া, ঐক্যবদ্ধ হওয়া, সংঘবদ্ধ হওয়া

تَظَاهَرَ (تَظَاهُر) [ظهر] [তাযাহারা] বিক্ষোভ প্রদর্শন করা, প্রকাশ পাওয়া, ভান করা, দাবি করা, একে অপরকে সাহায্য করা

تَظَاهُر [ظهر] [তাযাহুর] ভান, দাবি, বিক্ষোভ প্রদর্শন, পারস্পরিক সহায়তা

تَظَاهُر ج تَظَاهُرَات [ظهر] [তাযাহুর] বিক্ষোভ, গণবিক্ষোভ, সমাবেশ, দাবি

تَظَاهُرَة ج تَظَاهُرَات [ظهر] [তাযাহুরাহ] বিক্ষোভ, গণবিক্ষোভ, সমাবেশ, দাবি

تَظَرَّفَ (تَظَرُّف) [ظرف] [তাযররফা] বুদ্ধিমান চতুর বা রসিক হওয়ার ভান করা, চাতুর্য দেখানো, রসিক সাজা

تَظَلَّلَ (تَظَلُّل) [ظلل] بِ [তাযল্লালা] ছায়াপ্রাপ্ত হওয়া, ছায়া পাওয়া, ছায়ায় বসা

تَظَلَّمَ (تَظَلُّم) [ظلم] مِنْ [তাযল্লামা] অভিযোগ করা, জুলুমের অভিযোগ করা, প্রতিবাদ করা

تَظْلِيل [ظلل] [তায্‌লীল] ছায়াদান, ছায়াপ্রদান, আশ্রয়দান

تَظَمَّأَ (تَظَمُّؤ) [ظمأ] [তাযম্মাআ] পিপাসা সহ্য করা, তৃষ্ণায় ধৈর্যধারণ করা

تَظْهِير [ظهر] [তায্‌হীর] পৃষ্ঠার পিছনে লিখন বা স্বাক্ষরকরণ, এনডোর্সকরণ

تَعَاتَبَ (تَعَاتُب) [عتب] [তা'আতাবা] পরস্পর তিরস্কার করা, একে অপরকে ভর্ৎসনা করা

تَعَاجَلَ (تَعَاجُل) [عجل] [তা'আজালা] দ্রুত চলা, গতি লাভ করা, তাড়াহুড়া করা

تَعَادَلَ (تَعَادُل) [عدل] [তা'আদালা] সমমান হওয়া, সমান হওয়া, সমান-সমান হওয়া, ভার-সাম্যপূর্ণ হওয়া, নিরপেক্ষ হওয়া

تَعَادَى (تَعَادِي ، تَعَادٍ) [عدو] [তা'আদা] একে অপরের শত্রুতা করা, পরস্পর শত্রু হওয়া

تَعَاذَلَ (تَعَاذُل) [عذل] [তা'আযালা] পরস্পর নিন্দা তিরস্কার দোষারোপ বা ভর্ৎসনা করা

تَعَارَجَ (تَعَارُج) [عرج] [তা'আরজা] খোঁড়া হওয়ার ভান করা, খোঁড়া সাজা

تَعَارَضَ (تَعَارُض) [عرض] [তা'আরদা] পরস্পর বিরোধিতা করা, পরস্পরবিরোধী হওয়া

تَعَارُض [عرض] [তা'আরুদ] পরস্পরবিরোধিতা, অসঙ্গতি

تَعَارَفَ (تَعَارُف) [عرف] [তা'আরফা] পরস্পর পরিচিত হওয়া, একে অপরকে চেনা বা জানা

تَعَارُف [عرف] [তা'আরুফ] পারস্পরিক পরি-চিতি, পরিচয়

تَعَارَكَ (تَعَارُك) [عرك] [তা'আরকা] পরস্পর যুদ্ধ করা, যুদ্ধে লিপ্ত হওয়া

تَعَارِيج [عرج] [তা'আরীজ] আঁকাবাঁকা পথ, আঁকাবাঁকা রেখা, বাঁকসমূহ, পাকসমূহ, তরঙ্গ-মালা, জটিলতাসমূহ, সমস্যাবলী

تَعَازَلَ (تَعَازُل) [عزل] [তা'আযালা] পরস্পর বিচ্ছিন্ন হওয়া, একে অপরের থেকে দূরে যাওয়া

تَعَازَى (تَعَازِي) [عزي] [তা'আযা] একে অন্যকে সান্ত্বনা দেওয়া, পরস্পর প্রবোধ দেওয়া

تَعَاسَة [تعس] [তা'আসাহ] দুঃখ, কষ্ট, দুর্দশা, দুর্ভাগ্য, দুর্বিপাক

تَعَاسَرَ (تَعَاسُر) [عسر] [তা'আসারা] পরস্পর কঠোর আচরণ করা, একে অপরকে কষ্ট দেওয়া

تَعَاسَرَ عَلَى [-- 'আলা] কঠিন হওয়া, দুর্বোধ্য হওয়া, জটিল হওয়া

تَعَاشَرَ (تَعَاشُر) [عشر] [তা'আশারা] একসঙ্গে বাস করা, পরস্পর সঙ্গী হওয়া, একত্রে থাকা

تَعَاصَرَ (تَعَاصُر) [عصر] [তা'আছরা] সমকালীন হওয়া, একই যুগের হওয়া, সমসাময়িক হওয়া

تَعَاصَى (تَعَاصِي) [عصي] [তা'আছা] অবাধ্য হওয়া, আনুগত্য অস্বীকার করা, বিরোধিতা করা

تَعَاضَّ (تَعَاضّ) [عضض] [তা'আদ্দা] একজন আরেকজনকে কামড়ানো, কামড়া-কামড়ি করা

تَعَاضَدَ (تَعَاضُد) [عضد] [তা'আদদা] পরস্পর সহায়তা বা সমর্থন করা, সহযোগিতা করা

تَعَاضُد [عضد] [তা'আদুদ] পারস্পরিক সহায়তা, সহযোগিতা

تَعَاطَفَ (تَعَاطُف) [عطف] [তা'আতফা] পরস্পর সহানুভূতিশীল হওয়া, সমব্যথী হওয়া, হেলেদুলে চলা

تَعَاطُف [عطف] [তা'আতুফ] সহানুভূতি, সম-

বেদনা, সহমর্মিতা

تَعَاطَى (تَعَاطِي) [عطو] [তা'আতা] গ্রহণ করা, চর্চা করা, অনুশীলন করা, অভ্যাস করা, লিপ্ত হওয়া, আত্মনিয়োগ করা, আসক্ত হওয়া

تَعَاطِي ، تَعَاطٍ [عطو] [তা'আতী] অনুশীলন, চর্চা, অভ্যাস

تَعَاظَمَ (تَعَاظُم) [عظم] [তা'আযমা] বড় হওয়া, অহংকারী হওয়া, বৃদ্ধি পাওয়া, বেশী হওয়া

تَعَافَى (تَعَافِي) [عفو] [তা'আফা] আরোগ্য লাভ করা, সুস্থ হয়ে ওঠা

تَعَافِي ، تَعَافٍ [عفو] [তা'আফী] আরোগ্যলাভ, আরোগ্য, সুস্থতা

تَعَاقَبَ (تَعَاقُب) [عقب] [তা'আক্বাবা] একের পর এক আসা, পরপর ঘটা, একটির পিছনে আরেকটি আসা, পারস্পরিকভাবে আসা, পর্যায়-ক্রমে আসা, পালাক্রমে আসা

تَعَاقُب [عقب] [তা'আকুব] পর্যায়ক্রম, পালাক্রম, পরম্পরা, ক্রমানুবর্তিতা, একের পর এক আগমন, পরপর সংঘটন

بِالتَّعَاقُب [বিত-তা'আকুব] পরপর, একের পর এক, পর্যায়ক্রমে, পালাক্রমে, পারস্পরিকভাবে

تَعَاقُبِيّ [তা'আকুবী] পর্যায়ক্রমিক, পালাক্রমিক, পারস্পরিক

تَعَاقَدَ (تَعَاقُد) [عقد] [তা'আক্বাদা] চুক্তি করা, পরস্পর চুক্তি করা, চুক্তিবদ্ধ হওয়া

تَعَاكَسَ (تَعَاكُس) [عكس] [তা'আকাসা] উল্টা হওয়া, উল্টে যাওয়া, প্রতিফলিত হওয়া

تَعَالَ ج تَعَالَوْا [علو] [তা'আলা] আস, এসো, এদিকে এসো

تَعَالَجَ (تَعَالُج) [علج] [তা'আলাজা] চিকিৎসা লাভ করা, চিকিৎসাপ্রাপ্ত হওয়া, নিজের চিকিৎসা করানো, চিকিৎসাধীন থাকা

تَعَالَمَ (تَعَالُم) [علم] [তা'আলামা] জ্ঞানী হওয়ার দাবি বা ভান করা, জ্ঞান থাকা, জানা

تَعَالَى (تَعَالِي) [علو] [তা'আলা] উঁচু হওয়া, উচ্চ হওয়া, বড় হওয়া, ঊর্ধ্বে হওয়া, শ্রেষ্ঠ হওয়া, মহান হওয়া

تَعَالِيم (تَعْلِيم) [علم] [তা'আলীম] শিক্ষাসমূহ, নির্দেশাবলী, উপদেশাবলী, মতবাদ

تَعَامَشَ (تَعَامُش) [عمش] [তা'আমাশা] উপেক্ষা করা, ভ্রূক্ষেপ না করা, না জানার ভান করা

تَعَامَلَ (تَعَامُل) [عمل] [তা'আমালা] পারস্পরিক লেনদেন করা, একে অন্যের প্রতি আচরণ করা, একত্রে কাজ করা

تَعَامُل ج تَعَامُلَات [عمل] [তা'আমুল] লেনদেন, পারস্পরিক আচরণ, রীতিনীতি

تَعَامَهَ (تَعَامُه) [عمه] [তা'আমাহা] দিশেহারা হওয়া, হতবুদ্ধি হওয়া, হতভম্ব হওয়া

تَعَامَى (تَعَامِي) [عمي] [তা'আমা] অন্ধ সাজা, না দেখার ভান করা

تَعَانَدَ (تَعَانُد) [عند] [তা'আনাদা] একে অন্যের বিরোধিতা করা, পরস্পর বিরোধ করা

تَعَانَقَ (تَعَانُق) [علق] [তা'আনাক্বা] পরস্পর আলিঙ্গন করা, কোলাকুলি করা

تَعَاهَدَ (تَعَاهُد) [عهد] [তা'আহাদা] দেখাশুনা করা, পরস্পর প্রতিশ্রুতিবদ্ধ হওয়া, পরস্পর চুক্তিবদ্ধ হওয়া

تَعَاوَنَ (تَعَاوُن) [عون] [তা'আওয়ানা] পরস্পর সাহায্য করা, একে অপরকে সহায়তা দেওয়া, সহযোগিতা করা, সমবায় করা

تَعَاوُن [عون] [তা'আবুন] পারস্পরিক সহায়তা, সহযোগিতা, সমবায়

بِالتَّعَاوُن مَعَ [বিত-তা'আবুন মা'আ] সহযোগিতায়

تَعَاوُنِيّ مث تَعَاوُنِيَّة [তা'আবুনী] সহযোগিতা-মূলক, সমবায়মূলক

جَمْعِيَّة تَعَاوُنِيَّة [জাম'ইয়্যাহ তা'আবুনিয়্যাহ] সমবায় সমিতি

تَعَاوُنِيَّات [عون] [তা'আবুনিয়্যাত] সমবায়, সমবায় সমিতি

تَعَايَبَ (تَعَايُب) [عيب] [তা'আয়াবা] পরস্পর দোষারোপ করা, একে অন্যকে দোষ দেওয়া

تَعَايَرَ (تَعَايُر) [عير] [তা'আয়ারা] একে অন্যকে দোষ দেওয়া, পরস্পর দোষারোপ করা, একে অন্যের নিন্দা করা

تَعَايَشَ (تَعَايُش) [عيش] [তা'আয়াশা] একত্রে বসবাস করা, সহ-অবস্থান করা

تَعَايُش [عيش] [তা'আয়ুশ] একত্রে বসবাস,

সহাবস্থান

[তা'আয়ুশ সিল্‌মী] শান্তিপূর্ণ সহাবস্থান تَعَايُش سِلْمِيّ

[তা'আব] ক্লান্তি, কষ্ট, ক্লেশ, শ্রান্তি, পরিশ্রম تَعَب ج أَتْعَاب

[তা'ইব] ক্লান্ত, শ্রান্ত, পরিশ্রান্ত تَعِب

[তা'ইবা] ক্লান্ত হওয়া, শ্রান্ত হওয়া, পরিশ্রান্ত হওয়া, কষ্ট করা تَعِبَ (س) (تَعَب)

[তা'বান] ক্লান্ত, শ্রান্ত, পরিশ্রান্ত تَعْبَان [تعب]

[তা'বিআহ] ভরাটকরণ, পূর্ণকরণ, বোঝাইকরণ, ভর্তি, ভরাট, বোঝাই, পূর্তি, তালিকাভুক্তি تَعْبِئَة [عبأ]

[তা'আব্বাদা] এবাদত করা, বন্দেগি করা, ধার্মিক হওয়া, (রাস্তা) সুগম হওয়া تَعَبَّدَ (تَعَبُّد) [عبد]

[তা'আব্বাসা] ভ্রূকুটি করা, মুখ মলিন করা, গোমড়ামুখো হওয়া, রূঢ় হওয়া تَعَبَّسَ (تَعَبُّس) [عبس]

[তা'বীদ] (রাস্তা) সুগমকরণ, দাসে পরিণতকরণ تَعْبِيد [عبد]

[তা'বীদাহ] দাসত্ব, আনুগত্য تَعْبِيدَة [عبد]

[তা'বীর] প্রকাশ, প্রকাশরীতি, অভিব্যক্তি, বাচনভঙ্গি, অর্থ, ব্যাখ্যা, (স্বপ্নের) তাৎপর্য ব্যাখ্যা, তাবীর تَعْبِير [عبر]

[তা'বীরী] প্রকাশমূলক, প্রকাশ-সম্বন্ধীয়, অভিব্যক্তিমূলক, expressional تَعْبِيرِيّ

[তা'বীরিয়্যাহ] অভিব্যক্তিবাদ, অন্তরভিব্যক্তিবাদ, expressionism تَعْبِيرِيَّة [عبر]

[তা'আত্তাবা] তিরস্কার করা, ভর্ৎসনা করা تَعَتَّبَ (تَعَتُّب) [عتب]

[তা'তা'আ] তোতলানো, তো তো করে বলা, আলোড়িত হওয়া تَعْتَعَ (تَعْتَعَة)

[তা'আত্তাহা] বুদ্ধি কম থাকা, স্বল্পবুদ্ধি হওয়া, পাগল হওয়া, অজ্ঞ হওয়া تَعَتَّهَ (تَعَتُّه) [عته]

[-- 'আন] না জানার ভান করা, ভ্রূক্ষেপ না করা, উপেক্ষা করা تَعَتَّهَ عَنْ

[তা'তীম] অন্ধকারকরণ, অস্পষ্টকরণ, নিষ্প্রদীপকরণ تَعْتِيم [عتم]

[তা'আছ্‌ছারা] হোঁচট খাওয়া, পিছলে পড়া, পড়ে যাওয়া, পতন হওয়া, তোতলানো, বাধাপ্রাপ্ত হওয়া تَعَثَّرَ (تَعَثُّر) [عثر]

[তা'আজ্জাবা] বিস্মিত হওয়া, অবাক হওয়া, আশ্চর্যান্বিত হওয়া تَعَجَّبَ (تَعَجُّب) [عجب]

[তা'আজ্জুব] বিস্ময়, আশ্চর্য, তাজ্জব تَعَجُّب [عجب]

['আলামাতুত তা'আজ্জুব] বিস্ময়সূচক চিহ্ন, আশ্চর্যবোধক চিহ্ন (!) عَلَامَة التَّعَجُّب

[তা'আজ্জুবী] আশ্চর্যবোধক, বিস্ময়সূচক تَعَجُّبِيّ

[তা'আজরফা] উদ্ধত হওয়া, ঔদ্ধত্যপূর্ণ হওয়া تَعَجْرَفَ (تَعَجْرُف) [عجرف]

[তা'আজরুফ] ঔদ্ধত্য, দম্ভ, উদ্ধত আচরণ, ধৃষ্টতা تَعَجْرُف [عجرف]

[তা'আজ্জালা] ত্বরা করা, তাড়াহুড়া করা, দ্রুত হওয়া, আগে আগে করা تَعَجَّلَ (تَعَجُّل) [عجل]

[তা'আজ্জানা] (ময়দার) তাল হওয়া, আঠা হওয়া, লেই হওয়া تَعَجَّنَ (تَعَجُّن) [عجن]

[তা'জীয] অক্ষমকরণ, দুর্বলকরণ, অক্ষমতা, অপারগতা, দুর্বলতা تَعْجِيز [عجز]

[তা'জীল] দ্রুতকরণ, ত্বরান্বিতকরণ, তাড়াহুড়াকরণ, ত্বরা, তাড়াহুড়া تَعْجِيل [عجل]

[তা'দাদ] গণনা, শুমারি, হিসাব, সংখ্যা تَعْدَاد [عدد]

[তা'আদ্দাদা] বহুসংখ্যক হওয়া, একাধিক হওয়া, বিভিন্ন হওয়া تَعَدَّدَ (تَعَدُّد) [عدد]

[তা'আদ্দুদ] বিভিন্নতা, একাধিকতা, বহুত্ব تَعَدُّد [عدد]

[তা'আদ্দালা] পরিবর্তিত হওয়া, বদলে যাওয়া, রূপান্তরিত হওয়া, রদবদল হওয়া, পরিমার্জিত হওয়া, সংশোধিত হওয়া تَعَدَّلَ (تَعَدُّل) [عدل]

[তা'আদ্দা] (সীমা) লঙ্ঘন করা, ভঙ্গ করা, (রোগ) সংক্রমিত হওয়া, (ক্রিয়া) সকর্মক হওয়া تَعَدَّى (تَعَدِّي) [عدو]

[-- 'আলা] অন্যায় করা, অত্যাচার করা, জুলুম করা تَعَدَّى عَلَى

[তা'আদ্দী] লঙ্ঘন, ভঙ্গকরণ, সীমালংঘন, বাড়াবাড়ি, সংক্রমণ, অতিক্রমণ تَعَدِّي ، تَعَدٍّ [عدو]

تَعْدِيَة [عدو] [তা'দিয়াহ] (ক্রিয়া) সকর্মককরণ, পারাপার

تَعْدِيل [عدل] [তা'দীল] পরিমার্জন, পুনর্বিন্যাস, ঠিককরণ, পুনর্গঠন, পরিবর্তন, উন্নতি, সংশোধন, সংস্কার, মীমাংসা

تَعْذَال [عذل] [তা'যাল] তিরস্কার, ভর্ৎসনা, নিন্দা

تَعَذَّبَ (تَعَذُّب) [عذب] [তা'আয্যাবা] আযাব পাওয়া, কষ্ট পাওয়া, যন্ত্রণা পাওয়া, নির্যাতিত হওয়া, শাস্তিপ্রাপ্ত হওয়া

تَعَذَّرَ (تَعَذُّر) [عذر] [তা'আয্যারা] কঠিন হওয়া, অসাধ্য হওয়া, অসম্ভব হওয়া, কৈফিয়ত দেওয়া

تَعَذُّر [عذر] [তা'আয্যুর] দুঃসাধ্যতা, অসাধ্যতা, অপারগতা, অসম্ভাব্যতা, কৈফিয়ত

تَعَذَّلَ (تَعَذُّل) [عذل] [তা'আয্যালা] নিজেকে ভর্ৎসনা করা, তিরস্কার মেনে নেওয়া

تَعْذِيب [عذب] [তা'যীব] শাস্তিদান, কষ্টপ্রদান, আযাব প্রদান, নির্যাতন

تَعَرَّبَ (تَعَرُّب) [عرب] [তা'আর্‌রবা] আরবত্ব গ্রহণ করা, আরব সাজা, আরব হওয়া, আরবী হওয়া

تَعَرَّجَ (تَعَرُّج) [عرج] [তা'আর্‌রজা] (পথ) আঁকাবাঁকা হওয়া, বেঁকে যাওয়া, জটিল হওয়া

تَعَرُّج [عرج] [তা'আর্‌রুজ] আঁকাবাঁকা অবস্থা, জটিল অবস্থা, জটিলতা

تَعَرُّجَات [তা'আর্‌রুজাত] সমস্যাবলী, জটিলতা-সমূহ

تَعَرَّشَ (تَعَرُّش) [عرش] [তা'আর্‌রশা] (লতা) বেয়ে ওঠা, বেয়ে যাওয়া, লতিয়ে যাওয়া

تَعَرَّضَ (تَعَرُّض) [عرض] لِ [তা'আর্‌রদা লি] সামনে পড়া, এসে পড়া, সম্মুখীন হওয়া, মুখোমুখি হওয়া, বাধা হওয়া, বাধা দেওয়া, হস্তক্ষেপ করা, পর্যালোচনা করা, পরীক্ষা করা, গ্রহণ করা, হাতে নেওয়া

تَعَرَّفَ (تَعَرُّف) [عرف] [তা'আর্‌রফা] পরিচিত হওয়া, অবহিত হওয়া, জানতে পারা, চিনতে পারা, বুঝতে পারা, অনুভব করা, নির্দিষ্ট হওয়া

تَعَرُّف [عرف] [তা'আর্‌রুফ] পরিচয়, পরিচিতি, অবগতি, অনুভব, নির্দিষ্টতা

تَعْرِفَة ج تَعْرِفَات [عرف] [তা'রিফাহ] আমদানি-রপ্তানির শুল্ক, ট্যারিফ, মূল্য-তালিকা

تَعَرَّقَ (تَعَرُّق) [عرق] [তা'আর্‌রকা] শক্ত হওয়া, শিকড় গাড়া, ঘর্মাক্ত হওয়া, ঘামানো, ঘাম ঝরা, শিরাময় হওয়া, শিরাল হওয়া

تَعَرْقَلَ (تَعَرْقُل) [عرقل] [তা'আর্‌ক্বালা] জটিল হওয়া, বিঘ্নিত হওয়া, বাধাপ্রাপ্ত হওয়া

تَعَرَّى (تَعَرِّي ، تَعَرٍّ) [عري] [তা'আর্‌রা] উলঙ্গ হওয়া, নগ্ন হওয়া, বিবস্ত্র হওয়া, মুক্ত হওয়া, শূন্য হওয়া

تَعْرِيب [عرب] [তা'রীব] আরবীকরণ, আরবী ভাষান্তর, আরবীতে অনুবাদ

تَعْرِيَة [عري] [তা'রিয়াহ] উলঙ্গকরণ, নগ্নকরণ, অনাবৃতকরণ, বিবস্ত্রকরণ, মুক্তকরণ, শূন্যকরণ, বঞ্চিতকরণ, ক্ষয়করণ

تَعْرِيج [عرج] [তা'রীজ] আঁকাবাঁকাকরণ, জটিল-করণ, খঞ্জকরণ, পরিদর্শন

تَعْرِيشَة ج تَعَارِيش [عرش] [তা'রীশাহ] মাচা, মাচান, জাফরি, লতাবিতান, কুঞ্জ, নিকুঞ্জ

تَعْرِيض [عرض] [তা'রীদ] প্রশস্তকরণ, বিস্তৃত-করণ, প্রসারিতকরণ, প্রসারণ, উপস্থাপন, পেশ-করণ, প্রদর্শন

تَعْرِيف [عرف] [তা'রীফ] নির্দিষ্টকরণ, পরিচিত-করণ, পরিচয়প্রদান, সংজ্ঞাদান, সংজ্ঞা, অবহিত-করণ

تَعْرِيفَة ج تَعَارِيف ، تَعْرِيفَات [তা'রীফাহ] মূল্য-তালিকা, আমদানি-রপ্তানির শুল্ক, ট্যারিফ

تَعَزَّبَ (تَعَزُّب) [عزب] [তা'আয্‌যাবা] অবিবাহিত হওয়া, অবিবাহিত থাকা

تَعَزَّزَ (تَعَزُّز) [عزز] [তা'আয্‌যাযা] শক্তিশালী হওয়া, মজবুত হওয়া, জোরদার হওয়া, সুদৃঢ় হওয়া, সম্মানিত হওয়া, ত্বরান্বিত হওয়া, সমর্থিত হওয়া

تَعَزَّلَ (تَعَزُّل) [عزل] [তা'আয্‌যালা] দূরে যাওয়া, আলাদা হওয়া, পৃথক হওয়া

تَعَزَّمَ (تَعَزُّم) [عزم] [তা'আয্‌যামা] সংকল্প করা, মনস্থ করা, সিদ্ধান্ত নেওয়া

تَعَزَّى (تَعَزِّي) [عزو] [তা'আয্‌যা] সান্ত্বনা লাভ করা, সান্ত্বনা পাওয়া, নিজেকে সান্ত্বনা দেওয়া

تَعْزِيَة [عزو] [তা'যিয়াহ] সান্ত্বনাদান, শোকপ্রকাশ, সান্ত্বনা, শোক

تَعْزِيز [عزز] [তা'যীয] শক্তিশালীকরণ, মজবুত-করণ, জোরদারকরণ, ত্বরান্বিতকরণ, সুদৃঢ়করণ, সমর্থন

تَعْزِيم [عزم] [তা'যীম] যাদুকরণ, তাবিজকরণ, জ্বিন-ভূতের বিরুদ্ধে তাবিজ বা রক্ষাকবচ ব্যবহার

تَعْس ، تَعَس [তা'স, তা'আস] দুর্দশা, দুর্ভাগ্য, দুঃখ, নিঃস্বতা, ধ্বংস, পতন, হোঁচট

تَعْسًا لَهُ [তা'সান লাহু] সে ধ্বংস হোক! তার পতন হোক! বড় অভাগা সে!

تَعِس [তা'ইস] দুঃখী, দুর্দশাগ্রস্ত, নিঃস্ব, অসহায়, দুর্ভাগ্যবান

تَعِسَ [س] (تَعَس) [তা'ইসা] পড়ে যাওয়া, নেমে যাওয়া, হোঁচট খাওয়া, ধ্বংস হওয়া, নিঃস্ব হওয়া, দুর্দশাগ্রস্থ হওয়া, ধ্বংস করা

تَعْسَة [তা'সাহ] পতন, স্খলন, হোঁচট

تَعَسَّرَ (تَعَسُّر) [عسر] [তা'আস্সারা] কষ্টকর হওয়া, কঠিন হওয়া, জটিল হওয়া, কঠোর হওয়া

تَعَسُّر [عسر] [তা'আস্সুর] কষ্টসাধ্যতা, কঠিন অবস্থা, জটিলতা, কষ্ট

تَعَسَّفَ (تَعَسُّف) [عسف] [তা'আস্সাফা] স্বেচ্ছা-চারী হওয়া, অত্যাচারী হওয়া, বিপথগামী হওয়া

تَعَشَّبَ (تَعَشُّب) [عشب] [তা'আশ্শাবা] ঘাস খাওয়া

تَعَشَّقَ (تَعَشُّق) [عشق] [তা'আশ্শাকা] ভালবাসা, প্রেম করা, ভালবাসা দেখানো

تَعَشَّى (تَعَشِّي) [عشو] [তা'আশ্শা] রাতে আহার করা, রাতের আহার গ্রহণ করা

تَعَصَّبَ (تَعَصُّب) [عصب] لِ [তা'আছ্ছবা] পক্ষ-পাতিত্ব করা, পক্ষাবলম্বন করা

تَعَصَّبَ عَلَى [-- 'আলা] বিপক্ষে যাওয়া, বিরো-ধিতা করা

تَعَصُّب [عصب] [তা'আছ্ছুব] পক্ষাবলম্বন, পক্ষ-পাতিত্ব, স্বজনপ্রীতি, স্বপক্ষপ্রীতি, স্বদলপ্রীতি, গোঁড়ামি

تَعَصَّرَ (تَعَصُّر) [عصر] [তা'আছ্ছরা] নিষ্পেষিত হওয়া, নিংড়ানোর ফলে বের হওয়া

تَعَصَّى (تَعَصِّي) [عصي] [তা'আছ্ছা] অবাধ্য হওয়া, আনুগত্য অস্বীকার করা, বিদ্রোহ করা, বিরোধিতা করা

تَعْصِير [عصر] [তা'ছীর] আধুনিকীকরণ

تَعَضَّلَ (تَعَضُّل) [عضل] [তা'আদ্দলা] অপারগ করা, অক্ষম করা, ব্যর্থ করা

تَعَطَّرَ (تَعَطُّر) [عطر] [তা'আত্তরা] সুগন্ধযুক্ত হওয়া, সুগন্ধ মাখানো

تَعَطَّشَ (تَعَطُّش) [عطش] [তা'আত্তশা] তৃষ্ণার্ত হওয়া, পিপাসার্ত হওয়া

تَعَطَّشَ إِلَى [-- ইলা] পেতে চাওয়া, কামনা করা, আকাংক্ষা করা, প্রত্যাশা করা, প্রত্যাশী হওয়া

تَعَطَّفَ (تَعَطُّف) [عطف] [তা'আত্তফা] নোয়া, ঝুঁকে পড়া, বাঁকা হওয়া, ভাঁজ হওয়া, সদয় হওয়া, আলখেল্লা পরিধান করা, কোট পরা

تَعَطَّلَ (تَعَطُّل) [عطل] [তা'আত্তলা] কর্মহীন থাকা, বেকার থাকা, অকেজো হওয়া, নষ্ট হওয়া, বন্ধ হওয়া, বাধাপ্রাপ্ত হওয়া, থেমে যাওয়া, অক্ষম হওয়া

تَعَطُّل [عطل] [তা'আত্তুল] বেকারত্ব, কর্মহীনতা

تَعَطَّى (تَعَطِّي) [عطو] [তা'আত্তা] দান চাওয়া, ভিক্ষা চাওয়া

تَعْطِيل [عطل] [তা'তীল] শূন্যকরণ, কর্মহীন-করণ, বন্ধকরণ, বন্ধ, ছুটি

تَعَظَّمَ (تَعَظُّم) [عظم] [তা'আয্যমা] সম্মানিত হওয়া, সম্মান পাওয়া, মহান হওয়া, মর্যাদাবান হওয়া, মর্যাদা লাভ করা, বড় হওয়া

تَعْظِيم [عظم] [তা'যীম] সম্মান প্রদর্শন, সম্মান, মর্যাদা, বড়ত্ব

تَعَفَّرَ (تَعَفُّر) [عفر] [তা'আফ্ফারা] ধুলায় গড়া-গড়ি দেওয়া, গায়ে ধুলি মাখা, ধুলিযুক্ত হওয়া, ধুলিময় হওয়া

تَعَفْرَتَ (تَعَفْرُت) [عفرت] [তা'আফরতা] শয়-তানি করা, শয়তানের মত আচরণ করা

تَعَفَّفَ (تَعَفُّف) [عفف] [তা'আফ্ফাফা] পবিত্র হওয়া, সচ্চরিত্র হওয়া, নিষ্পাপ হওয়া, বিরত থাকা, না চাওয়া

تَعَفَّنَ (تَعَفُّن) [عفن] [তা'আফ্ফানা] পচে যাওয়া, নষ্ট হওয়া

تَعْفِيَة [عفو] [তা'ফিয়াহ] নিশ্চিহ্নকরণ, বিলুপ্ত-করণ, বিলোপসাধন, ধ্বংসকরণ

تَعَقَّبَ (تَعَقُّب) [عقب] [তা'আক্কাবা] পিছনে আসা, পরে আসা, অনুসরণ করা

تَعَقَّدَ (تَعَقُّد) [عقد] [তা'আক্কাদা] জটিল হওয়া, কঠিন হওয়া, জড়িয়ে যাওয়া, বিজড়িত হওয়া, আটকে যাওয়া, গিঁঠযুক্ত হওয়া, জমাট বাঁধা

تَعَقَّلَ (تَعَقُّل) [عقل] [তা'আক্কালা] আটক রাখা, বুদ্ধিমান হওয়া, বুদ্ধি রাখা, জ্ঞানী হওয়া, বুঝতে পারা, বুদ্ধিমান হওয়ার ভান করা

تَعَقَّمَ (تَعَقُّم) [عقم] [তা'আক্কামা] বন্ধ্যাত্ব গ্রহণ করা, বন্ধ্যাকৃত হওয়া

تَعْقِيد [عقد] [তা'কীদ] দুর্বোধ্যতা, জটিলতা

تَعْقِيم [عقم] [তা'কীম] বন্ধ্যাকরণ, অনুর্বরকরণ, নিস্ফলকরণ, সংক্রমণমুক্তকরণ

تَعَكَّرَ (تَعَكُّر) [عكر] [তা'আক্কারা] (পানি) ঘোলা হওয়া, পঙ্কিল হওয়া, কর্দমাক্ত হওয়া

تَعَكَّزَ (تَعَكُّز) [عكز] عَلَى [তা'আক্কাযা] (লাঠি ইত্যাদিতে) ভর দেওয়া, ভর করা

تَعَكَّسَ (تَعَكُّس) [عكس] [তা'আক্কাসা] সাপের মত এঁকেবেঁকে চলা

تَعَكَّفَ (تَعَكُّف) [عكف] [তা'আক্কাফা] আটকা পড়া, বন্দী থাকা, অবস্থান করা, নির্জনে থাকা, একাকী থাকা, নিঃসঙ্গ হওয়া

تَعَكَّفَ عَنْ [-- 'আন] বিচ্ছিন্ন হওয়া, বিরত হওয়া

تِعْلَامَة [علم] [তি'লামাহ] বড় জ্ঞানী, মহাজ্ঞানী, আল্লামা

تَعِلَّة [علل] [তা'ইল্লাহ] সান্ত্বনা, বিনোদন, অজুহাত, কৈফিয়ত

تَعَلَّجَ (تَعَلُّج) [علج] [তা'আল্লাজা] জমা, জমা হওয়া, পুরু হওয়া, মোটা হওয়া

تَعَلَّفَ (تَعَلُّف) [علف] [তা'আল্লাফা] পশুখাদ্য অন্বেষণ করা

تَعَلَّقَ (تَعَلُّق) [علق] [তা'আল্লাক্বা] ঝুলে থাকা, লেগে থাকা, সম্পর্কিত হওয়া, সম্পৃক্ত হওয়া, সংশ্লিষ্ট হওয়া, আটকা পড়া, ঝুলিয়ে রাখা, লাগিয়ে রাখা, সম্পৃক্ত করা, সম্পর্ক রাখা, ভালবাসা

تَعَلَّقَ عَلَى [-- 'আলা] নির্ভর করা, নির্ভরশীল হওয়া, শর্তযুক্ত হওয়া

تَعَلُّق [علق] [তা'আল্লুক] সম্পর্ক, সম্পৃক্ততা, সংশ্লিষ্টতা, সম্বন্ধ, সংশ্রব

تَعَلَّلَ (تَعَلُّل) [علل] بِ [তা'আল্লালা] অজুহাত দেখানো, ওজর দেখানো, নিয়োজিত থাকা, ব্যস্ত থাকা, লেগে থাকা

تَعَلَّمَ (تَعَلُّم) [علم] [তা'আল্লামা] শেখা, জানা, শিক্ষা করা, শিক্ষিত হওয়া

تَعَلُّم [علم] [তা'আল্লুম] শিক্ষাগ্রহণ, বিদ্যার্জন, জ্ঞানার্জন, শিক্ষা

تَعْلِيب [علب] [তা'লীব] কৌটায় ভরে সংরক্ষণ, কৌটাবদ্ধকরণ, টিনজাতকরণ

تَعْلِيَة [علو] [তা'লিয়াহ] উপরে উত্তোলন, উঁচু-করণ

تَعْلِيق ج تَعْلِيقَات ، تَعَالِيق [علق] [তা'লীক] মন্তব্য, পর্যালোচনা, সমীক্ষা, টীকা

تَعْلِيقَة ج تَعْلِيقَات ، تَعَالِيق [علق] [তা'লীক্বাহ] পার্শ্বটীকা, টীকা, মন্তব্য, (জামাকাপড় রাখার) হ্যাঙ্গার

تَعْلِيل ج تَعْلِيلَات [علل] [তা'লীল] পরিতোষণ, পরিতৃপ্তকরণ, ব্যাখ্যাপ্রদান, তা'লীল (ব্যা)

تَعْلِيم [علم] [তা'লীম] শিক্ষাদান, শিক্ষকতা, অধ্যাপনা

تَعْلِيم ج تَعْلِيمَات ، تَعَالِيم [তা'লীম] উপদেশ, শিক্ষা, নির্দেশ

تَعْلِيم اِبْتِدَائِيّ [তা'লীম ইব্‌তিদা'ঈ] প্রাথমিক শিক্ষা

تَعْلِيم ثَانَوِيّ [তা'লীম ছানাবী] মাধ্যমিক শিক্ষা

تَعْلِيم جَامِعِيّ [তা'লীম জামি'ঈ] বিশ্ববিদ্যালয় শিক্ষা

تَعْلِيم عَالٍ (عَالِي) [তা'লীম 'আলিন] উচ্চশিক্ষা

تَعْلِيم مُخْتَلَط [তা'লীম মুখ্‌তালাত] মিশ্র শিক্ষা, সহশিক্ষা

تَعْلِيمَات [তা'লীমাত] শিক্ষাসমূহ, নির্দেশাবলী, উপদেশাবলী, দিক-নির্দেশনাসমূহ

تَعْلِيمِيّ [তা'লীমী] শিক্ষাসংক্রান্ত, শিক্ষা-বিষয়ক, শিক্ষামূলক

تَعَمَّدَ (تَعَمُّد) [عمد] [তা'আম্মাদা] মনস্থ করা,

করতে চাওয়া, ইচ্ছুক হওয়া, ইচ্ছা করা

تَعَمَّقَ (تَعَمُّق) [عمق] فِي [তা'আম্মাকা] গভীরে প্রবেশ করা, গভীরভাবে চিন্তাভাবনা করা

تَعَمَّمَ (تَعَمُّم) [عمم] [তা'আম্মামা] সার্বজনীন হওয়া, সাধারণ হওয়া, প্রচলিত হওয়া, সর্বজন-বিদিত হওয়া, মাথায় পাগড়ি বাঁধা, পাগড়ি-পরিহিত হওয়া

تَعَمَّى (تَعَمِّي) [عمي] [তা'আম্মা] অন্ধ হওয়া, দৃষ্টিহীন হওয়া, অজ্ঞ হওয়া, গোপন থাকা, অস্পষ্ট হওয়া

تَعْمِيَة [عمي] [তা'মিয়াহ] অন্ধকরণ, দৃষ্টিহীন-করণ, গোপনকরণ, অস্পষ্টতা

تَعْمِيد [عمد] [তা'মীদ] প্রতিষ্ঠিতকরণ, খ্রীষ্টান-করণ

تَعْمِير [عمر] [তা'মীর] নির্মাণ, মেরামত, উন্নয়ন, দীর্ঘজীবন

تَعْمِيق [عمق] [তা'মীক] গভীরকরণ, গভীরতা

تَعْمِيم [عمم] [তা'মীম] সাধারণকরণ, প্রচলিত-করণ, সার্বজনীনকরণ, ব্যাপককরণ, বিজ্ঞপ্তি

تَعَنَّتَ (تَعَنُّت) [عنت] [তা'আন্নাতা] কঠোরতা করা, একগুঁয়েমি করা, জিদ ধরা, কষ্ট দেওয়া, অসুবিধায় ফেলা, সমস্যায় ফেলা

تَعَنُّت [عنت] [তা'আন্নুত] একগুঁয়েমি, জেদ, জিদ, কঠোরতা

تَعَنْفَصَ (تَعَنْفُص) [عنفص] [তা'আন্‌ফাছা] দম্ভ করা, ঔদ্ধত্য দেখানো, গর্বভরে চলা

تَعَنْوَنَ (تَعَنْوُن) [عنون] [তা'আন্‌ওয়ানা] শিরো-নামযুক্ত হওয়া, ঠিকানাযুক্ত হওয়া

تَعَنَّى (تَعَنِّي) [عني] [তা'আন্না] পরিশ্রম করা, মেহনত করা, কষ্ট করা, খাটুনি করা, খাটা

تَعَنَّى فِي [-- ফী] উদ্দেশ্য করা, মনস্থ করা

تَعَنِّي ، تَعَنٍّ [عني] [তা'আন্নী] কষ্ট, ক্লেশ, শ্রম, পরিশ্রম, মেহনত, খাটুনি, শ্রান্তি

تَعْنِيف [عنف] [তা'নীফ] তীব্র ভর্ৎসনা, কঠোর তিরস্কার

تَعَهَّدَ (تَعَهُّد) [عهد] [তা'আহ্‌হাদা] দেখাশুনা করা, যত্ন নেওয়া, রক্ষণাবেক্ষণ করা, দায়িত্ব নেওয়া

تَعَهَّدَ بِـ ، بِـ [-- বি, লি] প্রতিশ্রুতি দেওয়া, ওয়াদা করা, প্রতিজ্ঞা করা, গ্যারান্টি দেওয়া

تَعَهُّد ج تَعَهُّدَات [عهد] [তা'আহুহুদ] প্রতিশ্রুতি, প্রতিজ্ঞা, দায়িত্ব, চুক্তি, ঠিকা, ঠিকাদারি, দেখা-শুনা, রক্ষণাবেক্ষণ

تَعَوَّجَ (تَعَوُّج) [عوج] [তা'আওওয়াজা] বাঁকা হওয়া, বক্র হওয়া

تَعَوَّدَ (تَعَوُّد) [عود] [তা'আওওয়াদা] অনুশীলন করা, অভ্যস্ত হওয়া, মানিয়ে নেওয়া, অভ্যাস করা

تَعَوَّذَ (تَعَوُّذ) [عوذ] بِـ [তা'আওওয়াযা] আশ্রয় চাওয়া, আশ্রয় নেওয়া, "আউযুবিল্লাহ" বলা

تَعَوَّضَ (تَعَوُّض) [عوض] [তা'আওওয়াদা] ক্ষতি-পূরণ লাভ করা, বিনিময়ে গ্রহণ করা

تَعَوَّقَ (تَعَوُّق) [عوق] [তা'আওওয়াকা] বাধাপ্রাপ্ত হওয়া, আটকা পড়া, বিলম্বিত হওয়া

تَعْوِيذ ج تَعَاوِيذ [عوذ] [তা'বীয] তাবিজ, রক্ষা-কবচ, তাবিজ বা রক্ষাকবচ ব্যবহার

تَعْوِيذَة ج تَعْوِيذَات [عوذ] [তা'বীযাহ] তাবিজ, কবচ, রক্ষাকবচ, মাদুলি

تَعْوِيض [عوض] [তা'বীদ] ক্ষতিপূরণ, পরিবর্তে প্রদান, প্রতিদান

تَعْوِيل [عول] [তা'বীল] বিলাপ, আর্তনাদ, ক্রন্দন, নির্ভরতা, আস্থা, ভরসা

تَعَيَّبَ (تَعَيُّب) [عيب] [তা'আইয়াবা] দোষযুক্ত হওয়া, ত্রুটিযুক্ত হওয়া, দোষারোপ করা, দোষ ধরা, ত্রুটি বের করা, সমালোচনা করা

تَعِيس ج تُعَسَاء [تعس] [তা'ঈস] নিঃস্ব, দুঃখী, অসহায়, দুর্ভাগ্যবান, অসুখী

تَعَيَّشَ (تَعَيُّش) [عيش] [তা'আইয়াশা] জীবিকা উপার্জন করা, জীবিকা বানানো

تَعَيَّنَ (تَعَيُّن) [عين] [তা'আইয়ানা] নির্ধারিত হওয়া, নির্দিষ্ট হওয়া, নিযুক্ত হওয়া, নিয়োগলাভ করা, দেখা, প্রত্যক্ষ করা

تَعْيِيب [عيب] [তা'য়ীব] দোষযুক্তকরণ, ত্রুটি-পূর্ণকরণ, ত্রুটি আবিষ্কার, দোষারোপ, নিন্দা, দোষীকরণ, সমালোচনা

تَعْيِير [عير] [তা'য়ীর] নিন্দা, তিরস্কার, ভর্ৎসনা, দোষারোপ, গালি

تَعْيِين [عين] [তা'য়ীন] নির্দিষ্টকরণ, নির্ধারণ, বরাদ্দকরণ, নিয়োগদান, নিয়োগ

تَغَابَنَ (تَغَابُن) [غبن] [তাগাবানা] একে অপরকে প্রতারিত করা, পরস্পর অন্যায় আচরণ করা

تَغَابُن [غبن] [তাগাবুন] পারস্পরিক প্রতারণা, শেষ বিচার, পুনরুত্থান, লাভ-লোকসান, হার-জিত

التَّغَابُن [আত-তাগাবুন] সূরা আত-তাগাবুনঃ পবিত্র কোরআনের ৬৪তম সূরা

تَغَابَى (تَغَابِي) [غبو] عَنْ [তাগাবা] উপেক্ষা করা, মনোযোগ না দেওয়া, অমনোযোগী হওয়া

تَغَازَلَ (تَغَازُل) [غزل] [তাগাযালা] প্রেমের ভান করা, প্রণয় ব্যক্ত করা, প্রেম নিবেদন করা, প্রেমালাপ করা

تَغَاضَى (تَغَاضِي) [غضي] [তাগাদা] দেখেও না দেখার ভান করা, উপেক্ষা করা, ভ্রূক্ষেপ না করা

تَغَافَلَ (تَغَافُل) [غفل] عَنْ [তাগাফালা] ভ্রূক্ষেপ না করা, অমনোযোগিতার ভান করা, অবহেলা করা, উপেক্ষা করা

تَغَافُل [غفل] [তাগাফুল] অমনোযোগিতা, অবহেলা, উপেক্ষা

تَغَالَبَ (تَغَالُب) [غلب] [তাগালাবা] কুস্তি করা, বিজয়ী হওয়ার প্রতিযোগিতা করা, সংগ্রাম করা

تَغَالَى (تَغَالِي) [غلو] [তাগালা] বাড়াবাড়ি করা, সীমালংঘন করা

تَغَامَزَ (تَغَامُز) [غمز] [তাগামাযা] পরস্পর চোখ টেপা, চোখ দ্বারা ইশারা করা, কটাক্ষ করা

تَغَايَبَ (تَغَايُب) [غيب] [তাগায়াবা] অনুপস্থিত থাকা, হাজির না হওয়া

تَغَايَدَ (تَغَايُد) [غيد] [তাগায়াদা] দোলা, হেলে দুলে চলা

تَغَايَرَ (تَغَايُر) [غير] [তাগায়ারা] ভিন্নরূপ হওয়া, অন্যরকম হওয়া, বিভিন্ন হওয়া

تَغَبَّرَ (تَغَبُّر) [غبر] [তাগাব্বারা] ধূলিময় হওয়া, ধুলায় ঢেকে যাওয়া

تَغَبَّقَ (تَغَبُّق) [غبق] [তাগাব্বাকা] সন্ধ্যায় দোহন করা, বিকেলে দোহন করা

تَغَبَّى (تَغَبِّي) [غبو] [তাগাব্বা] বোকা মনে করা, হাবা মনে করা, নির্বোধ ভাবা

تَغَدَّى (تَغَدِّي) [غدو] [তাগাদ্দা] সকালের নাশতা করা, দুপুরের খাবার খাওয়া

تَغْذَوِيّ [غذو] [তাগযাবী] পুষ্টি-বিষয়ক, পুষ্টি-সম্বন্ধীয়

تَغَذَّى (تَغَذِّي) [غذو] [তাগায্যা] খাদ্য পাওয়া, খাওয়া, পুষ্টি লাভ করা

تَغْذِيَة [غذو] [তাগযিয়াহ] পুষ্টি, খাদ্যদান, ভরণ-পোষণ

عِلْم التَّغْذِيَة ['ইলমুত তাগযিয়াহ] পুষ্টিবিজ্ঞান

تَغَرَّبَ (تَغَرُّب) [غرب] [তাগাররবা] দেশত্যাগ করা, বিদেশে যাওয়া, প্রবাসী হওয়া, পাশ্চাত্যের জীবনযাত্রায় অভ্যস্ত হওয়া

تَغَرَّدَ (تَغَرُّد) [غرد] [তাগাররদা] গাওয়া, গান করা

تَغَرَّضَ (تَغَرُّض) [غرض] لِ [তাগাররদা] পক্ষ নেওয়া, পক্ষাবলম্বন করা, পক্ষে থাকা

تَغَرْغَرَ (تَغَرْغُر) [غرغر] [তাগারগারা] গড়গড়া দেওয়া, গড়গড় শব্দ করা, টগবগ করা, (চোখ) অশ্রুসজল হওয়া

تَغَرَّمَ (تَغَرُّم) [غرم] [তাগাররমা] জরিমানাগ্রস্ত হওয়া, জরিমানায় পড়া, জরিমানা হওয়া

تَغَرَّى (تَغَرِّي) [غرو] [তাগাররা] লেগে যাওয়া, সেঁটে যাওয়া, লেপটে যাওয়া, আঠালো হওয়া, আঠাযুক্ত হওয়া

تَغْرِيب [غرب] [তাগরীব] নির্বাসন, বিতাড়ন, বিদূরণ, দূরীভূতকরণ, প্রস্থান, পশ্চিমে গমন

تَغْرِيَة [غرو] [তাগরিয়াহ] আঠালোকরণ, আঠা-যুক্তকরণ, লাগানো

تَغْرِيد [غرد] [তাগরীদ] গাওন, সুরকরণ, সুরেলা উচ্চারণ, গান, গীত

تَغْرِير [غرر] [তাগরীর] বিপথগামীকরণ, ধোঁকা, প্রতারণা, প্ররোচনা, বিপদের সম্মুখীনকরণ

تَغْرِيز [غرز] [তাগরীয] প্রবিষ্টকরণ, প্রোথিতকরণ, গাড়ন

تَغْرِيق [غرق] [তাগরীক] নিমজ্জিতকরণ, নিমগ্ন-করণ, প্লাবিতকরণ

تَغْرِيم [غرم] [তাগরীম] জরিমানাকরণ, অর্থদণ্ড ধার্যকরণ

تَغَزَّلَ (تَغَزُّل) [غزل] بِ [তাগাযযালা] প্রেম করা, প্রেম নিবেদন করা, প্রেমের কবিতা রচনা করা, প্রণয় প্রার্থনা করা, প্রশংসা করা, স্তুতি গাওয়া

تَغَزُّل [غزل] [তাগাযযুল] প্রেম, প্রণয়, প্রেমকাব্য রচনা, প্রেম নিবেদন, প্রণয় প্রার্থনা, প্রশংসা, স্তুতি

تَغْسِيس [غسس] [তাগ্সীস] ধৌতকরণ, প্রক্ষালন

تَغَشَّمَ (تَغَشُّم) [غشم] [তাগাশ্শামা] জুলুম করা, অত্যাচার করা

تَغَشَّى (تَغَشِّي) [غشي] [তাগাশ্শা] আবৃত করা, আচ্ছাদিত করা, আবৃত হওয়া, আচ্ছাদিত হওয়া

تَغْشِيَة [غشي] [তাগ্শিয়াহ্] আচ্ছাদিতকরণ, আবৃতকরণ, প্রলেপদান, অস্পষ্টকরণ

تَغَضَّبَ (تَغَضُّب) [غضب] عَلَى [তাগাদ্দবা] ক্রুদ্ধ হওয়া, রাগান্বিত হওয়া, উত্তেজিত হওয়া, ক্ষেপে যাওয়া

تَغَضَّنَ (تَغَضُّن) [غضن] [তাগাদ্দনা] ভাঁজ হওয়া, ভাঁজ পড়া, কুঞ্চিত হওয়া, কোঁচকানো

تَغْضِين [غضن] [তাগ্দীন ভাঁজকরণ, কুঞ্চিত-করণ, কুঞ্চন

تَغَطْرَسَ (تَغَطْرُس) [غطرس] [তাগাত্‌রসা] দম্ভ করা, অহংকার করা, অহমিকা প্রদর্শন করা, ঔদ্ধত্য দেখানো, উদ্ধত হওয়া, দম্ভভরে চলা, ক্ষেপে যাওয়া, কার্পণ্য করা

تَغَطْرَفَ (تَغَطْرُف) [غطرف] [তাগাত্‌রফা] দম্ভ করা, অহংকার করা, দম্ভভরে চলা

تَغَطَّى (تَغَطِّي) [غطي] [তাগাত্তা] ঢেকে যাওয়া, আবৃত হওয়া, আচ্ছাদিত হওয়া

تَغْطِيَة [غطي] [তাগ্তিয়াহ্] আবরণ, আচ্ছাদন, অন্তর্ভুক্তি, প্রতিবেদন

تَغَفَّلَ (تَغَفُّل) [غفل] [তাগাফ্ফালা] (কারো) অন্যমনস্কতার সুযোগ নেওয়া, আচমকা এসে পড়া, অতর্কিতে করে বসা

تَغَلَّبَ (تَغَلُّب) [غلب] عَلَى [তাগাল্লাবা 'আলা] বিজয়ী হওয়া, পরাভূত করা, আয়ত্তে আনা, নিয়ন্ত্রণে রাখা, সামলানো

تَغَلْغَلَ (تَغَلْغُل) [غلغل] فِي [তাগাল্‌গালা] মিশে যাওয়া, (গভীরে) প্রবেশ করা

تَغَلَّفَ (تَغَلُّف) [غلف] [তাগাল্লাফা] মোড়কবদ্ধ হওয়া, আবৃত হওয়া, আচ্ছাদিত হওয়া, প্যাক হওয়া, (বই) বাঁধাই হওয়া

تَغَلَّلَ (تَغَلُّل) [غلل] فِي [তাগাল্লালা] প্রবেশ করা, ঢুকে যাওয়া, প্রবিষ্ট হওয়া

تَغْلِيظ [غلظ] [তাগ্লীয] পুরুকরণ, কঠিনকরণ, ঘনীকরণ

تَغْلِيف [غلف] [তাগ্লীফ] মোড়কবদ্ধকরণ, আবৃতকরণ, আচ্ছাদন, প্যাকিং, প্যাকেজিং, (পুস্তক) বাঁধাই

تَغْمَاض [غمض] [তাগ্মাদ] চক্ষু নিমীলন, চোখ বুজন, নিদ্রা, ঘুম

تَغَمَّدَ (تَغَمُّد) [غمد] [তাগাম্মাদা] ভরে দেওয়া, পূর্ণ করা, ঢেকে রাখা

تَغَمْغَمَ (تَغَمْغُم) [غمغم] [তাগাম্‌গামা] বিড়বিড় করে বলা, অস্ফুটভাবে কথা বলা

تَغْمِيس [غمس] [তাগ্মীস] নিমজ্জিতকরণ, জল-মগ্নকরণ

تَغَنَّجَ (تَغَنُّج) [غنج] [তাগান্নাজা] প্রেমের ভান করা, ছল করা, ছিনালি করা

تَغَنْدَرَ (تَغَنْدُر) [غندر] [তাগান্দারা] ফুলবাবুর মত কাজ করা, ফুলবাবু সাজা, বাবুগিরি করা

تَغَنَّى (تَغَنِّي) [غني] [তাগান্না] ধনবান হওয়া, ধনী হওয়া, সম্পদশালী হওয়া

تَغَنَّى بِ [-- বি] গান গাওয়া, স্তুতি গাওয়া

تَغَوَّرَ (تَغَوُّر) [غور] [তাগাওওয়ারা] নিচে নামা, ডুবে যাওয়া, (চক্ষু) কোটরাগত হওয়া, গর্তে পড়া

تَغَوَّطَ (تَغَوُّط) [غوط] [তাগাওওয়াতা] মলত্যাগ করা, পায়খানা করা, হাগা

تَغَيَّبَ (تَغَيُّب) [غيب] [তাগাইয়াবা] অনুপস্থিত থাকা, অদৃশ্য হওয়া, অন্তর্হিত হওয়া, পালিয়ে থাকা

تَغَيَّرَ (تَغَيُّر) [غير] [তাগাইয়ারা] বদলে যাওয়া, পরিবর্তিত হওয়া, রূপান্তরিত হওয়া, বিকৃত হওয়া

تَغَيَّضَ (تَغَيُّض) [غيض] [তাগাইয়াদা] হ্রাসপ্রাপ্ত হওয়া, হ্রাস পাওয়া, কমে যাওয়া, নেমে যাওয়া

تَغَيَّظَ (تَغَيُّظ) [غيظ] [তাগাইয়াযা] রাগ দেখানো, ক্রোধ প্রকাশ করা, রাগান্বিত হওয়া

تَغَيَّمَ (تَغَيُّم) [غيم] [তাগাইয়ামা] কুয়াশাচ্ছন্ন হওয়া, মেঘাচ্ছন্ন হওয়া

تَغْيِير ج تَغْيِيرَات [غير] [তাগ্য়ীর] পরিবর্তন, বদলকরণ, বিকৃতি

تَفَّ [س] (تَفّ) [তাফ্ফা] থুথু ফেলা

تُفّ ج تِفَفَة [তুফ্] নখের ময়লা

تُفًّا لَكَ [তুফ্ফান লাকা] ধিক তোমাকে! তোমার লজ্জা হওয়া উচিত! ছিঃ

تَفَاءَلَ (تَفَاؤُل) [فأل] [তাফাআলা] আশাবাদী হওয়া, আশাবাদ পোষণ করা, শুভ মনে করা

تَفَاؤُل [فأل] [তাফা'উল] শুভ ধারণা, আশাবাদ পোষণ, আশাবাদ

تَفَاؤُلِيّ [তাফা'উলী] আশাবাদী, শুভ

تُفَّاح ج تَفَافِيح [তুফ্ফাহ্] আপেল, ছেব (ফল)

تُفَّاحَة ج تُفَّاحَات [তুফ্ফাহাহ্] আপেল, ছেব

تُفَّاحَة آدَم [তুফ্ফাহাত আদাম] কণ্ঠমণি, ফল-গ্রন্থি, Adam's apple

تَفَاحَشَ (تَفَاحُش) [فحش] [তাফাহাশা] অশ্লীল হওয়া, অশ্লীল ভাষা ব্যবহার করা, অশ্লীলতা করা

تُفَّاحِيّ [তুফ্ফাহী] গায়ক পাখিবিশেষ, binnet

تَفَاخَرَ (تَفَاخُر) [فخر] [তাফাখারা] গর্ব করা, অহংকার করা, গর্ব-প্রতিযোগিতা করা, গৌরব-প্রতিযোগিতা করা

تَفَاخُر [فخر] [তাফাখুর] গর্ব, অহঙ্কার, গৌরব, গর্ব-প্রতিযোগিতা, গৌরব-প্রতিযোগিতা

تَفَادَى (تَفَادِي) [فدي] مِنْ [তাফাদা] এড়িয়ে থাকা, দূরে থাকা, সতর্ক থাকা, বিরত থাকা, মুক্তি পাওয়া

تَفَارَّ (تَفَارّ) [فرر] [তাফার্‌রা] একে অন্যের থেকে পালিয়ে যাওয়া

تَفَارَزَ (تَفَارُز) [فرز] [তাফারযা] অংশীদারিত্ব বাতিল করা, আলাদা হয়ে যাওয়া

تَفَارَقَ (تَفَارُق) [فرق] [তাফারক্বা] একে অন্যের থেকে বিচ্ছিন্ন হওয়া, পরস্পর আলাদা হয়ে যাওয়া

تَفَارِيج (تِفْرَاج) [فرج] [তাফারীজ] রেলিংএর ফাঁক, সারিবদ্ধ ফাঁক, ছিদ্রের সারি

تَفَارِيق (تَفْرِيق) [فرق] [তাফারীক] বিচ্ছিন্ন অংশ-সমূহ

تَفَاسَحَ (تَفَاسُح) [فسح] [তাফাসাহা] জায়গা করে নেওয়া, আরাম করে বসা

تَفَاسَخَ (تَفَاسُخ) [فسخ] [তাফাসাখা] পারস্পরিক সম্মতিতে বাতিল করা, বাতিল করতে সম্মত হওয়া

تَفَاصَحَ (تَفَاصُح) [فصح] [তাফাছহা] বাগ্মিতার ভান করা, বাগ্মী সাজা

تَفَاصَلَ (تَفَاصُل) [فصل] [তাফাছলা] পরস্পর বিচ্ছিন্ন হওয়া, একটি আরেকটি থেকে আলাদা হওয়া

تَفَاضَلَ (تَفَاضُل) [فضل] [তাফাদলা] শ্রেষ্ঠত্বের প্রতিযোগিতা করা, শ্রেষ্ঠত্বের দাবি করা

تَفَاضُل [فضل] [তাফাদুল] শ্রেষ্ঠত্বের প্রতিযোগিতা, শ্রেষ্ঠত্বের দাবি, পার্থক্যকরণ

حِسَاب التَّفَاضُل [হিসাবুত তাফাদুল] ব্যাসগণিত, চলগণিত, অন্তরকলন, differential calculus

تَفَاضُلِيّ [তাফাদুলী] পার্থক্যসূচক, প্রভেদ-নির্ভর, বিভেদক

تِرْس تَفَاضُلِيّ [তির্‌স তাফাদুলী] বিভেদক গিয়ার, differential gear

تَفَاعَلَ (تَفَاعُل) [فعل] [তাফা'আলা] একটি আরেকটির মধ্যে প্রভাব বিস্তার করা, একে অপরকে প্রভাবিত করা, প্রতিক্রিয়া করা, প্রভাবিত হওয়া

تَفَاعُل [فعل] [তাফা'উল] পারস্পরিক প্রভাব, প্রতিক্রিয়া, reaction

تَفَاعِيل (تَفْعِيل) [فعل] [তাফা'ঈল] (ছন্দশাস্ত্রে) শ্লোকের পদ, feet, (কবিতার) ছন্দ-মাত্রা

تَفَاغَمَ (تَفَاغُم) [فغم] [তাফাগামা] একে অন্যকে চুমু খাওয়া, চুমোচুমি করা

تَفَاقَدَ (تَفَاقُد) [فقد] [তাফাক্বাদা] একে অপরকে হারানো

تَفَاقَرَ (تَفَاقُر) [فقر] [তাফাক্বারা] দারিদ্র প্রকাশ করা, গরীব সাজা

تَفَاقَمَ (تَفَاقُم) [فقم] [তাফাক্বামা] গুরুতর হওয়া, অধিকতর খারাপ হওয়া, মারাত্মক হওয়া, বিপজ্জনকভাবে বেড়ে যাওয়া

تَفَاكَهَ (تَفَاكُه) [فكه] [তাফাকাহা] একত্রে হাসি-

তামাশা করা, পরস্পর রসিকতা করা, ঠাট্টা-কৌতুক করা

[তুফাল] থুথু, থুতু, লালা, লাল تُفَال

[তাফানী] বিলুপ্ত হওয়া, [فني] تَفَانَى (تَفَانِي) নিঃশেষিত হওয়া, নিবেদিত হওয়া, আত্মত্যাগ করা

[তাফাহাহ] ক্ষুদ্রতা, তুচ্ছতা, নীরসতা, [تفه] تَفَاهَة গুরুত্বহীনতা, নির্বুদ্ধিতা

[তাফাহামা] পরস্পরকে [فهم] تَفَاهَمَ (تَفَاهُم) বুঝা, মীমাংসায় উপনীত হওয়া, সমঝোতা করা

[তাফাহুম] পারস্পরিক বোঝাপড়া, [فهم] تَفَاهُم বুঝাবুঝি, সমঝোতা, আপোষ, মীমাংসা

[সূ'উত তাফাহুম] ভুল বুঝাবুঝি سُوء التَّفَاهُم

[তাফাওয়াতা] ভিন্নরূপ [فوت] تَفَاوَتَ (تَفَاوُت) হওয়া, ব্যবধানবিশিষ্ট হওয়া, বিপরীত হওয়া

[তাফাবুত] বৈসাদৃশ্য, ব্যবধান, [فوت] تَفَاوُت পার্থক্য, গরমিল, ভিন্নতা, বৈপরীত্য

[তাফাওয়াদা] পরস্পর [فوض] تَفَاوَضَ (تَفَاوُض) আলাপ-আলোচনা করা

[তাফাবুদ] পারস্পরিক আলাপ- [فوض] تَفَاوُض আলোচনা

[তাফাত্তাতা] খণ্ড-বিখণ্ড [فتت] تَفَتَّتَ (تَفَتُّت) হওয়া, টুকরা-টুকরা হওয়া, চূর্ণ-বিচূর্ণ হওয়া

[তাফাত্তাহা] উন্মুক্ত হওয়া, [فتح] تَفَتَّحَ (تَفَتُّح) খুলে যাওয়া, প্রস্ফুটিত হওয়া, ফোটা

[তাফাত্তাক্বা] ছিঁড়ে যাওয়া, [فتق] تَفَتَّقَ (تَفَتُّق) ছিন্ন হওয়া, ভেঙ্গে যাওয়া, ফেটে যাওয়া, সেলাই খুলে যাওয়া

[তাফাত্তালা] পাক খাওয়া, [فتل] تَفَتَّلَ (تَفَتُّل) পেঁচ খাওয়া, গুটিয়ে যাওয়া

[তাফাত্তা] তরুণ হওয়া, [فتو] تَفَتَّى (تَفَتِّي) তরুণ সাজা

[তাফতীশ] অনুসন্ধান, তালাশ, [فتش] تَفْتِيش খোঁজ, পরীক্ষা, নিরীক্ষা, পরিদর্শন

[তাফাছ] ময়লা, আবর্জনা تَفَث

[তাফাজ্জারা] বিস্ফোরিত [فجر] تَفَجَّرَ (تَفَجُّر) হওয়া, ফেটে বের হওয়া, বেগে প্রবাহিত হওয়া

[তাফাজ্জা'আ] ব্যথিত [فجع] تَفَجَّعَ (تَفَجُّع) হওয়া, কষ্ট পাওয়া, দুঃখ পাওয়া, সহানুভূতিশীল হওয়া

[তাফজীর] বেগে প্রবাহিতকরণ, [فجر] تَفْجِير বিদীর্ণকরণ, বিস্ফোরণ

[তাফাহ্হাছা] তদন্ত [فحص] تَفَحَّصَ (تَفَحُّص) করা, পরীক্ষা-নিরীক্ষা করা, অনুসন্ধান করা

[তাফাখ্খারা] গর্ব করা, [فخر] تَفَخَّرَ (تَفَخُّر) অহংকার করা, অহংকারী হওয়া

[তাফখীম] বড়করণ, গৌরবদান, [فخم] تَفْخِيم সম্মান, শ্রদ্ধা, উচ্চারণে জোর প্রদান, জোর

[তিফরাজ] ফাঁক, ফাটল, ফুটা, ছিদ্র [فرج] تِفْرَاج

[তিফরাহ, তুফরাহ, তুফারাহ] تِفْرَة ، تُفْرَة ، تُفَرَة উপরের ঠোঁটের মাঝখানের টোল বা গর্ত

[তাফাররজা] খুলে যাওয়া, [فرج] تَفَرَّجَ (تَفَرُّج) আলাদা হওয়া, (কষ্ট) লাঘব হওয়া, আরাম পাওয়া

[-- 'আলা] তাকানো, অবলোকন করা, تَفَرَّجَ عَلَى পর্যবেক্ষণ করা

[তাফরজাহ] ছিদ্র, ফুটা, [فرج] تَفْرَجَة ج تَفَارِج ফাটল, ফাঁক

[তিফরিজাহ] ফাঁক, ফাটল, ছিদ্র, تِفْرِجَة ج تَفَارِج ফুটা

[তাফাররদা] একা হওয়া, [فرد] تَفَرَّدَ (تَفَرُّد) একাকী হওয়া, অদ্বিতীয় হওয়া

[-- বি] একমাত্র অধিকারী হওয়া, একা تَفَرَّدَ بِ করা, এককভাবে করা, নিজেই করা

[তাফাররসা] নিরীক্ষণ [فرس] فِي تَفَرَّسَ (تَفَرُّس) করা, মনোযোগ সহকারে তাকিয়ে থাকা, এক দৃষ্টিতে তাকিয়ে থাকা, চিন্তা করা

[তাফাররছা] সুযোগ [فرص] تَفَرَّصَ (تَفَرُّص) পাওয়া

[তাফাররদা] খাঁজযুক্ত [فرض] تَفَرَّضَ (تَفَرُّض) হওয়া, খাঁজ-খাঁজ হওয়া, দাঁত-দাঁত হওয়া

[তাফাররতা] সময় চলে [فرط] تَفَرَّطَ (تَفَرُّط) যাওয়া, আগে যাওয়া, অগ্রবর্তী হওয়া

[তাফারতহা] টানটান [فرطح] تَفَرْطَحَ (تَفَرْطُح) হওয়া, সমান হওয়া, বিস্তৃত হওয়া, প্রশস্ত হওয়া

[তাফাররা'আ] ডালপালা- [فرع] تَفَرَّعَ (تَفَرُّع) যুক্ত হওয়া, বিভিন্ন শাখায় বিভক্ত হওয়া

تَفَرْعَنَ (تَفَرْعُن) [তাফার্‌'আনা] ফেরাউনের মত আচরণ করা, ঔদ্ধত্যপূর্ণ আচরণ করা, (গাছপালা) ঘন হয়ে জন্মানো

تَفَرَّغَ (تَفَرُّغ) [فرغ] [তাফার্‌রগা] খালি থাকা, কর্মমুক্ত থাকা, অবসরে থাকা, অবকাশে থাকা

تَفَرَّغَ عَنْ [-- 'আন] মালিকানা হস্তান্তর করা, দিয়ে দেওয়া, দায়মুক্ত হওয়া

تَفَرَّغَ لِـ [-- লি] পূর্ণ মনোযোগ দেওয়া, একান্ত-ভাবে মনোযোগী হওয়া

تَفَرَّقَ (تَفَرُّق) [فرق] [তাফার্‌রকা] বিভিন্ন হওয়া, বিচ্ছিন্ন হওয়া, বিভক্ত হওয়া, ছিন্নভিন্ন হওয়া

تَفْرِقَة ج تَفْرِقَات [فرق] [তাফ্‌রিক্বাহ্‌] বিচ্ছিন্নতা, বিভেদ, পার্থক্য, বিভক্তি, বর্ণবাদ

تَفَرْقَعَ (تَفَرْقُع) [فرقع] [তাফার্‌ক্বা'আ] (আঙ্গুল) ফোটা, মটকে যাওয়া, ফট্‌ফট্‌ শব্দ করা, বিস্ফো-রিত হওয়া

تَفَرَّكَ (تَفَرُّك) [فرك] [তাফার্‌রকা] ঘষা খাওয়া, ঘর্ষিত হওয়া

تَفَرْنَجَ (تَفَرْنُج) [তাফার্‌নাজা] ফিরিঙ্গী হওয়া, ইউরোপীয় হওয়া, ইউরোপীয়দের অনুকরণ করা, ইউরোপীয় সংস্কৃতি গ্রহণ করা

تَفَرْنَسَ (تَفَرْنُس) [তাফার্‌নাসা] ফরাসী হওয়া, ফরাসীদের অনুকরণ করা, ফরাসী সংস্কৃতি গ্রহণ করা

تَفَرَّى (تَفَرِّي) [فري] [তাফার্‌রা] ফেটে যাওয়া, বিদীর্ণ হওয়া, টুকরা টুকরা হওয়া

تَفْرِيج [فرج] [তাফ্‌রীজ] ফাঁককরণ, বিদারণ, (কষ্ট) হালকাকরণ, লাঘবকরণ, আরামদান

تَفْرِيجَة ج تَفَارِيج [فرج] [তাফ্‌রীজাহ্‌] ফাটল, ফাঁক, ছিদ্র, ফুটা

تَفْرِيح [فرح] [তাফ্‌রীহ্‌] আনন্দদান, বিনোদন, আরাম প্রদান

تَفْرِيز [فرز] [তাফ্‌রীয] আলাদাকরণ, বেরকরণ, নির্গতকরণ

تَفْرِيط [فرط] [তাফ্‌রীত] অবহেলা, শিথিলতা, শৈথিল্য

تَفْرِيغ [فرغ] [তাফ্‌রীগ] খালিকরণ, শূন্যকরণ, খালাসকরণ

تَفْرِيق [فرق] [তাফ্‌রীক] পার্থক্যকরণ, বিচ্ছিন্ন-করণ, আলাদাকরণ, ভাগভাগকরণ, বিভক্ত-করণ, বিচ্ছিন্নতা, বিভেদ, বিভক্তি, বণ্টন

بِالتَّفْرِيق [বিত-তাফ্‌রীক] ভাগে ভাগে, ভাগভাগ করে, খুচরা

تَفَزَّرَ (تَفَزُّر) [فزر] [তাফায্‌যারা] ফেটে যাওয়া, বিদীর্ণ হওয়া, ছিঁড়ে যাওয়া, ছিন্ন হওয়া

تَفْزِيع [فزع] [তাফ্‌যী'] ভীতিপ্রদর্শন, শঙ্কিত-করণ, আতঙ্কিতকরণ

تَفَسَّحَ (تَفَسُّح) [فسح] [তাফাস্‌সাহা] প্রশস্ত হওয়া, পর্যাপ্ত হওয়া, জায়গা করে বসা

تَفَسَّخَ (تَفَسُّخ) [فسخ] [তাফাস্‌সাখা] পৃথক হয়ে যাওয়া, ভেঙ্গে পড়া, নষ্ট হওয়া

تَفْسِير ج تَفَاسِير [فسر] [তাফ্‌সীর] ব্যাখ্যা, ভাষ্য, বিশ্লেষণ, তাৎপর্য ব্যাখা, পবিত্র কোরআনের ভাষ্য, তাফসীর

تَفْسِيرِيّ [তাফ্‌সীরী] ব্যাখ্যামূলক, বিশ্লেষণমূলক, তাফসীরসংক্রান্ত, তাফসীর-বিষয়ক

تَفَشَّى (تَفَشِّي) [فشو] [তাফাশ্‌শা] ছড়িয়ে পড়া, ছড়িয়ে যাওয়া

تَفْشِيل [فشل] [তাফ্‌শীল] ব্যর্থকরণ, নিরাশ-করণ, হতোদ্যমকরণ

تَفَصَّحَ (تَفَصُّح) [فصح] [তাফাছ্‌ছহা] শুদ্ধ ভাষা বলতে চাওয়া, বিশুদ্ধভাষী সাজা, বাগ্মীতা জাহির করা, বাগ্মী সাজা

تَفَصَّدَ (تَفَصُّد) [فصد] [তাফাছ্‌ছদা] ক্ষরিত হওয়া, ফোঁটায় ফোঁটায় ঝরা, ফোঁটায় ফোঁটায় ঝরানো

تَفْصِيل ج تَفَاصِيل ، تَفْصِيلَات [فصل] [তাফ্‌ছীল] বিস্তারিত বর্ণনা, বিশদ বিবরণ, তফসীল, ব্যাখ্যা, বিশ্লেষণ, (পোশাক তৈরী করার জন্য কাপড়) কর্তন, ছাঁট

تَفْصِيلاً ، بِالتَّفْصِيل [তাফ্‌ছীলান, বিত-তাফ্‌ছীল] বিস্তারিতভাবে, বিশদভাবে, সবিস্তারে, তফসীল সহকারে

تَفْصِيلَة [فصل] [তাফ্‌ছীলাহ্‌] (পোশাক তৈরীর কাপড়) কাটার পদ্ধতি, ছাঁট

تَفْصِيلِيّ [তাফ্‌ছীলী] ব্যাখ্যামূলক, বিশ্লেষণমূলক, বিস্তারিত, বিশদ, সবিস্তার

تَفَضَّضَ (تَفَضُّض) [فضض] [তাফাদ্দদা] ভেঙ্গে

যাওয়া, বিচ্ছিন্ন হয়ে যাওয়া, রুপার প্রলেপযুক্ত হওয়া, রৌপ্যমণ্ডিত হওয়া

تَفَضَّلْ ج تَفَضَّلُوا [فضل] [তাফাদ্দল] আসুন, নিন, বসুন, মেহেরবানি করুন

تَفَضَّلَ (تَفَضُّل) [فضل] [তাফাদ্দলা] দয়া করা, অনুগ্রহ করা, বড় হওয়া, মর্যাদাবান হওয়া

تَفَضَّى (تَفَضِّي) [فضو] لِـ [তাফাদ্দা লি] অবসর পাওয়া, সময় পাওয়া, নিবেদিত হওয়া, নিয়োজিত হওয়া

تَفْضِيل [فضل] [তাফ্‌দীল] মর্যাদাদান, শ্রেষ্ঠত্ব প্রদান, অগ্রাধিকার প্রদান, পছন্দকরণ

اِسْمُ التَّفْضِيل [ইস্‌মুত তাফ্‌দীল] অগ্রাধিকার-সূচক বিশেষণ, elative

تَفَطَّرَ (تَفَطُّر) [فطر] [তাফাত্তরা] ফেটে যাওয়া, বিদীর্ণ হওয়া, ফাটলযুক্ত হওয়া, টুকরা টুকরা হওয়া

تَفَطَّنَ (تَفَطُّن) [فطن] [তাফাত্তনা] বুঝতে পারা, বুদ্ধিমান হওয়া, বিচক্ষণ হওয়া

تَفَظَّعَ (تَفَظُّع) [فظع] [তাফায্‌যা'আ] কুৎসিত দেখতে পাওয়া, কদাকার মনে করা

تَفْعِيل [فعل] [তাফ্‌'ঈল] সক্রিয়করণ, কর্মশীল-করণ, কর্মতৎপরকরণ

تَفْعِيل ج تَفَاعِيل [তাফ্‌'ঈল] শ্লোকের পদ, ছন্দ-মাত্রা (ছন্দ)

تَفْعِيلَة ج تَفَاعِيل [তাফ্‌'ঈলাহ্] শ্লোকের পদ, foot, ছন্দ-মাত্রা (ছন্দ)

تَفَّفَ (تَتْفِيف) [تفف] [তাফ্‌ফাফা] ছিঃ বলা, ধিক জানানো, ধিক্কার দেওয়া

تَفَقَّدَ (تَفَقُّد) [فقد] [তাফাক্কাদা] অনুসন্ধান করা, খোঁজ করা, তদন্ত করা, পরীক্ষা করা, পরিদর্শন করা

حِدَّة [حدد] [হিদ্দাহ্] তীব্রতা, প্রচণ্ডতা, তীক্ষ্ণতা, ধার, তেজ, ঝাঁঝ, উত্তাপ, ক্রোধ, সূক্ষ্মতা

حَدَث ج أَحْدَاث [হাদাছ] নতুন জিনিস, ঘটনা, খারাপ কাজ, বিপদ, দুর্যোগ, মল, অপবিত্রতা, নাপাকি, তরুণ

حَدَثَ [ن] (حُدُوث) [হাদাছা] সংঘটিত হওয়া, ঘটা, হওয়া

حَدَثَ لِ [-- লি] এসে পড়া, আপতিত হওয়া, আঘাত করা, কষ্ট দেওয়া

حَدُثَ [ن] (حَدَاثَة) [হাদুছা] নতুন হওয়া, নব্য হওয়া, নবীন হওয়া, আধুনিক হওয়া

حَدَّثَ (تَحْدِيث) [حدث] [হাদ্দাছা] বর্ণনা করা, বলা, খবর দেওয়া, উদ্ধৃত করা, হাদীস চর্চা করা, আধুনিক করা

حَدَجَ [ض] (حَدْج) [হাদাজা] তাকিয়ে থাকা, স্থির-দৃষ্টিতে তাকানো, তীক্ষ্ণদৃষ্টিতে তাকানো

حَدَّجَ (تَحْدِيج) [حدج] [হাদ্দাজা] তাকিয়ে থাকা, স্থিরদৃষ্টিতে তাকানো, তীক্ষ্ণদৃষ্টিতে তাকানো

حِدْج ج حُدُوج ، أَحْدَاج [হিদ্জ] বোঝা, ভার

حَدَّدَ (تَحْدِيد) [حدد] [হাদ্দাদা] সীমাবদ্ধ করা, সীমিত করা, নির্দিষ্ট করা, নির্ধারণ করা, সংজ্ঞা দেওয়া, ধারালো করা, ধার দেওয়া

حَدْر [হাদ্র] দ্রুতপঠন

حَدَر [হাদার] ঢাল, গড়ান, ঢালু জমি, ক্রমনিম্ন ভূমি

حَدَرَ [ن] [ض] (حَدْر ، حَدَارَة) [হাদারা] ঢালু করা, নামানো, নোয়ানো, ঝরানো, নামা, নেমে যাওয়া, মোটা হওয়া, পুরু হওয়া, দ্রুত (পাঠ) করা

حَدَرَ (حُدُور) [হাদারা] (চোখ) অশ্রু ঝরানো

حَدُرَ [ك] (حَدَارَة) [হাদুরা] মোটা হওয়া, পুরু হওয়া, স্ফীত হওয়া, ফুলে ওঠা

حَدَّرَ (تَحْدِير) [حدر] [হাদ্দারা] নোয়ানো, নত করা

حَدَسَ [ن] [ض] (حَدْس) [হাদাসা] আন্দাজ করা, অনুমান করা, সন্দেহ করা, দ্রুত করা, নিক্ষেপ করা, পথ না চিনে যাওয়া

حَدَق ج أَحْدَاق [হাদাক] চোখের তারা, নজর, দৃষ্টি, বেগুন

حَدَقَ [ض] (حَدْق) [হাদাক্বা] তাকানো, দৃষ্টি দেওয়া

حَدَقَ بِ [-- বি] বেষ্টন করা, ঘিরে রাখা

حَدَّقَ (تَحْدِيق) [حدق] [হাদ্দাক্বা] তাকিয়ে থাকা, স্থিরদৃষ্টিতে তাকানো

حَدَقَة ج حَدَقَات ، حِدَاق [হাদাক্বাহ] নয়নতারা, চোখের তারা

حَدَقِيَّة [হাদাক্বিয়্যাহ] একজাতীয় ফুলগাছ, hyacinth

حَدَلَ [ض] (حَدْل) [হাদালা] (ডলনা দিয়ে) সমান করা, সমতল করা

حَدْم ، حَدَم [হাদ্‌ম, হাদাম] উত্তাপ, উত্তপ্ততা প্রজ্বলন, দাউ দাউ করে জ্বলন

حَدَمَ [ض] (حَدْم) [হাদামা] অধিক গরম করা, উত্তপ্ত করা, অধিক লাল করা

حَدَمَة [হাদামাহ] আগুন জ্বলার শব্দ

حَدْوَة ، حِدْوَة [হাদ্‌ওয়াহ, হিদ্‌ওয়াহ] ঘোড়ার পায়ের নাল

حُدُوث [حدث] [হুদূছ] ঘটন, হওন, সংঘটন

حُدُود (حَدّ) [হুদূদ] সীমা, সীমানা, সীমান্ত

فِي حُدُودِ [ফী হুদূদি] সীমার মধ্যে, অতিক্রম না করে, না ছাড়িয়ে, মধ্যে, প্রায়

حُدُودِيّ [হুদূদী] সীমান্ত-বিষয়ক, সীমান্তবর্তী

حَدُور [হাদূর] ঢালু জায়গা, ঢাল

حَدُورَة ، حُدُورَة [হাদূরাহ, হুদূরাহ] অশ্রুপাত, অশ্রুসজলতা

حَدِّيّ [হাদ্দী] সীমান্তবর্তী, প্রান্তবর্তী, প্রান্তিক, নিয়ন্ত্রণমূলক, সীমাবদ্ধতামূলক

غَلَّة حَدِّيَّة [গাল্লাহ হাদ্দিয়্যাহ] প্রান্তিক ফসল

حَدِيَ [س] (حَدًى) بِ [হাদিয়া] অবস্থান করা, থেকে যাওয়া, আঁকড়ে থাকা

حَدِيث [حدث] [হাদীছ] নতুন, নবীন, আধুনিক, নব্য, সাম্প্রতিক

حَدِيث ج أَحَادِيث [হাদীছ] কথা, বাণী, কথা-বার্তা, আলোচনা, কথিকা, সংবাদ, খবর, কাহিনী, (রসূলের) হাদীস

حَدِيث إِذَاعِيّ [হাদীছ ইযা'ঈ] বেতার-কথিকা

حَدِيث السِّنّ [হাদীছুস সিন্] অল্পবয়সী, তরুণ, নবীন, নব্য

حَدِيث العَهْد [হাদীছুল 'আহ্‌দ] বেশীদিন হয়নি এমন, সাম্প্রতিক, নতুন, তাজা, অনভিজ্ঞ, নবিস, আনাড়ি

الحَدِيث [আল-হাদীছ] হাদীস, রসূলের হাদীস

الحَدِيث الشَّرِيف [আল-হাদীছুশ শারীফ] হাদীস শরীফ, রসূলের হাদীস

حَدِيثًا [হাদীছান] নতুনভাবে, বেশীদিন আগে নয়, সাম্প্রতিককালে, সম্প্রতি

حِدِّيث [হিদ্দীছ] বেশী কথা বলে এমন, সুন্দর কথা বলে এমন, বাকপটু, বাগীশ, বাগ্মী

حَدِيد [حدد] [হাদীদ] লৌহ, লোহা, লৌহদ্রব্য

حَدِيد ج حِدَاد [حدد] [হাদীদ] ধারালো, তীক্ষ্ণ

الحَدِيد [আল-হাদীদ] সূরা আল-হাদীদঃ পবিত্র কোরআনের ৫৭তম সূরা

سِكَّة الحَدِيد [সিক্কাতুল হাদীদ] রেললাইন

عَصْر الحَدِيد ['আছরুল হাদীদ] লৌহযুগ

حَدِيدَة ج حَدَائِد ، حَدِيدَات [حدد] [হাদীদাহ] লোহার টুকরা, লৌহখণ্ড, (লাঙ্গলের) ফলা, ফাল

حَدِيدِيّ [হাদীদী] লোহা-সম্বন্ধীয়, লোহার তৈরী,

লোহার, লৌহ-

[আস-সিক্কাতুল হাদীদিয়্যাহ] السِكّة الحَدِيدِيّة রেললাইন

[হাদীস] ভূপাতিত, ধরাশায়ী حَدِيس [حدس]

[হাদীক্বাহ] বাগান, বাগ, حَدِيقَة ج حَدَائِق [حدق] বাগিচা, উদ্যান, কানন

[হাদীক্বাতুল হায়াওয়ানাত] حَدِيقَة الحَيَوَانَات চিড়িয়াখানা, পশুপক্ষিশালা

[হাযযা] কর্তন করা, কাটা, কেটে حَذَّ [ن] (حَذّ) ফেলা, সংক্ষিপ্ত করা

[হাযা] অনুরূপ حَذَا [ن] (حَذْو ، حِذَاء) [حذو] করা, মাপ অনুসারে বানানো, অনুকরণ করা, অনুসরণ করা

[হাযা হাযওয়াহু] দৃষ্টান্ত অনুসরণ করা, حَذَا حَذْوَهُ পদাংক অনুসরণ করা

[হায্যা'] জুতাওয়ালা, জুতা প্রস্তুত- حَذَّاء [حذو] কারী, মুচি

[হিযা'] জুতা, পাদুকা حِذَاء ج أَحْذِيَة [حذو]

[হিযাআ] সামনে, সম্মুখে, পাশে, حِذَاءَ [حذو] কাছে, সামনাসামনি, মুখোমুখি

[হিযার] সতর্কতা, সাবধানতা حِذَار [حذر]

[হাযারি] সতর্ক হও! সাবধান! حَذَارِ [حذر]

[হায্যাফাহ] ঘূর্ণায়মান অক্ষ- حَذَّافَة [حذف] দণ্ডের ওপর লাগানো যন্ত্রপাতির নিয়ন্ত্রক ভারী চাকা, flywheel

[হুযাফাহ] বর্জিত حُذَافَة ج حُذَافَات [حذف] অংশ, অবশিষ্টাংশ

[হাযাফীর] পার্শ্ব, পাশ, দিক حَذَافِير (حِذْفَار)

[বি-হাযাফীরিহী] সামগ্রিকভাবে, সম্পূর্ণ- بِحَذَافِيرِهِ রূপে, একেবারে, বিস্তারিতভাবে

[হাযাক্বাহ] বুদ্ধিমত্তা, বিচক্ষণতা, حَذَاقَة [حذق] দক্ষতা, নৈপুণ্য

[হুযযাহ] টুকরা, ফালি, খণ্ড, حُذَّة ج حُذَذ [حذذ] অংশ

[হাযায] ক্ষিপ্রতা, স্বল্পতা, চাতুর্য, মেধা حَذَذ

[হাযার] সতর্কতা, সাবধানতা, সজাগ অবস্থা, حَذَر ভয়, ডর, শঙ্কা, ভীতি

[বি-হাযার, 'আলা হাযার] بِحَذَر ، عَلَى حَذَر সতর্কতার সাথে, সাবধানে, ভয়ে ভয়ে

[হাযির] সতর্ক, সাবধান, সজাগ, ভয়শীল, حَذِر ভীরু, ভীতিপ্রবণ

[হাযিরা] সতর্ক থাকা, حَذِرَ [س] (حَذَر ، حِذَار) সতর্ক হওয়া, সাবধান হওয়া, সতর্কতা অবলম্বন করা, ভয় করা, দূরে থাকা

[হায্যারা] সতর্ক করা, حَذَّرَ (تَحْذِير) [حذر] সাবধান করা, সজাগ করা, ভয় দেখানো

[হিযর] সতর্কতা, ভয়, রক্ষা, রেহাই, আত্ম- حِذْر রক্ষার হাতিয়ার, অস্ত্র

[হাযফ] বাদ, বিয়োগ, বিলোপ, অপসারণ, حَذْف হযফ

[হাযাফ, হাযাফাহ] বালিহাঁস حَذَف ، حَذَفَة

[হাযাফা] ফেলে দেওয়া, حَذَفَ [ض] (حَذْف) বাদ দেওয়া, বিলোপ করা, বিয়োগ করা, উহ্য রাখা, হযফ করা

[-- বি] নিক্ষেপ করা, ছুঁড়ে মারা حَذَفَ بِ

[হায্যাফা] কাট-ছাঁট حَذَّفَ (تَحْذِيف) [حذف] করা, কেটে-ছেঁটে দেওয়া, ঠিকঠাক করা, পরি-পাটি করা

[হিযফার, হুযফূর] حِذْفَار ، حُذْفُور ج حَذَافِير পার্শ্ব, পাশ, দিক

[হাযাক্বা] টক হওয়া, অম্লস্বাদ حَذَقَ [ن] (حُذُوق) হওয়া

[হাযাক্বা] حَذَقَ [ض] (حِذْق ، حَذَاق ، حَذَاقَة) দক্ষ হওয়া, দক্ষতা অর্জন করা, ভালভাবে জানা, নিপুণ হওয়া, বিচক্ষণ হওয়া

[হাযিক্বা] حَذِقَ [س] (حِذْق ، حَذَاق ، حَذَاقَة) দক্ষ হওয়া, দক্ষতা অর্জন করা, ভালভাবে জানা, নিপুণ হওয়া, বিচক্ষণ হওয়া

[হায্যাক্বা] দক্ষ করা, حَذَّقَ (تَحْذِيق) [حذق] দক্ষ বানানো, দক্ষ করে গড়ে তোলা

[হিযক] দক্ষতা, নৈপুণ্য বুদ্ধিমত্তা, বিচক্ষণতা حِذْق

[হাযলাক্বা] পাণ্ডিত্য জাহির করা, حَذْلَقَ (حَذْلَقَة) জ্ঞানী হওয়ার ভান করা, দক্ষতা দেখানো

[হাযামা] কর্তন করা, কেটে حَذَمَ [ض] (حَذْم) ফেলা, তাড়াহুড়া করা

حَذِم [হাযিম] কর্তনকারী, ধারালো (তরবারি)

حَذْو [হায্ও] বিপরীত দিক, সম্মুখ, নমুনা, দৃষ্টান্ত, আদর্শ, পদাংক

حَذْوَ [হায্ওয়া] সামনে, সম্মুখে, সামনাসামনি, বিপরীতে, পাশে, মুখোমুখি

حِذْوَة ، حُذْوَة [হিয্ওয়াহ, হুয্ওয়াহ] বিপরীত দিক, সম্মুখ, দান, অংশ, খণ্ড

حَرّ ج حُرُور ، أَحَارِر [হার্] তাপ, উত্তাপ, তেজ, উষ্ণতা, লংকা, মরিচ

حَرَّ [ن] [ض] (حَرّ ، حَرَارَة) [হার্‌রা] উষ্ণ হওয়া, গরম হওয়া, উত্তপ্ত হওয়া, গরম করা, উত্তপ্ত করা, (ভূমি) সমান করা, সমতল করা

حَرَّ [س] (حَرَّة ، حَرَارَة) [হার্‌রা] তৃষ্ণার্ত হওয়া, পিপাসার্ত হওয়া, তৃষ্ণা লাগা, পিপাসা লাগা

حَرَّ [س] (حَرَار ، حُرِّيَّة) [হার্‌রা] সম্ভ্রান্ত হওয়া, সদ্বংশীয় হওয়া, স্বাধীন হওয়া, মুক্ত হওয়া

حُرّ ج أَحْرَار [হুর্] মুক্ত, স্বাধীন, মহৎ, উদার, মুক্তবুদ্ধি, সম্ভ্রান্ত, সদ্বংশীয়, খাঁটি, উন্মুক্ত, খোলা, ঢিলা, আলগা

مِنْطَقَة حُرَّة [মিন্তক্বাহ হুর্‌রাহ] মুক্তাঞ্চল, মুক্ত এলাকা

حِرَاء [হিরা'] হেরা (পর্বত)

حَرَّاب [حرب] [হার্‌রাব] বর্শা প্রস্তুতকারী, বল্লম প্রস্তুতকারী, বল্লমধারী, বেয়নেটধারী

حَرَّاث [حرث] [হার্‌রাছ] চাষী, কৃষিকর্মী, কৃষক

حِرَاثَة [حرث] [হিরাছাহ] চাষ, চাষাবাদ, কৃষি-কাজ

حَرَاج [হারাজ] নিলাম, ডাক, নিলামে বিক্রয়

حَرَّاج [حرج] [হার্‌রাজ] বনপাল, বনরক্ষক, বনবাসী

حَرَاجَة [حرج] [হারাজাহ] জটিলতা, সংকট, সংকটাপন্নতা, গুরুতর অবস্থা

حِرَاجَة [حرج] [হিরাজাহ] বনপালনবিদ্যা, বন-রক্ষণবিদ্যা, বনায়ন

حِرَاجِيّ [حرج] [হিরাজী] বনরক্ষণসংক্রান্ত, বন-রক্ষক, বনপাল

حَرَّار [حرر] [হার্‌রার] রেশমশিল্পী, রেশমওয়ালা

حَرَارَة [حرر] [হারারাহ] তাপ, উত্তাপ, উষ্ণতা, তাপমাত্রা, তেজ, তীব্রতা, প্রচণ্ডতা, জ্বর

حِرَاسَة [حرس] [হিরাসাহ] প্রহরা, পাহারা, টহল, নিরাপত্তা রক্ষা, সংরক্ষণ, নজরদারি, তত্ত্বাবধান

حَرَّاش [حرش] [হার্‌রাশ] কালো বর্ণের সাপ যা প্রতি বছর খোলস বদলায়, কালসাপ

حَرَافَة [حرف] [হারাফাহ] তেজ, ধার, উষ্ণতা, তীব্রতা, প্রচণ্ডতা

حَرَّاق [حرق] [হার্‌রাক] জ্বলন্ত, উষ্ণ, উত্তপ্ত, দগ্ধ, তীব্র

حِرَاق [হিরাক] দ্রুত ধাবনক্ষম অশ্ব, দ্রুতগামী ঘোড়া, সবকিছু নষ্ট করে দেয় এমন, সবকিছু পুড়িয়ে দেয় এমন (আগুন)

حُرَاق [হুরাক] দ্রুত ধাবনক্ষম অশ্ব, দ্রুতগামী ঘোড়া, বেশী লবণাক্ত পানি, সবকিছু নষ্ট করে দেয় এমন, সবকিছু পুড়িয়ে দেয় এমন (আগুন), আগুন জ্বালানোর জন্য শুকনো দাহ্য পদার্থ

حُرَّاق [হুর্‌রাক] আগুন জ্বালানোর জন্য শুকনো দাহ্য পদার্থ, বেশী লবণাক্ত পানি

حَرَّاقَة ج حَرَّاقَات [حرق] [হার্‌রাক্বাহ] বোমা, টর্পেডো, যুদ্ধজাহাজ

حَرَاك [হারাক] গতি, চলন, আন্দোলন, নড়াচড়া

حَرَام ج حُرُم [হারাম] হারাম, নিষিদ্ধ, অবৈধ, পবিত্র, (হজ্জ কিংবা ওম্‌রার জন্য) এহরামরত

الْبَلَد الْحَرَام [আল-বালাদুল হারাম] পবিত্র নগরীঃ মক্কা মোকাররমা

الْبَيْت الْحَرَام [আল-বাইতুল হারাম] পবিত্র গৃহঃ কাবাঘর

بِالْحَرَام [বিল-হারাম] হারাম উপায়ে, অবৈধভাবে

حِرَام ج حِرَامَات ، أَحْرِمَة [হিরাম] একপ্রকার পশমী কম্বল

حَرَامِيّ ج حَرَامِيَّة [হারামী] চোর, ডাকাত, দুষ্ট লোক, অসৎ লোক, বদমাশ, হারামী

حَرَّان مث حَرَّى [حرر] [হার্‌রান] বেশী তৃষ্ণার্ত, অধিক পিপাসার্ত, তৃষ্ণাকাতর, পিপাসু, অত্যন্ত উৎসুক, উত্তপ্ত, জ্বলন্ত

حَرْب (مث) ج حُرُوب [হার্ব] যুদ্ধ, লড়াই, রণ, সমর, সংঘাত

[হার্ব আহ্লিয়্যাহ্] গৃহযুদ্ধ, civil war حَرْب أَهْلِيَّة

[হার্ব বারিদাহ্] শীতল যুদ্ধ, ঠান্ডা লড়াই حَرْب بَارِدَة

[হার্ব ছলীবিয়্যাহ্] ক্রুসেড حَرْب صَلِيبِيَّة

[হার্ব 'আলামিয়্যাহ্] বিশ্বযুদ্ধ حَرْب عَالَمِيَّة

[হার্বুল 'ইছাবাত] গেরিলাযুদ্ধ حَرْب العِصَابَات

[হার্ব নাওয়াবিয়্যাহ্] পারমাণবিক যুদ্ধ حَرْب نَوَوِيَّة

[দারুল হার্ব] শত্রুরাষ্ট্র دَار الحَرْب

[হারিব] অত্যন্ত রাগী, ক্রোধান্বিত حَرِب ج حَرْبَى

[হারিবা] অধিক রেগে যাওয়া, অতিশয় ক্রুদ্ধ হওয়া, অগ্নিশর্মা হওয়া, ক্ষেপে যাওয়া حَرِبَ [س] (حَرَب)

[হির্বা'] গিরগিটি (প্রাণী) حِرْبَاء ج حَرَابِيّ

[হার্বাহ্] বর্শার ফলা, বর্শা, বল্লম, বেয়োনেট حَرْبَة ج حِرَاب

[হার্বী] যুদ্ধ-বিষয়ক, যুদ্ধসংক্রান্ত, রণ-, সামরিক حَرْبِيّ

[হার্রাহ্] প্রস্তরময় ভূমি, লাভা-ক্ষেত্র, কষ্টদায়ক শাস্তি, তীব্র অন্ধকার, ছোট ফোড়া, ব্রণ حَرَّة ج حَرَّات ، حِرَار

[হির্রাহ্] তৃষ্ণা, পিপাসা, তীব্র পিপাসা حِرَّة

[হুর্রাহ্] মুক্ত নারী, সম্ভ্রান্ত মহিলা, অভিজাত রমণী حُرَّة ج حَرَائِر

[হার্ছ] চাষ, কর্ষণ, চাষের জমি, ক্ষেত, শস্যক্ষেত্র, কৃষি حَرْث

[হারছা] কৃষিকাজ করা, ক্ষেতি করা, চাষ করা, কর্ষণ করা حَرَثَ [ن] [ض] (حَرْث)

[হারজ] জটিলতা, সঙ্কট, সঙ্কীর্ণতা, বিপদ, অসুবিধা, বাধা, নিষেধ, পাপ, অন্যায়, দোষ, বন, জঙ্গল حَرَج

[লা হারজা] কোন অসুবিধা নেই, কোন বাধা নেই, কোন পাপ নেই, কোন দোষ নেই لَا حَرَجَ

[হারিজ] সঙ্কীর্ণ, জটিল, কঠিন, সঙ্কটময়, সংকটপূর্ণ حَرِج

[হারিজা] জটিল হওয়া, কঠিন হওয়া, সঙ্কীর্ণ হওয়া, নিষিদ্ধ হওয়া, পাপ করা, অন্যায় করা حَرِجَ [س] (حَرَج)

[হার্রজা] জটিল করা, কঠিন করা, সঙ্কীর্ণ করা, নিষিদ্ধ করা, পীড়াপীড়ি করা, গাছ লাগানো, বনায়ন করা حَرَّجَ (تَحْرِيج) [حرج]

[হির্জ] পাপ, অন্যায়, অপরাধ, বাধা حِرْج ج حِرَاج

[হারজাহ্] জঙ্গল, বন, ঝোপ حَرَجَة ج حِرَاج ، أَحْرَاج

[হারজাহ্] পশুদের পাল, পশুপাল حَرَجَة ج حَرَج ، حَرَجَات

[হারদ] অসন্তোষ, ক্রোধ, রাগ, বিরক্তি حَرَد

[হারদা] উদ্দেশ্য করা, করতে চাওয়া, বাধা দেওয়া, আটকে রাখা حَرَدَ [ض] حَرْد

[হারিদ] ক্রুদ্ধ, রাগান্বিত, বিরক্ত, অসন্তুষ্ট حَرِد

[হারিদা] ক্রুদ্ধ হওয়া, রেগে যাওয়া, বিরক্ত হওয়া, অসন্তুষ্ট হওয়া حَرِدَ [س] (حَرَد)

[হার্দান] ক্রোধান্বিত, রাগান্বিত, বিরক্ত, অসন্তুষ্ট حَرْدَان

[হার্রারা] মুক্ত করা, মুক্তি দেওয়া, ছেড়ে দেওয়া, উৎসর্গ করা, রচনা করা, সম্পাদনা করা, ঠিক করা, সমন্বিত করা حَرَّرَ (تَحْرِير) [حرر]

[হারযা] রক্ষা করা, সংরক্ষণ করা, যত্ন নেওয়া حَرَزَ [ن] (حَرْز)

[হারুযা] সুরক্ষিত হওয়া, শক্ত হওয়া, দুর্ভেদ্য হওয়া, নিরাপদ হওয়া حَرُزَ [ك] (حَرَازَة)

[হার্রযা] সংরক্ষণ করা, রক্ষা করা, আশ্রয় দেওয়া حَرَّزَ (تَحْرِيز) [حرز]

[হির্য] সুরক্ষিত স্থান, দুর্গ, আশ্রয়, আশ্রয়স্থল, রক্ষাকবচ, ভাগ, অংশ حِرْز ج أَحْرَاز

[হারস] প্রহরা, পাহারা, প্রহরী, গার্ড, রক্ষী, রক্ষীবাহিনী, দেহরক্ষী حَرَس

[হারসুশ শারফ] গার্ড অফ অনার (guard of honour) حَرَس الشَّرَف

[আল-হারসুল মালাকী] রাজকীয় রক্ষীবাহিনী, royal guard الحَرَس المَلَكِيّ

[আল-হারসুল ওয়াতনী] জাতীয় রক্ষীবাহিনী, national guard الحَرَس الوَطَنِيّ

[হারসা] পাহারা حَرَسَ [ن] (حَرْس ، حِرَاسَة)

দেওয়া, প্রহরায় থাকা, রক্ষা করা, তত্ত্বাবধান করা

حَرَسِيٌّ [হারসী] প্রহরাসংক্রান্ত, প্রহরী, রক্ষী

حَرَشٌ [হারশ] অমসৃণতা, খসখসে ভাব, রুক্ষতা, রূঢ়তা, কর্কশতা

حَرَشَ [ض] (حَرْش) [হারশা] আঁচড়ানো, আঁচড় দেওয়া, আঁচড় কাটা, (গিরগিটি) শিকার করা

حَرِشٌ [হারিশ] অমসৃণ, খসখসে, রুক্ষ, কর্কশ, রূঢ়, ঘুমায় না এমন, নিদ্রাহীন

حَرِشَ [س] (حَرَش) [হারিশা] অমসৃণ হওয়া, খসখসে হওয়া, রুক্ষ হওয়া, রূঢ় হওয়া, কর্কশ হওয়া, ধোঁকা দেওয়া, প্রতারণা করা

حَرَّشَ (تَحْرِيش) [حرش] [হাররশা] উত্তেজিত করা, প্ররোচিত করা, ক্ষেপিয়ে তোলা, লেলিয়ে দেওয়া, বিবাদ লাগিয়ে দেওয়া

حِرْش ج حُرُوش ، أَحْرَاش [হির্‌শ] জঙ্গল, বন, বনভূমি

حُرْشَةٌ [হুর্‌শাহ্‌] অমসৃণতা, খসখসে ভাব, রূঢ়তা, রুক্ষতা, কর্কশতা

حَرْشَف ج حَرَاشِف [হার্‌শাফ] (মাছের) আঁশ, খোলস, ছাল

حَرَصَ [ن]، حَرِصَ [س] (حِرْص) عَلَى [হারছা, হারিছা] লোভ করা, লোভী হওয়া, পেতে চাওয়া, কামনা করা, কার্পণ্য করা, কৃপণ হওয়া, ব্যয়কুণ্ঠ হওয়া, লেগে থাকা, আঁকড়ে থাকা, মেনে চলা, রক্ষা করা

حَرَّصَ (تَحْرِيص) [حرص] [হাররছা] লোভী করা, প্ররোচিত করা, উদ্বুদ্ধ করা

حِرْص [হির্‌ছ] লোভ, লালসা, লিপ্সা, কামনা, প্রলোভন, কার্পণ্য

حَرَض [হারদ] জরাজীর্ণ, মরণাপন্ন, রোগাক্রান্ত, অসুস্থ, অকেজো, শীর্ণকায়

حَرَضَ [ن] (حُرُوض) [হারদা] জরাজীর্ণ হওয়া, শীর্ণকায় হওয়া, ক্ষয়প্রাপ্ত হওয়া

حَرِض [হারিদ] জরাজীর্ণ, মরণাপন্ন, রোগাক্রান্ত, অসুস্থ, অকেজো, শীর্ণকায়

حَرِضَ [س] (حَرَض) [হারিদা] জরাজীর্ণ হওয়া, শীর্ণকায় হওয়া, ক্ষয়প্রাপ্ত হওয়া

حَرُضَ [ك] (حَرَاضَة) [হারুদা] জরাজীর্ণ হওয়া, শীর্ণকায় হওয়া, ক্ষয়প্রাপ্ত হওয়া

حَرَّضَ (تَحْرِيض) [حرض] [হাররদা] প্ররোচিত করা, প্রণোদিত করা, উদ্বুদ্ধ করা, উৎসাহিত করা

حُرْض ، حُرُض [হুর্‌দ, হুরুদ] পটাশ, ক্ষার

حَرْف ج حُرُوف ، أَحْرُف [হার্‌ফ] হরফ, বর্ণ, অক্ষর, অব্যয়, উপসর্গ (ব্যা)

حَرْف ج حِرَف [হার্‌ফ] পার্শ্ব, প্রান্ত, কিনারা, ধার, সীমা, চূড়া

حَرْف الاِسْتِفْهَام [হার্‌ফুল ইস্‌তিফ্‌হাম] প্রশ্ন-বোধক অব্যয় (ব্যা)

حَرْف الجَرّ [হার্‌ফুল জার্‌] পদান্বয়ী অব্যয়, preposition (ব্যা)

حَرْف حَلْقِيّ [হার্‌ফ হাল্‌ক্বী] কণ্ঠ্যবর্ণ

حَرْف شَمْسِيّ [হার্‌ফ শাম্‌ছী] সূর্যবর্ণঃ যে বর্ণের পূর্বে নির্দিষ্টবাচক উপসর্গ أل যুক্ত হলে ل-এর ধ্বনি (ল) ঐ বর্ণের ধ্বনিতে পরিবর্তিত হয়ে তাশদীদরূপে উচ্চারিত হয়, যেমন الشَّمْس (আশ-শাম্‌স)

حَرْف صَحِيح [হার্‌ফ ছহীহ্‌] ব্যঞ্জনবর্ণ (ا و ي ব্যতীত অন্য সকল বর্ণ), নিরেট বর্ণ, অটুট বর্ণ

حَرْف العَطْف [হার্‌ফুল আত্‌ফ] সংযোজক অব্যয়, conjunction (ব্যা)

حَرْف العِلَّة [হার্‌ফুল 'ইল্লাহ্‌] রুগ্ন বর্ণ, দুর্বল বর্ণঃ আরবী স্বরবর্ণ (ا و ي)

حَرْف قَمَرِيّ [হার্‌ফ ক্বামারী] চন্দ্রবর্ণঃ যে বর্ণের পূর্বে নির্দিষ্টবাচক উপসর্গ أل যুক্ত হলে ل-এর ধ্বনি (ল) যথারীতি উচ্চারিত হয়, যেমন القَمَر (আল-ক্বামার)

حَرْف مَائِل [হার্‌ফ মা'ইল] বাঁকা হরফ, italic

حَرْف النِّدَاء [হার্‌ফুন নিদা'] সম্বোধন-অব্যয় (ব্যা)

حَرْف نَطْعِيّ [হার্‌ফ নাত্‌'ঈ] দন্ত্যবর্ণ

حَرْف النَّفْي [হার্‌ফুন নাফ্‌ই] না-সূচক অব্যয়

حُرُوف الهِجَاء ، الحُرُوف الهِجَائِيَّة [হুরূফুল হিজা', আল-হুরূফুল হিজা'ইয়্যাহ্‌] বর্ণমালা

حَرَفَ [ض] (حَرْف) عَنْ [হারফা] ফেরা, ফিরে আসা, বিরত থাকা, ফিরানো, বিরত করা, দূরে রাখা

[হারুফা] তিক্ত হওয়া, উগ্র হওয়া, ঝাঁজালো হওয়া, তীক্ষ্ণ হওয়া, প্রতিপক্ষ হওয়া, শত্রুভাবাপন্ন হওয়া حَرُفَ [ك] (حَرَافَة)

[হার্‌রফা] বাঁকা করা, নোয়ানো, ঝুঁকানো, বিকৃত করা, অপব্যাখ্যা করা, জাল করা, ধার দেওয়া, ধারালো করা, ছুঁচালো করা, ফিরিয়ে আনা, সরিয়ে আনা حَرَّفَ (تَحْرِيف) [حرف]

[হুর্‌ফ] বঞ্চনা, ঝাঁজালো বস্তু, সরিষা, শাক-জাতীয় উদ্ভিদবিশেষ, cress حُرْف

[হির্‌ফানিয়্যাহ্] বৃত্তিনিষ্ঠতা, পেশাদারি, professionalism حِرْفَانِيَّة [حرف]

[হির্‌ফাহ্] পেশা, বৃত্তি, ব্যবসা, কাজ, শিল্প حِرْفَة ج حِرَف

[হুর্‌ফাহ্] বঞ্চনা, দুর্ভাগ্য, সরিষার দানা حُرْفَة

[হার্‌ফী] অক্ষরসম্পর্কিত, বর্ণ-বিষয়ক, আক্ষরিক, বর্ণভিত্তিক حَرْفِيّ

[হির্‌ফী] পেশা-সম্বন্ধীয়, পেশামূলক, বৃত্তি-মূলক, পেশাদার, কারিগর حِرْفِيّ

[হার্‌ফিয়্যাহ্] আক্ষরিকতা حَرْفِيَّة [حرف]

[হিরফিয়্যাহ্] পেশাদারিত্ব, কারিগরি, কারুশিল্প حِرْفِيَّة [حرف]

[হারক] জ্বলন, দহন, প্রজ্বলন, প্রজ্বালন, পোড়ার দাগ حَرْق

[হারক] পোড়ার দাগ, পোড়া দাগ حَرَق

[হার্‌কা] পোড়ানো, দগ্ধ করা, পোড়া, দগ্ধ হওয়া حَرَقَ [ض] (حَرْق)

[হার্‌রকা] পোড়ানো, জ্বালানো, দগ্ধ করা, প্রজ্বলিত করা, (দাঁত) কড়মড় করা حَرَّقَ (تَحْرِيق) [حرق]

[হারিক] বিজলী চমকানো মেঘ, খাট চুল, খাট চুলওয়ালা حَرِق

[হার্‌কাহ্, হুর্‌কাহ্] জ্বলন, দহন, ব্যথা, যন্ত্রণা, কষ্ট, তীব্রতা, প্রবল বাসনা حَرْقَة ، حُرْقَة

[হার্‌কাদাহ্] কণ্ঠমণি, Adam's apple حَرْقَدَة

[হার্‌কাফাহ্] নিতম্বের উপরি-ভাগের হাড় حَرْقَفَة ج حَرَاقِف

[হার্‌রকা] নড়ানো, চালানো, নাড়া দেওয়া, গতিসঞ্চার করা, আন্দোলিত করা, উদ্বুদ্ধ করা, জাগ্রত করা, প্রণোদিত করা, আরম্ভ করা, (বর্ণে) হরকত দেওয়া حَرَّكَ (تَحْرِيك) [حرك]

[হারিক] গতিময়, চলমান, তৎপর, ত্বরিত, চটপটে, প্রাণবন্ত حَرِك

[হারকাহ্] নড়ন, চলন, নাড়া, গতি, গতিময়তা, আন্দোলন, চলাচল, (বর্ণের) স্বরচিহ্ন, ধ্বনিচিহ্ন, হরকত, ইশারা, ক্রীড়া حَرَكَة ج حَرَكَات

[হারকাত 'আদামিল ইন্‌হিয়ায] জোটনিরপেক্ষ আন্দোলন حَرَكَة عَدَم الانْحِيَاز

['ইল্‌মুল হারকাহ্] গতিবিদ্যা, গতি-বিজ্ঞান عِلْم الحَرَكَة

[হারকী] আন্দোলন-সম্পর্কিত, গতিময়, গতিসম্পর্কিত, তৎপরতামূলক حَرَكِيّ

[হারম] নিষিদ্ধ, পবিত্র, পবিত্র স্থান, হেরেম, প্রাঙ্গন, অঙ্গন, ক্যাম্পাস (campus), স্ত্রী حَرَم ج أَحْرَام

[হারম জামি'ঈ] বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস, বিশ্ববিদ্যালয় অঙ্গন حَرَم جَامِعِيّ ، حَرَم الجَامِعَة

[আল-হারমান, আল-হারমাইন] দুই পবিত্র স্থানঃ মক্কা ও মদীনার পবিত্র মসজিদদ্বয় ও তৎসন্নিহিত নির্দিষ্ট এলাকা الحَرَمَان ، الحَرَمَيْن

[হারমা] নিষিদ্ধ করা, বঞ্চিত করা حَرَمَ [ض] (حِرْم ، حِرْمَان)

[হারিমা] নিষিদ্ধ হওয়া, নিষিদ্ধ করা, (বাজিতে) হারা حَرِمَ [س] (حَرَم ، حَرَام)

[হারুমা] নিষিদ্ধ হওয়া, হারাম হওয়া, অবৈধ হওয়া حَرُمَ [ك] (حُرْم ، حَرَام)

[হার্‌রমা] নিষিদ্ধ করা, হারাম করা, অবৈধ ঘোষণা করা, পবিত্র বলে ঘোষণা করা, পবিত্র মাসে প্রবেশ করা حَرَّمَ (تَحْرِيم) [حرم]

[হির্‌ম] নিষিদ্ধতা, এহরামের সময়, এহরামরত حِرْم ج حُرُم

[হুর্‌ম] (হজ্জের) এহরাম, এহরাম অবস্থা حُرْم

[হুরিমা] বঞ্চিত হওয়া, নিষিদ্ধ হওয়া حُرِمَ

[হুরুম] হারেমের রমণীকুল, স্ত্রীগণ حُرُم

[আল-আশ্‌হুরুল হুরুম] যুদ্ধনিষিদ্ধ মাসসমূহ, পবিত্র মাসসমূহ (যুল-কা'দাহ, যুল-হিজ্জাহ, মুহাররম, রজব) الأَشْهُر الحُرُم

حِرْمَان [হির্‌মান] বঞ্চনা, ভোগান্তি, দারিদ্র, অভাব, নিষেধ

حَرْمَة [হার্‌মাহ্] রক্ষা, হেফাজত, রক্ষণাবেক্ষণ

حُرْمَة ، حُرُمَة ج حُرُمَات [হুর্‌মাহ্] নিষিদ্ধতা, পবিত্রতা, মর্যাদা, সম্মান, আশ্রয়, নিরাপত্তা, স্ত্রী, নারী

حَرَنَ [ن] (حِرَان ، حُرَان ، حُرُون) [হারনা] একগুঁয়ে হওয়া, অবাধ্য হওয়া, গোঁ ধরা, আগাতে না চাওয়া, লেগে থাকা, এঁটে থাকা

حَرُنَ [ك] (حُرَان ، حُرُون ، حُرُونَة) [হারুনা] একগুঁয়ে হওয়া, অবাধ্য হওয়া, গোঁ ধরা, আগাতে না চাওয়া, লেগে থাকা, এঁটে থাকা

حَرْوَة [হার্‌ওয়াহ্] জ্বলন, জ্বালা, ক্রোধ, বুকজ্বালা, অন্তর্জ্বালা, তীব্রতা, তীক্ষ্ণতা

حَرُور [حرر] [হারূর] সূর্যের তাপ, রৌদ্র, গরম বাতাস

حُرُوف الهِجَاء ، الحُرُوف الهِجَائِيَّة [হুরূফুল হিজা', আল-হুরূফুল হিজা'ইয়্যাহ্] বর্ণমালা

حَرُون ج حُرُن [حرن] [হারূন] একগুঁয়ে, জেদী, অবাধ্য, অনমনীয়

حَرَّى [حرر] [হার্‌রা] অধিক তৃষ্ণার্ত, বেশী পিপাসার্ত, পিপাসু, তৃষ্ণাকাতর, অত্যন্ত উৎসুক, উত্তপ্ত, জ্বলন্ত (حَرَّان-এর স্ত্রীলিঙ্গ)

حَرِيّ [حري] [হারী] যোগ্য, উপযুক্ত, অনুকূল, উপযোগী

حَرِيّ بِالذِّكْر [হারী বিয-যিক্‌র] উল্লেখযোগ্য

حَرِيب ج حُرَبَاء ، حَرْبَى [হারীব] যার সর্বস্ব লুট করে নেয়া হয়েছে

حَرِيبَة ج حَرَائِب [হারীবাহ্] যুদ্ধলব্ধ সম্পদ, গনীমত

حُرِّيَّة [حرر] [হুর্‌রিয়্যাহ্] স্বাধীনতা, আজাদি, মুক্তি, অনুমতি

حُرِّيَّة الإِرَادَة [হুর্‌রিয়্যাতুল ইর্‌াদাহ্] ইচ্ছার স্বাধীনতা, স্বাধীন ইচ্ছা

حُرِّيَّة الفِكْر [হুর্‌রিয়্যাতুল ফিক্‌র] চিন্তার স্বাধীনতা, মুক্ত চিন্তা

حَرِيثَة ج حَرَائِث [হারীছাহ্] শ্রমক্লিষ্ট পশু

حَرِيج [حرج] [হারীজ] সংকীর্ণ, জটিল, সংকটময়, সংকটপূর্ণ

حَرِير [حرر] [হারীর] রেশম, রেশমী কাপড়

حَرِير صِنَاعِيّ [হারীর ছিনা'ঈ] কৃত্রিম রেশমঃ রেয়ন

حُرَيْرَة [حرر] [হুরাইরাহ্] ক্যালরিঃ খাদ্যবস্তু থেকে প্রাপ্ত শারীরিক শক্তির একক, তাপের একক

حَرِيرِيّ [হারীরী] রেশমের তৈরী, রেশমী, রেশমের কারিগর, রেশম ব্যবসায়ী

حَرِيز [حرز] [হারীয] সুরক্ষিত, নিরাপদ, শক্ত, দুর্ভেদ্য, অগম্য, অর্জিত, প্রাপ্ত, সংরক্ষিত

حَرِيسَة ج حَرَائِس [হারীসাহ্] ছাগলের নিরাপত্তার জন্য তৈরী পাথরের দেয়াল, রাতে চুরি হওয়া বকরী, রাতের ছাগলচুরি, প্রহরাধীন

حَرِيش ج حُرُش [হারীশ] একপ্রকার বহুপদ কীট, কেন্নো, কানকোটারি, গজার (প্রাণী)

حَرِيص ج حِرَاص [حرص] [হারীছ] লোলুপ, লিপ্সু, লোভী, আগ্রহী, কৃপণ, ব্যয়কুণ্ঠ, একাগ্র

حَرِيف ج حُرَفَاء [حرف] [হারীফ] বিপক্ষ, শত্রু, শত্রুভাবাপন্ন, প্রতিপক্ষ, কারিগর, খরিদ্দার, মক্কেল

حِرِّيف [حرف] [হির্‌রীফ] তিক্ত, ঝাঁজালো, উগ্র, তীব্র, তীক্ষ্ণ, গরম

حَرِيق [حرق] [হারীক] আগুন, অগ্নি, অগ্নিকাণ্ড, প্রজ্বলিত

حَرِيم ج حُرُم [حرم] [হারীম] পবিত্র স্থান, অন্দর মহল, অন্তঃপুর, অন্তঃপুরবাসিনী, নারী, মহিলা, স্ত্রী, সহধর্মিণী

حَزّ [হায্‌য] ছেদন, কর্তন, খোদাই

حَزّ ج حُزُوز [হায্‌য] খাঁজ, কাটার দাগ, সন্ধিক্ষণ, ঠিক সময়

حَزَّ [ن] (حَزّ) [হায্‌যা] খাঁজ কাটা, ছেদন করা, কর্তন করা, খোদাই করা, (মনে) কষ্ট দেওয়া, আঘাত দেওয়া

حَزَاز [হাযায] একপ্রকার চর্মরোগ, lichen, খুশকি, শেওলা

حَزَازَة ج حَزَازَات [حزز] [হাযাযাহ্] গোঁড়ামি, ঘৃণা, বিদ্বেষ, আবেগ

حِزَام ج حُزُم ، أَحْزِمَة [হিযাম] ফিতা, বেল্ট,

কটিবন্ধ, বন্ধনী

حَزَامَة [حزم] **[হাযামাহ]** দৃঢ় সঙ্কল্প, প্রত্যয়, দৃঢ়চিত্ততা

حِزَامَة ج حَزَائِم **[হিযামাহ]** ফিতা, বেল্ট, বন্ধনী, কটিবন্ধ

حَزَبَ [ن] (حَزْب) **[হাযাবা]** আপতিত হওয়া, আঘাত দেওয়া, সংঘটিত হওয়া, ঘটা, তীব্র হওয়া, গুরুতর হওয়া

حَزَّبَ (تَحْزِيب) [حزب] **[হায্যাবা]** জমা করা, একত্র করা, একত্রিত করা, সমবেত করা, দল-গঠন করা

حِزْب ج أَحْزَاب **[হিয্ব]** দল, সংঘ, জোট, পক্ষ, সংগঠন

حِزْب المُعَارَضَة **[হিয্বুল মু'আরাদাহ]** বিরোধী দল

حِزْبِيّ **[হিয্বী]** সাংগঠনিক, দলসম্পর্কিত, দলীয়, পক্ষীয়, দলের সদস্য

حِزْبِيَّة [حزب] **[হিয্বিয়্যাহ]** দলীয় মনোভাব, পক্ষপাত, দলাদলি

حَزَّة ج حَزَّات [حزز] **[হায্যাহ]** খাঁজ, কাটার দাগ, সময়, ঠিক সময়, সংকটকাল, কষ্ট

حِزَّة ، حُزَّة [حزز] **[হিয্যাহ, হুয্যাহ]** লম্বাভাবে কাটা টুকরা, ফালি

حَزَرَ [ن] [ض] (حَزْر) **[হাযারা]** আন্দাজ করা, অনুমান করা, আনুমানিক হিসাব করা

حَزَّزَ (تَحْزِيز) [حزز] **[হায্যাযা]** খাঁজ কাটা, পার্শ্বে ধার দেওয়া

حَزْقَة **[হায্ক্বাহ]** হিক্কা, হেঁচকি, (বল্টুর) নাট

حِزْقَة ج حِزَق **[হিয্ক্বাহ]** দল, অংশ, খণ্ড, টুকরা

حَزْم **[হায্ম]** বুদ্ধিমত্তা, বিচক্ষণতা, সঙ্কল্প, প্রত্যয়, বন্ধন, প্যাকিং

حَزَمَ [ض] (حَزْم) **[হাযামা]** বাঁধা, আঁটি বাঁধা, গাঁটরি বাঁধা

حَزُمَ [ك] (حَزْم ، حَزَامَة) **[হাযুমা]** দৃঢ়সঙ্কল্প হওয়া, প্রত্যয়ী হওয়া

حَزَّمَ (تَحْزِيم) [حزم] **[হায্যামা]** শক্ত করে বাঁধা

حُزْمَة ج حُزَم **[হুয্মাহ]** প্যাকেট, আঁটি, গাঁটরি, বাণ্ডিল, গুচ্ছ, পার্সেল

حَزْن ج حُزُون **[হায্ন]** অসমান শক্ত ভূমি

حَزَنَ [ن] (حُزْن) **[হাযানা]** দুঃখ দেওয়া, দুঃখিত করা, বিষণ্ণ করা

حَزِن **[হাযিন]** দুঃখিত, বিষণ্ণ, ব্যথিত, শোকাকুল

حَزِنَ [س] (حُزْن، حَزَن) **[হাযিনা]** দুঃখ পাওয়া, দুঃখিত হওয়া, বিষণ্ণ হওয়া, শোক করা

حَزُنَ [ك] (حُزُونَة) **[হাযুনা]** (ভূমি) অসমান ও শক্ত হওয়া, কঠিন হওয়া

حُزْن ج أَحْزَان **[হুয্ন]** দুঃখ, কষ্ট, শোক, বিষাদ, বিষণ্ণতা, মর্মবেদনা, ক্ষোভ

حَزْنَان [حزن] **[হায্নান]** দুঃখিত, বিষণ্ণ, শোক-গ্রস্ত, শোকাহত, শোকসন্তপ্ত

حُزُوقَة [حزق] **[হুযূক্বাহ]** হিক্কা, হেঁচকি

حُزُونَة [حزن] **[হুযূনাহ]** (ভূমির) শক্ত অবস্থা, কাঠিন্য

حَزِيب ج حُزْب ، حُزُب **[হাযীব]** কঠিন কাজ, জটিল বিষয়

حَزِيرَان **[হাযীরান]** জুন (মাস)

حَزِيم ج حُزَمَاء **[হাযীম]** শক্তিশালী, দৃঢ়সংকল্প, প্রত্যয়ী, বিচক্ষণ

حَزِيم ج حُزُم ، أَحْزِمَة **[হাযীম]** বেল্ট বাঁধার জায়গা, বুকের মধ্যস্থল

حَزِين ج حُزَنَاء ، حِزَان [حزن] **[হাযীন]** বিষণ্ণ, দুঃখিত, শোকগ্রস্ত, শোকসন্তপ্ত, শোকাহত

حَسّ **[হাস্]** অনুভূতি, উপলব্ধি, অনুভব, চেতনা, বোধ, দয়া, কর্তন, কৌশল, হত্যা, অপরাধ, অন্যায়, কোলাহল

حَسَّ [ن] (حَسّ) **[হাস্সা]** নষ্ট করা, কর্তন করা, হত্যা করা

حَسَّ [ض] (حَسّ ، حِسّ) بِ **[হাস্সা]** অনুভব করা, উপলব্ধি করা, বোধ করা, টের পাওয়া

حَسَّ لِ **[-- লি]** সহানুভূতিশীল হওয়া

حِسّ **[হিস্]** অনুভূতি, অনুভব, উপলব্ধি, বোধ, টের, চেতনা, প্রথম অবস্থা, বেদনা, ক্ষীণ শব্দ

حَسَا [حسو] **[হাসা]** সুপ, ঝোল, শুরুয়া

[হাসা] চুমুক দেওয়া, অল্প অল্প করে পান করা حَسَا [ن] (حَسْو) [حسو]

[হাসা'] সুপ, ঝোল, শুরুয়া حَسَاء [حسو]

[হিসাব] হিসাব, নিকাশ, গণনা, বিবেচনা, পরিমাপ, চালান, বিল, অঙ্ক حِسَاب ج حِسَابَات

[আল-হিসাব] অঙ্ক, অঙ্কশাস্ত্র, গণিত الحِسَاب

[হিসাবুত তাওফীর] সেভিংস একাউন্ট, সঞ্চয়ী হিসাব حِسَاب التَّوْفِير

[আল-হিসাবুল জারী] চলতি হিসাব, কারেন্ট একাউন্ট الحِسَاب الجَارِي

['আলা হিসাবি] হিসাবে, খরচে, ব্যয়ের খাতে عَلَى حِسَابِ

[হিসাবী] হিসাব-সম্বন্ধীয়, অংকশাস্ত্রীয়, গণিত-বিষয়ক, গাণিতিক, পাটিগণিত-বিশারদ حِسَابِيّ

[হাস্সাদ] অধিক হিংসাকারী, হিংসুক, হিংসুটে حَسَّاد [حسد]

[হাস্সাস] অনুভূতিসম্পন্ন, বোধশক্তিসম্পন্ন, অনুভূতিপ্রবণ, সংবেদনশীল, স্পর্শকাতর حَسَّاس [حسس]

[হিসাস] (জ্বরের) সূচনা, প্রথম অবস্থা حِسَاس

[হুসাস] অশুভ লক্ষণ, অসুবিধা, অস্বস্তি, বিরক্তি, দুর্ভাগ্য, মন্দ, খারাপ চরিত্র, ছোট ছোট প্রস্তরখণ্ড, ছোট মাছের শুটকি حُسَاس

[হাস্সাসী] অনুভূতিপ্রবণ, স্পর্শকাতর, সংবেদনশীল حَسَّاسِيّ [حسس]

[হাস্সাসিয়্যাহ] সংবেদনশীলতা, অনুভূতিপ্রবণতা, স্পর্শকাতরতা, অ্যালার্জি, ইন্দ্রিয়প্রবণতা حَسَّاسِيَّة [حسس]

[হুসাফ] সামান্য অবশিষ্টাংশ, অবশিষ্ট সামান্য খাদ্যদ্রব্য حُسَاف

[হুসাকাহ] শত্রুতা, বিদ্বেষ حُسَاكَة

[হুসালাহ] শস্যের চূর্ণ খোসা, তুষ, ভুসি, বর্জিতাংশ, আবর্জনা, নিকৃষ্ট অংশ, রদ্দিমাল حُسَالَة

[হুসাম] ধারালো তরবারি, তরবারির ধার, দীর্ঘ (রাত) حُسَام

[হুসান, হুস্সান] খুব সুন্দর حُسَان ، حُسَّان

[হাস্ব] হিসাব, ধারণা, অনুমান, মত, চিন্তা, গণনা, পরিমাণ, যথেষ্টতা, যথেষ্ট حَسْب

[হাস্বুনাল্লাহ] আল্লাহই আমাদের জন্য যথেষ্ট حَسْبُنَا اللهُ

[ফা-হাস্ব] কেবল, মাত্র, কেবলমাত্র, শুধু, শুধুমাত্র فَحَسْب

[হাসাব] পরিমাণ, পরিমাপ, উচ্চ বংশ, বংশগৌরব, মর্যাদা, মান, মূল্য حَسَب ج أَحْسَاب

[হাসাবা] অনুসারে, অনুযায়ী, ভিত্তিতে حَسَبَ

[বি-হাসাবি, 'আলা হাসাবি] অনুসারে, অনুযায়ী, ভিত্তিতে بِحَسَبِ ، عَلَى حَسَبِ

[হাসাবামা] যে অনুসারে, যে অনুযায়ী, যার ভিত্তিতে حَسَبَمَا

[হাসাবা] হিসাব করা, গণনা করা, গণ্য করা حَسَبَ [ن] (حَسْب ، حِسَاب)

[হাসিবা] মনে করা, ধারণা করা, আন্দাজ করা, অনুমান করা, বিবেচনা করা حَسِبَ [ح] [س] (حِسْبَان)

[হাসুবা] সদ্বংশীয় হওয়া, অভিজাত হওয়া, সম্মানিত হওয়া حَسُبَ [ك] (حَسَب)

[হাস্সাবা] তৃপ্তি সহকারে পানাহার করানো, (মৃতকে) কাফন পরিয়ে দাফন করা, পাথরের মধ্যে দাফন করা, বংশ-মর্যাদা আলোচনা করা حَسَّبَ (تَحْسِيب) [حسب]

[হিস্বান] অনুমান, ধারণা, হিসাব, গণনা حِسْبَان [حسب]

[হুস্বান] অনুমান, ধারণা, হিসাব, গণনা, শাস্তি, ছোট তীর, ছোট পিঁপড়া, বজ্র, শিলা حُسْبَان [حسب]

[হুস্বানাহ] ছোট তীর, ছোট পিঁপড়া, মেঘ, বজ্র, শিলা, ছোট বালিশ حُسْبَانَة [حسب]

[হিস্বাহ] হিসাব, গণনা, অংক, মৃতদেহ পাথরের মধ্যে দাফন حِسْبَة

[হিস্বাহ] প্রতিদান, পুরস্কার, সওয়াব حِسْبَة ج حِسَب

[হাস্সাহ, হিস্সাহ] অবস্থা حَسَّة ، حِسَّة

[হাসাদ] হিংসা, ঈর্ষা, পরশ্রীকাতরতা حَسَد

[হাসাদা] হিংসা করা, ঈর্ষা করা, ঈর্ষান্বিত হওয়া حَسَدَ [ن] [ض] (حَسَد)

[হাসার] দুঃখ, কষ্ট, ক্লান্তি, অবসন্নতা, দুর্বলতা حَسَر

[হাসারা] খুলে ফেলা, সরিয়ে ফেলা, অনাবৃত করা, নগ্ন করা, শ্রান্ত হওয়া حَسَرَ [ن] [ض] (حَسْر)

[হাসারা] খুলে যাওয়া, অনাবৃত হওয়া, শূণ্য হওয়া (দৃষ্টি) ক্ষীণ হওয়া حَسَرَ (حُسُور)

[হাসির] দুঃখিত, বিষণ্ন, ক্লান্ত, অবসন্ন, দুর্বল حَسِر

[হাসিরা] দুঃখ করা, দুঃখিত হওয়া, আফসোস করা, দুঃখ প্রকাশ করা حَسِرَ [س] (حَسْرَة)

[হাস্সারা] দুঃখ দেওয়া, কষ্ট দেওয়া, ক্লান্ত করা, শ্রান্ত করা, অপসারণ করা حَسَّرَ (تَحْسِير) [حسر]

[হাস্রান] দুঃখিত, বিষণ্ন, দুঃখকারী, আফসোসকারী حَسْرَان مث حَسْرَى [حسر]

[হাস্রাহ] দুঃখ, কষ্ট, ব্যথা, অফসোস, পরিতাপ, অনুতাপ, ক্ষোভ حَسْرَة ج حَسَرَات

[হাস্রতা] হায় আফসোস! হায় হায়! حَسْرَتَا!

[ওয়া হাস্রতাহ] হায় আফসোস! হায় হায়! وَاحَسْرَتَاه!

[ইয়া হাস্রতী] হায় আফসোস! হায় হায়! يَاحَسْرَتِي!

[হাস্সাসা] অনুভব করানো, উপলব্ধি করানো حَسَّسَ (تَحْسِيس) [حسس]

[হাসাক] কণ্টক, কাঁটা, মঞ্জরী, শিষ, ক্রোধ, শত্রুতা, বিদ্বেষ, কাঁটাগাছবিশেষ, caltrop حَسَك

[হাসিক] রাগান্বিত, বিদ্বেষপূর্ণ, কাঁটাবহুল حَسِك

[হাসিকা] কামড়ে খাওয়া, কাঁটাবহুল হওয়া, কণ্টকময় হওয়া حَسِكَ [س] (حَسَك)

[-- 'আলা] বিদ্বেষ পোষণ করা, ঘৃণা করা, রেগে যাওয়া حَسِكَ عَلَى

[হাসাকাহ] কণ্টক, কাঁটা, ক্রোধ, শত্রুতা, বিদ্বেষ, মঞ্জরী, শিষ حَسَكَة

[হাসাকী] কাঁটাওয়ালা, কণ্টকময় حَسَكِيّ

[হাস্ম] কর্তন, সমাপ্তি, সিদ্ধান্ত, সংকল্প, মীমাংসা, বিয়োগ حَسْم

[হাসামা] কর্তন করা, সমাপ্ত করা, সিদ্ধান্ত করা, সংকল্প করা, মীমাংসা করা, বিয়োগ করা, বাদ দেওয়া حَسَمَ [ض] (حَسْم)

[হাসান] ভাল, উত্তম, সুন্দর, শুভ, সুদর্শন, মনোরম, চমৎকার حَسَن ج حِسَان

[হাসুনা] ভাল হওয়া, সুন্দর হওয়া, সুদর্শন হওয়া, চমৎকার হওয়া حَسُنَ [ك] (حُسْن)

[হাস্সানা] ভাল করা, সুন্দর করা, সুসজ্জিত করা, উন্নত করা حَسَّنَ (تَحْسِين) [حسن]

[হুস্ন] সৌন্দর্য, রূপ, শোভা, উৎকৃষ্টতা, উৎকর্ষ, শ্রেষ্ঠত্ব حُسْن

[হুস্নুত তা'বীর] সুন্দর প্রকাশ-রীতি, সুভাষণ حُسْن التَّعْبِير

[হুস্নুল হায] সৌভাগ্য, শুভ অদৃষ্ট حُسْن الحَظّ

[হুস্নুস সুলূক] সদাচার, ভাল আচরণ حُسْن السُّلُوك

[হুস্নুস সুম্'আহ] সুনাম, সুখ্যাতি, যশ حُسْن السُّمْعَة

[হুস্নুছ ছীত] সুনাম, সুখ্যাতি, যশ حُسْن الصِّيت

[হুস্নুত তালি'] সৌভাগ্য, শুভ অদৃষ্ট حُسْن الطَّالِع

[হুস্নুয যন] ভাল ধারণা حُسْن الظَّنّ

[হুস্নুন নিয়্যাহ] সদিচ্ছা, নেক নিয়ত حُسْن النِّيَّة

[হাসানান] সুন্দরভাবে, চমৎকারভাবে, উত্তমরূপে, সুন্দর! চমৎকার! বেশ! حَسَنًا

[হাস্না'] সুন্দরী নারী, রূপসী ললনা, সুন্দরী, রূপসী حَسْنَاء ج حِسَان [حسن]

[হাসানাহ] ভাল কাজ, মঙ্গল, কল্যাণ, পুণ্য, নেকি, গুণ, উত্তম বৈশিষ্ট্য, সৌন্দর্য-তিলক حَسَنَة ج حَسَنَات

[হুস্না] ভাল কাজ, শুভ কাজ, কল্যাণ, মঙ্গল, পুণ্য, নেকি, সুফল, মহানুভবতা, সদাশয়তা حُسْنَى ج حُسْنَيَات [حسن]

[আল-আস্মা'উল হুস্না] সুন্দর নামসমূহঃ আল্লাহর নিরানব্বইটি গুণবাচক নাম الأَسْمَاء الحُسْنَى

[বিল-হুস্না] সদয়ভাবে, মহানুভবতার সঙ্গে, বন্ধুত্বপূর্ণ উপায়ে بِالحُسْنَى

حَسْو ، حَسُوّ [হাস্ও, হাসু] ঝোল, শুরুয়া, সুপ

حَسْوَة ج حَسَوَات [হাস্ওয়াহ] চুমুক, ঢোক

حُسْوَة ج أَحْسِيَة ، أَحْسُوَة [হুস্ওয়াহ] চুমুক, ঢোক, ঝোল, শুরুয়া, সুপ (soup)

حَسُود ج حُسُد [حسد] [হাসূদ] হিংসুটে, অধিক হিংসাকারী, হিংসুক

حُسُوم [حسم] [হুসূম] অশুভ, ক্লেশপূর্ণ, কঠিন (সময়)

حُسُومًا [হুসূমান] কঠিনভাবে, একাধারে

حَسُّون [হাস্সূন] সোনালী রঙের একপ্রকার ছোট্ট সুকণ্ঠ পাখি, goldfinch

حِسِّيّ [হিস্সী] অনুভূতিসংক্রান্ত, অনুভবযোগ্য, অনুভব-বিষয়ক, বোধশক্তিসম্বন্ধীয়, বোধগম্য, ইন্দ্রিয়প্রবণ, ইন্দ্রিয়গ্রাহ্য

حَسِيب ج حُسَبَاء [حسب] [হাসীব] সদ্বংশীয়, অভিজাত, সম্মানিত, মর্যাদাবান, মহৎ, যথেষ্ট, পর্যাপ্ত, হিসাবকারী

الحَسِيب [حسب] [আল-হাসীব] পরম পর্যাপ্ত, মহামানী, মহামহিম: আল্লাহ

حِسِّيَّة [حسس] [হিস্সিয়্যাহ] ইন্দ্রিয়প্রবণতা, সংবেদনশীলতা

حَسِير ج حَسْرَى [حسر] [হাসীর] ক্লান্ত, শ্রান্ত, অবসন্ন, দুর্বল, দুঃখিত, বিষণ্ণ

حَسِير البَصَر [হাসীরুল বাছর] দুর্বলদৃষ্টি, বেশী দূরে দেখতে পায় না এমন

حَسِيس [حسس] [হাসীস] মৃদু শব্দ, আলতো শব্দ, হালকা আওয়াজ

حَسِيك [حسك] [হাসীক] খাট, খর্ব, খর্বকায়

حَسِيكَة ج حَسَائِك [حسك] [হাসীকাহ] বিদ্বেষ, শত্রুতা, পশুর খাওয়া অংশ, শজারু

حَسِين ج حِسَان [حسن] [হাসীন] সুন্দর, শোভন, সুদর্শন, মনোরম, মনোহর

حُسَيْن [حسن] [হুসাইন] ভাল, উত্তম, সুন্দর, সুদর্শন (حَسَن -এর ক্ষুদ্রত্ববাচক প্রতিশব্দ)

حَشّ ، حِشّ ، حُشّ ج حُشُوش [হাশ্, হিশ্, হুশ্] বাগান, খেজুর বাগান, পায়খানা, মল

حَشَّ [ن] (حَشّ) [হাশ্শা] ঘাস কাটা, ঘাস খেতে দেওয়া, শুকিয়ে যাওয়া

حَشًا ج أَحْشَاء [حشو] [হাশা] নাড়ীভুঁড়ি, অন্ত্র, আঁতড়ি, পেট

حَشَا [ن] (حَشْو) [حشو] [হাশা] বোঝাই করা, ভরা, ঢুকানো

حَشَّاش ج حَشَّاشَة ، حَشَّاشُون [হাশ্শাশ] ঘাস বিক্রেতা, হাশীশ সেবনকারী, হাশীশাসক্ত

حِشَاش ج أَحِشَّة [হিশাশ] হাশীশের ব্যাগ, পার্শ্ব

حُشَاش [হুশাশ] অবশিষ্ট প্রাণ

حَشْد ، حَشَد ج حُشُود [হাশ্দ, হাশাদ] ভিড়, সমাবেশ, সমাগম, দল

حَشَدَ [ن] [ض] (حَشْد) [হাশাদা] একত্রিত করা, জমা করা, সমবেত করা, জড়ো করা, (সৈন্য) সমাবেশ করা, তলব করা, একত্রিত হওয়া, জমা হওয়া, জড়ো হওয়া, পুরোপুরি উদ্গত হওয়া

حَشَدَ لِ [-- লি] পক্ষ নেওয়া, পক্ষাবলম্বন করা, সমর্থন করা

حَشَّدَ (تَحْشِيد) [حشد] [হাশ্শাদা] একত্রিত করা, জমা করা, জড়ো করা

حَشْر [হাশ্র] সমাবেশ, ভিড়, চাপ, কেয়ামত, হাশর

الحَشْر [আল-হাশ্র] সূরা আল-হাশ্র: পবিত্র কোরআনের ৫৯তম সূরা

يَوْم الحَشْر [ইয়াওমুল হাশ্র] পুনরুত্থান-দিবস, হাশরের দিন, কেয়ামতের দিন

حَشَرَ [ن] [ض] (حَشْر) [হাশারা] একত্রিত করা, জমা করা, জড়ো করা, সমবেত করা, পুনরুত্থিত করা

حَشَرَات (حَشَرَة) [حشر] [হাশারাত] পোকা-মাকড়, কীট-পতঙ্গ

عِلْم الحَشَرَات [ইল্মুল হাশারাত] কীটবিদ্যা, পতঙ্গবিজ্ঞান

مُبِيد الحَشَرَات [মুবীদুল হাশারাত] কীটনাশক

حَشَرَاتِيّ [হাশারাতী] কীট-সম্বন্ধীয়, পতঙ্গ-সংক্রান্ত, পতঙ্গবিজ্ঞান-সংক্রান্ত, কীটতত্ত্ববিদ, পতঙ্গবিজ্ঞানী

حَشَرَة ج حَشَرَات [হাশারাহ] পোকা, কীট, পতঙ্গ

حَشْرَجَ (حَشْرَجَة) [হাশ্রজা] (মৃত্যুকালে) গলার

মধ্যে ঘড়ঘড় শব্দ করা

[হাশারী] পতঙ্গভূক, কীটভূক, পতঙ্গ-সংক্রান্ত, কীটসম্বন্ধীয়, পতঙ্গবিজ্ঞানসংক্রান্ত حَشَرِيٌّ

[হাশারিয়্যাত] পতঙ্গবিজ্ঞান, কীটবিদ্যা حَشَرِيَّات [حشر]

[হাশ্‌শাশা] হাশীশ সেবন করা حَشَّشَ (تَحْشِيش) [حشش]

[হাশাফ] নষ্ট খেজুর, শুকনো খেজুর, শুষ্ক ওলান, শুকনো রুটি حَشَف

[হাশাফা] শুকিয়ে যাওয়া, শুষ্ক হওয়া, সংকুচিত হওয়া, কুঁচকে যাওয়া حَشَفَ [ض] (حَشْف)

[হাশ্‌শাফা] চোখের পাতা কাছাকাছি এনে পশমের ফাঁক দিয়ে তাকানো, চোখ পিটপিট করা حَشَّفَ (تَحْشِيف) [حشف]

[হাশাফাহ] কাটার পর রয়ে যাওয়া শস্য-গাছের গোড়া, পুরুষাঙ্গের অগ্রভাগ, শিশ্নাগ্র, নিমজ্জিত ছোট দ্বীপ, সমুদ্রের প্রস্তরখণ্ড حَشَفَة ج حَشَف ، حِشَاف

[হাশাকা] জমা হওয়া, (ওলানে) অনেক দুধ জমা, (গাছে) বেশী ফল হওয়া, (মেঘ, আকাশ) বৃষ্টিবহুল হওয়া, (বাতাস) জোরে প্রবাহিত হওয়া حَشَكَ [ض] (حَشْك ، حُشُوك)

[হাশাকাহ] দল, পাল, ঝাঁক حَشَكَة

[হাশাম] পরিজন, অনুচরবর্গ, পরিচারকবর্গ حَشَم

[হাশামা] লজ্জিত করা, লজ্জা দেওয়া, রাগান্বিত করা, কষ্ট দেওয়া حَشَمَ [ض] (حَشْم)

[হাশামা] সংকুচিত হওয়া, লজ্জা পাওয়া, সুস্থ থাকা, খুব ক্লান্ত হওয়া حَشَمَ (حُشُوم)

[হাশিমা] রাগ করা, রাগান্বিত হওয়া, লজ্জা পাওয়া, লজ্জিত হওয়া حَشِمَ [س] (حَشَم)

[হাশিমা] রাগান্বিত করা, রাগানো حَشِمَ (حَشْم)

[হাশ্‌শামা] লজ্জিত করা, লজ্জা দেওয়া, রাগান্বিত করা, কষ্ট দেওয়া حَشَّمَ (تَحْشِيم) [حشم]

[হাশ্‌মাহ, হাশামাহ] পরিজন, অনুচরবর্গ, পরিচারকবৃন্দ حَشْمَة ، حَشَمَة

[হিশ্‌মাহ] লজ্জা, লাজুকতা, লজ্জাশীলতা, শালীনতা, বিনয়, ক্রোধ, রাগ حِشْمَة

[হুশ্‌মাহ] নারী, প্রতিজ্ঞা, ওয়াদা, নিরাপত্তা, নিকট সম্পর্ক حُشْمَة

[হাশ্‌ও] ভরণ, বোঝাইকরণ, পূরণ, ভরাট حَشْو

[হাশ্‌ও] ভরাট, ফিলিং, প্রবিষ্ট বস্তু, নিকৃষ্ট মানুষ, বাজে জিনিস, রদ্দীমাল, গুরুত্বহীন কথা حَشْو ج مَحَاشِي

[হাশ্‌ওয়াহ] প্রবিষ্ট বস্তু, ভরাট, ফিলিং حَشْوَة

[হিশ্‌ওয়াহ, হুশ্‌ওয়াহ] নিকৃষ্ট মানুষ, বাজে জিনিস, রদ্দিমাল حِشْوَة ، حُشْوَة

[হাশা] নাড়ীভুঁড়ি, অন্ত্র, আঁতড়ি, পেট حَشًى ج أَحْشَاء [حشو]

[হাশ্‌শা] ভরা, বোঝাই করা, (জামাকাপড়ে) পাড় লাগানো, মুড়ি লাগানো, আঁচল লাগানো, (পৃষ্ঠায়) মার্জিন রাখা, হাশিয়া (পার্শ্বটীকা) সংযোজন করা حَشَّى (تَحْشِيَة) [حشو]

[হাশিয়্যাহ] তোশক, গদি, জিন, বালিশ حَشِيَّة ج حَشَايَا [حشو]

[হাশীশ, হাশীশাহ] শুকনা ঘাস, খড়কুটা, তৃণলতা, হাশীশ حَشِيش ، حَشِيشَة ج حَشَائِش [حشش]

[হাশীফ] জীর্ণ পোশাক حَشِيف

[হাশীকাহ] পশুর খাওয়া বস্তু حَشِيكَة ج حَشَائِك

[হাশীম] বিনম্র, শিষ্ট, লাজুক, লজ্জাশীল, শালীন حَشِيم ج حُشَمَاء [حشم]

[হাছ্ছা] দূর করা, কমানো, কেটে দেওয়া, (চুল) মুণ্ডন করা, ধ্বংস করা, অংশ হওয়া, ভাগে পড়া حَصَّ [ن] (حَصّ)

[হাছ্ছা] চুল পড়ে যাওয়া, চুল কমে যাওয়া حَصَّ [س] (حَصَص)

[হুছ্] মুক্তাদানা, জাফরান, কুমকুম حُصّ ج حُصُوص ، أَحْصَاص

[হাছাত] পাথর, প্রস্তরখণ্ড, কঙ্কর, নুড়ি حَصَاة ج حَصَوَات ، حَصَيَات [حصي]

[হাছাদ, হিছাদ] ফসল কর্তন, শস্য সংগ্রহ, ফসল কাটার মৌসুম, ফসল, শস্য حَصَاد ، حِصَاد

[হাছ্ছাদ] ফসল কর্তনকারী, শস্য সংগ্রহকারী حَصَّاد [حصد]

[হাছ্ছাদাহ] ফসল কাটার যন্ত্র حَصَّادَة [حصد]

[হিছার] অবরোধ, ঘেরাও, বেষ্টন حِصَار [حصر]

[হুছ্ছাছ] দ্রুত ধাবন, পাঁচড়া, খোস-পাঁচড়া حُصَاص [حصص]

[হুছ্ছাছাহ] আঙ্গুর পাড়ার পর রয়ে যাওয়া থোকা حُصَاصَة [حصص]

[হাছ্ছাফাহ] প্রজ্ঞা, বিচক্ষণতা, দূরদর্শিতা حَصَافَة [حصف]

[হাছ্ছালাহ] টাকা আদায়ের বাক্স, টাকার বাক্স, ক্যাশবাক্স حَصَّالَة ج حَصَّالَات [حصل]

[হুছালাহ] আবর্জনা ও খারাপ অংশ বেছে ফেলার পর অবশিষ্ট শস্যদানা, চালার পর অবশিষ্ট শস্যদানা حُصَالَة [حصل]

[হাছান] সতী নারী, মুক্তাদানা حَصَان ج حُصُن ، حَصَانَات

[হিছান] ঘোড়া, অশ্ব, ঘোটক, ভাল জাতের ঘোড়া, অশ্বশক্তি حِصَان ج أَحْصِنَة ، حُصُن

[হিছানুল বাহ্‌র] সিন্ধুঘোটক, জল-হস্তী حِصَان الْبَحْر

[হাছানাহ] সুদৃঢ়তা, নিরাপত্তা, সুরক্ষা, সতীত্ব حَصَانَة [حصن]

[হিছানী] অশ্বশক্তি, horsepower حِصَانِيّ

[হাছব] প্রস্তরখণ্ড, ভাঙ্গা পাথর, কঙ্কর, নুড়ি, খোয়া, জ্বালানি حَصَب

[হাছবা] পাথর মারা, প্রস্তর নিক্ষেপ করা, পাথর বিছানো, খোয়া বিছানো, পাথর দ্বারা ঢেকে দেওয়া حَصَبَ [ن] [ض] (حَصْب)

[-- 'আন] দ্রুত সরে যাওয়া, দূরে সরিয়ে দেওয়া حَصَبَ عَنْ

[-- ফী] গমন করা, যাওয়া حَصَبَ فِي

[হাছিব] প্রস্তরময়, কঙ্করময়, নুড়িবহুল حَصِب

[হাছিবা, হুছিবা] হাম ওঠা, হামে আক্রান্ত হওয়া حَصِبَ [س] (حَصَب)، حُصِبَ

[হাছ্ছাবা] পাথর বিছানো, খোয়া বিছানো, পাথর দ্বারা ঢেকে দেওয়া حَصَّبَ (تَحْصِيب) [حصب]

[হাছবা'] পাথরকুচি, কঙ্কর, নুড়ি حَصْبَاء [حصب]

[হাছবাহ, হাছবাহ] হাম (রোগ) حَصْبَة ، حَصَبَة

[হাছিবাহ] নুড়ি উড়ানো প্রবল বাতাস, ঝড়, ঘূর্ণিঝড়, নুড়িবহুল (ভূমি), হাম (রোগ) حَصِبَة

[হিছ্ছাহ] অংশ, ভাগ, খণ্ড, কোটা, ক্লাসের সময়, পিরিয়ড حِصَّة ج حِصَص ، حِصَّات [حصص]

[নিযামুল হিছাছ] কোটা পদ্ধতি نِظَام الحِصَص

[হাছ্‌হাছ] মাটি, দ্রুত حَصْحَاص

[হাছ্‌হাছা] স্পষ্ট হওয়া, পরিষ্কার হওয়া, প্রতিভাত হওয়া, নাড়ানো حَصْحَصَ (حَصْحَصَة)

[হিছ্‌হিছ] মাটি, পাথর حِصْحِص

[হাছ্‌দ] ফসল কর্তন, শস্য সংগ্রহ حَصْد

[হাছদ] ফসল, শস্য, সংগৃহীত ফসল حَصَد

[হাছদা] (শস্য) সংগ্রহ করা, (ফসল) কাটা, হত্যা করা, মেরে ফেলা حَصَدَ [ن] [ض] (حَصْد ، حَصَاد)

[হাছিদা] শক্ত হওয়া, মজবুত হওয়া حَصِدَ [س] (حَصَد)

[হাছ্‌র] সীমিতকরণ, সীমাবদ্ধকরণ, বন্ধন, বেষ্টন, ঘেরাও, সীমাবদ্ধতা, একত্রকরণ, মজুদ-করণ, ভিড়, গণনা حَصْر

[হাছরা] সীমাবদ্ধ করা, ঘিরে রাখা, ঘেরাও করা, বন্ধ করা, আবদ্ধ রাখা, আটকে রাখা, অবরোধ করা, বন্দী করা, বন্ধনীর মধ্যে রাখা, একত্র করা, মজুদ করা, ঠাসা, গণনা করা حَصَرَ [ن] [ض] (حَصْر)

[হাছিরা] আটকে যাওয়া, কথা আটকে যাওয়া, বাকরুদ্ধ হওয়া, ক্লান্ত হওয়া, ব্যয়কুণ্ঠ হওয়া حَصِرَ [س] (حَصَر)

[হুছ্‌র] মূত্রবদ্ধতা, কোষ্ঠবদ্ধতা, কোষ্ঠকাঠিন্য حُصْر

[হুছিরা] মূত্রবদ্ধতা কিংবা কোষ্ঠবদ্ধতাগ্রস্ত হওয়া حُصِرَ

[হিছ্‌রিম] কাঁচা আঙ্গুর, টক আঙ্গুর, কাঁচা ফল حِصْرِم

[হাছ্ছাছা] বরাদ্দ করা, পরিমাণ নির্দিষ্ট করা, ভাগ করা, বণ্টন করা حَصَّصَ (تَحْصِيص) [حصص]

[হাছফ] ঘামাচি (চর্মরোগ) حَصَف

[হাছিফ] বিজ্ঞ, বিচক্ষণ, দূরদর্শী, চতুর حَصِف

[হাছিফা] ঘামাচি হওয়া, ঘামাচিতে আক্রান্ত হওয়া حَصِفَ [س] (حَصَف)

[হাছুফা] বিচক্ষণ হওয়া, حَصُفَ [ك] (حَصَافَة)

বিজ্ঞ হওয়া, দূরদর্শী হওয়া, চতুর হওয়া

حَصَل [হাছাল] অপরিণত খেজুর, কাঁচা খেজুর, আবর্জনা ও খারাপ অংশ বেছে ফেলার পর অবশিষ্ট শস্যদানা, চালার পর অবশিষ্ট শস্যদানা

حَصَلَ [ن] (حُصُول) [হাছালা] হওয়া, ঘটা, থাকা, অর্জিত হওয়া, উদ্ভূত হওয়া, সৃষ্টি হওয়া, আপতিত হওয়া, আঘাত করা

حَصَلَ عَلَى [-- 'আলা] অর্জন করা, হাসিল করা, লাভ করা, পাওয়া

حَصَّلَ (تَحْصِيل) [حصل] [হাছ্ছালা] লাভ করা, হাসিল করা, অর্জন করা, আদায় করা, উদ্ধার করা

حَصَنَ [ن] [ض] (حَصْن) [হাছানা] সুরক্ষা করা, সুরক্ষিত জায়গায় রাখা

حَصُنَ [ك] (حَصَانَة) [হাছুনা] সুরক্ষিত হওয়া, সুদৃঢ় হওয়া, প্রতিরোধক্ষমতাসম্পন্ন হওয়া, (নারী) সতী হওয়া, চরিত্রবতী হওয়া

حَصَّنَ (تَحْصِين) [حصن] [হাছ্ছানা] সুদৃঢ় করা, সুরক্ষিত করা, রক্ষা করা, প্রতিরোধক্ষমতাসম্পন্ন করা

حَصَّنَ ضِدَّ [-- দিদ্দা] (রোগব্যাধির বিরুদ্ধে) প্রতিষেধক দেওয়া, প্রতিরোধক ব্যবহার করা

حِصْن ج حُصُون [হিছ্ন] দুর্গ, কেল্লা, গড়, অস্ত্রশস্ত্র, নিরাপত্তা, সুরক্ষা, সতীত্ব

حُصْن [হুছ্ন] নিরাপত্তা, সুরক্ষা, সতীত্ব

حَصْنَاء [حصن] [হাছ্না'] সতী নারী, সুরক্ষিতা রমণী, চরিত্রবতী

حَصُور [حصر] [হাছুর] বিরত, নিস্পৃহ, নারীদের সংসর্গ থেকে বিরত

حُصُول [حصل] [হুছুল] সংঘটন, অর্জন, লাভ, প্রাপ্তি

حَصَوِيّ [حصي] [হাছাবী] পাথর আছে এমন, পাথরযুক্ত, প্রস্তরময়, কংকরময়

حَصَى [হাছা] পাথর, প্রস্তরখণ্ড, নুড়ি, কঙ্কর

حَصَى [ض] (حَصًا) [হাছা] পাথর দ্বারা আঘাত করা, পাথর নিক্ষেপ করা, পাথর ছুঁড়ে মারা, প্রস্তরখণ্ড নিক্ষেপ করা

حَصِيَ [س] (حَصًى) [হাছিয়া] (ভূমি) প্রস্তরবহুল হওয়া, কঙ্করময় হওয়া

حَصِيَّة [হাছিয়্যাহ] প্রস্তরবহুল, কঙ্করময় (ভূমি)

حُصَيَّة [হুছইয়াহ] ছোট পাথর, পাথুরি

حَصِيد ، حَصِيدَة ج حَصَائِد [حصد] [হাছীদ, হাছীদাহ] ফসল, শস্য, সংগৃহীত ফসল

حَصِير ج حُصُر ، أَحْصِرَة [حصر] [হাছীর] বন্দীশালা, জেলখানা, কারাগার, ভূপৃষ্ঠ

حَصِير ج حُصُر [হাছীর] মাদুর, চাটাই, চাঁচ, টাটি, দরমা

حَصِيرَة ج حَصَائِر [হাছীরাহ] মাদুর, চাটাই, চাঁচ, টাটি, দরমা

حَصِيص [حصص] [হাছীছ] সংখ্যা, পরিমাণ

حَصِيصَة ج حَصَائِص [হাছীছাহ] কামানো কিংবা উপড়ানো চুল বা পশম, কানের চুল

حَصِيف ج حُصَفَاء [حصف] [হাছীফ] বিচক্ষণ, দূরদর্শী, বিজ্ঞ, চতুর, বাস্তববাদী

حَصِيل [حصل] [হাছীল] অর্জিত, সংগৃহীত, অর্জিত বস্তু, সংগৃহীত সম্পদ

حَصِيلَة ج حَصَائِل [حصل] [হাছীলাহ] ফসল, ফল, পরিণাম, পরিণতি, অর্জিত বস্তু, মোট অঙ্ক, মোট পরিমাণ, অবশিষ্টাংশ

حَصِين [حصن] [হাছীন] সুরক্ষিত, নিরাপদ, মজবুত, সুদৃঢ়, প্রতিরোধক্ষমতাসম্পন্ন

حَضّ [হাদ্] উৎসাহপ্রদান, প্ররোচনা, উত্তেজনা, উস্কানি

حَضَّ [ن] (حَضّ) عَلَى [হাদ্দা] উৎসাহিত করা, প্ররোচিত করা, উত্তেজিত করা, উসকানো

حَضَارَة ، حِضَارَة [حضر] [হাদারাহ] সংস্কৃতি, সভ্যতা, নগর-জীবন, শহরে বসবাস

حَضَارِيّ [হাদারী] সভ্যতা-বিষয়ক, সাংস্কৃতিক, সভ্য, পৌর, শহুরে

حَضَانَة ، حِضَانَة [حضن] [হাদানাহ, হিদানাহ] (শিশুর) লালনপালন, রক্ষণাবেক্ষণ, (ডিমে) তা প্রদান, নার্সারি

حَضَر [হাদর] উপস্থিতি, সভ্যতা, সভ্য এলাকা, শহর এলাকা, শহরের অধিবাসী, শহরবাসী

حَضَرَ [ن] (حُضُور) [হাদরা] উপস্থিত হওয়া,

হাজির হওয়া, আগমন করা, এসে পৌঁছানো, এসে পড়া, যোগদান করা, দেখা, প্রত্যক্ষ করা, মনে পড়া

حَضِرَ [س] (حُضُور) [হাদিরা] উপস্থিত হওয়া, উপস্থিত থাকা

حُضِرَ [হুদিরা] মৃত্যু ঘনিয়ে আসা, মৃত্যুর মুখে পড়া, মৃত্যুর নিকটবর্তী হওয়া

حَضَّرَ (تَحْضِير) [حضر] [হাদ্দরা] হাজির করা, উপস্থিত করা, আনা, এনে দেওয়া, প্রস্তুত করা, তৈরী করা, সভ্য করা, সভ্যতাসম্পন্ন করা

حَضْرَة [হাদ্‌রাহ্‌] উপস্থিতি, হাজিরি, বর্তমানতা, বিদ্যমানতা

حَضْرَة ج حَضَرَات [হাদ্‌রাহ্‌] মাননীয়, মহামান্য, সম্মানিত, হযরত

حِضْرَة [হিদ্‌রাহ্‌] উপস্থিতি, নৈকট্য, সান্নিধ্য

حُضْرَة [হুদ্‌রাহ্‌] উপস্থিতি, নৈকট্য, সান্নিধ্য, আঙ্গিনা

حَضَرِيّ [হাদরী] সভ্য, পৌর, শহুরে, শহরবাসী, স্থায়ী বাসিন্দা

حَضَّضَ (تَحْضِيض) [حضض] عَلَى [হাদ্দদা] উৎসাহিত করা, প্ররোচিত করা, উত্তেজিত করা,

حَضَنَ [ن] (حَضْن ، حِضَانَة) [হাদনা] কোলে নেওয়া, বুকে জড়িয়ে ধরা, আলিঙ্গন করা, আশ্রয় দেওয়া, লালনপালন করা, প্রতিপালন করা, (ডিমে) তা দেওয়া

حَضُنَ [ك] (حِضَان) [হাদুনা] (স্ত্রীলোক, উষ্ট্রী বা বকরীর) দুটি স্তনের বা বাঁটের একটি অন্যটি থেকে বড় হওয়া

حِضْن ج حُضُون ، أَحْضَان [হিদ্‌ন] বক্ষ, কোল, পার্শ্ব, বাহু, পাহাড়ের পাদদেশ

فِي أَحْضَانِ [ফী আহ্‌দানি] মধ্যে, মাঝে, মাঝ-খানে, মধ্যস্থলে, ঘেরাওয়ের মধ্যে, বাহুতলে

حُضُور [حضر] [হুদূর] উপস্থিতি, হাজিরি, বিদ্য-মানতা, হাজিরা, আগমন, যোগদান, অংশগ্রহণ, উপস্থিত লোকজন, দর্শকবৃন্দ

حَضُون [حضن] [হাদূন] দুটি স্তনের বা বাঁটের একটি অন্যটি থেকে বড় এমন (স্ত্রীলোক, উষ্ট্রী বা বকরী)

حَضِيرَة ج حَضَائِر [حضر] [হাদীরাহ্‌] ক্ষুদ্র দল, স্কোয়াড, অগ্রগামী সেনাদল

حَضِيض ج أَحِضَّة ، حُضُض [حضض] [হাদীদ] পাহাড়ের পাদদেশ, তলদেশ, গভীরতা, নিম্নভূমি

حَطّ [হাত্ত] হ্রাস, কমতি, ঘাটতি, অবতরণ

حَطَّ [ن] (حَطّ) [হাত্তা] নামানো, কমানো, হ্রাস করা, হ্রাস পাওয়া, নামা, নেমে আসা, অবতরণ করা, নামিয়ে দেওয়া, অবনতি ঘটানো, হেয়তর করা, মর্যাদাহানি করা

حَطَّ مِنْ [-- মিন] নামিয়ে দেওয়া, হেয়তর করা, মর্যাদাহানি করা, অবনতি ঘটানো

حَطَّاب ج حَطَّابَة [حطب] [হাত্তাব] জ্বালানিকাঠ সংগ্রাহক, জ্বালানিকাঠ বিক্রেতা, লাকড়িওয়ালা, কাঠুরিয়া

حَطَاط ، حَطَاطَة [হাতাত, হাতাতাহ্‌] ফোসকা, ফোড়া, পাঁচড়া, ব্রণ, দুধের ফেনা

حُطَام ، حُطَامَة [হুতাম, হুতামাহ্‌] ভাঙ্গা টুকরা, ভগ্নাবশেষ, ধ্বংসাবশেষ, তুচ্ছ বস্তু, খড়কুটা

حَطَب ج أَحْطَاب [হাতব] জ্বালানিকাঠ, লাকড়ি, কুৎসা

حَطَبَ [ض] (حَطْب) [হাতবা] কুৎসা রটানো, জ্বালানিকাঠ সংগ্রহ করা

حِطَّة [হিত্তাহ্‌] অব্যাহতি, লাঘব, মর্যাদাহানি, অপমান, অবনতি

حَطَمَ [ض] (حَطْم) [হাতমা] ভাঙ্গা, ভেঙ্গে ফেলা, চূর্ণ করা

حَطِمَ [س] (حَطَم) [হাতিমা] বৃদ্ধ হওয়া, বয়স বাড়া, দুর্বল হয়ে পড়া

حَطَّمَ (تَحْطِيم) [حطم] [হাত্তমা] চূর্ণ-বিচূর্ণ করা, টুকরা টুকরা করা

حَطْمَة [হাত্‌মাহ্‌] কষ্টের বছর, অভাবের বছর, দুর্ভিক্ষের বছর

حِطْمَة ج حِطَم [হিত্‌মাহ্‌] ভাঙ্গা টুকরা, খণ্ডিত টুকরা, খণ্ডাংশ

حُطْمَة [হুত্‌মাহ্‌] কষ্টের বছর, অভাবের বছর, দুর্ভিক্ষের বছর

حُطَمَة [হুতমাহ্‌] লোভী, লোলুপ, লোভাতুর, পিষ্ট-কারী, প্রচণ্ড আগুন

حَطُوط [হাতূত] ভাল জাতের দ্রুতগামী উষ্ট্রী, টিলা

حَطُوم [হাতূম] জোরালো বাতাস, ঝড়, সিংহ

حُطَيْئَة [হুতইআহ্] কুৎসিত ও খর্বকায় মানুষ

حَطِيب [حطب] [হাতীব] প্রচুর জ্বালানিকাঠ আছে এমন, লাকড়িবহুল (স্থান)

حَطِيطَة ج حَطَائِط [حطط] [হাতীতাহ্] হ্রাস, বাদ, মূল্যহ্রাস, discount

حَظّ ج حُظُوظ [হায্] ভাগ, অংশ, ভাগ্য, অদৃষ্ট, সৌভাগ্য, সুখ, প্রাচুর্য, আনুকূল্য

حَسَنُ الحَظّ [হাসানুল হায্] সৌভাগ্যবান, সুখী

حُسْنُ الحَظّ [হুস্নুল হায্] সৌভাগ্য, সুখ

سُوءُ الحَظّ [সূ'উল হায্] দুর্ভাগ্য, দুঃখ

سَيِّيءُ الحَظّ [সাইয়্যি'উল হায্] দুর্ভাগ্যবান, হত-ভাগ্য, অভাগা

حَظَّ [س] (حَظّ) [হায্য্] সুখী হওয়া, ভাগ্যবান হওয়া, সৌভাগ্যবান হওয়া

حُظَّ [হুয্যা] ভাগ্যবান হওয়া, সৌভাগ্যবান হওয়া, সুখী হওয়া

حَظَار ، حِظَار [হাযার, হিযার] বেড়া, প্রাচীর, পর্দা

حِظَة ج حِظًا ، حِظَاء [حظو] [হিযাহ্] মর্যাদা, স্থান, অবস্থান, ভাগ, অংশ, ভাগ্য

حَظْر [হায্র] নিষেধ, বারণ, মানা, নিষেধাজ্ঞা

حَظْرُ التَّجَوُّل [হায্রুত তাজাওবুল] সান্ধ্য আইন, কারফিউ

حَظَرَ [ن] (حَظْر) [হাযরা] নিষেধ করা, নিষিদ্ধ করা, বন্ধ রাখা

حَظَّرَ (تَحْظِير) [حظر] [হায্যরা] নিষেধ করা, নিষিদ্ধ করা, বন্ধ রাখা

حَظْرِيّ [হাযরী] নিষেধমূলক, নিষেধসূচক

حِظْوَة ، حُظْوَة [হিয্ওয়াহ্, হুয্ওয়াহ্] অনুগ্রহ, আনুকূল্য, সুবিধা, অগ্রাধিকার, সম্মান, মর্যাদা, প্রভাব, প্রতিপত্তি, কর্তৃত্ব

حَظِيَ [س] (حُظْوَة ، حِظْوَة) [হাযিয়া] সম্মান পাওয়া, মর্যাদাবান হওয়া, কাছের মানুষ হওয়া

حَظِيَ بِ [-- বি] লাভ করা, অর্জন করা, জয় করা

حَظِيَ عِنْدَ [-- 'ইন্দা] অনুগ্রহভাজন হওয়া, অনুগ্রহ লাভ করা, সুবিধা পাওয়া

حَظِيّ [حظو] [হাযী] সম্মানিত, প্রিয়পাত্র, ভাগ্য-বান

حَظِّيّ [حظظ] [হায্যী] ভাগ্যবান, সৌভাগ্যবান, সুখী

حَظِيَّة ج حَظَايَا [حظي] [হাযিয়্যাহ্] উপপত্নী, রক্ষিতা, অবৈধ প্রেমিকা

حَظِيرَة ج حَظَائِر [حظر] [হাযীরাহ্] বেড়া, খাঁচা, খোঁয়াড়, সংরক্ষিত প্রাঙ্গন, গোলাবাড়ি

حَظِيظ [حظظ] [হাযীয] ভাগ্যবান, সৌভাগ্যবান, সুখী

حَفّ ج حُفُوف [حفف] [হাফ্] চিহ্ন, ছাপ

حَفَّ [ن] (حَفّ) [হাফ্ফা] বেষ্টন করা, ঘিরে রাখা, মুণ্ডন করা, ছাঁটা, কাটা, ঘষে উঠানো

حَفَّ [ض] (حَفِيف) [হাফ্ফা] খস্খস্ শব্দ করা, মর্মরধ্বনি করা

حَفَا [ن] (حَفْو) [হাফা] দান করা, উপহার দেওয়া

حَفَا بِ [-- বি] সম্মান করা, সম্মান দেওয়া

حَفَا عَنْ [-- 'আন] বঞ্চিত করা, বঞ্চিত রাখা

حَفَاء [حفو] [হাফা'] নগ্নপদতা, খালি পা

حَفَّار [حفر] [হাফ্ফার] খননকারী, খোদাইকারী, খননকর্মী

حَفَّارَة ج حَفَّارَات [حفر] [হাফ্ফারাহ্] খননযন্ত্র, খোদাই-যন্ত্র

حُفَاصَة [حفص] [হুফাছাহ্] সংগৃহীত বস্তু, সংগ্রহ

حِفَاض [হিফাদ] কাপড়ের টুকরা, নেকড়া, তেনা

حِفَاظ [حفظ] [হিফায] হেফাজত, রক্ষণ, সংরক্ষণ, রক্ষা, নেকড়া, তেনা

حِفَاف ج أَحِفَّة [حفف] [হিফাফ] পার্শ্ব, পাশ, পার্শ্বদেশ, ফুটপাত

حُفَافَة [حفف] [হুফাফাহ্] ঝরা বস্তু, অবশিষ্টাংশ

حُفَال [হুফাল] বিরাট সমাবেশ, সংগৃহীত দুধ

حُفَالَة [হুফালাহ্] নিকৃষ্ট বস্তু, আবর্জনা, ময়লা, (দুধের) ফেনা

حَفَّان [حفف] [হাফ্ফান] চাকর-বাকর, ছোট উটপাখি, উটপাখির পালক, পরিপূর্ণ (পাত্র)

[হাফাওয়াহ] অভ্যর্থনা, সাদরে গ্রহণ, অভিনন্দন, অভিবাদন, সংবর্ধনা حَفَاوَة [حفو]

[হাফ্ফাহ] উদারতা, বদান্যতা, উটের খাওয়া ঘাস, তাঁতযন্ত্রের যে কাষ্ঠখণ্ডে কাপড় পেঁচানো হয় حَفَّة [حفف]

[হাফ্হাফা] শব্দ সৃষ্টি করা, কষ্ট করে জীবিকা নির্বাহ করা حَفْحَفَ (حَفْحَفَة)

[হাফাদা] দ্রুত সম্পন্ন করা, তাড়াতাড়ি করা, কর্মতৎপর হওয়া, সাহায্য করা, সেবা করা حَفَدَ [ض] (حَفْد ، حُفُود ، حَفَدَان)

[হাফ্র] খনন, খননকাজ, খোদাই, নকশা حَفْر

[হাফার] প্রশস্ত কূপ, বড় কূপ, খননকৃত মাটি حَفَر ج أَحْفَار ، أَحَافِير

[হাফারা] খনন করা, খোঁড়া, গর্ত করা, ছিদ্র করা, খোদাই করা حَفَرَ [ض] (حَفْر)

[হুফ্রাহ] গর্ত, গহ্বর, হ্রদ, ছিদ্র, কবর حُفْرَة ج حُفَر

[হাফ্রিয়্যাত] প্রত্নতাত্ত্বিক আবিষ্কার حَفْرِيَّات

[হাফ্রিয়্যাহ] খনন, খননকাজ, খোদাইকর্ম حَفْرِيَّة ج حَفْرِيَّات [حفر]

[হাফাযা] উস্কানি দেওয়া, খোঁচা মারা, উত্তেজিত করা, উদ্বুদ্ধ করা حَفَزَ [ض] (حَفْز) عَلَى

[হাফ্শ] একপ্রকার সামুদ্রিক মাছ, sturgeon حَفْش

[হাফাশা] ছাল তোলা, বের করা, এক জায়গায় জমা করা, একদিকে প্রবাহিত হওয়া, তৃণ উৎপন্ন করা, তাড়িয়ে দেওয়া حَفَشَ [ض] (حَفْش)

[-- 'আলা] জড়ো হওয়া, ভিড় করা, সমবেত হওয়া حَفَشَ عَلَى

[-- ফী] চেষ্টা করা, প্রয়াস চালানো حَفَشَ فِي

[হাফিশা] বৃষ্টি জোরে পড়ার পর হঠাৎ থেমে যাওয়া حَفِشَ [س] (حَفَش)

[হিফ্শ] কুঁড়েঘর, কুটির, তাঁবু, জীর্ণ বস্তু, (উটের) কুঁজ حِفْش ج أَحْفَاش ، حِفَاش

[হাফ্শাহ] প্রবল বৃষ্টির পশলা حَفْشَة

[হাফ্স] কুঁড়েঘর, কুটির, চামড়ার তৈরী পাত্র, সিংহশাবক حَفْص ج أَحْفَاص ، حُفُوص

[হাফাস] জমা করা, একত্র করা, নিক্ষেপ করা, ফেলে দেওয়া حَفَصَ [ض] (حَفْص)

[হাফিযা] রক্ষা করা, সংরক্ষণ করা, হেফাজত করা, তত্ত্বাবধান করা, মুখস্থ করা حَفِظَ [س] (حِفْظ)

[হাফ্ফাযা] মুখস্থ করতে বলা, মুখস্থ করানো, (কোরআন) হেফ্জ করানো حَفَّظَ (تَحْفِيظ) [حفظ]

[হিফ্য] রক্ষা, যত্ন, তত্ত্বাবধান, সংরক্ষণ, হেফাজত, মুখস্থকরণ, (কোরআন) হেফ্জকরণ حِفْظ

[হিফ্যুয যাত] আত্মরক্ষা حِفْظ الذَّات

[হিফ্যুস সালাম] শান্তিরক্ষা حِفْظ السَّلَام

[হিফ্যুন নাফ্স] আত্মরক্ষা حِفْظ النَّفْس

[হিফ্যাহ] ক্রোধ, রোষ, ঘৃণা, ঈর্ষা, বিদ্বেষ حِفْظَة

[হাফাফ] চিহ্ন, ছাপ, স্বল্প সম্পদ, কষ্টকর জীবিকা, অভাব, অঞ্চল حَفَف

[হাফ্ফাফা] বেষ্টন করা, ঘিরে রাখা, ঘেরাও করা حَفَّفَ (تَحْفِيف) [حفف] بِ

[হাফ্ল] সমাবেশ, জমায়েত, অনুষ্ঠান, উৎসব, মাহফিল, উপস্থিতি, মনোযোগ, খেয়াল, যত্ন حَفْل

[হাফালা] সমবেত হওয়া, একত্র হওয়া, জড়ো হওয়া, প্রচুর হওয়া, পর্যাপ্ত হওয়া حَفَلَ [ض] (حَفْل)

[-- বি] মনোযোগ দেওয়া, খেয়াল করা, যত্নবান হওয়া, সংশ্লিষ্ট হওয়া, পরিপূর্ণ হওয়া, ভরে যাওয়া حَفَلَ بِ

[হাফ্ফালা] অলংকৃত করা, সজ্জিত করা, জমানো, জমা করে রাখা, সংগ্রহ করা حَفَّلَ (تَحْفِيل) [حفل]

[হাফ্লাহ] অনুষ্ঠান, উৎসব, পর্ব, সভা, আসর, মাহফিল, সমাবেশ, দল, পার্টি, চক্র, উপস্থাপনা, পরিবেশনা, প্রদর্শনী حَفْلَة ج حَفَلَات

[হাফ্লাত ইস্তিক্বাল] সংবর্ধনা-সভা, সংবর্ধনা, অভ্যর্থনা حَفْلَة اِسْتِقْبَال

[হাফ্লাত ইফ্তিতাহ] উদ্বোধনী অনুষ্ঠান حَفْلَة اِفْتِتَاح

[হাফ্লাহ রাক্বিসাহ] নাচের পার্টি, নৃত্যদল, dance party حَفْلَة رَاقِصَة

[হাফ্লাত যাওয়াজ] বিবাহ-অনুষ্ঠান حَفْلَة زَوَاج

[হাফ্লাহ সাহিরাহ] সান্ধ্য অনুষ্ঠান, নৈশ অনুষ্ঠান, বিনোদন-সন্ধ্যা حَفْلَة سَاهِرَة

[হাফ্লাত শাই] চা-চক্র, tea party حَفْلَة شَاي

[হাফ্লাহ গিনা'ইয়্যাহ] গানের আসর, সঙ্গীতানুষ্ঠান حَفْلَة غِنَائِيَّة

[হাফ্লাত ওয়াদা'] বিদায়ী অনুষ্ঠান, farewell حَفْلَة وَدَاع

[হাফালা] সাধারণ নিমন্ত্রণ, আম দাওয়াত حَفَلَى

[হাফানা] দুই হাতে লওয়া, অঞ্জলি ভরে লওয়া حَفَنَ [ن] (حَفْن)

[-- লি] সামান্য পরিমাণ দেওয়া, এক মুঠো দান করা حَفَنَ لِ

[হাফ্নাহ] মুষ্টি, মুঠো, সামান্য পরিমাণ حَفْنَة ج حَفَنَات

[হুফ্নাহ] সামান্য পরিমাণ, মুষ্টি, মুঠো حُفْنَة ج حُفَن

[হাফা] নগ্নপদতা, খালি পা حَفًى [حفو]

[হাফী, হাফিন] নগ্নপদ, খালি-পা حَفِي ، حَفٍ ج حُفَاة [حفو]

[হাফী] অনুসন্ধানকারী, পুরোপুরি অবহিত, সাদরে অভ্যর্থনাকারী, অত্যন্ত দানশীল, দয়ালু حَفِيّ ج حُفَوَاء [حفو]

[হাফিয়া] খালি পায়ে হাঁটা, নগ্নপদ হওয়া حَفِيَ [س] (حَفَاء) [حفو]

[হাফীদ] পৌত্র, নাতি حَفِيد ج أَحْفَاد ، حَفَدَة [حفد]

[হাফীদাহ] পৌত্রী, নাতনী حَفِيدَة ج حَفَائِد [حفد]

[হাফীর] খননকৃত, খোদাইকৃত, গর্ত, গহ্বর, কবর حَفِير [حفر]

[হাফীরাহ] খননকাজ, খননলব্ধ বস্তু, গর্ত, গহ্বর حَفِيرَة ج حَفَائِر [حفر]

[হাফীয] হেফাজতকারী, রক্ষক, সংরক্ষক, যে স্মরণ রাখে, মনোযোগী حَفِيظ [حفظ]

[আল-হাফীয] মহারক্ষক, রক্ষা-কর্তাঃ আল্লাহ الحَفِيظ [حفظ]

[হাফীযাহ] ক্রোধ, ঘৃণা, রোষ, ঈর্ষা, বিদ্বেষ حَفِيظَة ج حَفَائِظ [حفظ]

[হাফীফ] খস্খস্ শব্দ, হিস্হিস্ শব্দ, মর্মর-ধ্বনি حَفِيف [حفف]

[হাফীল] বিরাট, ব্যাপক, অনেক, বহুসংখ্যক حَفِيل [حفل]

[হাক] সত্য, ন্যায়, হক, সঠিক, যথাযথ, প্রকৃত, নিশ্চিত, প্রকৃত অবস্থা, যথাযথতা حَقّ

[হাক] অধিকার, হক, দাবি, পাওনা, সম্পদ, সম্পত্তি حَقّ ج حُقُوق

[আল-হাক] মহাসত্য, চিরন্তন সত্যঃ আল্লাহ الحَقّ

[হাক্কুদ দুখূল] প্রবেশাধিকার حَقّ الدُّخُول

[হাক্কুশ শুফ্'আহ] অগ্রক্রয়ের অধিকার, অগ্রক্রয়াধিকার, pre-emption حَقّ الشُّفْعَة

[হাক্কুল ইয়াক্বীন] প্রমাণিত সত্য, নিশ্চিত সত্য حَقّ اليَقِين

[আল-হাক্কু 'আলাইকা] তুমি ভুলের ওপর রয়েছো। তুমি অন্যায় করছ। তোমারটা ঠিক নয়। الحَقُّ عَلَيْكَ

[আল-হাক্কু মা'আকা] তুমি সত্যের ওপর রয়েছো। তুমিই ঠিক। তোমারটাই সঠিক। الحَقُّ مَعَكَ

[বি-হাক্কিন, বিল-হাক্কি] আসলে, প্রকৃতপক্ষে, বাস্তবে, সত্য বলতে, সত্যসত্যই, যথার্থভাবে, ন্যায়ত بِحَقّ ، بِالحَقّ

[হাক্কা] সত্য হওয়া, সঠিক হওয়া, নিশ্চিত হওয়া, প্রমাণিত হওয়া, যথাযথ হওয়া حَقَّ [ن] [ض] (حَقّ)

[-- 'আলা] জরুরী হওয়া, প্রয়োজনীয় হওয়া, ধার্য হওয়া, বাধ্যতামূলক হওয়া, উপযোগী হওয়া حَقَّ عَلَى

[-- লি] অধিকারভুক্ত হওয়া, প্রযোজ্য হওয়া حَقَّ لِ

[হিক] চার বছর বয়সের উট, বার্ধক্যের কারণে দাঁত পড়ে যাওয়া উষ্ট্রী حِقّ ج أَحُقّ ، حِقَاق

[হুক] গর্ত, দেহ-গ্রন্থির গর্ত, পাত্র, আধার حُقّ ج أَحْقَاق ، حِقَاق

[হাক্বা] কোমরে আঘাত করা, কোমর পর্যন্ত হওয়া حَقَا [ن] (حَقْو)

رَخَفَ [ن] (رَخْف) [রখাফা] (ময়দার তাল) নরম হওয়া, তুলতুলে হওয়া

رَخِف [রুখিফ] হালকা নরম পাথর

رَخِفَ [س] (رَخَف) [রখিফা] (ময়দার তাল) নরম হওয়া, তুলতুলে হওয়া

رَخُفَ [ك] (رَخَافَة ، رُخُوفَة) [রখুফা] (ময়দার তাল) নরম হওয়া, তুলতুলে হওয়া

رَخْفَة ج رِخَاف [রখ্‌ফাহ] নরম ময়দার তাল, নরম মাখন, হালকা নরম পাথর

رَخَم ج رُخْم [রখাম] শকুনজাতীয় একপ্রকার পাখি, মিশরীয় শকুন, শক্ত দুধ, সহৃদয়তা, নম্রতা, কোমলতা

رَخَمَ [ن] (رَخْم) [রখামা] (স্বর) কোমল হওয়া, নরম হওয়া, মোলায়েম হওয়া, মধুর হওয়া (মুরগী) ডিমে তা দেওয়া

رَخِم [রখিম] নরম, কোমল, মোলায়েম

رَخُمَ [ك] (رَخَامَة) [রখুমা] (স্বর) নরম হওয়া, কোমল হওয়া, মোলায়েম হওয়া, মধুর হওয়া

رَخَّمَ (تَرْخِيم) [رخم] [রখ্‌খামা] (স্বর) নরম করা, কোমল করা, মোলায়েম করা, মধুর করা, (উচ্চারণ) হ্রস্ব করা

رَخَمَة [রখামাহ] শকুনজাতীয় একপ্রকার পাখি, মিশরীয় শকুন

رَخْو ، رِخْو ، رُخْو [রখ্‌ও, রিখ্‌ও, রুখ্‌ও] ঢিলা, ঢিলে, শিথিল, নরম, কোমল, নমনীয়

رَخُوَ [ك] (رَخَاوَة) [রখুওয়া] ঢিলা হওয়া, শিথিল হওয়া, নরম হওয়া, কোমল হওয়া, (জীবন) সুখী হওয়া, স্বচ্ছন্দ হওয়া

رَخْوَة [রখ্‌ওয়াহ] কোমলতা, নম্রতা, নমনীয়তা, শিথিলতা

رِخْوِيّ [রিখ্‌বী] কম্বোজঃ শামুকজাতীয় কোমলাঙ্গ

জীব, কম্বোজ-বিষয়ক

[রিখ্‌বিয়্যাত] শামুক শ্রেণীর কোমলাঙ্গ رِخْوِيَّات
জীব, অমেরুদণ্ডী প্রাণী

[রখী] স্বাচ্ছন্দ্যপূর্ণ, স্বচ্ছন্দ, আরামদায়ক, رَخِيّ
সুখী

[রখিয়া] ঢিলা رَخِيَ [س] (رَخًا ، رَخَاء ، رِخْوَة)
হওয়া, শিথিল হওয়া, নরম হওয়া, কোমল হওয়া, (জীবন) সুখী হওয়া, স্বচ্ছন্দ হওয়া

[রখীছ] সস্তা, সুলভ, নিম্নমান, رَخِيص [رخص]
তুচ্ছ, নরম, কোমল, নমনীয়

[রখীম] কোমল, নরম, মোলায়েম, رَخِيم [رخم]
মধুর (স্বর), কোমলভাষিণী

[রখীমাহ] কোমলভাষিণী رَخِيمَة [رخم]

[রদ] প্রত্যাবর্তন, ফেরৎ, খণ্ডন, রদ, رَدّ ج رُدُود
প্রত্যাখ্যান, নিবৃত্তি, জবাব, উত্তর

[রদ্দুছ ছওত] প্রতিধ্বনি, ফিরতি আও- رَدّ الصَّوْت
য়াজ

[রদ্দুল ফি'ল] প্রতিক্রিয়া, reaction رَدّ الفِعْل

[রদ্দা] ফিরিয়ে দেওয়া, ফেরৎ رَدَّ [ن] (رَدّ) [ردد]
দেওয়া, ফিরিয়ে নেওয়া, ফিরিয়ে আনা, জবাব দেওয়া, রদ করা, খণ্ডন করা, মিথ্যা প্রতিপন্ন করা, প্রত্যাখ্যান করা, তাড়িয়ে দেওয়া, উল্টে দেওয়া

[-- ইলা] ফিরিয়ে নেওয়া, সম্পৃক্ত করা, رَدَّ إِلَى
সংশ্লিষ্ট করা, আরোপ করা

[-- 'আন] ফিরিয়ে আনা, ফিরিয়ে রাখা, رَدَّ عَنْ
বিরত করা, নিবৃত্ত করা

[রিদা'] ঢিলা জামা, গাউন, رِدَاء ج أَرْدِيَة [ردي]
আলখিল্লা, চাদর, পোশাক

[রদাআহ] নিকৃষ্টতা, মন্দত্ব, দোষ رَدَاءَة [ردأ]

[রদাত] প্রস্তরখণ্ড, শিলাখণ্ড رَدَاة ج رَدًى

[রদাহ] বিশাল, প্রকাণ্ড, স্থূলদেহ, رَدَاح ج رُدُح
ভারী, বড় নিতম্ববিশিষ্ট, মোটা লেজবিশিষ্ট

[রদাহাহ] দেহের স্থূলতা, নিতম্বের رَدَاحَة [ردح]
বিশালতা, হিংস্র প্রাণী ধরার ফাঁদ

[রিদাহাহ] হিংস্র প্রাণী ধরার ফাঁদ رِدَاحَة [ردح]

[রদাদ, রিদাদ] বিরতকরণ, رَدَاد ، رِدَاد [ردد]
বারণ, নিষেধ, বিতাড়ন

[রিদা'] পঙ্ক, ক্লেদ, কর্দম, কাদামাটি رِدَاع

[রিদাগ] পঙ্ক, ক্লেদ, কর্দম, কাদামাটি رِدَاغ

[রিদাফ] (পশুর) পশ্চাদ্ভাগ, পাছা, নিতম্ব رِدَاف

[রুদাম] বাজে, নিকৃষ্ট, তুচ্ছ, ফালতু رُدَام

[রদুআ] নিকৃষ্ট হওয়া, খারাপ رَدُؤَ [ك] (رَدَاءَة)
হওয়া, মন্দ হওয়া, দোষযুক্ত হওয়া

[রিদ'] সাহায্যকারী, সহায়তা দান- رِدْء ج أَرْدَاء
কারী, সহায়ক

[রদব] বন্ধ রাস্তা, কানা গলি رَدْب

[রদ্দাহ] প্রত্যাবর্তন, ফেরৎ, প্রতিধ্বনি, رَدَّة [ردد]
ত্রুটি, দোষ, ময়লা

[রিদ্দাহ] স্বধর্মত্যাগ, স্বপক্ষত্যাগ, বাচ্চা رِدَّة [ردد]
প্রসবের পূর্বে স্তনের দুগ্ধপূর্ণতা, প্রতিধ্বনি

[রদাহ] দীর্ঘকাল, দীর্ঘ সময় رَدَح

[রদাহাম মিনায যামান] দীর্ঘকাল رَدَحًا مِنَ الزَّمَن
ধরে, দীর্ঘকাল যাবৎ

[রদ্দাদা] পুনরাবৃত্তি করা, رَدَّدَ (تَرْدِيد) [ردد]
প্রতিধ্বনিত করা, জবাব দেওয়া, নিবারণ করা

[রদাসা] (মাটি) ভলে সমান رَدَسَ [ن] (رَدْس)
করা, দুরমুশ দেওয়া, চূর্ণ করা, প্রস্তর নিক্ষেপ করা

[রদ্'] বিরতকরণ, বাধাদান, নিবারণ, নিবৃত্তি, رَدْع
প্রতিরোধ, প্রতিহতকরণ

[রদা'আ] বিরত রাখা, বাধা رَدَعَ [ف] (رَدْع) عَنْ
দেওয়া, নিবৃত্ত করা, নিবারণ করা, হটিয়ে দেওয়া, প্রতিরোধ করা, প্রতিহত করা

[রদ্দা'আ] মাখানো, লাগানো رَدَّعَ (تَرْدِيع) [ردع]

[রদ্'ঈ] নিবারণমূলক, নিবৃত্তিমূলক, প্রতি- رَدْعِيّ
রোধমূলক

[রদ্গাহ, রদাগাহ] কর্দম, ক্লেদ, رَدْغَة ، رَدَغَة
পঙ্ক, কাদামাটি

[রদাফা, রদিফা] رَدَفَ [ن]، رَدِفَ [س] (رَدْف)
পিছনে আরোহণ করা, অনুসরণ করা, অনুগামী হওয়া, পিছনে পিছনে আসা

[রিদ্‌ফ] পিছনের আরোহী, অনু- رِدْف ج أَرْدَاف
গামী, সহগামী, পশ্চাদ্ভাগ, নিতম্ব, ফলাফল

[আর-রিদ্‌ফানি] সহগামীদ্বয়ঃ রাত ও দিন الرِّدْفَانِ

[রদ্‌ম] ভবনের ভগ্নাবশেষ, ধনুকের টঙ্কার-ধ্বনি, শক্ত প্রাচীর, সুদৃঢ় বাধা رَدْم

[রদামা] বন্ধ করা, ভরাট করা, আটকানো, (ধনুকে) ছিলা টেনে শব্দ করানো, টঙ্কারধ্বনি করানো, তালি দেওয়া رَدَمَ [ن] [ض] (رَدْم)

[রদ্দামা] তালি দেওয়া رَدَّمَ (تَرْدِيم) [ردم]

[-- 'আলা] সহানুভূতিশীল হওয়া, স্নেহ করা, সোহাগ করা رَدَّمَ عَلَى

[রদ্‌ন] বিন্যাস, অস্ত্রের ঝনঝন শব্দ رَدْن

[রদান] পাকানো সুতা, রেশমী বস্ত্র رَدَن ج أَرْدَان

[রদানা] সাজিয়ে রাখা, বিন্যস্ত করা, টাকুতে সুতা কাটা رَدَنَ [ن] [ض] (رَدْن)

[রদ্দানা] (জামায়) আস্তিন লাগানো, হাতা লাগানো رَدَّنَ (تَرْدِين) [ردن]

[রুদ্‌ন] (জামার) আস্তিন, হাতা, আস্তিনের কপ, হাতার পার্শ্ব رُدْن ج أَرْدَان

[রদাহ] পরিচালনা করা, নেতৃত্ব দেওয়া, বড় করা رَدَهَ [ف] (رَدْه)

[-- বি] নিক্ষেপ করা, আঘাত করা رَدَهَ بِ

[রদ্‌হাহ] কক্ষ, প্রবেশকক্ষ, হলঘর, লাউঞ্জ, লবি, ফ্লোর رَدْهَة ج رِدَاه

[রদা] ধ্বংস, নাশ, বিনাশ, মৃত্যু رَدَى

[রদা] আঘাত করা, ভেঙ্গে ফেলা, পড়ে যাওয়া, পতিত হওয়া رَدَى [ض] (رَدْي)

[রদী, রদিন] ধ্বংস, বিনষ্ট ধ্বংসশীল رَدِي ، رَدٍ (رَدَى)

[রদিয়া] ধ্বংস হওয়া, বিনষ্ট হওয়া, পড়ে যাওয়া, পতিত হওয়া رَدِيَ [س] (رَدَى)

[রুদ্দা] পরিত্যক্তা, তালাকপ্রাপ্তা رُدَّى [ردد]

[রদী'] নিকৃষ্ট, মন্দ, খারাপ, রদ্দী, বাজে رَدِيء [ردأ]

[রদী'] খারাপ লোক, মন্দ লোক, হীন, ইতর, দুষ্ট رَدِيء ج أَرْدِيَاء [ردأ]

[রদী'] ভূপাতিত, বোকা, নির্বোধ, জাফরান দ্বারা রঞ্জিত (বস্ত্র) رَدِيع [ردع]

[রদীফ] অনুগামী, সহ-গামী, পিছনের আরোহী, পিছনে আগমনকারী, বিকল্প, রিজার্ভ رَدِيف ج رِدَاف [ردف]

[রয্‌যা] স্প্রে করা, ছিটিয়ে দেওয়া, গুঁড়ি গুঁড়ি বৃষ্টি ঝরানো رَذَّ [ن] (رَذَاذ) [رذذ]

[রযায] গুঁড়ি গুঁড়ি বৃষ্টি, হালকা বৃষ্টি, স্প্রে رَذَاذ

[রুযাল] বর্জিতাংশ, আবর্জনা رُذَال [رذل]

[রযালাহ] নিকৃষ্টতা, নীচতা, হীনতা رَذَالَة [رذل]

[রুযালাহ] বর্জিতাংশ, আবর্জনা رُذَالَة [رذل]

[রয্‌যাযা] কণায় পরিণত করা, কণিকায় পরিণত করা, গুঁড়ো গুঁড়ো করা رَذَّذَ (تَرْذِيذ) [رذذ]

[রয্‌ল] বর্জন, প্রত্যাখ্যান, নিক্ষেপ رَذْل

[রয্‌ল] নিকৃষ্ট, হীন, নীচ رَذْل ج أَرْذَال ، رِذَال

[রযালা] বর্জন করা, প্রত্যাখ্যান করা, নিক্ষেপ করা, ছুড়ে ফেলা, নিকৃষ্ট মনে করা رَذَلَ [ن] (رَذْل)

[রযিলা, রযুলা] নিকৃষ্ট হওয়া, হীন হওয়া, নীচ হওয়া, খারাপ হওয়া, দুষ্ট হওয়া رَذِلَ [س]، رَذُلَ [ك] (رَذَالَة ، رُذُولَة)

[রযীল] নিকৃষ্ট, খারাপ, দুষ্ট, হীন, নীচ رَذِيل ج رُذَلَاء ، رِذَال [رذل]

[রযীলাহ] দোষ, অপরাধ, পাপ, অন্যায়, ত্রুটি رَذِيلَة ج رَذَائِل [رذل]

[রয্‌যা] প্রোথিত করা, প্রবেশ করানো, ঢুকানো, রোপণ করা, তারের টুকরা দিয়ে আটকানো, স্ট্যাপল করা رَزَّ [ن] (رَزّ) [رزز]

[রিয্‌] শব্দ, দূরের শব্দ, গুড়গুড় শব্দ رِزّ

[রুয্‌] চাউল, ধান, ভাত, পোলাও, rice رُزّ

[রযায] সীসা, সীসক رَزَاز

[রয্‌যায] চাউলবিক্রেতা, চাউল ব্যব-সায়ী, চাউলওয়ালা رَزَّاز [رزز]

[আর-রয্‌যাক] মহান রিযিকদাতাঃ আল্লাহ الرَّزَّاق [رزق]

[রয্‌যাম] গর্জনকারী সিংহ رَزَّام [رزم]

[রিযাম] কঠোর লোক رِزَام ج رُزَّم [رزم]

[রযান] ভারী, গম্ভীর, গাম্ভীর্যপূর্ণ, رَزَان [رزن]

গুরুত্বপূর্ণ (رَزِين-এর স্ত্রীলিঙ্গ)

[রযানাহ] গাম্ভীর্য, গম্ভীরতা, গুরুত্ব, رَزَانَة [رزن] ভার

[রযাআ] অবিচার করা, رَزَأَ [ف] (رَزْء ، رُزْء) অন্যায় করা, জুলুম করা, ক্ষতি করা, বঞ্চিত করা

[রুয্'] বিপদ, দুর্যোগ, বিপর্যয়, কষ্ট, رُزْء ج أَرْزَاء ক্ষতি

[রুযিআ] বঞ্চিত হওয়া, ক্ষতিগ্রস্ত হওয়া, رُزِئَ بِ আঘাতপ্রাপ্ত হওয়া, যন্ত্রণাক্লিষ্ট হওয়া

[রয্যাহ] গেঁথে রাখার তার رَزَّة ج رَزَّات [رزز] পিন বা হুক, স্ট্যাপল (staple)

[রযাহা] ডুবে যাওয়া, رَزَحَ [ف] (رَزَاح ، رُزُوح) তলিয়ে যাওয়া, পড়ে যাওয়া, নেমে যাওয়া, নিচে পড়া, ভেঙ্গে পড়া, পতন হওয়া, দুর্বল হওয়া, ক্লান্ত হওয়া, নড়তে না পারা

[রয্যাহা] দুর্বল করা, ক্লান্ত رَزَّحَ (تَرْزِيح) [رزح] করা

[রুয্যাহ, রয্হা] দুর্বল, ক্লান্ত (উট) رُزَّح ، رَزْحَى

[রয্যাযা] চকচকে করা, رَزَّزَ (تَرْزِيز) [رزز] মসৃণ করা, পালিশ করা, বার্নিশ করা

[রয্ক, রয্কাহ] রসদ, খাদ্যদ্রব্য رَزْق ، رَزْقَة

[রযাকা] দান করা, জীবিকার رَزَقَ [ن] (رَزْق) ব্যবস্থা করা, রিযিক দেওয়া

[রিয্ক] রিযিক, জীবিকা, রুজি, رِزْق ج أَرْزَاق সম্পত্তি, সম্পদ, খাদ্য, দান

[রুযিকা] লাভ করা, প্রাপ্ত হওয়া, জীবিকা رُزِقَ লাভ করা, রিযিকপ্রাপ্ত হওয়া, সৌভাগ্যবান হওয়া

[রযামা] আঁটি বাঁধা, বাণ্ডিল رَزَمَ [ن] [ض] (رَزْم) বাঁধা, গাঁট বাঁধা

[রিয্মাহ] আঁটি, বাণ্ডিল, প্যাকেট, رِزْمَة ج رِزَم গাঁট

[রযানা] হাতের আন্দাজে ওজন رَزَنَ [ن] (رَزْن) করা, হাতে ওজন করা

[-- বি] অবস্থান করা, থাকা رَزَنَ (رُزُون) بِ

[রযুনা] ভারী হওয়া, গম্ভীর رَزُنَ [ك] (رَزَانَة) হওয়া, গুরুত্বপূর্ণ হওয়া, গাম্ভীর্যপূর্ণ হওয়া

[রিয্নাহ] বিল, জলাভূমি رِزْنَة ج رِزَان [رزن]

[রযীআহ] বিপদ, দুর্যোগ, رَزِيئَة ج رَزَايَا [رزأ] বিপর্যয়, ক্ষতি, কষ্ট

[রযিয়্যাহ] বিপদ, দুর্যোগ, رَزِيَّة ج رَزَايَا [رزأ] বিপর্যয়, ক্ষতি, কষ্ট

[রযীন] গম্ভীর, رَزِين مث رَزِينَة ، رُزَان [رزن] ভারী, গুরুত্বপূর্ণ, গাম্ভীর্যপূর্ণ

[রস্] কুয়া, কূপ, পুরাতন কূপ رَسّ ج رِسَاس

[রস্সা] খনন করা, প্রবেশ করা, رَسَّ [ن] (رَسّ) প্রবেশ করানো, ঢুকানো, সমাহিত করা

[রসা] নোঙ্গর رَسَا [ن] (رَسْو ، رُسُوّ) [رسو] করা, দৃঢ় করা, স্থির হওয়া, দৃঢ় হওয়া, স্থাপিত হওয়া

[রুসাবাহ] তলানি, গাদ, পলি رُسَابَة [رسب]

[রিসালাহ] رِسَالَة ج رَسَائِل ، رِسَالَات [رسل] চিঠি, পত্র, বার্তা, সন্দর্ভ, থিসিস, পুস্তিকা, মিশন, কর্তব্য, উদ্দেশ্য, লক্ষ্য, রিসালত

[রস্সাম] চিত্রশিল্পী, অঙ্কনশিল্পী, رَسَّام [رسم] চিত্রকর, লিপিকর

[রিসামাহ] (খ্রীষ্টান) ধর্মযাজকের رِسَامَة [رسم] অভিষেক

[রসাবা, رَسَبَ [ن]، رَسُبَ [ك] (رَسْب ، رُسُوب) রসুবা] নিচে পড়া, তলানি জমা, নেমে যাওয়া, দেবে যাওয়া, বসে যাওয়া, (পরীক্ষায়) ফেল করা

[রস্সাবা] নিচে ফেলা, رَسَّبَ (تَرْسِيب) [رسب] তলানি জমানো, দাবিয়ে দেওয়া, (পরীক্ষায়) ফেল করানো

[রসাখা] দৃঢ় হওয়া, মজবুত رَسَخَ [ن] (رُسُوخ) হওয়া, সুদক্ষ হওয়া, পারদর্শী হওয়া

[রস্সাখা] মজবুত করা, رَسَّخَ (تَرْسِيخ) [رسخ] শক্ত করা, সুদৃঢ় করা, সুপ্রতিষ্ঠিত করা

[রসাগা] কবজি বা গোড়ালি رَسَغَ [ن] (رَسْغ) বাঁধা

[রস্সাগা] (বৃষ্টির পানি) رَسَّغَ (تَرْسِيغ) [رسغ] গোড়ালি পর্যন্ত হওয়া, (জীবিকা) প্রশস্ত করা, স্বাচ্ছন্দ্যপূর্ণ করা, (কথা) বানিয়ে বলা

[রুস্গ] (হাতের) رُسْغ ، رُسُغ ج أَرْسُغ ، أَرْسَاغ কবজি, মণিবন্ধ, (পায়ের) গিরা, গোড়ালির গিঁট

[রসাফা] رَسَفَ [ن] [ض] (رَسْف ، رَسِيف)

কয়েদীর মত হাঁটা, মন্থরগতিতে হাঁটা

رَسْل [রস্‌ল] ধীর, মন্থর, শান্ত, ঢিলা, আলগা, লম্বা ও ঝুলন্ত (কেশ)

رَسَل ج أَرْسَال [রসাল] (পশুর) পাল, দল, ঝাঁক

رَسِلَ [س] (رَسَل) [রসিলা] (কেশ) লম্বা হওয়া, ঝুলে পড়া

رَسَّلَ (تَرْسِيل) [رسل] [রস্‌সালা] ধীরে ধীরে স্পষ্ট করে পাঠ করা

رِسْل [রিস্‌ল] ধীরতা, মন্থরতা, শান্তভাব

عَلَى رِسْلِكَ [আ'লা রিস্‌লিকা] ধীরে সুস্থে কর! ধীরে! আস্তে!

رَسْلَة [রস্‌লাহ] অলসতা, ঢিলেমি, কোমলতা

رِسْلَة [রিস্‌ল্যাহ] নম্রতা, ঢিলেমি, ধীরতা, দল

رَسْم [রস্‌ম] অঙ্কন, চিত্রায়ন, বর্ণনা, পরিকল্পনা, অভিষেক

رَسْم ج رُسُوم [রস্‌ম] চিত্র, নকশা, ছাপ, নিদর্শন, চিহ্ন, ট্যাক্স, কর, পাওনা, ফি, বেতন, মজুরি, প্রথা, রীতি

رَسْم قَلْبِيّ [রসম ক্বাল্‌বী] হৃদস্পন্দনের রেখাচিত্র, কার্ডিওগ্রাম (cardiogram)

رَسَمَ [ن] (رَسْم) [রসামা] অঙ্কন করা, নকশা করা, চিত্রিত করা, বর্ণনা করা, পরিকল্পনা করা, নির্দেশ দেওয়া, ধর্মযাজককে অভিষিক্ত করা

رَسَّمَ (تَرْسِيم) [رسم] [রস্‌সামা] (কাপড়ে) ডোরা কাটা, লম্বা লম্বা দাগ দেওয়া, রেখা টানা

رَسْمَال ، رِسْمَال ج رَسَامِيل [রস্‌মাল, রিস্‌মাল] মূলধন, পুঁজি, তহবিল

رَسْمَلَ (رَسْمَلَة) [রস্‌মালা] মূলধন করা, পুঁজি করা, মূলধনে পরিণত করা, তহবিল করা

رَسْمِيّ [রস্‌মী] আনুষ্ঠানিক, প্রথাগত, সরকারী, দাপ্তরিক, official

رَسْمِيّ ج رَسْمِيُّون [রস্‌মী] কর্মকর্তা, সরকারী কর্মকর্তা, আমলা

رَسْمِيًّا [রস্‌মিয়্যান] সরকারীভাবে, আনুষ্ঠানিক-ভাবে, রীতি অনুসারে

رَسْمِيَّات [رسم] [রস্‌মিয়্যাত] আনুষ্ঠানিকতা, অনুষ্ঠানাদি, পর্বাদি, আচারানুষ্ঠান

رَسَن ج أَرْسُن ، أَرْسَان ، أَرْسِنَة [রসান] (পশু) বাঁধার দড়ি, নাকের দড়ি

رَسَنَ [ن] [ض] (رَسْن) [রসানা] (পশুকে) দড়ি দিয়ে বাঁধা, ইচ্ছামত চরতে দেওয়া

رَسْو ، رُسُوّ [রস্‌ও, রুসু] নোঙ্গরকরণ, যাত্রা-বিরতি, স্থিরতা, দৃঢ়তা

رَسُوب ج رَسُوبَات [رسب] [রসুব] তলানি, গাদ, পলি

رُسُوب [رسب] [রুসুব] পতন, অধঃপতন, অধো-গতি, (পরীক্ষায়) অকৃতকার্যতা, ফেল

رُسُوخ [رسخ] [রুসুখ] দৃঢ়তা, পরিপক্কতা, দক্ষতা, পারদর্শিতা

رَسُول ج رُسُل [رسل] [রসূল] রসূল, পয়গম্বর, নবী, দূত, বার্তাবাহক, সংবাদবাহক

رَسُول الله [রসূলুল্লাহ] আল্লাহর রসূল

رَسُوم ج رُسُم [رسم] [রসূম] মাটিতে চলার দাগ রেখে যায় এমন উট

رَسِيّ [رسو] [রসী] শক্ত, সুদৃঢ়, মজবুত, অনড়, অটল, তাঁবুর মাঝখানের শক্ত খুঁটি

رَسِيس [رسس] [রসীস] শক্ত, সুদৃঢ়, বুদ্ধিমান, প্রারম্ভ, সূচনা, অবশিষ্টাংশ, চিহ্ন, কোমল

رَسِيغ [رسغ] [রসীগ] স্বাচ্ছন্দ্যপূর্ণ (জীবিকা), প্রচুর, পর্যাপ্ত (খাদ্য)

رَسِيل ج رُسُل ، أَرْسُل ، رُسَلَاء [رسل] [রসীল] প্রেরিত ব্যক্তি, দূত, বার্তাবাহক, প্রতিনিধি, সহকর্মী, সহযাত্রী, দৌড়-প্রতিযোগিতায় প্রেরিত সহগামী অশ্ব, পত্র, মিষ্ট পানি

رَشّ ج رِشَاش [রশ] গুঁড়িগুঁড়ি বৃষ্টি, হালকা বৃষ্টি, স্প্রে, গুলি, গুটলি, বড়ি

رَشَّ [ن] (رَشّ) [رشش] [রশ্‌শা] ছিটানো, স্প্রে করা, ছিটিয়ে দেওয়া

رَشَا [ن] (رَشْو) [رشو] [রশা] উৎকোচ দেওয়া, ঘুষ দেওয়া

رِشَاء ج أَرْشِيَة [رشو] [রিশা'] রশি, বালতির দড়ি

رَشَاد [رشد] [রশাদ] বুদ্ধি, চেতনা, সচেতনতা, সত্যতা, যথার্থতা, ন্যায়পরায়ণতা

رَشَادَة ج رَشَاد [رشد] [রশাদাহ] প্রস্তরখণ্ড, পাথর

[রশাশ] ছিটানো তরলপদার্থ, ছিটা, ফোঁটা, নিক্ষিপ্ত কণিকা, স্প্রে رَشَاش

[রশ্‌শাশ, রশ্‌শাশাহ্‌] ছিটানোর যন্ত্র, স্প্রে, মেশিনগান رَشَّاش ، رَشَّاشَة ج رَشَّاشَات [رشش]

[রশ্‌শাফ] বেশী চুষে নেয় এমন, চোষপ্রবণ, চোষক, শোষক رَشَّاف [رشف]

[রশাক্বাহ্‌] সুগঠন, সুন্দর গড়ন, কমনীয়তা, ক্ষিপ্রতা, দ্রুততা رَشَاقَة [رشق]

[রশ্‌শাহ্‌] গুঁড়িগুঁড়ি বৃষ্টি, হালকা বৃষ্টি رَشَّة ج رَشَّات [رشش]

[রশাহ্‌] ঘামানো, ঘর্মাক্ত হওয়া, ঘেমে পড়া, চুইয়ে পড়া رَشَحَ [ف] (رَشْح)

[রশিহ্‌] ঘামানো, ঘর্মাক্ত হওয়া, ঘামে ভিজে যাওয়া رَشِحَ [س] (رَشَح ، رَشَحَان)

[রশ্‌শাহ্‌] প্রার্থী করা, প্রার্থী মনোনীত করা, লালনপালন করা, ছাঁকা رَشَّحَ (تَرْشِيح) [رشح]

[রশাদ] সততা, ন্যায়পরায়ণতা, হেদায়েত رَشَد

[রশাদা] সৎপথে থাকা, হেদায়েত লাভ করা, ধর্মনিষ্ঠ হওয়া رَشَدَ [ن] (رُشْد ، رَشَاد)

[রশাদা] বয়োপ্রাপ্ত হওয়া, সাবালক হওয়া, বালেগ হওয়া رَشَدَ (رُشْد)

[রশ্‌শাদা] সুপথ প্রদর্শন করা, সৎপথে চালানো, সঠিক পথে পরিচালিত করা, বুদ্ধিমান করা رَشَّدَ (تَرْشِيد) [رشد]

[রুশ্‌দ] সুপথ, সৎপথ, হেদায়েত, সততা, বয়োপ্রাপ্তি, সাবালকত্ব, বুদ্ধি رُشْد

[রশ্‌রাশ] কোমল, নরম, তাজা, টাটকা, সজীব رَشْرَاش

[রশাফা] চুমুক দেওয়া, চুষে নেওয়া, পান করা, সবটুকু পান করা رَشَفَ [ن] [ض] (رَشْف)

[রশিফা] চুমুক দেওয়া, চুষে নেওয়া, পান করা, সবটুকু পান করা رَشِفَ [س] (رَشْف)

[রশ্‌ফাহ্‌] চুমুক, চুমুক দিয়ে পান, চোষণ رَشْفَة ج رَشَفَات

[রশাক্বা] নিক্ষেপ করা, ছুঁড়ে মারা, আঘাত করা, গুলি ছোঁড়া رَشَقَ [ن] (رَشْق) بِ

[রশুক্বা] সুন্দর গড়নবিশিষ্ট হওয়া, সুগঠিত হওয়া رَشُقَ [ك] (رَشَاقَة)

[রশামা] লেখা, ছাপ দেওয়া, সীল দেওয়া, চিহ্ন দেওয়া رَشَمَ [ن] (رَشْم)

[রশ্‌শামা] লেখা, লিপিবদ্ধ করা رَشَّمَ (تَرْشِيم) [رشم]

[রিশ্‌ওয়াহ্‌] ঘুষ, উৎকোচ, উপরি رِشْوَة ج رِشًى [رشو]

[রুশ্‌ওয়াহ্‌] ঘুষ, উৎকোচ, উপরি رُشْوَة ج رُشًى [رشو]

[রশীহ্‌] ঘাম, ঘর্ম, তৃণ رَشِيح [رشح]

[রশীদ] সঠিক, সৎ, সত্য, যথার্থ, ভাল, উত্তম, ন্যায়পরায়ণ رَشِيد [رشد]

[রশীদ] সৎপথপ্রাপ্ত, পূর্ণ-বয়স্ক, প্রাপ্তবয়স্ক, সাবালক, বড়, বুদ্ধিমান, বিচক্ষণ رَشِيد ج رُشَدَاء [رشد]

[রুশাইশ, রুশাইশাহ্‌] সাবমেশিনগান, টমিগান رُشَيْش ، رُشَيْشَة ج رُشَيْشَات [رشش]

[রশীক্ব] সুগঠিত, কমনীয়, সুন্দর গড়নবিশিষ্ট, চঞ্চল, চপল, ক্ষিপ্র رَشِيق [رشق]

[রছ্‌ছা] গাদাগাদি করে রাখা, গাদানো, একত্রে রাখা, কাছাকাছি স্থাপন করা, পাশাপাশি সাজিয়ে রাখা رَصَّ [ن] (رَصّ) [رصص]

[রছাছ] সীসক, সীসা, গুলি, বুলেট رَصَاص

[ক্বালাম রছাছ] পেন্সিল, সীসক-পেন্সিল قَلَم رَصَاص

[রছ্‌ছাছ] যে সীসার কাজ করে, ঝালাইকর رَصَّاص [رصص]

[রছাছাহ্‌] গুলি, বুলেট رَصَاصَة ج رَصَاصَات [رصص]

[রিছাছাহ্‌] ঝালাইয়ের কাজ, সীসার কাজ رِصَاصَة [رصص]

[রিছাফ] একটির সাথে আরেকটি বাঁধানো পাথর, পাঁজরের হাড় رِصَاف ج رَصَف ، رُصُف

[রছাফাহ্‌] দৃঢ়তা, স্থিরতা, ঘনত্ব, বিন্যাস رَصَافَة [رصف]

[রছানাহ্‌] স্থিরতা, স্থৈর্য, গাম্ভীর্য, শান্তভাব رَصَانَة [رصن]

[রছ্‌দ] পর্যবেক্ষণ, প্রহরা, অপেক্ষা, প্রতীক্ষা, رَصْد

নির্দিষ্টকরণ, বরাদ্দকরণ

رَصَد ج أَرْصَاد [রছদ] প্রহরী, গুপ্তচর, পর্যবেক্ষণ, প্রহরা, পর্যবেক্ষণকেন্দ্র, ঘাঁটি, ওঁত-পাতা, প্রস্তুত

أَرْصَاد جَوِّيَّة [আর্‌ছাদ জাওবিয়্যাহ] আবহাওয়ার বিভিন্ন অবস্থা পর্যবেক্ষণ সংক্রান্ত বিজ্ঞান, আবহবিদ্যা, meteorology

رَصَدَ [ن] (رَصْد ، رَصَد) [রছদা] পাহারা দেওয়া, নজর রাখা, পর্যবেক্ষণ করা, অপেক্ষা করা, প্রতীক্ষা করা, নির্দিষ্ট করে রাখা, বরাদ্দ করা

رَصَّدَ (تَرْصِيد) [رصد] [রছছদা] (হিসাব) চূড়ান্ত করা, মিলানো, মিটানো, পর্যবেক্ষণ করা, নির্দিষ্ট করা

رَصْدَة ج رِصَاد [رصد] [রছদাহ] বৃষ্টির পসলা

رَصَّصَ (تَرْصِيص) [رصص] [রছছছা] সীসার প্রলেপ দেওয়া, সীসা দিয়ে বাঁধানো, গাদানো, গাদাগাদি করে রাখা

رَصَعَ [ف] (رَصْع) [রছ'আ] আঘাত করা, প্রহার করা, জখম করা, ঢুকিয়ে দেওয়া

رَصَّعَ (تَرْصِيع) [رصع] بِ [রছছ'আ বি] খচিত করা, অলঙ্কৃত করা, সুশোভিত করা

رَصَف [রছফ] একটির সাথে আরেকটি বাঁধানো পাথর, বাঁধ

رَصَفَ [ن] (رَصْف) [রছফা] (রাস্তা) পাকা করা, পোস্তা করা, গাঁথনি করা, শক্ত করা, সারিবদ্ধ করা, সুবিন্যস্ত করা

رَصُفَ [ك] (رَصَافَة) [রছুফা] শক্ত হওয়া, সুদৃঢ় হওয়া, মজবুত হওয়া, দৃঢ়ভাবে সংযুক্ত হওয়া, সুবিন্যস্ত হওয়া

رَصَّفَ (تَرْصِيف) [رصف] [রছছফা] (রাস্তা) পাকা করা, পোস্তা করা, ঢালাই করা

رَصُنَ [ك] (رَصَانَة) [রছুনা] শক্ত হওয়া, সুদৃঢ় হওয়া, শান্ত হওয়া, প্রশান্ত হওয়া, ধীরস্থির হওয়া, গম্ভীর হওয়া

رَصِيد ج أَرْصِدَة [رصد] [রছীদ] (হিসাবের) ব্যালেন্স, স্টক, ভাণ্ডার, তহবিল, মূলধন, পুঁজি

رَصِيص [رصص] [রছীছ] গাদাগাদি করে রক্ষিত, দৃঢ়ভাবে স্থাপিত, আঁটসাঁট, টাইট, সারিবদ্ধভাবে বিন্যস্ত

رَصِيعَة ج رَصَائِع [رصع] [রছী'আহ] বড় পদক বা মেডেল, মেডেলসদৃশ সজ্জাফলক, জরোয়া গহনা

رَصِيف [رصف] [রছীফ] শক্ত, সুদৃঢ়, সুবিন্যস্ত, পাকা

رَصِيف ج أَرْصِفَة [رصف] [রছীফ] পাকা রাস্তা, ফুটপাত, জেটি, প্লাটফর্ম, বাঁধ

رَصِيف ج رُصَفَاء [رصف] [রছীফ] বন্ধু, সহকর্মী, সহযোগী, সমকক্ষ ব্যক্তি

رَصِين [رصن] [রছীন] শক্ত, দৃঢ়, শান্ত, ধীরস্থির, প্রশান্ত, গম্ভীর

رَضَّ [ن] (رَضّ) [رضض] [রদ্দা] ছেঁচে দেওয়া, ছ্যাঁচা লাগানো, থেঁতলে দেওয়া

رِضًا ، رِضَاء ، رِضَى [رضو] [রিদা, রিদা'] তুষ্টি, সন্তুষ্টি, সন্তোষ, আনন্দ, সম্মতি

رِضَائِيّ [রিদা'ঈ] সম্মতিমূলক, সন্তুষ্টিবাচক

رُضَاب [রুদাব] লালা, থুথু, চিনির দানা, শিলাবৃষ্টি

رُضَاخَة [রুদাখাহ] সামান্য দান

رُضَاض [রুদাদ] চূর্ণ বস্তুর টুকরা

رَضَاع ، رِضَاع [রদা', রিদা'] স্তন্যপান, স্তন্যপান-কাল

رَضَاعَة ، رِضَاعَة [রদা'আহ, রিদা'আহ] স্তন্যপান, স্তন্যপানকাল

رَضَّاعَة ج رَضَّاعَات [رضع] [রদ্দা'আহ] শিশুকে দুধ খাওয়ানোর বোতল, মাইপোষ, ফীডার

رَضَبَ [ن] (رَضْب) [রদবা] (বৃষ্টি) জোরে পড়া, (আকাশ) বৃষ্টি বর্ষণ করা, (লালা) চুষে নেওয়া

رَضَّة [رضض] [রদ্দাহ] ছ্যাঁচা, ছ্যাঁচার দাগ, চোট, আঘাত

رَضَحَ [ف] (رَضْح) [রদহা] ভাঙ্গা, চূর্ণ করা

رَضَخَ [ف] (رَضْخ) [রদখা] ভাঙ্গা, চূর্ণ করা, নতি স্বীকার করা, আত্মসমর্পণ করা

رَضَخَ لِ [-- লি] আত্মসমর্পণ করা, নতি স্বীকার করা

رَضْرَاض [রদরাদ] পাথরের কণা, মোটা মানুষ

رَضْرَاضَة [রদরাদাহ] ভূমিতে ছড়ানো পাথরের কণা, মোটা স্ত্রীলোক

رَضْرَضَ (رَضْرَضَةً) [রদ্‌রদা] মিহি না করে চূর্ণ করা

رَضَعَ [ض][ف] (رَضْع ، رَضَع ، رَضَاعَةً) [রদ'আ] স্তন্যপান করা, মাতৃদুগ্ধ পান করা

رَضِعَ [س] (رَضْع ، رَضَع ، رَضَاعَةً) [রদি'আ] স্তন্যপান করা, মাতৃদুগ্ধ পান করা

رَضَّعَ (تَرْضِيع) [رضع] [রদ্দ'আ] স্তন্যদান করা, স্তন্যপান করানো, মাতৃদুগ্ধ পান করানো

رَضَفَ [ض] (رَضْف) [রদফা] (গোশত) ভুনা করা, সেক দেওয়া, দাগ দেওয়া, গরম করা

رَضْفَة ، رَضَفَة [রদ্‌ফাহ, রদফাহ] হাঁটুর চক্রাকার হাড়, মালাইচাকি

رِضْوَان [رضو] [রিদ্‌ওয়ান] সন্তুষ্টি, সন্তোষ, তুষ্টি, আনন্দ, সম্মতি

رُضُوخ [رضخ] [রুদূখ] নতি, আনুগত্য, বশ্যতা, আত্মসমর্পণ

رَضُوعَة [رضع] [রদূ'আহ] বাচ্চাকে বুকের দুধ খাওয়ায় এমন মা, স্তন্য দানকারিণী

رَضِي ، رَضٍ ج رَضُون [رضو] [রদী, রদিন] তৃপ্ত, সন্তুষ্ট, সম্মত, রাজি

رَضِيّ [رضو] [রদী] পছন্দনীয়, প্রিয়, সুখকর, আনন্দদায়ক, তৃপ্তিদায়ক

رَضِيّ ج أَرْضِيَاء [رضو] [রদী] তুষ্ট, পরিতুষ্ট, তৃপ্ত, পরিতৃপ্ত, সন্তুষ্ট, খুশী, আনন্দিত, সম্মত, অনুগত, বাধ্যগত

رَضِيَ [س] (رِضًى) [رضو] [রদিয়া] তুষ্ট হওয়া, সন্তুষ্ট হওয়া, সম্মত হওয়া, রাজি হওয়া, পছন্দ করা

رَضَّى (تَرْضِيَة) [رضو] [রদ্দা] সন্তুষ্ট করা, রাজি করা, সম্মত করা, তৃপ্ত করা, তুষ্ট করা

رِضًى ، رِضَا [رضو] [রিদা] সন্তুষ্টি, সন্তোষ, তুষ্টি, আনন্দ, সম্মতি

رَضِيض [رضض] [রদীদ] থেঁতলানো, ছ্যাঁচা-খাওয়া, ছ্যাঁচা-লাগা, চোটপ্রাপ্ত, আঘাতপ্রাপ্ত

رَضِيع ج رُضَعَاء [رضع] [রদী'] শিশু, দুগ্ধপায়ী শিশু, দুধভাই

رَطَّاب [رطب] [রত্তাব] তাজা খেজুর বিক্রেতা, খেজুর ব্যবসায়ী

رَطَابَة [رطب] [রতাবাহ] সজীবতা, সিক্ততা, আর্দ্রতা

رَطَانَة [رطن] [রতানাহ] দুর্বোধ্য ভাষা, বিদেশী ভাষা

رَطْب ، رَطِب [রত্‌ব, রতিব] সিক্ত, আর্দ্র, ভিজা, সরস, সতেজ, তাজা

رَطَبَ [ن] (رَطَابَة) [রতবা] (খেজুর) পাকা ও তাজা হওয়া

رَطِبَ [س] (رَطَابَة ، رُطُوبَة) [রতিবা] সিক্ত হওয়া, আর্দ্র হওয়া, সজীব হওয়া, তাজা হওয়া

رَطُبَ [ك] (رَطَابَة ، رُطُوبَة) [রতুবা] সজীব হওয়া, তাজা হওয়া, সিক্ত হওয়া, আর্দ্র হওয়া

رَطَّبَ (تَرْطِيب) [رطب] [রত্তবা] সিক্ত করা, ভিজানো, সতেজ করা, সজীব করা

رُطَب ج رِطَاب ، أَرْطَاب [রুতব] তাজা খেজুর, পাকা খেজুর

رَطْل ، رِطْل ج أَرْطَال [রত্‌ল, রিত্‌ল] রোতলঃ মাপের এককবিশেষ, হালকা-পাতলা ঘোড়া, বোকা, নরম মানুষ, দুর্বল ছেলে

رَطَلَ [ن] (رَطْل) [রতলা] ওজন নির্ণয়ের জন্য উত্তোলন করা, রোতল দ্বারা ওজন করা, দৌড়ানো, (চুল) তেল দিয়ে নরম করা, ঝুলিয়ে দেওয়া

رَطَّلَ (تَرْطِيل) [রত্তলা] রোতল দ্বারা ওজন করা, (চুল) তেল দিয়ে নরম করা, ঝুলিয়ে দেওয়া, কান ঝুলে পড়া

رَطَمَ [ن] (رَطْم) [রতমা] পঙ্কে ফেলা, জটিলতায় ফেলা, জড়িয়ে দেওয়া, ধাক্কা লাগা

رُطْمَة [রুত্‌মাহ] জটিলতা, জটিল অবস্থা, সঙ্কট

رَطَنَ [ن] (رَطَانَة) [রতনা] দুর্বোধ্য ভাষায় কথা বলা, বিদেশী ভাষায় কথা বলা

رُطُوبَة [رطب] [রুতূবাহ] সজীবতা, সিক্ততা, আর্দ্রতা

رَطِيب ج رِطَاب [رطب] [রতীব] সিক্ত, আর্দ্র, ভিজা, সরস, সজীব, সতেজ, তাজা

رُطَيْنَى [رطن] [রুতইনা] দুর্বোধ্য ভাষা, বিদেশী ভাষা

رَعَّاد [رعد] [র''আদ] বেশী কথা বলে এমন,

অধিক গর্জনকারী মেঘ, বৈদ্যুতিক শক দিতে সক্ষম একপ্রকার সামুদ্রিক প্রাণী, টর্পেডো (torpedo)

[র‘‘আশ] একপ্রকার সামুদ্রিক رَعَّاش [رعش] প্রাণী, বৈদ্যুতিক বান মাছ, electric eel

[রু‘আশ] কম্পন, কম্প, কাঁপুনি, رُعَاش [رعش] শিহরণ

[র‘আ‘] উচ্ছৃংখল জনতা, ইতর رَعَاع [رعع] জনগোষ্ঠী, নিম্নশ্রেণীর মানুষ, সাধারণ মানুষ

[রু‘আফ] নাক দিয়ে পড়া রক্ত, নাকের رُعَاف রক্তক্ষরণ

[রু‘আম] ঘোড়ার রোগবিশেষ, glanders رُعَام

[র‘আবী] মেষপালক-সম্বন্ধীয়, رَعَاوِيّ [رعي] রাখাল-সংক্রান্ত, রাখালিয়া

[রি‘আয়াহ] লক্ষ্য, যত্ন, তত্ত্বাবধান, رِعَايَة [رعي] রক্ষণাবেক্ষণ, মনোযোগ, বিবেচনা, হেফাজত, রক্ষা, পৃষ্ঠপোষকতা, নিয়ন্ত্রণ

[র‘ব] ভয়, ডর, ভীতি, আতঙ্ক, হুমকি, رَعْب যাদুমন্ত্র

[র‘আবা] ভয় করা, رَعَبَ [ف] (رَعْب ، رُعْب) ভীত হওয়া, সন্ত্রস্ত হওয়া, ভয় দেখানো, ভীত করা

[র‘‘আবা] ভীত করা, رَعَّبَ (تَرْعِيب) [رعب] ভয় দেখানো, আতঙ্কিত করা, সন্ত্রস্ত করা

[রু‘ব, রু‘উব] ভয়, ভীতি, ডর, رُعْب ، رُعُب আতঙ্ক, শঙ্কা

[র‘বাল] নির্বোধ স্ত্রীলোক, ছেঁড়া رَعْبَل ج رَعَابِل কাপড় পরিধানকারিণী, বড় আকারের উট

[র‘বালা] নির্বোধ স্ত্রীলোককে বিয়ে رَعْبَلَ (رَعْبَلَة) করা, টুকরা টুকরা করা

[র‘বালাহ] অস্থির বাতাস, চঞ্চল رَعْبَلَة ج رَعَابِل বায়ু, দমকা হাওয়া

[র‘দ] বজ্র, গর্জন, হুঙ্কার, ভীতি- رَعْد ج رُعُود প্রদর্শন

[আর-র‘দ] সূরা আর-রা‘দঃ পবিত্র কোর- الرَّعْد আনের ১৩শ সূরা

[র‘আদা] বজ্রধ্বনি করা, গর্জন رَعَدَ [ف] (رَعْد) করা, হুঙ্কার দেওয়া, হুমকি দেওয়া

[র‘দাহ, রি‘দাহ] ভয়, আতঙ্ক, رَعْدَة ، رِعْدَة ভীতি, কম্পন, শিহরণ

[র‘দী] বজ্র-সম্বন্ধীয়, বজ্রপাতসহ, বজ্র- رَعْدِيّ

[‘আছিফাহ র‘দিয়্যাহ] বজ্রঝড় عَاصِفَة رَعْدِيَّة

[রি‘দীদ] ভীরু, ভীতু, رِعْدِيد ، رِعْدِيدَة ج رَعَادِيد কাপুরুষ, দুর্বলচিত্ত, নরম

[র‘শ, র‘আশ] কম্পন, কাঁপুনি, رَعْش ، رَعَش কম্প, শিহরণ

[র‘আশা] কাঁপা, কম্পিত رَعَشَ [ف] (رَعْش) হওয়া, কেঁপে ওঠা

[র‘ইশ] কম্পিত, কম্পমান, ভীরু, কাপুরুষ, رَعِش দ্রুত, তৎপর

[র‘ইশা] কাঁপা, কেঁপে ওঠা, رَعِشَ [س] (رَعَش) কম্পিত হওয়া

[র‘‘আশা] কাঁপানো, رَعَّشَ (تَرْعِيش) [رعش] কম্পিত করা, শিহরিত করা, অপারগ করা

[র‘ইশ] কম্পিত, কম্পমান, ভয়ে কম্পমান, رَعِش ভীতু, ভীরু

[র‘শা‘] দ্রুত গতিসম্পন্ন উষ্ট্রী বা উটপাখি رَعْشَاء

[র‘শাহ, রি‘শাহ] কম্পন, কম্প, رَعْشَة ، رِعْشَة কাঁপুনি, শিহরণ, চরম পুলক

[রি‘শীশ] ভীরু, কাপুরুষ, رِعْشِيش ج رَعَاشِيش দ্রুত, তৎপর

[র‘আফা] নাক رَعَفَ [ن] [ف] (رَعْف ، رُعَاف) দিয়ে রক্ত পড়া

[র‘ইফা] নাক দিয়ে রক্ত رَعِفَ [س] (رَعَف) পড়া

[রু‘লাহ] (ফুলের) মালা, আঙ্গুরের লতা, رُعْلَة দ্রাক্ষালতা

[র‘ন] সর্দিগর্মি, sunstroke رَعْن

[র‘ন] পর্বতের চূড়া, গিরিশিখর, رَعْن ج رِعَان পর্বতশৃঙ্গ, লম্বা পাহাড়

[র‘আনা] সর্দিগর্মিতে আক্রান্ত رَعَنَ [ن] (رَعْن) হওয়া, নির্বোধ হওয়া, বোকা হওয়া

[র‘ইনা] চঞ্চলমতি হওয়া, লঘু- رَعِنَ [س] (رَعَن) চিত্ত হওয়া, অস্থিরমতি হওয়া, চিন্তাশূন্য হওয়া, অমনোযোগী হওয়া, নির্বোধ হওয়া

[র'উনা] চঞ্চলমতি হওয়া, رَعُنَ [ك] (رُعُونَة) অস্থিরমতি হওয়া, লঘুচিত্ত হওয়া, চিন্তাশূন্য হওয়া, অমনোযোগী হওয়া, নির্বোধ হওয়া

[র'না'] চঞ্চলমতি, অস্থিরমতি, লঘু- رَعْنَاء [رعن] চিত্ত, খামখেয়ালী, চিন্তাশূন্য, অমনোযোগী, নির্বোধ (أَرْعَن-এর স্ত্রীলিঙ্গ), একজাতের লম্বা লম্বা সাদা আঙ্গুর

[রু'উনাহ্] অস্থিরচিত্ততা, চঞ্চলতা, رُعُونَة [رعن] লঘুচিত্ততা, চিন্তাশূন্যতা, অমনোযোগিতা

[র'আবী] রাখালিয়া, মেষপালক- رَعَوِيّ [رعي] সম্বন্ধীয়, রাখাল-সংক্রান্ত

[র'আবিয়্যাহ্] আনুগত্য, বশ্যতা, رَعَوِيَّة [رعي] নাগরিকত্ব, জাতীয়তা

[র'ই] চরানো, যত্ন, তত্ত্বাবধান, দেখাশুনা, رَعْي লালনপালন, রক্ষণাবেক্ষণ, হেফাজত, রক্ষা, পৃষ্ঠপোষকতা, নিয়ন্ত্রণ

[র'ইয়ান লাকা] আল্লাহ্ তোমায় রক্ষা رَعْيًا لَكَ করুন! আল্লাহ তোমার সঙ্গে থাকুন!

[র'আ] চরা, رَعَى [ف] (رَعْي ، رِعَايَة) [رعي] চরানো, যত্ন নেওয়া, দেখাশুনা করা, তত্ত্বাবধান করা, লালন পালন করা, উন্নত করা, রক্ষা করা, হেফাজত করা, পৃষ্ঠপোষকতা করা, নিয়ন্ত্রণ করা

[রি'ই] ঘাস, তৃণ, চারণ- رِعْي ج أَرْعَاء [رعي] ভূমি, তৃণক্ষেত্র

[র'ঈব] ভীত, শঙ্কিত, আতঙ্কিত, رَعِيب [رعب] আতঙ্কগ্রস্ত, সন্ত্রস্ত

[র'ইয়্যাহ্] প্রজা, নাগরিক, رَعِيَّة ج رَعَايَا [رعي] পালিত পশু, পশুপাল

[র'ঈশ] কম্পিত, কম্পমান, ভয়ে رَعِيش [رعش] কম্পমান, ভীতু, ভীরু

[র'ঈল] পাল, رَعِيل ج رِعَال ، أَرْعَال [رعل] দল, অগ্রগামী দল বা পাল, প্রজন্ম

[রগা] ফেনা ওঠা, ফেনা رَغَا [ن] (رَغْو) [رغو] তোলা, ফেনাযুক্ত হওয়া, ফেনিল হওয়া

[রগা] (উট) গরগর শব্দ করা, رَغَا (رُغَاء) [رغو] (বজ্র) গর্জন করা

[রুগা'] (উটের) গরগর শব্দ, (বজ্রের) رُغَاء গর্জন, নিনাদ

[রুগাদাহ্] সুখ, আরাম, স্বাচ্ছন্দ্য, رُغَادَة [رغد] সচ্ছলতা, প্রাচুর্য

[রগাম] মাটি, ধূলি, ধুলো, বালি, বালু رَغَام

[রুগাম] কফ, শ্লেষ্মা, শিকনি رُغَام

[রুগামাবী] শ্বাসনালী-সম্বন্ধীয়, শ্বাস- رُغَامَوِيّ নালীয়

[রুগামা] শ্বাসনালী, নাক رُغَامَى

[রুগামী] শ্লেষ্মা-সংক্রান্ত, শ্বাসনালী- رُغَامِيّ সম্বন্ধীয়

[রিগাওয়াহ্, রুগাওয়াহ্] رِغَاوَة ، رُغَاوَة [رغو] ফেনা, গাঁজলা, বর্জিতাংশ

[রিগায়াহ্, রুগায়াহ্] ফেনা, رِغَايَة ، رُغَايَة [رغو] গাঁজলা, বর্জিতাংশ

[রগাব] আগ্রহ, কামনা, প্রত্যাশা, কাম্যবস্তু رَغَب

[রগিবা ফী] পেতে رَغِبَ [س] (رَغْبَة) إِلَى ، فِي চাওয়া, কামনা করা, প্রত্যাশা করা, আগ্রহী হওয়া, পছন্দ করা, মনোযোগী হওয়া

[-- 'আন] বিরত থাকা, ফিরে আসা, رَغِبَ عَنْ অপছন্দ করা, বর্জন করা

[রগ্গাবা ফী] আগ্রহ رَغَّبَ (تَرْغِيب) [رغب] فِي জাগানো, উৎসাহ দেওয়া, আগ্রহী করা, উৎসাহী করা

[রগ্বাহ্] আগ্রহ, ইচ্ছা, رَغْبَة ج رَغَبَات ، رِغَاب আকাঙ্ক্ষা, কামনা, পাওয়ার উৎসাহ, পছন্দ

[রগ্দ] স্বচ্ছল, স্বচ্ছন্দ, প্রাচুর্যপূর্ণ, সুখী رَغْد

[রগাদ] স্বচ্ছলতা, স্বাচ্ছন্দ্য, প্রাচুর্য, সুখ رَغَد

[রগিদা] স্বচ্ছন্দ হওয়া, স্বচ্ছল رَغِدَ [س] (رَغَد) হওয়া, প্রাচুর্যপূর্ণ হওয়া, সুখী হওয়া

[রগুদা] স্বচ্ছন্দ হওয়া, স্বচ্ছল رَغُدَ [ك] (رَغَادَة) হওয়া, প্রাচুর্যপূর্ণ হওয়া, সুখী হওয়া

[রগ্ম] অনিচ্ছা, অপছন্দ, বাধ্যতা, জোর, رَغْم লাঞ্ছনা

[রগ্মা, বির- رَغْمَ ، بِالرَّغْمِ مِنْ ، عَلَى الرَّغْمِ مِنْ রগ্মি মিন, 'আলার রগ্মি মিন] সত্ত্বেও, অনিচ্ছা সত্ত্বেও

[রগ্মা আন্ফিহী] তার অনিচ্ছা সত্ত্বেও, رَغْمَ أَنْفِهِ তার ইচ্ছার বিরুদ্ধে

[রগ্মা যালিকা] তা সত্ত্বেও, তথাপি, رَغْمَ ذٰلِكَ

তবুও

رَغَمَ [ن] [ف] (رَغْم) [রগামা] অপছন্দ করা, বাধ্য করা, বলপ্রয়োগ করা, লাঞ্ছিত করা, ধূলায়িত করা

رَغِمَ [س] (رَغَم) [রগিমা] বাধ্য হওয়া, ধূলায়িত হওয়া, লাঞ্ছিত হওয়া

رَغَّمَ (تَرْغِيم) [رغم] [রগ্গামা] লাঞ্ছিত করা

رَغَّمَ أَنْفَهُ [রগ্গামা আন্ফাহু] লাঞ্ছিত করা, হেয় করা, অপদস্থ করা, বশীভূত করা

رِغْم ، رُغْم [রিগ্‌ম, রুগ্‌ম] অনিচ্ছা, অপছন্দ, বাধ্যতা, জোর, লাঞ্ছনা, মাটি, ধূলি

رَغُوب [রগূব] আগ্রহী, ইচ্ছুক, কামী, আকাংক্ষী, প্রত্যাশী

رَغْوَة ، رُغْوَة ج رُغًى [রগ্ওয়াহ, রুগ্ওয়াহ] ফেনা, গাঁজলা, বর্জিতাংশ

رَغْوِيّ [رغو] [রগাবী] ফেনাযুক্ত, ফেনিল

رَغَّى (تَرْغِيَة) [رغو] [রগ্গা] ফেনিল হওয়া, ফেনা তোলা

رَغِيب ج رِغَاب ، رُغُب [رغب] [রগীব] প্রশস্ত, স্থূল, প্রশস্ত পেটবিশিষ্ট, স্থূলোদর, ভারী

رَغِيبَة ج رَغَائِب [رغب] [রগীবাহ] কাম্যবস্তু, কামনা, প্রত্যাশা

رَغِيد [رغد] [রগীদ] স্বচ্ছল, স্বচ্ছন্দ, প্রাচুর্যপূর্ণ, সুখী

رَغِيف ج أَرْغِفَة [রগীফ] রুটি, রুটির টুকরা

رَفّ ج رُفُوف [রফ] তাক, শেল্‌ফ, (পশুর) পাল, (পাখির) ঝাঁক

رَفَّ [ن] [ض] (رَفّ) [রফ্‌ফা] পাখা ঝাপটানো, পতপত করে ওড়া, ঝলকে ওঠা, বেশী খাওয়া, (দুধ) প্রতিদিন পান করা, চোষা,

رَفَّ [ض] (رَفِيف) [রফ্‌ফা] চকচক করা, ঝলকানো, হঠাৎ উদয় হওয়া, হঠাৎ কেঁপে ওঠা, ফরকে ওঠা

رَفَا [ن] (رَفْو) [রফা] রিফু করা, মেরামত করা, সেলাই করা, তালি দেওয়া

رَفَّاء [رفو] [রফ্‌ফা'] (কাপড়) রিফুকারী, রিফুকর

رِفَاء [رفأ ، رفو] [রিফা'] মিল, মহব্বত, ঐক্য, মতৈক্য, সম্মতি

بِالرِّفَاءِ وَالْبَنِينَ ! [বির-রিফা'ই ওয়াল-বানীন] "মিল-মহব্বতে থেকো এবং সন্তান-সন্ততি লাভ করো!" (নবদম্পতির জন্য দোয়া)

رُفَات [রুফাত] দেহাবশেষ, টুকরা, খণ্ড, ভগ্ন অস্থি, জীর্ণ হাড়, ধ্বংসাবশেষ

رِفَادَة [রিফাদাহ] জিনের গদি, ক্ষতস্থানে বাঁধার নেকড়া, পট্টি, ব্যান্ডিজ, ড্রেসিং

رَقَّاص [رقص] [রক্কাছ] (পাক-খাওয়া) স্প্রিং, স্ক্রু-ড্রাইভার

رَفَاع ، رِفَاع [রফা', রিফা'] উত্তোলন, ফসল উত্তোলন, শস্য ভাণ্ডারজাতকরণ

رَفَاعَة [رفع] [রফা'আহ] উচ্চতা, স্বরের উচ্চতা, স্বরের তীক্ষ্ণতা

رِفَاعَة ، رُفَاعَة [رفع] [রিফা'আহ, রুফা'আহ] স্বরের উচ্চতা, স্বরের তীক্ষ্ণতা

رِفَاق ج رُفُق ، أَرْفِقَة [رفق] [রিফাক] উষ্ট্রীর পা বেঁধে রাখার দড়ি

رُفَاقَة [رفق] [রুফাক্বাহ] সঙ্গ, সাহচর্য, সান্নিধ্য, সঙ্গীদল, সহযাত্রীবৃন্দ

رَفَال ج رُفُل [رفل] [রফাল] লম্বা (চুল, কাপড়)

رَفَاهَة ، رَفَاهِيَة [رفه] [রফাহাহ, রফাহিয়াহ] সুখ, স্বাচ্ছন্দ্য, বিলাসিতা, শৌখিনতা, কল্যাণ

رَفَأَ [ن] (رَفْء) [রফাআ] (কাপড়) রিফু করা, তালি দেওয়া, মেরামত করা, (জাহাজ) উপকূলবর্তী করা

رَفَّأَ (تَرْفِيء) [رفأ] [রফ্‌ফাআ] (নবদম্পতিকে) "মিল-মহব্বতে থেকো এবং সন্তান-সন্ততি লাভ করো!" বলে দোয়া করা

رَفَتَ [ن] [ض] (رَفْت) [রফাতা] ভেঙ্গে যাওয়া, চূর্ণ হওয়া, গুঁড়া গুঁড়া হওয়া, (রশি) ছিন্ন হওয়া, ছিঁড়ে যাওয়া, ভাঙ্গা, গুঁড়া করা, চূর্ণ করা, ছিন্ন করা, বিচ্ছিন্ন করা

رُفَت [রুফাত] সবকিছু ভেঙ্গে ফেলে এমন, খড়, ঘাস, জাব

رُفَة [রুফাহ] খড়, ঘাস, জাব

رَفْث ، رَفَث [রফ্‌ছ, রফাছ] অশ্লীলতা, অশ্লীল কথা, অশ্লীল মেলামেশা

رَفَثَ [ن] [ض] (رَفْث) [রফাছা] অশ্লীলতা করা,

অশ্লীল কথা বলা, অশ্লীল আচরণ করা

[রফিছ] অশ্লীল আচরণ করা, (رَفَث) [س] رَفِثَ
অশ্লীল কথা বলা, অশ্লীলতা করা

[রফ্দ, রিফ্দ] অংশ, رَفْد ، رِفْد ج رُفُود ، أَرْفَاد
ভাগ, ভাগ্য, সাহায্য, সমর্থন, ঠেকনা, খুঁটি, দান, উপহার, বড় পাত্র

[রফাদা] ঠেক দেওয়া, সাহায্য (رَفْد) [ض] رَفَدَ
করা, দান করা, পুরস্কার দেওয়া

[রফ্ফাদা] বড় করা, মর্যাদা [رفد] (تَرْفِيد) رَفَّدَ
বৃদ্ধি করা, নেতা বানানো

[রিফ্দাহ] মানুষের দল رِفْدَة ج رِفَد

[রফ্রাফ] মাছরাঙ্গা (পাখি), পাখির ঝাঁক, رَفْرَاف
(গাড়ির চাকার) কর্দমনিরোধক

[রফ্রফ] নরম গদি, বালিশ, رَفْرَف ج رَفَارِف
মসনদ, শামিয়ানা, ঝালর, তাক, (গাড়ির চাকার) কর্দমনিরোধক

[রফ্রফা] (পতাকা) [رفرف] (رَفْرَفَة) رَفْرَفَ
পতপত করে ওড়া, (পাখি) ডানা ঝাপটানো, পাখা ঝাপটানো

[রফাসা] পদাঘাত করা, (رَفْس) [ض] [ن] رَفَسَ
লাথি মারা

[রফ্সাহ] লাথি, পদাঘাত رَفْسَة ج رَفَسَات

[রফ্শ] কোদাল, বেলচা رَفْش ج رُفُوش، أَرْفَاش

[রফাশা] কোদাল মারা, কোদাল (رَفْش) [ن] رَفَشَ
দিয়ে কোপানো, বেলচা দিয়ে কাছানো

[রফ্দ] প্রত্যাখ্যান, অস্বীকৃতি, অস্বীকার, رَفْض
বর্জন

[রফাদা] গ্রহণ না করা, (رَفْض) [ض] [ن] رَفَضَ
প্রত্যাখ্যান করা, অস্বীকার করা, না মানা, বর্জন করা, ছুঁড়ে ফেলা, ছেড়ে দেওয়া, তেঙ্গে ফেলা

[রফাদা] (উপত্যকা) প্রশস্ত (رُفُوض) رَفَضَ
হওয়া, (পশু) চারণক্ষেত্রে অবাধে চরে বেড়ানো

[রফ্'] উত্তোলন, উঁচুকরণ, উন্নতকরণ, উথাপন, বৃদ্ধিকরণ, অপসারণ, (ব্যাকরণে) কর্তৃবাচ্য رَفْع

[রফা'আ] উঠানো, উত্তোলন (رَفْع) [ف] رَفَعَ
করা, উঠিয়ে নেওয়া, উঠিয়ে দেওয়া, সমাপ্ত করা, উঁচু করা, গেঁথে উঠানো, উন্নত করা, (অভিযোগ) উথাপন করা, (মকদ্দমা) দায়ের করা, (ব্যাকরণে) কর্তৃবাচ্য ব্যবহার করা, رَفْع দেওয়া

[রফু'আ] উঁচু হওয়া, উন্নত (رَفَاعَة) [ك] رَفُعَ
হওয়া, উচ্চ মর্যাদাসম্পন্ন হওয়া

[রফ্ফা'আ] উত্তোলন করা, [رفع] (تَرْفِيع) رَفَّعَ
উঠানো, উঁচু করা, ওপরে তোলা, উন্নত করা

[রফ্'আহ] উত্তোলন, ভারোত্তলন رَفْعَة

[রিফ্'আহ] উচ্চতা, উচ্চাসন, উচ্চ মর্যাদা, رِفْعَة
গৌরব, সম্মান, শ্রেষ্ঠত্ব

[রফ্গ] رَفْغ ج رُفُوغ ، أَرْفَاغ ، أَرْفُغ ، رِفَاغ
স্বাচ্ছন্দ্য, আয়েশ, সুখ, প্রাচুর্য, স্বাচ্ছন্দ্যপূর্ণ জীবিকা, ভুট্টার খড়, উপত্যকার নিকৃষ্ট জায়গা, অনুর্বর ভূমি, নিম্নশ্রেণীর মানুষ, শরীরের ময়লা, শরীরে ময়লা জমার জায়গা, বগল, বগলের ময়লা, প্রান্ত

[রফাগা (জীবিকা) স্বাচ্ছন্দ্যপূর্ণ (رَفَاغَة) [ن] رَفُغَ
হওয়া, (জীবনযাত্রা) উন্নত হওয়া, সুখের হওয়া

[রফাক] সহজ, সাবলীল, স্বচ্ছন্দ, অনায়াস, رَفَق
(পশুর) ওলানের রোগ

[রফাক্বা] সাহায্য করা, উপকার (رَفْق) [ن] رَفَقَ
করা, কনুইতে আঘাত করা, দড়ি দিয়ে বাঁধা, দৃঢ়ভাবে করা, সঠিকভাবে করা

[রফাক্বা] رَفَقَ (رِفْق ، مَرْفِق ، مَرْفَق) بِ ، لِ ، عَلَى
কোমল আচরণ করা, বন্ধুত্বপূর্ণ আচরণ করা, সদয় আচরণ করা

[রফিক্বা] رَفِقَ [س] (رِفْق ، مَرْفِق) بِ ، لِ ، عَلَى
কোমল আচরণ করা, বন্ধুত্বপূর্ণ আচরণ করা, সদয় আচরণ করা

[রফুক্বা] বন্ধু হওয়া, সুহৃদ (رَفَاقَة) [ك] رَفُقَ
হওয়া, সাথী হওয়া, সঙ্গী হওয়া

[রফুক্বা] رَفُقَ (رِفْق ، مَرْفِق ، مَرْفَق) بِ ، لِ ، عَلَى
কোমল আচরণ করা, বন্ধুত্বপূর্ণ আচরণ করা, সদয় আচরণ করা

[রিফ্ক] দয়া, সহানুভূতি, বন্ধুত্ব, কোমল رِفْق
আচরণ

[রফ্ক্বাহ] সঙ্গ, সাহচর্য, সান্নিধ্য, ঘনিষ্ঠতা, رَفْقَة
বন্ধুত্ব

[রফ্ক্বাহ] সঙ্গীদল, رَفْقَة ج رِفَق ، رِفَاق ، أَرْفَاق
বন্ধুবর্গ, সহযাত্রীবৃন্দ

[রিফ্ক্বাহ] সঙ্গ, সাহচর্য, সান্নিধ্য, ঘনিষ্ঠতা, رِفْقَة
বন্ধুত্ব

بِرِفْقَةٍ [বি-রিফ্‌ক্বাতি] সঙ্গে, সাহচর্যে, সান্নিধ্যে

رِفْقَةٌ ج رِفَق ، رِفَاق ، أَرْفَاق [রিফ্‌ক্বাহ্] সঙ্গীদল, বন্ধুবর্গ, সহযাত্রীবৃন্দ

رُفْقَةٌ [রুফ্‌ক্বাহ্] সঙ্গ, সাহচর্য, সান্নিধ্য, ঘনিষ্ঠতা, বন্ধুত্ব

رُفْقَةٌ ج رُفَق ، رِفَاق ، أَرْفَاق [রুফ্‌ক্বাহ্] সঙ্গীদল, বন্ধুবর্গ, সহযাত্রীবৃন্দ

رَفَلَ [ن] (رَفْل) [রফালা] গর্বভরে চলা, সদম্ভে চলা, পরিধানের কাপড় মাটিতে ঝুলিয়ে হাঁটা

رَفَّلَ (تَرْفِيل) [رفل] [রফ্‌ফালা] (পানি) জমতে দেওয়া, (শব্দাংশে) যোগ করা, (কাপড়) ঝুলিয়ে পরিধান করা, ঢিল দেওয়া, নেতা বানানো, হেয় করা

رَفِل [রফিল] ঝুলিয়ে কাপড় পরিধানকারী, গর্ব-ভরে হাঁটে এমন, হাত নেড়ে নেড়ে হাঁটে এমন, বোকাটে

رِفْل [রিফ্‌ল] পরিধানের কাপড়ের ঝুলন্ত অংশ, আঁচল, প্রান্তদেশ

رِفَلّ [রিফাল] লম্বা লেজবিশিষ্ট, লম্বা আঁচলবিশিষ্ট, চওড়া, মাংসল, প্রশস্ত, স্বচ্ছন্দ, সুখী

رَفَهَ [ف] (رَفْه) [রফাহা] (জীবন) সুখী হওয়া, স্বাচ্ছন্দ্যপূর্ণ হওয়া, প্রাচুর্যপূর্ণ হওয়া, বিলাস-বহুল হওয়া

رَفُهَ [ك] (رَفَاهَة ، رَفَاهِيَة) [রফুহা] (জীবন) সুখী হওয়া, স্বাচ্ছন্দ্যপূর্ণ হওয়া, প্রাচুর্যপূর্ণ হওয়া, বিলাসবহুল হওয়া

رَفَّهَ (تَرْفِيه) [رفه] [রফ্‌ফাহা] (জীবন) স্বাচ্ছন্দ্য-পূর্ণ করা, বিলাসবহুল করা

رَفَّهَ عَنْ [-- 'আন] আনন্দ দেওয়া, স্বাচ্ছন্দ্য দান করা, সুখ দেওয়া, সুখী জীবন দান করা

رَفْهَان [রফ্‌হান] স্বাচ্ছন্দ্যে জীবনযাপনকারী, সুখী জীবনের অধিকারী

رَفَهَة [রফাহাহ্] দয়া, অনুগ্রহ, স্নেহ

رَفْو [রফ্‌ও] রিফু, সেলাই, মেরামত, তালি

رَفُود ج رُفُد ، رَفَائِد [রফূদ] একবার দোহনেই পাত্রভর্তি দুধ দেয় এমন দুগ্ধবতী পশু

رَفُوس [রফূস] লাথি মারতে অভ্যস্ত (পশু)

رَفِيض [رفض] [রফীদ] বর্জিত, প্রত্যাখ্যাত

رَفِيع [رفع] [রফী'] উঁচু, উচ্চ, উন্নত, উৎকৃষ্ট, উচ্চ মর্যাদাসম্পন্ন

رَفِيعَة ج رَفَائِع [رفع] [রফী'আহ্] বিচারকের নিকট উত্থাপিত মকদ্দমা, আদালতে দায়েরকৃত মামলা

رَفِيف [রফীফ] নয়নতারা, লিপি (ফুল ও তার গাছ), কথা বলার সময়ে বুককাঁপন, ছাদ, উর্বর

رَفِيق [رفق] [রফীক] হালকা, নরম, কোমল

رَفِيق ج رِفَاق ، رُفَقَاء [রফীক] সাথী, সঙ্গী, বন্ধু, সহযোগী, অন্তরঙ্গ সঙ্গী, বিশ্বস্ত বন্ধু

رَفِيقَة ج رَفِيقَات [রফীক্বাহ্] সঙ্গিনী, সহযোগিনী, বান্ধবী, প্রণয়িনী

رَقّ ج رُقُوق [রক্ব] কাগজ, কাগজের তা, পাতা, পত্র, কুমীর, কচ্ছপ

رَقَّ [ض] (رِقَّة) [রক্কা] পাতলা হওয়া, কোমল হওয়া, সূক্ষ্ম হওয়া

رَقَّ لِ [-- লি] সহানুভূতিশীল হওয়া, সদয় হওয়া, দয়ার্দ্র হওয়া

رِقّ [রিক্ব] দাসত্ব, দাস-ব্যবসা, দাসপ্রথা, দাস, ক্রীতদাস, খঞ্জনী (বাদ্যযন্ত্র)

رَقّ ج رُقُوق [রুক্ব] অগভীর পানি, প্রশস্ত নরম ভূমি

رَقَّاء [رقي] [রক্কা'] মন্ত্রপাঠক, ঝাড়ফুঁককারী, ওঝা, পর্বতারোহী

رَقَابَة [رقب] [রক্বাবাহ্] পর্যবেক্ষণ, নিরীক্ষণ, প্রহরা, তত্ত্বাবধান, নিয়ন্ত্রণ, সেন্সরশিপ

رَقَّابَة [رقب] [রক্কাবাহ্] বাড়িঘর ও গৃহসামগ্রী দেখেশুনে রাখে এমন কর্মচারী

رُقَاد [রুক্বাদ] ঘুম, নিদ্রা, নিদ, সুপ্তি, শয়ন

رَقَّاش [রক্কাশ] গায়ে ছোট ছোট দাগওয়ালা সাপ

رَقَّاص [رقص] [রক্কাছ] নর্তক, নাচিয়ে, নাচুনে, নৃত্যশিল্পী, (ঘড়ির) দোলক, পেন্ডুলাম

رَقَّاصَة ج رَقَّاصَات [رقص] [রক্কাছাহ্] নর্তকী, নাচওয়ালী, নাচুনী, মহিলা নৃত্যশিল্পী, বৃষ্টি হলেও গাছপালা জন্মায় না এমন ভূমি

رُقَاق [رقق] [রুক্বাক্ব] পাতলা, পাতলা রুটি, চাপাতি রুটি, ফালি, চিলতা, নরম মাটির বিস্তীর্ণ সমভূমি

رَقْدَة [রক্দাহ] ঘুম, নিদ্রা, নিদ, শয়ন

رُقَدَة [রুক্বাদাহ] অধিক ঘুমায় বা দেরিতে ঘুম থেকে ওঠে এমন, অলস

رَقْرَاق [রক্রাক্ব] চকচকে, জ্বলজ্বলে, সমুজ্জ্বল, উজ্জ্বল, অশ্রুসিক্ত (চোখ)

رَقْرَقَ (رَقْرَقَة) [رقرق] [রক্রক্বা] পানি মিশানো, পাতলা করা, হালকা করা

رَقْش ج رُقُوش [রক্শ] অলঙ্করণ, নকশা, লিপি, ছাপ, ছোপ

رَقَشَ [ن] (رَقْش) [রক্বাশা] অলঙ্কৃত করা, নকশা করা, লেখা, নানা রঙের ছোপ দেওয়া, বহু-বর্ণরঞ্জিত করা, (কথা) সাজিয়ে বলা

رَقَّشَ (تَرْقِيش) [رقش] [রক্কাশা] অলঙ্কৃত করা, নকশা করা, লেখা, নানা রঙের ছোপ দেওয়া, বহু-বর্ণরঞ্জিত করা, (কথা) সাজিয়ে বলা, চুগলি করা, তিরস্কার করা

رَقْشَة [রক্শাহ] অলঙ্করণ, নকশা, লিপি, ছাপ

رَقْص [রক্ছ] নাচন, নর্তন, নাচ, নৃত্য

رَقَصَ [ن] (رَقْص) [রক্বাছা] নৃত্য করা, নাচা

رَقَّصَ (تَرْقِيص) [رقص] [রক্কাছা] নৃত্য করানো, নাচানো

رَقْصَة [রক্ছাহ] নাচ, নৃত্য, নর্তন

رَقِطَ [س] (رَقَط) [রক্বিতা] সাদা ফোঁটাযুক্ত কালো অথবা কালো ফোঁটাযুক্ত সাদা রংবিশিষ্ট হওয়া

رَقَّطَ (تَرْقِيط) [رقط] [রক্কাতা] ফোঁটা দেওয়া, ফুটকি দেওয়া, ছোট ছোট দাগ দেওয়া

رَقْطَاء [রক্তা'] ছোট ছোট দাগযুক্ত, ফোঁটাযুক্ত, একপ্রকার সাপ (أَرْقَط-এর স্ত্রীলিঙ্গ)

رُقْطَة ج رُقَط [রুক্তাহ] ফোঁটা, ফুটকি, ছোট ছোট দাগ

رَقَعَ [ف] (رَقْع) [রক্বা'আ] তালি দেওয়া, তালি লাগানো, জোড়া দেওয়া, মেরামত করা

رَقُعَ [ك] (رَقَاعَة) [রক্বু'আ] নির্বোধ হওয়া, বোকা হওয়া, নির্লজ্জ হওয়া

رَقَّعَ (تَرْقِيع) [رقع] [রক্কা'আ] তালি দেওয়া, তালি লাগানো, জোড়া দেওয়া, মেরামত করা

رُقْعَة ج رُقَع ، رِقَاع [রুক্'আহ] তালি, টুকরা,

رُقَاقَة [رقق] [রুক্বাক্বাহ] ফালি, টুকরা, চিলতা, কুচি, পাতলা রুটি, পাতলা মুচমুচে বিস্কুট

رَقَأَ [ف] (رَقْأ ، رُقُوء) [রক্বাআ] (অশ্রু, রক্ত) বন্ধ হওয়া, থেমে যাওয়া

رَقَبَ [ن] (رَقَابَة) [রক্বাবা] দেখে রাখা, নিরীক্ষণ করা, পর্যবেক্ষণ করা, পাহারা দেওয়া, লক্ষ্য রাখা, যত্ন নেওয়া, তত্ত্বাবধান করা, সতর্ক হওয়া, সম্মান করা, (আল্লাহকে) ভয় করা

رَقَبَ (رُقُوب) [রক্বাবা] অপেক্ষা করা, প্রতীক্ষা করা, খেয়াল করা

رَقَبَانٌ ، رَقَبَانِيّ [রক্বাবান] মোটা ঘাড়বিশিষ্ট

رَقَبَة ج رِقَاب ، رَقَبَات [রক্বাবাহ] ঘাড়, গর্দান, দাস, ক্রীতদাস, ব্যক্তি

رُقْبَة ج رُقَب [রুক্বাহ] বাঘ শিকারের গর্ত

رُقْبَى [রুক্বা] পর্যবেক্ষণ, যতদিন বেঁচে থাকবে ততদিনের জন্য দান, জীবন-মেয়াদী দান

رِقَّة [رقق] [রিক্কাহ] সূক্ষ্মতা, নম্রতা, কোমলতা, দয়া, সহানুভূতি, কমনীয়তা, সৌকুমার্য

رِقَّة الجَانِب ، رِقَّة الحَاشِيَة [রিক্কাতুল জানিব, রিক্কাতুল হাশিয়াহ] সহৃদয়তা, ভদ্রতা, বিনম্রতা, বন্ধুভাবাপন্নতা

رِقَّة الحَال [রিক্কাতুল হাল] দুরবস্থা, নিঃস্বতা, দুর্দশা, দারিদ্র

رِقَّة الشُّعُور [রিক্কাতুশ শু'উর] সূক্ষ্ম অনুভূতি, অনুভূতিপ্রবণতা, সংবেদনশীলতা

رِقَّة الفُؤَاد [রিক্কাতুল ফুআদ] দয়াপরবশতা, সহৃদয়তা, দয়ার্দ্রতা

رِقَّة القَلْب [রিক্কাতুল ক্বাল্ব] দয়াপরবশতা, সহৃদয়তা, দয়ার্দ্রতা

رَقْد [রক্দ] ঘুম, নিদ্রা, নিদ, শয়ন

رَقَدَ [ن] (رَقْد ، رُقَاد ، رُقُود) [রক্বাদা] নিদ্রা যাওয়া, ঘুমানো, ঘুমিয়ে পড়া, শোয়া, ঠাণ্ডা হওয়া, (বাজার) মন্দা হওয়া, (মুরগী) ডিমে তা দেওয়া

رَقَدَ عَنْ [-- 'আন] উদাসীন থাকা, গাফেল থাকা, উপেক্ষা করা, এড়িয়ে থাকা

رَقَّدَ (تَرْقِيد) [رقد] [রক্কাদা] ঘুম পাড়ানো, ঘুমাতে দেওয়া, শোয়ানো

খণ্ড, কাগজ বা কাপড়ের টুকরা, চিরকুট, ভূখণ্ড, টিকেট, কুপন, লেবেল, কার্ড

[রক্কাক] কোমলতা, সূক্ষ্মতা, দুর্বলতা رَقَاق

[রক্কাকা] সূক্ষ্ম করা, মিহি [رقق] (تَرْقِيق) رَقَّقَ করা, মসৃণ করা, পাতলা করা, হালকা করা, চেপটা করা

[রকলাহ] লম্বা খেজুরগাছ رَقْلَة ج رَقْل ، رِقَال

[রক্‌ম] নম্বর, সংখ্যা, ছাপ, رَقْم ج أَرْقَام ، رُقُوم দাগ, চিহ্ন

[রক্‌মুত তাসালসুল] ক্রমিক নম্বর, رَقْم التَّسَلْسُل ক্রমিক সংখ্যা

[রক্‌মুল জুলূস] আসন নম্বর, সিট رَقْم الجُلُوس নম্বর

[রক্‌ম ক্বিয়াসী] (প্রতিযোগিতায়) رَقْم قِيَاسِيّ রেকর্ড

[হাত্তমার রক্‌মাল ক্বিয়াসী] حَطَّمَ الرَّقْمَ القِيَاسِيّ রেকর্ড ভাঙ্গা

[সাজ্জালা রক্‌মান ক্বিয়াসিয়্যান] سَجَّلَ رَقْمًا قِيَاسِيًّا রেকর্ড করা, রেকর্ড গড়া

[রকামা] সংখ্যা বসানো, নম্বর (رَقْم) [ن] رَقَمَ দেওয়া, লেখা, ছাপ দেওয়া, নোকতা দেওয়া, যতিচিহ্ন দেওয়া, ফোঁটা দেওয়া, দাগ দেওয়া

[রক্কামা] লেখা, ছাপ দেওয়া, [رقم] (تَرْقِيم) رَقَّمَ সংখ্যা বসানো, নম্বর দেওয়া, নোকতা দেওয়া, যতিচিহ্ন দেওয়া, ফোঁটা দেওয়া, দাগ দেওয়া

[রক্‌মাহ] বাগান, উপত্যকায় পানি জমার رَقْمَة জায়গা, উপত্যকার পার্শ্ব, সামান্য পরিমাণ

[রকূব] সন্তানহীনা, সন্তানহারা, স্বামীর رَقُوب মৃত্যুর প্রতীক্ষাকারিণী, জীবিকা উপার্জনে অক্ষম

[রকূদ] অধিক ঘুমায় বা দেরিতে ঘুম থেকে رَقُود ওঠে এমন, অলস

[রুকূদ] ঘুম, নিদ্রা, নিদ, সুপ্তি, শয়ন رُقُود

[রকা] মন্ত্র পড়া, যাদু [رقي] (رُقْيَة) [ض] رَقَى করা, ঝাড়ফুঁক দেওয়া, মন্ত্রমুগ্ধ করা

[রকিয়া] আরোহণ করা, [رقي] (رُقِيّ) [س] رَقِيَ উপরে ওঠা, উন্নতি করা

[রক্কা] আরোহণ করানো, [رقي] (تَرْقِيَة) رَقَّى উপরে উঠানো, উন্নত করা, পদোন্নতি দেওয়া

[রুকী] উন্নতি, অগ্রগতি, উর্ধ্বগতি [رقي] رُقِيّ

[রক্বীব] তত্ত্বাবধায়ক, অভি- [رقب] رَقِيب ج رُقَبَاء ভাবক, পর্যবেক্ষক, নিয়ন্ত্রক, সংবাদরক্ষক, প্রহরী, গুপ্তচর, সেন্সর (censor), বিবাচক, (সেনা-বাহিনীতে) সার্জেন্ট

[আর-রক্বীব] মহাপর্যবেক্ষক, [رقب] الرَّقِيب মহান তত্ত্বাবধায়কঃ আল্লাহ

[রক্বীব আউওয়াল] (সেনাবাহিনীতে) رَقِيب أَوَّل স্টাফ সার্জেন্ট

[রুক্‌ইয়াহ] মন্ত্র, ঝাড়ফুঁক, সম্মোহন, رُقْيَة ج رُقًى যাদু, তাবিজ, কবচ

[রক্বী'] বোকা, নির্বোধ, [رقع] رَقِيع ج أَرْقِعَة নির্লজ্জ, আসমান

[রক্বীক] পাতলা, হালকা, [رقق] رَقِيق ج رِقَاق চেপটা, সূক্ষ্ম, মিহি, চিকন, মসৃণ, কোমল, সদয়

[রক্বীক] দাস, ক্রীতদাস [رقق] رَقِيق ج أَرِقَّاء

[রক্বীকুল জানিব] সহৃদয়, বিনম্র, رَقِيق الجَانِب ভদ্র, বন্ধুভাবাপন্ন

[রক্বীকুল হাশিয়াহ] সহৃদয়, ভদ্র, رَقِيق الحَاشِيَة বিনম্র, বন্ধুভাবাপন্ন

[রক্বীকুল হাল] দুর্দশাগ্রস্ত, দুঃস্থ, رَقِيق الحَال নিঃস্ব, দরিদ্র

[রক্বীকুশ শুঊর] সূক্ষ্ম অনুভূতি- رَقِيق الشُّعُور সম্পন্ন, অনুভূতিপ্রবণ, সংবেদনশীল

[রক্বীকুল ফুআদ] দয়াপরবশ, দয়ার্দ্র, رَقِيق الفُؤَاد কোমলহৃদয়, সহৃদয়

[রক্বীকুল ক্বালব] সহৃদয়, দয়ার্দ্র, رَقِيق القَلْب কোমলহৃদয়, দয়াপরবশ

[রক্বীকাহ] ছোট ও পাতলা [رقق] رَقِيقَة ج رَقَائِق টুকরা, পাত্ত, পরত, তবক

[রক্বীম] লিখিত, ছাপযুক্ত, নোকতা- [رقم] رَقِيم যুক্ত, ফোঁটাযুক্ত, সংখ্যাযুক্ত, রকীমঃ সিরিয়ার উত্তরাঞ্চলের একটি প্রাচীন শহরের নাম

[রক্বীম] লিখিত বা উৎকীর্ণ লিপি, رَقِيم ج رَقَائِم লিপিফলক, চিঠিপত্র, বার্তা, পুস্তক, গ্রন্থ

[রক্ক] দুর্বল বর্ষণ, হালকা رَكّ ج رِكَاك ، أَرْكَاك বৃষ্টি

[রক্কা] নিস্তেজ হওয়া, (رَكّ ، رِكَّة) [ض] رَكَّ

দুর্বল হওয়া, কম হওয়া, জ্ঞান বা বুদ্ধি কম হওয়া

[রিক] দুর্বল বর্ষণ, হালকা رِكٌ ج رِكَاكٌ ، أَرْكَاكٌ বৃষ্টি, হালকা বৃষ্টি হয়েছে এমন (ভূমি), নিস্তেজ, দুর্বল, কৃশ

[রক্কাব] অধিক আরোহণকারী, رَكَّاب [ركب] আরোহী, অশ্বারোহী, উষ্ট্রারোহী

[রিকাব] বাহন, رِكَاب ج رُكُب ، رَكَائِب [ركب] উষ্ট্রবাহন, জিনের রেকাব

[রিকায] গুপ্তধন, رِكَاز ج رِكْزَان ، أَرْكِزَة [ركز] আকরিক

[রক্কাদ] দ্রুত ধাবনকারী, দৌড়-رَكَّاض [ركض] বিদ

[রুকাক] দুর্বল বুদ্ধিসম্পন্ন, স্বল্পবুদ্ধি رُكَاك

[রকাকাহ] দুর্বলতা, বুদ্ধির স্বল্পতা رَكَاكَة [ركك]

[রুকাকাহ] দুর্বল বুদ্ধিসম্পন্ন, স্বল্প-رُكَاكَة [ركك] বুদ্ধি, হীন, ইতর

[রুকাম] স্তূপ, রাশ, রাশি, ঢিপি, মেঘপুঞ্জ رُكَام

[রক্‌ব] আরোহী দল, رَكْب ج رُكُوب ، أَرْكُب যাত্রীদল, কাফেলা

[রকিবা] আরোহণ করা, رَكِبَ [س] (رُكُوب) সওয়ার হওয়া, চড়া, আরোহী হওয়া, করা

[রক্কাবা] আরোহী করা, رَكَّبَ (تَرْكِيب) [ركب] আরোহণ করানো, জোড়া দেওয়া, সংযোজিত করা, গঠন করা, মিশ্রিত করা, (ব্যাকরণে) তারকীব করা

[রিক্‌বাহ] আরোহণ, আরোহণের ধরন رِكْبَة

[রুক্‌বাহ] হাঁটু, জানু رُكْبَة ج رُكْبَات ، رُكَب

[রুক্‌বী] রাগবি (খেলা) رُكْبِي

[রক্কাহ] দুর্বল বর্ষণ, হালকা বৃষ্টি, পাথরের গাঁথনি رَكَّة

[রকাদা] থেমে যাওয়া, নিশ্চল رَكَدَ [ن] (رُكُود) হওয়া, জমা, গতিহীন হওয়া, মন্দা হওয়া

[রক্কাদা] থামিয়ে দেওয়া, رَكَّدَ (تَرْكِيد) [ركد] নিশ্চল করা, গতিহীন করা, মন্দা করা

[রকাযা] গাড়া, পোঁতা, রোপণ رَكَزَ [ن] (رَكْز) করা, প্রবেশ করানো

[রক্কাযা] কেন্দ্রীভূত করা, رَكَّزَ (تَرْكِيز) [ركز] ঘনীভূত করা, গাড়া, পোঁতা, স্থাপন করা, জোর দেওয়া

[রিক্‌য] জ্ঞানী ও বুদ্ধিমান رِكْز ج رُكُوز ، أَرْكَاز লোক, উদার মানুষ, ক্ষীণ আওয়াজ, চেতনা

[রিক্‌যাহ] প্রজ্ঞা, বুদ্ধিমত্তা, رِكْزَة ج رِكَز ، رِكَاز গুপ্তধন, অংকুর, প্রশাখা

[রকাসা] উল্টানো, প্রতিক্রিয়া رَكَسَ [ن] (رَكْس) ঘটানো, সাড়া দেওয়া

[রক্‌দ] দৌড়, ধাবন, ছুট رَكْض

[রকাদা] দৌড়ানো, ধাবিত رَكَضَ [ن] (رَكْض) হওয়া, ছুটে চলা, পা দ্বারা আঘাত করা, লাথি মারা, দ্রুত পলায়ন করা

[রক্‌দাহ] দৌড়, ধাবন, ছুট, চলন رَكْضَة

[রকা'আ] রুকু করা, মাথানত رَكَعَ [ف] (رُكُوع) করা

[রক্কা'আ] রুকু করানো, رَكَّعَ (تَرْكِيع) [ركع] মাথানত করানো, নতজানু করা

[রক্'আহ] (নামাযের) রাকাত, رَكْعَة ج رَكَعَات মাথানতকরণ, গর্ত, গহ্বর

[রুক্'আহ] গর্ত, গহ্বর رُكْعَة

[রকালা] পা দিয়ে আঘাত করা, رَكَلَ [ن] (رَكْل) লাথি মারা, পদাঘাত করা

[রক্কালা] পা দিয়ে আঘাত رَكَّلَ (تَرْكِيل) [ركل] করা, লাথি মারা, পদাঘাত করা

[রক্‌লাহ] পদাঘাত, লাথি, সবজির আঁটি رَكْلَة

[রকাম] স্তূপ, রাশি, ঢিপি, মেঘপুঞ্জ رَكَم

[রকামা] স্তূপ করা, জড়ো করা رَكَمَ [ن] (رَكْم)

[রকানা] নির্ভর করা, ভর رَكَنَ [ن] (رُكُون) إِلَى করা, হেলান দেওয়া, ঝুঁকে পড়া, আস্থা রাখা

[রকুনা] সুদৃঢ় হওয়া, رَكُنَ [ك] (رَكَانَة، رُكُونَة) মজবুত হওয়া, স্থির হওয়া, ধীরস্থির হওয়া, গুরুগম্ভীর হওয়া

[রুক্‌ন] মূল অংশ, স্তম্ভ, কোণ, رُكْن ج أَرْكَان ভিত্তি, খুঁটি, শক্তি, স্টাফ

[রকূব] অধিক আরোহণকারী, رَكُوب ج رُكُب আরোহী, অশ্বারোহী, আরোহণের পশু, পশু-বাহন, অধিক চলাচল করা হয়েছে এমন (পথ)

رُكُوب [ركب] [রুকূব] আরোহণ, বাহনে ভ্রমণ

رَكُوبَة ج رَكَائِب [ركب] [রকূবাহ্] আরোহণের পশু, পশুবাহন, উষ্ট্রী

رَكْوَة ج رِكَاء ، رَكَوَات [রক্‌ওয়াহ্] হাতাওয়ালা ছোট পাত্র, কফির পাত্র, ছোট বালতি, ছোট নৌকা, চামড়ার ব্যাগ,

الرَّكْوَة الصُّغْرَى [আর-রক্‌ওয়াতুছ ছুগ্‌রা] উত্তরাকাশের একটি নক্ষত্রমণ্ডলী, Little Dipper

الرَّكْوَة الكُبْرَى [আর-রক্‌ওয়াতুল কুবরা] উত্তরাকাশের একটি নক্ষত্রমণ্ডলী, Big Dipper

رِكْوَة ، رُكْوَة ج رِكَاء [রিক্‌ওয়াহ্, রুক্‌ওয়াহ্] ছোট নৌকা, রস জমা হওয়ার জন্য রস করার যন্ত্রের নিচে রাখার পাত্র

رَكُود [ركد] [রকূদ] অবিরাম দুধ দেয় এমন উষ্ট্রী, ভরা পাত্র

رُكُود [ركد] [রুকূদ] গতিহীনতা, অচলাবস্থা, নিশ্চলতা, মন্দাভাব

رَكُوض [ركض] [রকূদ] বেগে দৌড়াতে পারে এমন, দ্রুতগামী, জোরে তীর ছোঁড়া যায় এমন (ধনুক)

رُكُوع [ركع] [রুকূ'] মাথানতকরণ, (নামাযে) রুকু

رُكُون [ركن] [রুকূন] ভর, নির্ভরতা, বিশ্বস্ততা, আস্থা

رَكِيَّة ج رَكَايَا ، رُكِيّ [রকিয়্যাহ্] কূপ, ইঁদারা, কুয়া, পানি আছে এমন কূপ

رَكِيزَة ج رَكَائِز [ركز] [রকীযাহ্] খুঁটি, ঠেকনা, তাক, অবলম্বন, সঞ্চিত ধন

رَكِيك ج رِكَاك ، رَكَكَة [ركك] [রকীক] দুর্বল, নিস্তেজ

رَكِيكَة ج رِكَاك [ركك] [রকীকাহ্] দুর্বল বর্ষণ, হালকা বৃষ্টি, হালকা বৃষ্টি হয়েছে এমন ভূমি

رَكِين [ركن] [রকীন] শক্ত, সুদৃঢ়, মজবুত, স্থির, ধীরস্থির, গুরুগম্ভীর

رَمّ [রম্] মেরামত, সংস্কার, পুনর্নির্মাণ, পচন, ক্ষয়, রামঃ একপ্রকার মদ

مَا لِي مِنْهُ حَمٌّ وَلَا رَمٌّ [মা লী মিন্‌হু হাম্মুন ওয়ালা রম্মুন] এছাড়া আমার কোন উপায় নেই

مَا لَهُ حَمٌّ وَلَا رَمٌّ [মা লাহু হাম্মুন ওয়ালা রম্মুন] তার কিছুই নেই

رَمَّ [ن] [ض] (رَمّ ، مَرَمَّة) [রম্মা] সংস্কার করা, মেরামত করা, পুনর্নির্মাণ করা

رَمَّ [ض] (رَمّ ، رِمَّة) [রম্মা] ক্ষয়প্রাপ্ত হওয়া, জীর্ণ হওয়া, পচে যাওয়া

رِمّ [রিম্] মাটি, কাদামাটি, মজ্জা, মগজ, ঘিলু

رَمّ [রুম্] ইচ্ছা, খেয়াল, দল, ঘরের আসবাবপত্র

رَمَّاح [رمح] [রম্মাহ্] বর্শা প্রস্তুতকারী, বর্শা বহনকারী, বল্লমধারী, বর্শাওয়ালা

رِمَاحَة [رمح] [রিমাহাহ্] বর্শাওয়ালার পেশা, বর্শা চালনা

رَمَاد ج أَرْمِدَة [রমাদ] ছাই, ভস্ম, খাক

رَمَادِيّ [রমাদী] ছাইবর্ণ, ধূসরবর্ণ, খাকী

رِمَاق [رمق] [রিমাক] অল্প জীবিকা, কপটতা, মিথ্যা, শত্রুতার দৃষ্টি

رَمَّال [رمل] [রম্মাল] বালুবিক্রেতা, বালুওয়ালা

رِمَام [رمم] [রিমাম] জীর্ণ, ক্ষয়প্রাপ্ত, পচা (দড়ি)

رُمَام [رمم] [রুমাম] জীর্ণ, ক্ষয়প্রাপ্ত, পচা (হাড়)

رُمَامَة [رمم] [রুমামাহ্] অল্প ও যথেষ্ট জীবিকা

رُمَّان [রুম্মান] আনার, ডালিম, দাড়িম, দাড়িম্ব

رُمَّانَة ج رُمَّانَات [রুম্মানাহ্] ডালিম, ডালিম গাছ, নব (knob), হাতবোমা

رِمَايَة [رمي] [রিমায়াহ্] (তীর, গুলি ইত্যাদি) নিক্ষেপ, নিক্ষেপণ, ক্ষেপণ, শুটিং (shooting)

رِمَّة [رمم] [রিম্মাহ্] ক্ষয়, পচন

رِمَّة ج رِمَم ، رِمَام [রিম্মাহ্] জীর্ণ হাড়, ক্ষয়প্রাপ্ত অস্থি, মৃতদেহ

رُمَّة ج رُمَم [رمم] [রুম্মাহ্] গোটা বস্তু, সমগ্র বস্তু, দড়ি, দড়ির টুকরা

بِرُمَّتِهِ [বি-রুম্মাতিহী] গোটা, সমগ্র, সম্পূর্ণ, পুরো

رَمَث ج أَرْمَاث [রমাছ] ভাসমান কাঠ, ভেলা, হালকা নৌকাবিশেষ, lighter

رَمَحَ [ف] (رَمْح) [রমাহা] বর্শা দ্বারা আঘাত করা, বর্শাঘাত করা, খোঁচা মারা

[রুম্‌হ] বর্শা, বল্লম, লেজা, رُمْح ج رِمَاح ، أَرْمَاح
দারিদ্র, অভাব

[রমাদ] চোখওঠা, চক্ষুপ্রদাহ, চোখের রোগ رَمَد

[রমিদ] চক্ষু-প্রদাহে আক্রান্ত رَمِد

[রমিদা] চোখ ওঠা, চক্ষুপ্রদাহে رَمِدَ [س] (رَمَد)
আক্রান্ত হওয়া, (চোখ) প্রদাহগ্রস্ত হওয়া

[রম্মাদা] পুড়িয়ে ভস্ম করা, رَمَّدَ (تَرْمِيد) [رمد]
ছাই করে ফেলা, ছাইয়ে পরিণত করা

[রম্‌দা'] ছাইবর্ণ, ধূসরবর্ণ, খাকী, رَمْدَاء [رمد]
ময়লাযুক্ত, অপরিষ্কার, চক্ষুরোগে আক্রান্ত أَرْمَد-
এর স্ত্রীলিঙ্গ

[রম্‌দা'] উটপাখি رَمْدَاء ج رُمْد [رمد]

[রুম্‌দাহ] ছাইয়ের রং, ধূসর বর্ণ رُمْدَة [رمد]

[রম্‌রমা] পড়ে যাওয়া খাদ্য তুলে رَمْرَمَ (رَمْرَمَة)
খাওয়া, অবস্থা ভাল করা, মেরামত করা

[রম্‌য] ইশারা, ইঙ্গিত, সঙ্কেত, লক্ষণ, رَمْز ج رُمُوز
প্রতীক, প্রতিচ্ছবি

[রমাযা] ইশারা করা, رَمَزَ [ن] [ض] (رَمْز) إِلَى
ইঙ্গিত দেওয়া, সঙ্কেত দেওয়া, প্রতিচ্ছবি হওয়া,
প্রতিনিধিত্ব করা

[রম্‌যী] সাঙ্কেতিক, প্রতীকী رَمْزِيّ

[রম্‌যিয়্যাহ] প্রতীকের ব্যবহার, رَمْزِيَّة [رمز]
প্রতীকনিচয়, প্রতীকীবাদ, symbolism

[রম্‌স] দাফন, সমাহিতকরণ رَمْس

[রম্‌স] কবর, সমাধি, رَمْس ج رُمُوس ، أَرْمَاس
গোর

[রমাসা] দাফন করা, رَمَسَ [ن] [ض] (رَمْس)
কবর দেওয়া, সমাহিত করা, ঢেকে দেওয়া

[রম্‌শ, রিম্‌শ] চোখের رَمْش ، رِمْش ج رُمُوش
পাতার লোম, অক্ষিপক্ষ

[রমাশ] চোখের পাতার ভিতরদিকের رَمَش
প্রদাহ, নেত্রবর্ত্মকলার প্রদাহ, জয়বাংলা রোগ,
conjunctivitis

[রমাশা] আঙ্গুলের মাথা رَمَشَ [ن] [ض] (رَمْش)
দিয়ে ধরা, দৃষ্টিপাত করা, চোখ মিটমিট করা

[রুম্‌শ] চক্ষু-প্রদাহে আক্রান্ত, সুন্দর গড়ন- رُمْش
বিশিষ্ট, বিভিন্ন রঙের (أَرْمَش-এর স্ত্রীলিঙ্গ)

[রম্‌শা'] চক্ষু-প্রদাহে আক্রান্ত, رَمْشَاء [رمش]
সুন্দর গড়নবিশিষ্ট, বিভিন্ন রঙের (أَرْمَش-এর
স্ত্রীলিঙ্গ); তৃণবহুল (ভূমি)

[রমাস্] (চোখের) পিঁচুটি, কেতর رَمَص

[রমিস্বা] (চোখে) পিঁচুটি জমা رَمِصَ [س] (رَمَص)

[রমাদ] প্রখর তাপ, উত্তাপ, উত্তপ্ততা, দাহ, رَمَض
দহন

[রমিদা] দগ্ধ হওয়া, পুড়ে رَمِضَ [س] (رَمَض)
যাওয়া, উত্তপ্ত হওয়া

[রম্‌দা'] দাহ, উত্তাপ, দহন, সূর্যের প্রখর رَمْضَاء
তাপে উত্তপ্ত মাটি

[রমাদান] রমযান (মাস)ঃ আরবী নবম رَمَضَان
মাস

[রমাক] শেষ নিঃশ্বাস, অবশিষ্ট رَمَق ج أَرْمَاق
জীবন

[রমাক্বা] তাকিয়ে থাকা, দৃষ্টি رَمَقَ [ن] (رَمْق)
নিবদ্ধ করা, আকাঙ্ক্ষা করা, পর্যবেক্ষণ করা

[রম্মাক্বা] তাকিয়ে থাকা, رَمَّقَ (تَرْمِيق) [رمق]
দৃষ্টি নিবদ্ধ করা, আকাঙ্ক্ষা করা, পর্যবেক্ষণ করা

[রুম্‌ক্বাহ] প্রয়োজন পূরণকারী অল্প জীবিকা رُمْقَة

[রমাকাহ] رَمَكَة ج رَمَكَات ، رِمَاك ، أَرْمَاك
ঘোটকী, প্রজননের উদ্দেশ্যে পালিত ঘোটকী

[রম্‌ল] বালু, বালুকা, বালি رَمْل ج رِمَال

[রমাল] দ্রুতচলন, দুলে দুলে চলন, হালকা رَمَل
বৃষ্টি, বৃদ্ধি

[আর-রমাল] সঙ্গীতের একটি সুরের নাম, الرَّمَل
আরবী কবিতার একটি ছন্দের নাম

[রমালা] (খাদ্যে) বালি দেওয়া, رَمَلَ [ن] (رَمْل)
(কাপড়ে রক্ত) মাখানো, (কাপড়) পাতলা করে
বোনা, সাজানো, (কথা) সাজিয়ে বলা

[রমালা] দ্রুত হাঁটা, رَمَلَ (رَمَل ، رَمَلَان ، مَرْمَل)
দুলে দুলে হাঁটা

[রম্মালা] বালি দেওয়া, رَمَّلَ (تَرْمِيل) [رمل]
বালু ছিটিয়ে দেওয়া, বিধবা করা, বিপত্নীক করা,
(কাপড়ে রক্ত) মাখানো, (কাপড়) পাতলা করে
বোনা

رَمْلَاء [রম্‌লা'] পায়ের রং কালো এবং অবশিষ্ট সারা দেহের রং সাদা এমন (বকরী), বৃষ্টি ও ফসল কম হয় এমন (বছর)

رَمْلَة ج رَمْلَات [রম্‌লাহ্‌] বালুর কণা, বালুকাময় ভূখণ্ড

رُمْلَة ج رُمَل ، أَرْمَال [রুম্‌লাহ্‌] কালো রেখা

رَمْلِيّ [রম্‌লী] বালুকাময়, বালি-বিষয়ক, বালু-সম্বন্ধীয়, বালুমিশ্রিত

رَمَّمَ (تَرْمِيم) [رمم] [রম্মামা] পুনর্নির্মাণ করা, সংস্কার করা, মেরামত করা

رِمَم [রিমাম] জীর্ণ রশি, পচা দড়ি

رَمْي [রম্‌ই] নিক্ষেপ, নিক্ষেপণ, ক্ষেপণ, গুলিবর্ষণ

رَمَى [ض] (رَمْي) [رمي] بِ [রমা] নিক্ষেপ করা, ছোড়া, অভিযোগ করা, অপবাদ দেওয়া

رَمَى إِلَى [-- ইলা] উদ্দেশ্য করা, তাক করা, লক্ষ্য হওয়া, উদ্দিষ্ট হওয়া

رَمَى بَيْنَ [-- বাইনা] বিবাদ লাগিয়ে দেওয়া, অনৈক্য সৃষ্টি করা, বিভেদ সৃষ্টি করা

رَمْيَة ج رَمَيَات [রম্‌ইয়াহ্‌] নিক্ষেপ, ক্ষেপণ, বর্ষণ, গুলি

رَمِيَّة ج رَمَايَا [رمي] [রমিয়্যাহ্‌] শিকার-করা প্রাণী, শিকার, লক্ষ্যবস্তু, লক্ষ্যস্থল

رُمَيْح [رمح] [রুমাইহ্‌] বর্শা আকারের একপ্রকার মাছ, lancelet

رَمِيس [رمس] [রমীস] প্রস্তরনিক্ষিপ্ত

رَمِيم [رمم] [রমীম] জীর্ণ, ক্ষয়প্রাপ্ত, পচা

رَمِيم ج رِمَام ، أَرِمَّة [رمم] [রমীম] জীর্ণ অস্থি, ক্ষয়প্রাপ্ত হাড়

ظَهَرَ عَلَى [-- 'আলা] বিজয়ী হওয়া, পরাস্ত করা, পরাভূত করা, প্রাধান্য বিস্তার করা, অবহিত হওয়া

ظَهِر [যহির] পিঠের ব্যথায় আক্রান্ত, পিঠের ব্যথায় কষ্ট পায় এমন

ظَهِرَ [س] (ظَهَر) [যহিরা] পিঠব্যথা করা, পিঠের ব্যথায় কষ্ট পাওয়া

ظَهَّرَ (تَظْهِير) [ظهر] [যহ্হারা] (চেক ইত্যাদির) পিছনে সই করা, পিছনে লেখা, এনডোর্স করা, (ফিলম ইত্যাদি) পরিস্ফুট করা, দ্বিপ্রহরে করা

ظُهْر ج أَظْهَار ، ظُهُور [যুহ্র] মধ্যাহ্ন, দ্বিপ্রহর, দুপুর, যোহর (নামায)

بَعْدَ الظُّهْر [বা'দায যুহ্র] অপরাহ্ন, বিকেল, p.m.

قَبْلَ الظُّهْر [ক্বাবলায যুহ্র] পূর্বাহ্ন, সকাল, a.m.

الظَّهْرَان [আয-যহ্‌রান] দাহ্‌রান (নগরী)

بَيْنَ ظَهْرَانَيْهِمْ [বাইনা যহ্‌রানাইহিম] তাদের মাঝে, তাদের মধ্যে

ظَهَرَة [ظهر] [যহারাহ্‌] আসবাবপত্র, পরিবার, গোত্র

ظِهْرَة ، ظُهْرَة [ظهر] [যিহ্‌রাহ্‌, যুহ্‌রাহ্‌] সাহায্য, সহায়তা, সমর্থন, সাহায্যকারী, সহায়ক, গোত্র, পরিবার

ظِهْرِيّ ج ظَهَارِيّ [ظهر] [যিহ্‌রী] যা পিছনে ফেলে রাখা হয়, অবহেলিত বিষয়, ভুলে-যাওয়া বস্তু, তৈরী উট

ظِهْرِيًّا [যিহ্‌রিয়্যান] অবহেলায়, অবহেলাভরে, ভুলে গিয়ে

ظُهُور [ظهر] [যুহূর] প্রকাশ, আবির্ভাব, আত্ম-প্রকাশ, সংঘটন

ظَهِير ج ظُهَرَاء [ظهر] [যহীর] শক্ত পিঠবিশিষ্ট, সাহায্যকারী, পৃষ্ঠপোষক, পিঠের ব্যথায় আক্রান্ত, (ফুটবলে) ব্যাক

ظَهِير مُسَاعِد [যহীর মুসা'ইদ] (ফুটবলে) হাফ-ব্যাক

ظَهِيرَة [ظهر] [যহীরাহ্‌] মধ্যাহ্ন, দ্বিপ্রহর, দুপুর, দুপুরের তাপ

ظَيّ [যই] মধু, মৌ

ظَيَّان [যইয়ান] মধু, মৌ, বন্য জুঁই (উদ্ভিদ)

ع

['আইন] 'আইনঃ আরবী বর্ণমালার ১৮শ হরফ ع

['আ'ইব] দোষযুক্ত, দোষী, ত্রুটি- [عيب] عَائِب
যুক্ত, ত্রুটিপূর্ণ, দোষী বা দোষযুক্ত করে এমন, দোষী বা দোষযুক্ত বলে এমন, দোষ আরোপ-কারী

['আ'ইছ] অনিষ্টকারী, অনিষ্টকর, [عيث] عَائِث
ক্ষতিকর, বিরক্তকারী

['আ'ইদ] প্রত্যাবর্তনকারী, [عود] عَائِد ج عُوَّاد
প্রত্যাগমনকারী, প্রত্যাগত, প্রত্যাবর্তনশীল, অসুস্থ ব্যক্তিকে দেখতে যায় এমন, রোগী দেখতে যায় এমন, উৎপন্ন, লব্ধ, আগত

['আ'ইদ] রাজস্ব, আয়, [عود] عَائِد ج عَائِدَات
মুনাফা, লাভ

['আ'ইদ] صِلَة-এর মধ্যে [عود] عَائِد ج عَوَائِد
مَوْصُول-এর দিকে প্রত্যাবর্তনকারী সর্বনাম (ব্যা)

['আ'ইদাহ] [عود] عَائِدَة ج عَائِدَات ، عَوَائِد
মুনাফা, লাভ, আয়, উপার্জন, উপকার

['আ'ইয] আশ্রয় গ্রহণকারী, [عوذ] عَائِذ ج عُوَّذ
আশ্রয়প্রার্থী, শরণার্থী, আশ্রিত

['আ'ইযাহ] আশ্রয়প্রার্থী, [عوذ] عَائِذَة ج عَوَائِذ
শরণার্থী, আশ্রিত (স্ত্রী)

['আ'ইয] দরিদ্র, নিঃস্ব, অভাবগ্রস্ত, [عوز] عَائِز
রিক্তহস্ত

['আ'ইশ] জীবিত, সুখী জীবন [عيش] عَائِش
যাপনকারী, সচ্ছল

['আ'ইফ] ঘৃণাকারী, অপছন্দকারী, [عيف] عَائِف
বিরক্ত, পাখি ইত্যাদির সাহায্যে ভবিষ্যদ্বাণী করে এমন, ভবিষ্যৎ সম্বন্ধে পূর্বাভাসদাতা

['আ'ইক] বাধাদানকারী, [عوق] عَائِق ج عُوَّق
বিরতকারী, বাধাগ্রস্তকারী

[--, 'আ'ইক্বাহ] [عوق] عَائِق ، عَائِقَة ج عَوَائِق
বাধা, প্রতিবন্ধকতা

['আ'ইল] ভরণপোষণকারী, অধিক [عول] عَائِل
পরিবার-পরিজনবিশিষ্ট, পোষ্যবহুল

['আ'ইল] [عيل] عَائِل ج عَالَة ، عُيَّل ، عِيل
দরিদ্র, গরীব, অভাবগ্রস্ত, নিঃস্ব

['আ'ইলাহ] পরিবার, স্ত্রী, [عول] عَائِلَة ج عَائِلَات
সহধর্মিণী, বিবি

['আ'ইলী] পরিবারসংক্রান্ত, পারিবারিক عَائِلِيّ

['আ'ইম] সন্তরণকারী, সাঁতার কাটে [عوم] عَائِم
এমন, পানিতে ভাসে এমন, সাঁতাররত, ভাসমান

['আ'ইহ] অক্ষম, দুর্বল, প্রতিবন্ধী, [عوه] عَائِه
বিকলাঙ্গ

['আবা] ত্রুটিযুক্ত হওয়া, দোষ- (عَيْب) [ض] عَابَ
যুক্ত হওয়া, দোষী হওয়া, দোষী করা

['আবি'] খেয়ালকারী, মনোযোগ [عبأ] عَابِئ
দানকারী, ভ্রূক্ষেপকারী, গুরুত্ব প্রদানকারী

[গাইর 'আবি'] মনোযোগ বা গুরুত্ব غَيْر عَابِئ
দেয় না এমন, খেয়াল বা ভ্রূক্ষেপ করে না এমন

['আবাছা] মজা করা, [عبث] (مُعَابَثَة) عَابَثَ
কৌতুক করা

['আবিছ] কৌতুককারী, তামাশা- [عبث] عَابِث
কারী, রসিক, ছেবলা

['আবিদ] [عبد] عَابِد ج عَبَدَة ، عُبَّاد ، عَابِدُون
এবাদতকারী, উপাসনাকারী, উপাসক, পূজারী, ধার্মিক, ধর্মপ্রাণ, সেবক

['আবিদাহ] [عبد] عَابِدَة ج عَوَابِد ، عَابِدَات
এবাদতকারিণী, উপাসনাকারিণী, উপাসিকা, পূজারিণী, ধর্মপ্রাণা, সেবিকা (স্ত্রী)

['আবির] [عبر] عَابِر ج عُبَّار ، عَبَرَة ، عَابِرُون
অতিক্রমকারী, পথ অতিক্রমকারী, পথচারী, পথিক, মোসাফির, পর্যবেক্ষণকারী, সাময়িক, ক্ষণস্থায়ী, অতীত

['আবিরুস সাবীল] পথচারী, পথিক, عَابِر السَّبِيل
মোসাফির

['আবিস] ভ্রূকুটিপূর্ণ, গোমড়ামুখো, [عبس] عَابِس
কঠোর, রূঢ়

['আবিক] (সুবাস) লেগে আছে বা [عبق] عَابِق
ভরে আছে এমন, সুবাসযুক্ত

['আতাবা] নিন্দা [عتب] (مُعَاتَبَة ، عِتَاب) عَاتَبَ

করা, তিরস্কার করা, ভর্ৎসনা করা

['আতিক] মুক্তিপ্রাপ্ত, মুক্ত, পুরাতন [عتق] عَاتِق

['আতিক] কাঁধ ও [عتق] عَاتِق ج عَوَاتِق ، عُتُق
ঘাড়ের মধ্যবর্তী স্থান, কাঁধ, স্কন্ধ, মুক্ত দাস, তরুণী, পুরাতন মদ, পুরাতন ধনুক, প্রশস্ত পাত্র

['আতিক্বাহ্] পুরাতন ধনুক عَاتِقَة ج عَوَاتِق

['আতিম] অন্ধকার, অন্ধকারাচ্ছন্ন, [عتم] عَاتِم
মেঘাচ্ছন্ন, অস্পষ্ট, দ্বিধান্বিত, বিলম্বিত

['আতিমাত] অস্পষ্ট তারকারাজি [عتم] عَاتِمَات

['আতী] প্রচণ্ড, তীব্র [عتو] عَاتِي ، عَاتٍ مث عَاتِيَة
(ঝড়), ঝড়ো (হাওয়া), অন্ধকারাচ্ছন্ন (রাত)

['আতী] [عتو] عَاتِي ، عَاتٍ ج عُتَاة ، عُتِيّ
অবাধ্য, উদ্ধত, অহঙ্কারী, অত্যাচারী, স্বেচ্ছাচারী, সীমালঙ্ঘনকারী, নির্দয়

['আছা] [عيث] فِي عَاثَ [ض] (عَيْث ، عُيُوث)
ক্ষয়ক্ষতি করা, ক্ষতিসাধন করা, অসুবিধা ঘটানো, ধ্বংস করা, বিনষ্ট করা

['আছির] খারাপ, মন্দ, অশুভ [عثر] عَاثِر

['আছুর] আকস্মিক বাধা, [عثر] عَاثُور ج عَوَاثِير
অপ্রত্যাশিত বিপদ, জটিলতা, গর্ত

['আজ] হাতির দাঁত, গজদন্ত, আইভরি (ivory), কচ্ছপের খোলা [عوج] عَاج

[সাহিলুল 'আজ] আইভরিকোস্ট (দেশ) سَاحِل العَاج

['আজা] থামা, بِ ، عَلَى [عوج] عَاجَ [ن] (عَوْج)
যাত্রাবিরতি করা, ঝোঁকা, আকৃষ্ট হওয়া, ফিরে আসা, অবস্থান করা, অবস্থান করানো

['আজা] মনোযোগ بِ [عيج] عَاجَ [ض] (عَيْج)
দেওয়া, নির্ভর করা, সন্তুষ্ট হওয়া, উপকৃত হওয়া

['আজিয] খাট, [عجز] عَاجِز ج عَوَاجِز ، عَجَزَة
খাটো (কাপড়), অক্ষম, অপারগ, দুর্বল

['আজালা] দ্রুত করা, [عجل] عَاجَلَ (مُعَاجَلَة)
তাড়াতাড়ি করা, আগে আগে করা, দ্রুত ধরে ফেলা

['আজিল] দ্রুত, ক্ষিপ্র, ত্বরিত, [عجل] عَاجِل
তাৎক্ষণিক, শীঘ্র, ব্যস্ত

['আজিলান] শীঘ্র, সত্বর, দ্রুত, তৎক্ষণাৎ, عَاجِلاً
তাৎক্ষণিকভাবে, সাথে সাথে, অবিলম্বে

['আজিলান আও আজিলান] দ্রুত عَاجِلاً أَوْ آجِلاً
কিংবা দেরিতে, তৎক্ষণাৎ কিংবা বিলম্বে

[আল-'আজিলাহ্] এই দুনিয়া, [عجل] العَاجِلَة
ইহকাল, ইহজীবন, ইহজগৎ, বর্তমান সময়

['আজী] হাতির দাঁতের তৈরী, গজদন্তসদৃশ عَاجِيّ

['আদ] আদঃ একটি প্রাচীন আরব জনগোষ্ঠী ও তাদের পূর্ব পুরুষের নাম عَاد

['আদা] ফিরে আসা, إِلَى [عود] عَادَ [ن] (عَوْدَة)
ফিরে যাওয়া, প্রত্যাবর্তন করা, সংঘটিত হওয়া, সংশ্লিষ্ট হওয়া, সম্পৃক্ত হওয়া

['আদা] [عود] عَادَ (عَوْد ، عِيَاد ، عِيَادَة)
(অসুস্থ ব্যক্তিকে) দেখতে যাওয়া, (ডাক্তার) রোগী দেখা

['আদ্দ] গণনাকারী, হিসাবকারী [عدد] عَادّ

['আদ্দা] সংখ্যায় [عدد] عَادَّ (مُعَادَّة ، عِدَاد)
বেশী হওয়ার প্রতিযোগিতা করা, যুদ্ধে প্রতিরোধ করা, প্রতিপক্ষ হওয়া, সমানভাবে ভাগ করে নেওয়া

['আদাহ্] অভ্যাস, স্বভাব, [عود] عَادَة ج عَادَات
আদত, রীতি, প্রথা, আচার

['আদাতান] অভ্যাসমত, স্বভাবত, রীতি অনুযায়ী, প্রথানুসারে, স্বাভাবিকভাবে عَادَةً

['আদালা] সমান হওয়া, [عدل] عَادَلَ (مُعَادَلَة)
সমমান হওয়া, সমকক্ষ হওয়া, বক্র হওয়া

[-- বাইনা] সমমান করা, সমীকরণ করা, একই রকম মনে হওয়া عَادَلَ بَيْنَ

['আদিল] ন্যায়বিচারক, [عدل] عَادِل ج عُدُول
ন্যায়পরায়ণ, নিরপেক্ষ, ন্যায়, ন্যায্য, সঠিক

['আদিম] নেই এমন, শেষ [عدم] عَادِم ج عَوَادِم
হয়ে গিয়েছে এমন, অবিদ্যমান, অস্তিত্বহীন, (ইঞ্জিন ইত্যাদি থেকে) বাষ্পাদির নির্গমনপথ, নির্গম নল, exhaust

['আদা] বিরোধী [عدو] عَادَى (مُعَادَاة ، عِدَاء)
হওয়া, বৈরী আচরণ করা, শত্রুতা করা, শত্রু হওয়া

['আদী] [عدو] عَادِي ، عَادٍ ج عُدَاة ، عَادُون
শত্রু, দুশমন, সীমালঙ্ঘনকারী, শত্রুতাপূর্ণ, বৈরী

['আদী, 'আদিন] [عدو] عَادِي ، عَادٍ مث عَادِيَة

ধাবনকারী, ধাবমান

['আদী] অভ্যাসগত, স্বভাবগত, عَادِيٌّ [عود] স্বাভাবিক, সাধারণ, নিয়মিত, প্রথাগত, প্রাচীন

['আদী] স্বাভাবিক বস্তু, عَادِيٌّ ج عَادِيَات [عود] সাধারণ জিনিস, নিয়মিত ব্যাপার, স্বভাবগত বিষয়, প্রচলিত রীতি, প্রাচীন নিদর্শন

['আদিয়াহ] عَادِيَة ج عَادِيَات ، عَوَادِي [عدو] অন্যায়, অত্যাচার, দুর্ব্যবহার, বিপদ, বাধা, ধাবমান অশ্ব, লড়াইয়ের জন্য ছুটন্ত বাহিনী

[আল-'আদিয়াত] সূরা আল-'আদিয়াতঃ العَادِيَات পবিত্র কোরআনের ১০০তম সূরা

['আযা] আশ্রয় عَاذَ [ن] (عِيَاذ ، مَعَاذ) [عوذ] চাওয়া, আশ্রয় নেওয়া, আশ্রয় লওয়া

['আযিল] عَاذِل ج عُذَّل ، عُذَّال ، عَذَلَة [عذل] নিন্দাকারী, তিরস্কারকারী, ভর্ৎসনাকারী, নিন্দুক

['আযিলাহ] عَاذِلَة ج عَوَاذِل ، عَاذِلَات [عذل] নিন্দাকারিণী, তিরস্কারকারিণী (স্ত্রী)

['আর] দোষ, লজ্জা, অপমান, عَار ج أَعْيَار [عير] অসম্মান

['আরা] একচক্ষুহীন করা, عَارَ [ن] (عَوْر) [عور] কানা করা, নষ্ট করা, ধ্বংস করা

['আরা] দ্বিধা সহকারে عَارَ [ض] (عَيْر) [عير] যাওয়া আসা, সিদ্ধান্তহীনভাবে ঘোরা, ইতস্তত ঘুরে বেড়ানো, পথ হারানো, (কবিতা) মানুষের মধ্যে চালু হওয়া, দোষ দেওয়া, নষ্ট করা

['আরদা] বিরোধিতা عَارَضَ (مُعَارَضَة) [عرض] করা, বিরোধী হওয়া, বিরুদ্ধে দাঁড়ানো, বিপরীতে করা, পাল্টা কাজ করা, ফিরে আসা

['আরিদ] উপস্থাপনকারী, পেশ- عَارِض [عرض] কারী, প্রদর্শনকারী, হঠাৎ আগত, আপতিত

['আরিদ] প্রতিবন্ধক, عَارِض ج عَوَارِض [عرض] বাধা, হঠাৎ আগত বিষয়, আপতিত বস্তু, (রোগের) আক্রমণ, মেঘ, পাহাড়, গাল, কপোল

['আরিদাহ] কপোল, عَارِضَة ج عَوَارِض [عرض] গাল, আড়াআড়ি বস্তু, আড়া, বীম, কড়িকাঠ, মুখের পাশের দাঁত, হাসির সময় মুখের যে অংশ দেখা যায়

['আরিদী] অস্থায়ী, সাময়িক, আকস্মিক عَارِضِيّ

['আরিফ] জ্ঞাত, অবহিত, অভিজ্ঞ, عَارِف [عرف] পরিচিত, ধৈর্যশীল, সহনশীল

['আরিফাহ] অবহিত, عَارِفَة ج عَوَارِف [عرف] জ্ঞাত, অভিজ্ঞ, পরিচিত (স্ত্রী); দান

['আরকা] যুদ্ধ عَارَكَ (مُعَارَكَة ، عِرَاك) [عرك] করা, সংগ্রাম করা, সংঘাতে লিপ্ত হওয়া

['আরিম] তীব্র, প্রচণ্ড, অত্যন্ত عَارِم ج عَرَمَة [عرم] ঠাণ্ডা, বিরাট, বিশাল, প্রকাণ্ড, কঠোর, রূঢ়

['আরিমাহ] তীব্র, অত্যন্ত عَارِمَة ج عَوَارِم [عرم] ঠাণ্ডা, বিরাট, প্রকাণ্ড, কঠোর, রূঢ় (স্ত্রী)

['আরী, 'আরিন] عَارِي ، عَارٍ ج عُرَاة [عري] নগ্ন, উলঙ্গ, বিবস্ত্র, শূন্য, মুক্ত

['আরিয়াহ] عَارِيَة ج عَارِيَات ، عَوَارِي [عور] নগ্ন, উলঙ্গ, বিবস্ত্র, শূন্য, মুক্ত (স্ত্রী); ধার, কর্জ, ধারের বস্তু

['আযা] প্রয়োজন অনুভব عَازَ [ن] (عَوْز) [عوز] করা, চাওয়া, প্রয়োজন থাকা, অভাব থাকা

['আযিব] দূরে অবস্থিত, একাকী, عَازِب [عزب] অবিবাহিত, তালাকপ্রাপ্ত

['আযিবাহ] দূরে আছে عَازِبَة ج عَوَازِب [عزب] এমন, একাকিনী, অবিবাহিতা, তালাকপ্রাপ্তা (স্ত্রী)

['আযিফ] যে বাদ্যযন্ত্র বাজায়, عَازِف [عزف] বাদক, যন্ত্রী, গায়ক

['আযিল] (বিদ্যুতের) অন্তরক, ইন- عَازِل [عزل] সুলেটর (insulator)

['আযিম] সঙ্কল্পকারী, স্থির- عَازِم ج عَزَمَة [عزم] সিদ্ধান্ত, দৃঢ়সঙ্কল্প, সিদ্ধান্ত করা হয়েছে এমন, স্থিরীকৃত, পাকাপাকি

['আস] নৈশ عَاسّ ج عَسَس ، عَسِيس [عسس] প্রহরী, রাতে অন্বেষণকারী

['আসারা] কঠোরতা করা, عَاسَرَ (مُعَاسَرَة) [عسر] কঠোর আচরণ করা

['আশা] عَاشَ [ض] (عَيْش ، مَعِيشَة) [عيش] বেঁচে থাকা, জীবনযাপন করা, জীবিকা নির্বাহ করা

['আশিব] তৃণাচ্ছাদিত, ঘাস- عَاشِب [عشب] বহুল, তৃণভোজী

['আশারা] সঙ্গী হওয়া, عَاشَرَ (مُعَاشَرَة) [عشر] মেলামেশা করা, ঘনিষ্ঠ হওয়া, অন্তরঙ্গ হওয়া

['আ'শির] দশম, দশ দিনে একবার পানি পান করে এমন (উট) عَاشِر ج عُشَّر [عشر]

['আ'শিরাহ] দশম (স্ত্রী) عَاشِرَة ج عَوَاشِر [عشر]

['আ'শিক] প্রেমিক, প্রণয়ী, অনুরাগী عَاشِق ج عُشَّاق [عشق]

['আ'শিকাহ] প্রণয়িনী, প্রেমিকা, অনুরাগিনী عَاشِقَة ج عَوَاشِق [عشق]

['আ'শূর] মুহাররম মাসের দশম দিন, ১০ই মুহাররম, আশূরা عَاشُور [عشر]

['আ'শূরা', 'আ'শূরা] আশূরাঃ মুহাররম মাসের দশম দিন, ১০ই মুহাররম عَاشُورَاء ، عَاشُورَى [عشر]

['আ'ছা] কঠিন হওয়া, কঠোর হওয়া, দুর্বোধ্য হওয়া عَاصَ [س] (عَوَص ، عِيَاص) [عوص]

['আ'ছরা] সমসাময়িক হওয়া, একই যুগের হওয়া عَاصَرَ (مُعَاصَرَة) [عصر]

['আ'ছির] কৃপণ, কিপটে, ব্যয়কুণ্ঠ عَاصِر ج عَصَرَة [عصر]

['আ'ছিরাহ] ব্যয়কুণ্ঠ, কৃপণ, কিপটে (স্ত্রী) عَاصِرَة ج عَوَاصِر [عصر]

['আ'ছিফ] ঝড়ো, ঝড়ের বেগে প্রবাহিত, প্রবল, প্রচণ্ড (বাতাস) عَاصِف [عصف]

['আ'ছিফ] প্রবল বাতাস, ঝড়, ঘূর্ণিঝড় عَاصِف ج عَوَاصِف

['আ'ছিফাহ] প্রবল বাতাস, ঝড়, ঘূর্ণিঝড় عَاصِفَة ج عَوَاصِف [عصف]

['আ'ছিম] রক্ষাকারী, রক্ষক, হেফাজতকারী, প্রতিরক্ষাকারী عَاصِم [عصم]

['আ'ছিমাহ] রাজধানী, প্রধান নগরী عَاصِمَة ج عَوَاصِم [عصم]

['আ'ছা] অমান্য করা, অবাধ্য হওয়া, বিরোধিতা করা, বিদ্রোহ করা عَاصَى (مُعَاصَاة) [عصي]

['আ'ছী, 'আ'ছিন] অবাধ্য, বিদ্রোহী, পাপী عَاصِي ، عَاصٍ ج عُصَاة [عصي]

['আ'দ্দ] দাঁত দিয়ে কামড়ে ধরে এমন, snapish عَاضّ [عضض]

['আ'দা] প্রতিদান দেওয়া, ক্ষতিপূরণ দেওয়া, পরিবর্তে দেওয়া عَاضَ [ن] (عِوَض ، عِيَاض) [عوض]

['আ'দ্দা] একটি আরেকটিকে কামড়ানো, কামড়াকামড়ি করা عَاضَّ (مُعَاضَّة ، عِضَاض) [عضض]

['আ'দদা] সাহায্য করা, সহায়তা করা, সমর্থন করা عَاضَدَ (مُعَاضَدَة) [عضد]

['আ'তির] সুগন্ধযুক্ত, সুবাসিত عَاطِر [عطر]

['আ'তির] সুগন্ধপ্রিয়, অধিক সুগন্ধ ব্যবহারকারী عَاطِر ج عُطُر [عطر]

['আ'তিশ] তৃষ্ণার্ত, পিপাসার্ত عَاطِش [عطش]

['আ'তিফ] সহানুভূতিশীল, সদয়, সহানুভূতিমূলক, (ব্যাকরণে) সংযোজক عَاطِف [عطف]

['আ'তিফ] সংযোজক অব্যয়, conjunction (ব্যা) عَاطِف ج عَوَاطِف [عطف]

['আ'তিফাহ] আবেগ, অনুভূতি, সহানুভূতি, দয়া عَاطِفَة ج عَوَاطِف [عطف]

['আ'তিফী] আবেগময়, আবেগপ্রবণ, অনুভূতিপ্রবণ عَاطِفِيّ

['আ'তিফিয়্যাহ] আবেগময়তা, আবেগপ্রবণতা, অনুভূতিপ্রবণতা عَاطِفِيَّة [عطف]

['আ'তিল] শূন্য, কর্মহীন, বেকার, অকেজো, অলস عَاطِل [عطل]

['আ'তিল] কর্মহীন ব্যক্তি, বেকার লোক, অলস মানুষ, গায়ে গয়না নেই এমন স্ত্রীলোক عَاطِل ج عَوَاطِل ، عُطَّل ، أَعْطَال

['আ'তিলাহ] শূন্য, বেকার, কর্মহীন, অকেজো, অলস (স্ত্রী), গায়ে গয়না নেই এমন স্ত্রীলোক, অসম্ভ্রান্ত নারী عَاطِلَة ج عَاطِلَات ، عَوَاطِل [عطل]

['আ'তূস] (নাকের) নস্য, নস্যি عَاطُوس [عطس]

['আ'ফা] (পাখি) ছোঁ মারার জন্য চক্কর দেওয়া عَافَ [ن] (عَوْف) [عوف]

['আ'ফা] অপছন্দ করা, ঘৃণা করে রেখে দেওয়া, ছোঁ মারার জন্য চক্কর দেওয়া عَافَ [ض] [س] (عَيْف ، عِيَاف) [عيف]

['আ'ফা] আরোগ্য দান করা, সুস্থ করা, বিপদ থেকে রক্ষা করা عَافَى (مُعَافَاة ، عِفَاء) [عفو]

['আ'ফী] মাফকারী, ক্ষমাকারী, মার্জনাকারী, নিশ্চিহ্ন عَافِي ج عُفِيّ ، عُفَاة ، عَافُون [عفو]

['আফী] عَافِي ج عُفَاة ، عُفِيّ ، عَافِيَة [عفو] অনুগ্রহপ্রার্থী, দয়াপ্রার্থী, অতিথি, আগন্তুক

['আফিয়াহ্] عَافِيَة ج عَوَافِي [عفو] সুস্থতা, সুস্বাস্থ্য, অতিথি, জীবিকা অন্বেষণকারী, অনুগ্রহপ্রার্থী, অতিথি

['আক্বা] عَاقَ [ن] (عَوْق) [عوق] বাধা দেওয়া, আটকে রাখা, বিরত রাখা, বাধাগ্রস্ত করা

['আক্] عَاقّ ج عَقَقَة ، أَعِقَّة [عقق] কথা মানে না এমন, অবাধ্য (সন্তান)

['আক্বা] عَاقّ (مُعَاقَّة) [عقق] বিরোধিতা করা, কথা না মানা, অবাধ্য হওয়া

['আক্বাবা] عَاقَبَ (مُعَاقَبَة ، عِقَاب) [عقب] শাস্তি দেওয়া, সাজা দেওয়া, বদল করা, পিছনে পিছনে আসা

['আক্বিব] عَاقِب [عقب] পরে আগত, পরবর্তী

['আক্বিবাহ্] عَاقِبَة ج عَوَاقِب [عقب] পরিণতি, পরিণাম, ফল, ফলাফল

['আক্বাহ্] عَاقَّة ج عَوَاقّ ، عَاقَّات [عقق] অবাধ্য, কথা মানে না এমন (স্ত্রী)

['আক্বাদা] عَاقَدَ (مُعَاقَدَة) [عقد] চুক্তিবদ্ধ হওয়া, চুক্তি করা

['আক্বিদ] عَاقِد ج عَقَدَة [عقد] অনুষ্ঠানকারী, একত্রকারী, চুক্তিকারী, চুক্তিবদ্ধ

['আক্বারা] عَاقَرَ (مُعَاقَرَة) [عقر] আসক্ত হওয়া, লেগে থাকা, গালাগালি করা, নিন্দা করা

['আক্বির] عَاقِر ج عُقُر ، عَوَاقِر [عقر] সন্তান হয় না এমন, নিঃসন্তান, বন্ধ্যা (স্ত্রীলোক)

['আক্বিফ] عَاقِف ج عَوَاقِف [عقف] রোগাক্রান্ত হয়ে পা বাঁকা হয়ে গিয়েছে এমন (ছাগল)

['আক্বিল] عَاقِل ج عُقَلَاء ، عَاقِلُون [عقل] জ্ঞানী, বুদ্ধিমান, বোধশক্তিসম্পন্ন

['আক্বিল] عَاقِل ج عَاقِلَة [عقل] নিহতের রক্তমূল্য পরিশোধকারী, দিয়াত প্রদানকারী, বন্য ছাগল

['আক্বিলাহ্] عَاقِلَة ج عَوَاقِل ، عَاقِلَات [عقل] জ্ঞানী, বুদ্ধিমতী, বোধশক্তিসম্পন্না (স্ত্রী), বুদ্ধি, পিতার দিকের আত্মীয়স্বজন, জ্ঞাতিবর্গ

['আকাসা] عَاكَسَ (مُعَاكَسَة) [عكس] বিরোধিতা করা, বিপরীত আচরণ করা, উল্টে দেওয়া, একে অপরের মাথার সামনের চুল ধরা

['আকিস] عَاكِس [عكس] ছায়াপাতকারী, প্রতিফলনকারী

['আকিস, 'আকিসাহ্] عَاكِس ، عَاكِسَة ج عَاكِسَات [عكس] প্রতিফলক, reflector, ঢাকনা, shade

['আকিফ] عَاكِف ج عُكُف ، عُكُوف [عكف] বাসিন্দা, বসবাসকারী, স্থায়ীভাবে অবস্থানকারী, এ'তেকাফকারী

['আলা] عَالَ [ن] (عَوْل) [عول] অবিচার করা, ন্যায়বিচার না করা, পক্ষপাতিত্ব করা, ন্যায়পথ থেকে সরে যাওয়া, (ওজন) কম হওয়া, (ওজনে) কম দেওয়া, (তীর) লক্ষ্যে আঘাত না করা, লক্ষ্যভ্রষ্ট হওয়া, কঠিন হওয়া

['আলা] عَالَ (عَوْل ، عِيَالَة) [عول] ভরণপোষণ করা, বড় পরিবার থাকা

['আলা] عَالَ [ض] (عَيْل ، عُيُول) [عيل] দরিদ্র হওয়া, গরীব হওয়া, নিঃস্ব হওয়া, রিক্তহস্ত হওয়া, পরিবার-পরিজন বেশী হওয়া, (ওজন) কম হওয়া, (ওজনে) কম দেওয়া

['আলাহ্] عَالَة ج عَيْل [عول] বৃষ্টি থেকে রক্ষাকারী চাল বা ছাতা, উটপাখি

['আলাহ্] عَالَة [عيل] দারিদ্র, অভাব, পোষ্যবর্গ

['আলাজা] عَالَجَ (مُعَالَجَة ، عِلَاج) [علج] চেষ্টা করা, অনুশীলন করা, লেগে থাকা, চিকিৎসা করা, প্রতিকার করা, প্রতিবিধান করা

['আলিক] عَالِق [علق] ঝুলে বা লেগে আছে এমন, ঝুলন্ত, সংলগ্ন

['আলাম] عَالَم ج عَوَالِم ، عَالَمُون জগৎ, পৃথিবী, বিশ্ব, দুনিয়া, সৃষ্টিজগৎ, আলম

[আল-'আলামুছ ছালিছ] العَالَم الثَّالِث তৃতীয় বিশ্ব

['আলিম] عَالِم ج عُلَمَاء ، عَالِمُون [علم] জ্ঞানী, বিদ্বান, পণ্ডিত, শিক্ষিত, বিজ্ঞানী, বৈজ্ঞানিক

['আলিম তবী'ঈ] عَالِم طَبِيعِيّ পদার্থবিজ্ঞানী

['আলামী] عَالَمِيّ বিশ্ব-, বিশ্বজনীন, জাগতিক, বৈশ্বিক, পার্থিব, আন্তর্জাতিক

['আলামিয়্যাহ্] عَالَمِيَّة বৈশ্বিকতা, আন্তর্জাতিকতা, বিশ্বজনীনতা

['আলী] عَالِي [علو] উপর, উপরিভাগ, উপরের

বন্ধু

['আলী, 'আলিন] عَالِي ، عَالٍ ـ عَالِيَة [علو] উচ্চ, উঁচু, মহান, বড়, সম্ভ্রান্ত

['আলী] ঊর্ধ্বতন, عَالِي ، عَالٍ ج عَالُون [علو] উচ্চ মর্যাদাসম্পন্ন, প্রাধান্যপ্রাপ্ত, অবাধ্য, অহঙ্কারী

['আলিয়াহ] عَالِيَة ج عَالِيَات ، عَوَالِي [علو] উচ্চ, উঁচু, মহান, বড়, সম্ভ্রান্ত, উচ্চ মর্যাদাসম্পন্ন (স্ত্রী), উপরিভাগ, উচ্চতর অংশ, উপরের দিক

['আম] বছর, বৎসর, বর্ষ, عَام ج أَعْوَام [عوم] সন, সাল, অব্দ

['আম দিরাসী] শিক্ষাবর্ষ, সেশন (session) عَام دِرَاسِيّ

['আমা] সাঁতার কাটা, عَامَ[ن] (عَوْم) [عوم] সন্তরণ করা, সাঁতরানো, ভাসা

['আম] ব্যাপক, সাধারণ, সার্বজনীন, عَامّ [عمم] জন-, গণ-, সরকারী (খাত)

['আম্মাহ] সাধারণ মানুষ, عَامَّة ج عَوَامّ [عمم] জনসাধারণ

['আম্মাতুন নাস] সাধারণ মানুষ, عَامَّة النَّاس জনসাধারণ

['আম্মাতান, বি-'আম্মাতিন] সাধা- عَامَّةً ، بِعَامَّةٍ রণত, সাধারণভাবে

['আমির] বসতিপূর্ণ, উন্নত, সমৃদ্ধ, عَامِر [عمر] সভ্য, পূর্ণ, পরিপূর্ণ, বিরাট

[উম্ 'আমির] হায়না (হিংস্র প্রাণী) أُمّ عَامِر

['আমালা] আচরণ করা, عَامَلَ (مُعَامَلَة) [عمل] লেনদেন করা

['আমিল] যে কাজ করে, عَامِل ـ عَامِلَة [عمل] সক্রিয়, কার্যকর, ক্রিয়াশীল

['আমিল] কর্মী, عَامِل ج عُمَّال ج عَامِلُون [عمل] কর্মচারী, চাকর, শ্রমিক, গভর্নর, আমলকারী

['আমিল] কারণ, হেতু, عَامِل ج عَوَامِل [عمل] কার্যকারণ, উপাদান, দাবি, চাহিদা, চালিকা-শক্তি, (ব্যাকরণে) অন্য শব্দের চালক শব্দ

['আমী] বাৎসরিক, বার্ষিক عَامِيّ

['আম্মী] সাধারণ, প্রচলিত, কথ্য, عَامِّيّ [عمم] আঞ্চলিক (ভাষা)

[আল-'আম্মিয়্যাহ, الْعَامِّيَّة ، اللُّغَة الْعَامِّيَّة [عمم] আল-লুগাতুল 'আম্মিয়্যাহ] কথ্য ভাষা, আঞ্চলিক ভাষা

['আনাহ] বন্য গাধার পাল, عَانَة ج عَانَات ، عُون গাধী, নাভির তলদেশ, তলপেট, তলপেটের চুল

['আনাদা] অবাধ্য عَانَدَ (مُعَانَدَة ، عِنَاد) [عند] হওয়া, বিরোধিতা করা, একগুঁয়েমি করা, বিদ্রোহ করা

['আনিস] বয়স্ক অবিবাহিত লোক, عَانِس [عنس] আইবুড়ো পুরুষ, চিরকুমার

['আনিস] বয়স্ক عَانِس ج عُنْس ، عُنَّس ، عَوَانِس অবিবাহিত মহিলা, আইবুড়ো মহিলা, চিরকুমারী

['আনাক্বা] গলাগলি করা, عَانَقَ (مُعَانَقَة) [عنق] কোলাকুলি করা, আলিঙ্গন করা, গলায় দুই হাত রেখে বুকে জড়িয়ে ধরা

['আনা] ভোগ করা, সহ্য عَانَى (مُعَانَاة) [عني] করা, কষ্ট করা, কষ্ট পাওয়া

['আনী] বন্দী, বিনীত, বাধ্য, عَانِي ج عُنَاة [عنو] অনুগত, দুর্দশাগ্রস্ত, দুঃস্থ, উদ্বিগ্ন, উৎকণ্ঠিত, আগ্রহী, মনোযোগী, প্রবাহিত (রক্ত, পানি)

['আনিয়াহ] عَانِيَة ج عَانِيَات ، عَوَانِي [عنو] বন্দী, বিনীত, বাধ্য, অনুগত, দুর্দশাগ্রস্ত, দুঃস্থ, উদ্বিগ্ন, উৎকণ্ঠিত, আগ্রহী, মনোযোগী (স্ত্রী)

['আহাহ] ব্যাধি, عَاهَة ج عَاهَات [عوه ، عيه] দুর্বলতা, অক্ষমতা, দৈহিক খুঁত, বিকলাঙ্গতা

['আহাদা] প্রতিজ্ঞা করা, عَاهَدَ (مُعَاهَدَة) [عهد] চুক্তি করা, প্রতিশ্রুতি দেওয়া, প্রতিজ্ঞাবদ্ধ হওয়া

['আহারা] ব্যভিচার করা, عَاهَرَ (مُعَاهَرَة) [عهر] যেনা করা

['আহির] লম্পট, عَاهِر ج عُهَّار ، عَاهِرُون [عهر] ব্যভিচারী, যেনাকারী

['আহির] ব্যভিচারিণী, عَاهِر ج عَوَاهِر [عهر] যেনাকারিণী, পতিতা, বেশ্যা

['আহিরাহ] ব্যভিচারিণী, عَاهِرَة ج عَوَاهِر [عهر] যেনাকারিণী, পতিতা, বেশ্যা

['আহিল] রাজা, عَاهِل ج عَوَاهِل ، عُهَّال [عهل] সম্রাট, শাসক, স্বামীবিহীন স্ত্রীলোক, পতিহীনা

['আহিন] (দেহের) অঙ্গ, عَاهِن ج عَوَاهِن [عهن] খেজুর গাছের ডাল, নিঃস্ব, দরিদ্র, ঢিলে, অলস

['আহিনাহ] খেজুর গাছের ডাল عَاهِنَة ج عَوَاهِن

عِبَارَة ج عِبَارَات [عبر] ['ইবারাহ্] অর্থপূর্ণ শব্দ-সমষ্টি, পাঠাংশ, বর্ণনা, প্রকাশ, কথা, বর্ণনাভঙ্গি, প্রকাশভঙ্গি, অর্থ

عِبَارَة عَنْ ['ইবারাহ্ 'আন] হল, হচ্ছে, (মধ্যে) আছে

بِعِبَارَةٍ أُخْرَى [বি-'ইবারতিন উখ্‌রা] অন্যভাবে বললে, অন্য কথায়, অর্থাৎ

عَبَّاس [عبس] ['আব্বাস] অধিক ভ্রূকুটিকারী, গোমড়ামুখো, রূঢ়, কঠোর

عَبَّاسِيّ ['আব্বাসী] আব্বাসী, আব্বাসীয়, আব্বাসী বংশীয়, আব্বাসী শাসনামলের

عَبَايَة ج عَبَايَات ['আবায়াহ্] আবাঃ একপ্রকার ঢিলা জামা

عَبَأَ [ف] (عَبْء) ['আবাআ] প্রস্তুত করা, সাজিয়ে রাখা, বিন্যস্ত করা

عَبَأَ بِ [-- বি] খেয়াল করা, মনোযোগ দেওয়া, ভ্রূক্ষেপ করা, গুরুত্ব দেওয়া, পরোয়া করা

مَا عَبَأَ بِ [মা 'আবাআ বি] মনোযোগ না দেওয়া, খেয়াল না করা, ভ্রূক্ষেপ না করা, পরোয়া না করা, গুরুত্ব না দেওয়া

عَبَّأَ (تَعْبِئَة) [عبأ] ['আব্বাআ] প্রস্তুত করা, বিন্যস্ত করা, সজ্জিত করা, (সৈন্য) সমাবেশ করা, একটার উপর একটা রাখা, ভরা, বোঝাই করা, গাদানো, কৌটায় ভরা

عِبْء ج أَعْبَاء ['ইব্'] বোঝা, ভার, বোঝাই-করা বস্তু, দায়িত্ব

عَبَث ['আবাছ্] খেলা, তামাশা, কৌতুক, নিরর্থক

عَبَثًا ['আবাছান] নিরর্থক, অমূলক, বৃথা, অযথা

عَبِثَ [س] (عَبَث) ['আবিছা] খেলা করা, তামাশা করা, নিরর্থক কাজ করা

عَبِثَ بِ [-- বি] হালকা মনে করা, গুরুত্বহীন মনে করা, অবজ্ঞা করা

عَبْد ج عِبَاد ، عَبِيد ['আব্দ] দাস, ক্রীতদাস, গোলাম, উপাসক, সেবক, বান্দা

عَبَدَ [ن] (عِبَادَة) ['আবাদা] এবাদত করা, পূজা করা, উপাসনা করা, দাসত্ব করা, সেবা করা

عَبُدَ [ن] (عُبُودَة ، عُبُودِيَّة) ['আবুদা] পূর্বপুরুষ থেকে দাস হওয়া

أَلْقَى الْكَلَامَ عَلَى عَوَاهِنِهِ [আল্‌ক্বাল কালামা 'আলা 'আওয়াহিনিহী] বল্গাহীনভাবে কথা বলা, এলোমেলোভাবে কথা বলা, চিন্তা না করে কথা বলা

عَاوَدَ (مُعَاوَدَة ، عِوَاد) [عود] ['আওয়াদা] ফিরে আসা, আবার আসা, প্রত্যাবর্তন করা, পুনরায় করা, (রোগ) আবার আক্রমণ করা, অভ্যাস থেকে করা

عَاوَضَ (مُعَاوَضَة) [عوض] ['আওয়াদা] পরিবর্তে দেওয়া, বদল করা, বিনিময় করা, প্রতিদান দেওয়া, ক্ষতিপূরণ দেওয়া

عَاوَمَ (مُعَاوَمَة) [عوم] ['আওয়ামা] (গাছে) এক বছর পর পর ফল ধরা, বছর হিসেবে চুক্তি করা

عَاوَنَ (مُعَاوَنَة) [عون] ['আওয়ানা] সাহায্য করা, সহায়তা করা, সহায়তা দেওয়া

عَايَدَ (مُعَايَدَة) [عيد] ['আয়াদা] ঈদের শুভেচ্ছা জানানো, উৎসব উপলক্ষে অভিনন্দন জানানো

عَايَرَ (مُعَايَرَة ، عِيَار) [عير] ['আয়ারা] ওজন বা মাপ যাচাই করা, ওজন বা মাপ ঠিক করা, গৌরব-প্রতিযোগিতা করা

عَايَشَ (مُعَايَشَة) [عيش] ['আয়াশা] সঙ্গে বাস করা, একত্রে বসবাস করা

عَايَنَ (مُعَايَنَة ، عِيَان) [عين] ['আয়ানা] চোখে দেখা, প্রত্যক্ষ করা, ভাল করে দেখা, পর্যবেক্ষণ করা, নিরীক্ষণ করা

عَبَّ [ن] (عَبّ) [عبب] ['আব্বা] গিলে ফেলা

عِبّ ، عُبّ ج عِبَاب ['ইব্, 'উব্] (জামার) বুক, বুকপকেট, আস্তিন, হাতা

عَبَاء ج أَعْبِئَة ['আবা'] আবাঃ একপ্রকার ঢিলা জামা

عَبَاءَة ج عَبَاءَات ['আবাআহ্] আবাঃ একপ্রকার ঢিলা জামা

عُبَاب [عبب] ['উবাব্] তরঙ্গ, ঢেউ, ঢল, স্রোত

عَبَّاد [عبد] ['আব্বাদ] অধিক ইবাদতকারী

عَبَّاد الشَّمْس ، عَبَّادَة الشَّمْس ['আব্বাদুশ শাম্‌স, 'আব্বাদাতুশ শাম্‌স] সূর্যমুখী (ফুল)

عِبَادَة [عبد] ['ইবাদাহ্] এবাদত, বন্দেগি, পূজা, উপাসনা, অর্চনা, দাসত্ব, সেবা

عَبَّدَ (تَعْبِيد) [عبد] ['আব্বাদা] দাস বানানো, দাসে পরিণত করা, বশীভূত করা, (পথ) সুগম করা, (রাস্তা) তৈরী করা, উন্মুক্ত করা

عَبْدِيَّة [عبد] ['আব্দিয়্যাহ] দাসত্ব, আনুগত্য, গোলামি, সেবা

عَبْر ['আব্‌র] অতিক্রমণ, পাড়ি, পারাপার, অপর পার

عَبْرَ ['আব্‌রা] পার হয়ে, উপর দিয়ে, মধ্য দিয়ে, জুড়ে

عَبَرَ [ن] (عَبْر ، عُبُور) ['আবারা] পার হওয়া, পাড়ি দেওয়া, অতিক্রম করা, অতিক্রান্ত হওয়া, মরে যাওয়া

عَبَرَ بِ [-- বি] পার করা, পার করে দেওয়া, পার করে নেওয়া

عَبَرَ (عَبْر) ['আবারা] অশ্রু ঝরানো, ক্রন্দন করা, কাঁদা, শব্দ না করে (বই) পড়া, (মুদ্রা, পণ্য) পরীক্ষা করে দেখা, নিরীক্ষণ করা

عَبَرَ (عَبْر ، عِبَارَة) ['আবারা] (স্বপ্নের) তাৎপর্য ব্যাখ্যা করা, তাবীর করা

عَبِرَ [س] (عَبَر) ['আবিরা] অশ্রু ঝরানো, ক্রন্দন করা, কাঁদা, শিক্ষা গ্রহণ করা

عَبَّرَ (تَعْبِير) [عبر] ['আব্বারা] (স্বপ্নের) ব্যাখ্যা করা, তাৎপর্য ব্যাখ্যা করা, তাবীর করা, পার করা

عَبَّرَ عَنْ [-- 'আন] ব্যক্ত করা, প্রকাশ করা, অর্থ করা, নির্দেশ করা, ঘোষণা করা

عِبْرَانِيّ ['ইব্‌রানী] হিব্রু (Hebrew)

العِبْرَانِيَّة [আল-'ইব্‌রানিয়্যাহ] হিব্রু ভাষা

عَبْرَة ج عَبَرَات ['আব্‌রাহ] অশ্রু, চোখের পানি, আঁখিজল, আঁসু

عِبْرَة ج عِبَر ['ইব্‌রাহ] শিক্ষা, উপদেশ, দৃষ্টান্ত

عِبْرِيّ ['ইব্‌রী] হিব্রু (Hebrew)

العِبْرِيَّة [আল-'ইব্‌রিয়্যাহ] হিব্রু ভাষা

عَبَسَ ['আবাসা] সূরা 'আবাসাঃ পবিত্র কোরআনের ৮০তম সূরা

عَبَسَ [ض] (عَبْس ، عُبُوس) ['আবাসা] ভ্রূকুটি করা, রূঢ় হওয়া, কঠোর হওয়া, মুখ মলিন করা

عَبِق ['আবিক] সুবাস ছড়ায় এমন, সুবাসযুক্ত, সুরভিত

عَبِقَ [س] (عَبَق ، عَبَاقَة ، عَبَاقِيَة) ['আবিক্বা] সুরভিত হওয়া, সুগন্ধময় হওয়া, সুবাস ছড়ানো

عَبِقَ بِ [-- বি] (সুবাস ইত্যাদিতে) ভরে যাওয়া, পূর্ণ হওয়া, (ঘ্রাণ) লেগে থাকা, বাস করা

عَبْقَر ['আব্‌ক্বার] জ্বিন-পরীদের দেশ, পরীস্থান

عَبْقَرِيّ ['আব্‌ক্বারী] প্রতিভাবান, মেধাবী, মহান, পূর্ণ, বড়, শক্তিশালী, নেতা, একপ্রকার মূল্যবান বিছানা

عَبْقَرِيّ ج عَبَاقِرَة ['আব্‌ক্বারী] প্রতিভাবান ব্যক্তি, মহান ব্যক্তি, বড় ব্যক্তিত্ব

عَبْقَرِيَّة ['আব্‌ক্বারিয়্যাহ] প্রতিভা, মেধা

عَبْل ، عَبِل ج عِبَال ['আব্‌ল, 'আবিল] বিরাট, হৃষ্টপুষ্ট, মোটাসোটা, সুগোল, সুডৌল

عَبِلَ [س] (عَبَل) ['আবিলা] বিরাট হওয়া, হৃষ্টপুষ্ট হওয়া, মোটাসোটা হওয়া

عَبُلَ [ك] (عَبَالَة ، عُبُول) ['আবুলা] বিরাটকায় হওয়া, হৃষ্টপুষ্ট হওয়া, মোটাসোটা হওয়া

عُبُوَّة ج عُبُوَّات [عبو] ['উবুওওয়াহ] ভরার বস্তু, ভরাট, পূর্তি, পূরণ, প্যাকেট

عُبُوَّة نَاسِفَة ['উবুওওয়াহ নাসিফাহ] বিস্ফোরক, বোমা

عُبُودَة ، عُبُودِيَّة [عبد] ['উবুদাহ, 'উবুদিয়্যাহ] দাসত্ব, গোলামি, বন্দেগি, এবাদত, সেবা

عُبُور [عبر] ['উবুর] অতিক্রমণ, পারাপার, পাড়ি

عَبُوس [عبس] ['আবুস] ভ্রূকুটিপূর্ণ, কঠোর, রূঢ়, মলিনমুখ

عُبُوس [عبس] ['উবুস] ভ্রূকুটি, কঠোর দৃষ্টি, কঠোরতা, রূঢ়তা

عَبَّى (تَعْبِيَة) [عبي] ['আব্বা] ভরা, ভর্তি করা, ভরাট করা, পূর্ণ করা, (সৈন্য) সমাবেশ করা, প্রস্তুত করা

عَبِير ['আবীর] সুগন্ধ, সুবাস, সুরভি, সৌরভ

عَتَا [ن] (عُتُوّ ، عِتِيّ ، عُتِيّ) [عتو] ['আতা] উদ্ধত হওয়া, অবাধ্য হওয়া, অহমিকা প্রদর্শন করা, সীমালঙ্ঘন করা, তীব্র হওয়া, বয়োবৃদ্ধ হওয়া

عِتَاب [عتب] ['ইতাব] তিরস্কার, ভর্ৎসনা, নিন্দা

عِتْق ['ইত্ক] প্রাচীনত্ব, শ্রেষ্ঠত্ব, মুক্তি, স্বাধীনতা, খাঁটি বংশ, বংশ-মর্যাদা, আভিজাত্য, সৌন্দর্য

عُتُق ['উতুক] ধনুক বানানোর একপ্রকার গাছ

عَتَلَ [ن] [ض] (عَتْل) ['আতালা] (বোঝা) বহন করা, উপরে তোলা, উঠানো, জোরে টেনে আনা, জোরে ঠেলে দেওয়া, নিয়ে যাওয়া

عُتُلّ ['উতুল্] দুষ্ট, রূঢ়, বদমেজাজ, পেটুক

عَتَلَة ج عَتَل ، عَتَلَات ['আতালাহ্] মাটির বড় পিণ্ড, ভার উত্তোলনের কাজে ব্যবহৃত লৌহদণ্ড, লিভার (lever), শক্ত লাঠি, শাবল

عَتَمَ [ض] (عَتْم) ['আতামা] দ্বিধা করা, ইতস্তত করা, দেরি করা, বিলম্বিত করা, (রাতের) কিছু অংশ অতিবাহিত হওয়া

عَتَّمَ (تَعْتِيم) [عتم] ['আত্তামা] কালক্ষেপণ করা, ইতস্তত করা, দ্বিধা করা, অন্ধকার করা, অস্পষ্ট করা, অন্ধকারে করা, অন্ধকারে চলা

عُتْم ، عُتْمَة ['উত্ম, 'উত্মাহ্] বন্য জলপাই গাছ

عَتَمَة ['আতামাহ্] অন্ধকার, তমসা, অনুজ্জ্বলতা, অস্পষ্টতা, রাতের প্রথম তৃতীয়াংশ, রাতের অন্ধকার, বিলম্ব, দেরি

عَتَه ['আতাহ্] দিগ্‌ভ্রান্তি, হতভম্বতা, নির্বুদ্ধিতা, বোকামি, বুদ্ধির স্বল্পতা, মস্তিষ্কবিকৃতি

عَتِهَ [س] (عُتْه ، عَتَه)، عُتِهَ ['আতিহা, 'উতিহা] দিগ্‌ভ্রান্ত হওয়া, হতভম্ব হওয়া, বিকৃতমস্তিষ্ক হওয়া, বোকা হওয়া, নির্বোধ হওয়া, স্বল্পবুদ্ধি হওয়া

عُتْه ['উত্হ্] দিগ্‌ভ্রান্তি, হতভম্বতা, মস্তিষ্কবিকৃতি, নির্বুদ্ধিতা, বোকামি, বুদ্ধির স্বল্পতা

عُتُوّ ['উতূ] অবাধ্যতা, ঔদ্ধত্য, অহমিকা, ধৃষ্টতা, অত্যাচার, শক্তি, তীব্রতা

عَتِيّ ج أَعْتَاء [عتو] ['আতী] উদ্ধত, অত্যাচারী, জালেম, অহঙ্কারী, কঠোর

عِتِيّ ، عُتِيّ [عتو] ['ইতী, 'উতী] ঔদ্ধত্য, ধৃষ্টতা, অহমিকা, অহঙ্কার

بَلَغَ مِنَ الْعُمْرِ عِتِيًّا [বালাগা মিনাল 'উমরি 'ইতিয়্যান] অনেক বয়স্ক হওয়া, বয়োবৃদ্ধ হওয়া

عَتِيد [عتد] ['আতীদ] প্রস্তুত, উপস্থিত, প্রাচীন, সুপরিচিত, প্রবীণ

عَتَاد ج عُتُد ، أَعْتُد ، أَعْتِدَة ['আতাদ] সরঞ্জাম, সম্ভার, সামগ্রী

عَتَّار [عتر] ['আত্তার] শক্তিশালী, সাহসী, বন্য

عُتَاق [عتق] ['উতাক] উন্নতমানের পুরাতন মদ

عَتَاقَة [عتق] ['আতাক্বাহ্] প্রাচীনত্ব, স্বাধীনতা, মুক্তি

عَتَّال [عتل] ['আত্তাল] ভারবাহী, বোঝাবাহক, কুলি, মুটে

عِتَالَة [عتل] ['ইতালাহ্] বোঝাবহন, কুলিগিরি, বোঝাবহনের পারিশ্রমিক, কুলি-ভাড়া, মুটে-ভাড়া

عَتَاهَة [عته] ['আতাহাহ্] দিগ্‌ভ্রান্তি, হতভম্বতা, মস্তিষ্কবিকৃতি, বুদ্ধির স্বল্পতা, বোকামি, নির্বুদ্ধিতা

عَتَاهِيَة [عته] ['আতাহিয়াহ্] দিগ্‌ভ্রান্তি, হতভম্বতা, মস্তিষ্কবিকৃতি, বুদ্ধির স্বল্পতা, নির্বুদ্ধিতা; দিগ্‌ভ্রান্ত, হতভম্ব, নির্বোধ, বোকা, স্বল্পবুদ্ধি

عَتْب ['আত্ব] নিন্দা, তিরস্কার, ভর্ৎসনা, খঞ্জত্ব

عَتَب ['আতাব] কষ্ট, অপছন্দনীয় জিনিস, ত্রুটি, শক্ত ভূমি, দুই আঙ্গুলের (তর্জনী ও মধ্যমা অথবা অনামিকা ও মধ্যমা) মধ্যবর্তী ফাঁক, দুই পাহাড়ের মধ্যবর্তী ফাঁক, গোলযোগ

عَتَبَة ج عَتَب ، عَتَبَات ['আতাবাহ্] চৌকাঠের নিম্নাংশ, গোবরাট, সরদল, lintel, শক্ত ভূমি, অপছন্দনীয় জিনিস, কষ্ট, সিঁড়ির ধাপ

عُتْبَة ['উত্বাহ্] উপত্যকার বাঁক, পাহাড়ে আরোহণের পথ

عُتْبَى ['উত্বা] সন্তুষ্টি, খুশি, অনুগ্রহ

عَتُدَ [ك] (عَتَاد ، عَتَادَة) ['আতুদা] তৈরী হওয়া, প্রস্তুত হওয়া

عَتَّدَ (تَعْتِيد) [عتد] ['আত্তাদা] তৈরী করা, প্রস্তুত করা

عَتَقَ [ض] (عَتْق ، عِتْق) ['আতাক্বা] পুরাতন হওয়া, বয়স্ক হওয়া, মুক্ত হওয়া, মুক্তি পাওয়া

عَتُقَ [ك] (عِتْق ، عَتَاقَة) ['আতুক্বা] পুরাতন হওয়া, পুরান হওয়া, প্রাচীন হওয়া, মুক্ত হওয়া, শ্রেষ্ঠ হওয়া

عَتَّقَ (تَعْتِيق) [عتق] ['আত্তাক্বা] পুরাতন করা, কামড় দেওয়া

عَتِيدَة ج عَتَائِد [عتد] ['আতীদাহ্] প্রাচীন, প্রস্তুত, উপস্থিত, সুপরিচিত (স্ত্রী), (নববধূর) প্রসাধন-সামগ্রী রাখার বাক্স বা পাত্র

عَتِيق ج عُتَقَاء ، عُتُق ، عِتَاق [عتق] ['আতীক] প্রাচীন, পুরান, শ্রেষ্ঠ, মহান, মুক্ত, সম্ভ্রান্ত, ভাল জাতের (ঘোড়া, উট), সুন্দর, চমৎকার

الْبَيْت الْعَتِيق [আল-বাইতুল 'আতীক] সুপ্রাচীন গৃহঃ পবিত্র কাবাঘর

عَتِيقَة ج عَتَائِق [عتق] ['আতীক্বাহ্] প্রাচীন, শ্রেষ্ঠ, সম্ভ্রান্ত, মুক্ত, ভাল জাতের (স্ত্রী), সুন্দরী নারী

عُثَّة ج عُثّ ، عُثَث ['উছ্‌ছাহ্] বস্ত্র পশম চামড়া ইত্যাদি কাটার পোকা, মথপোকা (moth), দেয়ালী পোকা, চেলোপোকা (mite)

عَثَا [ن] (عُثُوّ) [عثو] ['আছা] গোলযোগ সৃষ্টি করা, অপরাধ করা, অপকর্ম করা, অন্যায় করা, ক্ষতি করা

عَثَرَ [ن] (عَثْر ، عُثُور) بِ ، عَلَى ['আছারা] অব-হিত হওয়া, জানতে পারা, আবিষ্কার করা, সন্ধান পাওয়া, এসে পড়া, আঘাত করা

عَثَرَ [ن] [ض] (عَثْر ، عِثَار) ['আছারা] হোঁচট খাওয়া, স্খলিত হওয়া, আছাড় খাওয়া

عَثَّرَ (تَعْثِير) [عثر] ['আছ্‌ছারা] আছাড় দেওয়া, হোঁচট খাওয়ানো, স্খলিত করা

عَثْرَة ج عَثَرَات ['আছ্‌রাহ্] আছাড়, হোঁচট, ভুল, স্খলন

عُثْقُول ج عَثَاقِيل ['উছ্‌কূল] কলার কাঁদি

عُثْكُول ج عَثَاكِيل ['উছ্‌কূল] খেজুরের ছড়া

عُثْمَانِيّ ['উছ্‌মানী] (তুরস্কের) ওসমানী বংশীয়, ওসমানী শাসনামলের, অটোমান

عُثْنُون ج عَثَانِين ['উছ্‌নূন] দাড়ি, শ্মশ্রু

عَثُور [عثر] ['আছূর] অধিক হোঁচট বা আছাড় খায় এমন, বারবার পড়ে যায় এমন

عُثُور [عثر] ['উছূর] আবিষ্কার, সন্ধানলাভ

عَثَى [ض] (عِثِيّ ، عُثِيّ) [عثي] ['আছা] ক্ষতি করা, অন্যায় করা, অপরাধ করা, অপকর্ম করা, গোলযোগ সৃষ্টি করা

عَثِيَ [س] (عِثِيّ ، عُثِيّ) [عثي] ['আছিয়া] ক্ষতি করা, অন্যায় করা, অপরাধ করা, অপকর্ম করা, গোলযোগ সৃষ্টি করা

عِثْيَر ['ইছ্‌ইয়ার] ধূলিকণা, বালুকণা

عَجّ ['আজ্] শোরগোল, হৈচৈ, গর্জন

عَجَّ [ض] [س] (عَجّ ، عَجِيج) [عجج] ['আজ্জা] উচ্চ শব্দ করা, গর্জন করা, শোরগোল করা, (বাতাস) ধূলি উড়ানো, (উট) তাড়ানো

عُجَاب [عجب] ['উজাব] আশ্চর্যজনক, বিস্ময়কর

عَجَبٌ عُجَاب ['আজাবুন 'উজাব] অতি আশ্চর্য-জনক বস্তু, অত্যন্ত বিস্ময়কর ব্যাপার

عَجَاج [عجج] ['আজাজ] ধূলি, ধুলো, ধোঁয়া, শোরগোল, হৈচৈ, নির্বোধ, বোকা

عَجَّاج [عجج] ['আজ্জাজ] শোরগোলপূর্ণ, হৈচৈ-পূর্ণ, গর্জনকারী, চিৎকারকারী, শোরগোলকারী, হৈচৈকারী

عِجَاف [عجف] ['ইজাফ] শীর্ণ, কৃশ, শীর্ণকায়, ছিপছিপে, হালকা-পাতলা (أَعْجَف-এর বহুবচন)

عَجَّال [عجل] ['আজ্জাল] অত্যন্ত তাড়াহুড়াকারী

عُجَالَة [عجل] ['উজালাহ্] যা তাড়াতাড়ি করা হয়, দ্রুত কাজ, ত্বরিত কর্ম, মেহমানের জন্য তাড়াতাড়ি পরিবেশিত খাদ্য, ত্বরিত মেহমানদারি

عُجَام ، عُجَامَة [عجم] ['উজাম, 'উজামাহ্] কিশমিশ আনার খেজুর ইত্যাদির বীচি

عَجَّان [عجن] ['আজ্জান] ময়দার তাল বানানোর কাজ করে এমন, বোকা, হাবা, নির্বোধ

عِجَان ['ইজান] উরুদ্বয়ের মাঝখানে পুরুষের অণ্ডাশয় আর নারীর যোনিদ্বার ও মলদ্বারের মধ্যবর্তী স্থান, perineum

عَجَب ج أَعْجَاب ['আজাব] বিস্ময়, আজব বস্তু, আশ্চর্য, আশ্চর্যের ব্যাপার, (আল্লাহর) সন্তুষ্টি

عَجَبًا ، يَا لَلْعَجَب ['আজাবান, ইয়া লাল-'আজাব] কী আশ্চর্য! আশ্চর্যের ব্যাপার!

عَجِبَ [س] (عَجَب) ['আজিবা] বিস্মিত হওয়া, অবাক হওয়া, আশ্চর্যান্বিত হওয়া

عَجِبَ إِلَى [-- ইলা] আকৃষ্ট হওয়া, মুগ্ধ হওয়া

عَجَّبَ (تَعْجِيب) [عجب] ['আজ্জাবা] বিস্মিত করা, অবাক করা, আশ্চর্যান্বিত করা

عَجِفَ [س]، عَجُفَ [ك] (عَجَف) ['আজিফা, 'আজুফা] দুর্বল হওয়া, কাহিল হওয়া, কৃশ হওয়া, শীর্ণ হওয়া, (অঞ্চল) অনাবৃষ্টিকবলিত হওয়া

عُجْف ['উজ্‌ফ] শীর্ণ, কৃশ, শীর্ণকায়, ছিপছিপে, হালকা-পাতলা, দুর্বল (أَعْجَف-এর বহুবচন)

عَجْفَاء [عجف] ['আজ্‌ফা'] দুর্বল, কাহিল, শীর্ণ, কৃশ, ছিপছিপে (أَعْجَف-এর স্ত্রীলিঙ্গ)

عَجَل ['আজাল] দ্রুততা, ক্ষিপ্রতা, ত্বরা, তাড়া, তাড়াহুড়া, ব্যস্ততা

عَجِل ['আজিল] দ্রুত, ক্ষিপ্র, ত্বরিত, তাড়াহুড়াকারী, ব্যস্ত, অবিলম্বে সম্পন্ন

عَجِلَ [س] (عَجَل) ['আজিলা] তাড়াহুড়া করা, ত্বরা করা

عَجَّلَ (تَعْجِيل) [عجل] ['আজ্জালা] দ্রুত করা, তাড়াতাড়ি করা, ত্বরান্বিত করা, আগে আগে করা, অগ্রিম দেওয়া

عَجُل ['আজুল] দ্রুত, ক্ষিপ্র, ত্বরিত, তাড়াহুড়াকারী, ব্যস্ত, অবিলম্বে সম্পন্ন

عِجْل ج عُجُول ['ইজ্‌ল] বাছুর, গোবৎস

عُجْل ['উজ্‌ল] যা তাড়াতাড়ি করা হয়, দ্রুত কাজ, ত্বরিত কর্ম, মেহমানের জন্য তাড়াতাড়ি পরিবেশিত খাদ্য, ত্বরিত মেহমানদারি

عَجْلَان مث عَجْلَى ج عَجَالَى، عِجَال ['আজ্‌লান] দ্রুত, ক্ষিপ্র, দ্রুততাসম্পন্ন, তাড়াহুড়াকারী

عَجَلَة ['আজালাহ্‌] দ্রুততা, ক্ষিপ্রতা, ত্বরা, তাড়া, তাড়াহুড়া, ব্যস্ততা

عَجَلَة ج عَجَل، عَجَلَات، عِجَال ['আজালাহ্‌] গাড়ির চাকা, গাড়ি

عَجَلَة القِيَادَة ['আজালাতুল ক্বিয়াদাহ্‌] (গাড়ির) স্টিয়ারিং হুইল (steering wheel)

عُجْلَة ['উজ্‌লাহ্‌] যা তাড়াতাড়ি করা হয়, দ্রুত কাজ, ত্বরিত কর্ম, মেহমানের জন্য তাড়াতাড়ি পরিবেশিত খাদ্য, ত্বরিত মেহমানদারি

عَجْم ['আজ্‌ম] লেজের গোড়া

عَجَم ['আজাম] (ফলের) আঁটি, বীচি, দানা

عَجَم ج أَعْجَام ['আজাম] অনারব, পারসিক,

عُجْب ['উজ্‌ব] অহমিকা, দম্ভ, অহঙ্কার, বড়াই

عُجَّة ج عُجَّات [عجج] ['উজ্জাহ্‌] ডিমের বড়া, মামলেট

عَجَّجَ (تَعْجِيج) [عجج] ['আজ্জাজা] (ধূলি) উড়ানো, (ঘর ধোঁয়ায়) ভরে ফেলা

عُجْرَة ج عُجَر ['উজ্‌রাহ্‌] গিঁট, গাঁট, কুঁজ

عَجْرَفَة [عجرف] ['আজ্‌রফাহ্‌] অহমিকা, দম্ভ, ঔদ্ধত্য, রূঢ়তা, কঠোরতা

عَجْز ['আজ্‌য] অক্ষমতা, অপারগতা, দুর্বলতা, বার্ধক্য, ঘাটতি

عَجْز ج أَعْجَاز ['আজ্‌য] পশ্চাদ্ভাগ, পিছনের অংশ, পাছা, শ্লোকের দ্বিতীয়ার্ধ, গাছের শিকড়, কাণ্ড

عَجَزَ [ض]، عَجِزَ [س] (عَجْز) عَنْ ['আজাযা, 'আজিযা] অক্ষম হওয়া, অপারগ হওয়া

عَجِز ج أَعْجَاز ['আজিয] পশ্চাদ্ভাগ, পিছনের অংশ, পাছা, নিতম্ব, অক্ষম, অপারগ

عَجِزَ [س] (عَجَز ، عُجْز) ['আজিযা] পাছা বড় হওয়া, বড় নিতম্ববিশিষ্ট হওয়া

عَجُز ج أَعْجَاز ['আজুয] পশ্চাদ্ভাগ, নিতম্ব, পাছা, (কবিতার) দ্বিতীয় শ্লোকার্ধ, অক্ষম, অপারগ

عَجُزَ [ك] (عُجُوز) ['আজুযা] বৃদ্ধ হয়ে যাওয়া, বার্ধক্যে উপনীত হওয়া

عَجَّزَ (تَعْجِيز) [عجز] ['আজ্জাযা] অক্ষম করা, অপারগ করা, দুর্বল করা, বৃদ্ধ হয়ে যাওয়া, বার্ধক্যে উপনীত হওয়া

عِجْز ، عُجْز ج أَعْجَاز ['ইজ্‌য, 'উজ্‌য] পশ্চাদ্ভাগ, পিছনের অংশ

عَجْعَجَ (عَجْعَجَة) [عجعج] ['আজ্‌'আজা] হৈচৈ করা, শোরগোল করা, গণ্ডগোল করা

عَجْعَجَة [عجعج] ['আজ্‌'আজাহ্‌] হৈচৈ, শোরগোল, গণ্ডগোল

عَجَف ['আজাফ] কৃশতা, শীর্ণতা, হালকা-পাতলা গড়ন

عَجَفَ [ن] [ض] (عَجْف ، عُجُوف) ['আজাফা] দুর্বল করা, কাহিল করা, শীর্ণ করা, খাদ্যগ্রহণ থেকে বিরত থাকা, খাওয়া ছেড়ে দেওয়া

عَجِف ج عِجَاف ['আজিফ] দুর্বল, কাহিল, কৃশ, শীর্ণ

ইরানী

عَجَمَ [ن] (عَجْم) ['আজামা] পরীক্ষা করা, যাচাই করা, (হরফে) নোকতা দেওয়া, (শব্দে) হরকত দেওয়া

عَجَّمَ (تَعْجِيم) [عجم] ['আজ্জামা] (হরফে) নোকতা দেওয়া, (শব্দে) হরকত দেওয়া

عُجْم ['উজ্‌ম] অনারব, পারসিক, ইরানী (জাতি), লেজের গোড়া

عَجْمَاء [عجم] ['আজ্‌মা'] অশুদ্ধভাষী, নির্বাক, বোবা, অনারব, আজম (أَعْجَم-এর স্ত্রীলিঙ্গ)

عَجْمَاء ج عَجْمَاوَات [عجم] ['আজ্‌মা'] (নির্বাক) পশু, (বোবা) জীব-জন্তু

عَجَمَة ['আজামাহ্] (ফলের) আঁটি, বীচি, দানা, বীচি থেকে গজানো খেজুরগাছ

عُجْمَة ['উজ্‌মাহ্] অস্পষ্টতা, অশুদ্ধতা, আরবী ভাষায় ব্যবহৃত বিদেশী শব্দ, অনারবত্ব

عَجَمِيّ [عجم] ['আজামী] অনারব, পারসিক, ইরানী

عَجَنَ [ن] [ض] (عَجْن) ['আজানা] (ময়দা) তাল বানানো, গলানো, ভিজানো, ভর দেওয়া

عَجْوَة ['আজ্‌ওয়াহ্] পিষ্ট খেজুর, আঁটি, বীচি

عَجُوز ج عُجُز ، عَجَائِز [عجز] ['আজূয] বৃদ্ধ, বৃদ্ধা, বয়োবৃদ্ধ, অক্ষম, মদ, বিপদ, দুর্যোগ, আগুন, জাহাজ, রাস্তা, ধনুক

عَجُول ج عُجُل ، عَجَائِل [عجل] ['আজূল] তাড়াহুড়াপ্রিয়, তাড়াহুড়াপ্রবণ, হঠকারী

عَجِيب [عجب] ['আজীব] আশ্চর্যজনক, বিস্ময়কর, অদ্ভুত, অবাক, আজব

عَجِيبَة ج عَجَائِب [عجب] ['আজীবাহ্] আজব জিনিস, আশ্চর্যজনক বস্তু, বিস্ময়

عَجِيج [عجج] ['আজীজ] শোরগোল, চিৎকার, হৈচৈ, গর্জন

عُجَيْرَة ج عُجَيْرَات [عجر] ['উজাইরাহ্] ক্ষুদ্র গ্রন্থি বা স্ফীতি

عَجِيزَة [عجز] ['আজীযাহ্] (নারীর) নিতম্ব, পাছা

عَجِيل ج عِجَال [عجل] ['আজীল] দ্রুত, ত্বরিত, ক্ষিপ্র, তাড়াহুড়াপ্রিয়

عَجِين ج عُجُن [عجن] ['আজীন] ময়দার তাল, আঠা, লেই

عَجِينَة ج عَجَائِن [عجن] ['আজীনাহ্] ময়দার তাল, আঠা, লেই

عَدّ ['আদ্] গণনা, গণন, হিসাব, বিবেচনা

عَدَّ [ن] (عَدّ) [عدد] ['আদ্দা] গণনা করা, গণন করা, গনা, গোনা, হিসাব করা, গণ্য করা, মনে করা, ধারণা করা, বিবেচনা করা

عِدّ ج أَعْدَاد [عدد] ['ইদ্] বিরাট সংখ্যা, বিপুল পরিমাণ, অফুরন্ত পানি, পানির কূপ, ঝরনা, সমকক্ষ, প্রতিপক্ষ

عُدَّ [عدد] ['উদ্দা] গণ্য হওয়া, পরিগণিত হওয়া, মোট পরিমাণ হওয়া

عَدَا ، مَا عَدَا ، فِيمَا عَدَا [عدو] ['আদা, মা 'আদা, ফীমা 'আদা] ব্যতীত, বিনা, ছাড়া, বাদে

عَدَا [ن] (عَدْو ، عَدَوَان ، عُدُوّ) [عدو] ['আদা] দৌড়ানো, ধাবিত হওয়া, ছুটে যাওয়া

عَدَا (عَدْو ، عُدْوَان) ['আদা] ফেরানো, ফিরিয়ে আনা, ফিরিয়ে দেওয়া, সীমালঙ্ঘন করা

عَدَا عَلَى [-- 'আলা] শত্রুতা করা, অন্যায় করা, জুলুম করা, বাড়াবাড়ি করা

عَدَاء ، عِدَاء [عدو] ['আদা', 'ইদা'] দুশমনি, শত্রুতা, বৈরিতা, অনুরূপ, ব্যস্ততা, দৌড়, ছুট

عَدَّاء [عدو] ['আদ্দা'] দ্রুত ধাবনকারী, দৌড়বিদ

عَدَائِيّ ، عِدَائِيّ ['আদাঈ, 'ইদাঈ] বৈরিতাপূর্ণ, শত্রুতামূলক, বৈরী, আক্রমণাত্মক

عَدَائِيَّة ، عِدَائِيَّة [عدو] ['আদাইয়্যাহ, 'ইদাইয়্যাহ্] আক্রমণাত্মক মনোভাব, শত্রুতা, বৈরিতা, শত্রুভাবাপন্নতা

عَدَّاد ج عَدَّادَات [عدد] ['আদ্দাদ] গণনা-যন্ত্র, কাউন্টার, পরিমাপ-যন্ত্র, মিটার

عِدَاد ['ইদাদ] সংখ্যা, হিসাব, পরিমাণ, গণনা, সমকক্ষ, সমান, দান, মৃত্যুর সময়

فِي عِدَادِ [ফী 'ইদাদি] মধ্যে, মাঝে, অন্যতম

عَدَالَة [عدل] ['আদালাহ্] ন্যায়, ন্যায্যতা, ন্যায়-বিচার, ইনসাফ, ন্যায়পরায়ণতা

عَدَّان ج عَدَادِين ['আদ্দান] সময়, কাল, আমল,

শ্রেষ্ঠ সময়, প্রারম্ভকাল

عِدَانَة [عدن] ['ইদানাহ] খনিজবিজ্ঞান, mineralogy

عَدَاوَة [عدو] ['আদাওয়াহ] শত্রুতা, বৈরিতা, দুশমনি

عِدَة [وعد] ['ইদাহ] প্রতিজ্ঞা, প্রতিশ্রুতি, ওয়াদা

عِدَّة [عدد] ['ইদ্দাহ] গণনা, সংখ্যা, কতগুলো, কতিপয়, কতক, কয়েক, অনেকগুলো; ইদ্দতঃ তালাকপ্রাপ্ত মহিলাদের সময়কাল

عُدَّة [عدد] ['উদ্দাহ] প্রস্তুতি, উদ্যোগ, আয়োজন

عُدَّة ج عُدَد ، عُدَّات [عدد] ['উদ্দাহ] সরঞ্জাম, আসবাবপত্র, যন্ত্রপাতি

عَدَد ج أَعْدَاد ['আদাদ] সংখ্যা, পরিমাণ, গণনা

عَدَد أَصْلِيّ ['আদাদ আছ্লী] মৌলিক সংখ্যা

عَدَد تَرْتِيبِيّ ['আদাদ তার্তীবী] ক্রমিক সংখ্যা

عَدَد شَفْعِيّ ['আদাদ শাফ্'ঈ] জোড় সংখ্যা

عَدَد وَتْرِيّ ['আদাদ ওয়াত্রী] বিজোড় সংখ্যা

عَدَّدَ (تَعْدِيد) [عدد] ['আদ্দাদা] বারবার গণনা করা, গুণে গুণে রাখা, গুণে দেওয়া, (মৃতের জন্য) বিলাপ করা, (মৃত ব্যক্তির) প্রশংসা করা

عَدَس ['আদাস] ডাল, মসুর ডাল, মসুরি ডাল

عَدَسَة ج عَدَسَات ['আদাসাহ] ডাল, মসূর ডাল, মসূর ডালের ন্যায় শরীরের গোটা, গুটিবসন্ত, দৃষ্টিসহায়ক কাঁচ, লেন্স, বিবর্ধক কাঁচ, magnifying glass

عَدْل ج أَعْدَال ['আদ্ল] ন্যায়, ন্যায্যতা, ইনসাফ, ন্যায়বিচার, নিরপেক্ষতা, ন্যায়বিচারক, বিনিময়, অদল-বদল, সমকক্ষ

العَدْل [আল-'আদ্ল] পরম ইনসাফকারীঃ আল্লাহ

عَدَلَ [ض] (عَدْل) ['আদালা] ন্যায্য হওয়া, ন্যায়বান হওয়া, ন্যায়বিচার করা, ইনসাফ করা, সমান করা, ঠিক করা, বিনিময় করা

عَدَلَ (عُدُول) عَنْ ['আদালা 'আন] ফিরে আসা, পরিবর্তন করা, পরিত্যাগ করা

عَدُلَ [ك] (عَدَالَة) ['আদুলা] ন্যায্য হওয়া, ন্যায়বান হওয়া, ন্যায়পরায়ণ হওয়া, সঠিক হওয়া

عَدَّلَ (تَعْدِيل) [عدل] ['আদ্দালা] সঠিকভাবে করা, ঠিক করা, সোজা করা, সুবিন্যস্ত করা, সংস্কার করা, সংশোধন করা, পরিমার্জিত করা, উন্নত করা, পরিবর্তন করা, মীমাংসা করা

عَدِل ['আদিল] ন্যায়, ন্যায্য, ন্যায়বিচারক, ন্যায়বান, ইনসাফকারী

عِدْل ج عُدُول ، أَعْدَال ['ইদ্ল] সমান, অনুরূপ, সমতুল্য, সমকক্ষ, বোঝার সমান অর্ধেক, বস্তা, ব্যাগ

عَدْلِيّ ['আদ্লী] বিচার-সম্বন্ধীয়, বিচার-বিষয়ক

عَدْلِيَّة ['আদ্লিয়্যাহ] বিচার, ন্যায়বিচার

عَدَم ['আদাম] অস্তিত্বহীনতা, অবিদ্যমানতা, অ-, অনুপস্থিতি, অবর্তমানতা, শূন্যতা, অভাব

عَدَم الاِنْحِيَاز ['আদামুল ইন্‌হিয়ায] নিরপেক্ষতা, জোটনিরপেক্ষতা

عَدِمَ [س] (عَدَم ، عُدْم) ['আদিমা] না পাওয়া, বঞ্চিত হওয়া, হারিয়ে ফেলা

عُدْم ['উদ্ম] অভাব, অস্তিত্বহীনতা, অবর্তমানতা, শূন্যতা, রিক্ততা

عُدِمَ ['উদিমা] অস্তিত্বহীন হওয়া, বিলীন হওয়া, না থাকা; হারিয়ে যাওয়া

عَدَمِيّ ['আদামী] নাস্তিবাদী, nihilist, nihilistic

عَدَمِيَّة ['আদামিয়্যাহ] নাস্তিবাদ, nihilism

عَدْن ['আদ্ন] বসবাস, নিবাস, শান্তিময় স্থান, মনোরম উদ্যান, শাশ্বত বাসস্থান, স্বর্গ, এডেন (নগরী)

عَدَن ['আদান] এডেন (নগরী)

عَدَنَ [ن] [ض] (عَدْن ، عُدُون) ['আদানা] বাস করা, অবস্থান করা, নিবাস স্থাপন করা

عَدَنَ [ض] (عَدْن) ['আদানা] (পাথর) খনন করা, (জমিতে) সার দেওয়া

عَدَّنَ (تَعْدِين) [عدن] ['আদ্দানা] ভূমি খনন করা, খনি খোঁড়া, খনিজসম্পদ উত্তোলন করা, জমিতে সার দেওয়া

عَدْو ['আদ্ও] দৌড়, ধাবন, ছুট, অত্যাচার, বাড়াবাড়ি, সীমালঙ্ঘন

عَدُوّ ج أَعْدَاء جج أَعَادِي ['আদু] শত্রু, দুশমন, বৈরী, বিপক্ষ

عُدْوَان [عدو] ['উদ্ওয়ান] শত্রুতা, বৈরিতা, দুশমনি, অত্যাচার, বাড়াবাড়ি, সীমালঙ্ঘন

عُدْوَانِيّ [عدو] ['উদ্ওয়ানী] শত্রুতামূলক, বৈরী, বৈরিতাপূর্ণ, আক্রমণাত্মক

عُدْوَانِيَّة [عدو] ['উদ্ওয়ানিয়্যাহ্] শত্রুতা, শত্রুভাবাপন্নতা, বৈরিতা, আক্রমণাত্মক মনোভাব

عِدْوَة ج عِدَاء ، عِدَوَات [عدو] ['ইদ্ওয়াহ্] উঁচু জায়গা, নদীর তীর, উপত্যকার পার, দিক

عُدْوَة ج عِدَاء ، عُدَوَات [عدو] ['উদ্ওয়াহ্] উঁচু জায়গা, দূরবর্তী স্থান, নদী বা উপত্যকার পার

عُدُول [عدل] ['উদূল] এড়িয়ে চলন, পরিত্যাগ, পরিহার, না করণ, মত পথ ইত্যাদি পরিবর্তন

عَدْوَى [عدو] ['আদ্ওয়া] সংক্রমণ, সংক্রামক ব্যাধি, শত্রুতা

عَدَّى (تَعْدِيَة) [عدو] ['আদ্দা] অতিক্রম করা, (ক্রিয়া) সকর্মক করা (ব্যা)

عَدَّى عَنْ [-- 'আন] ছেড়ে দেওয়া, বাদ দেওয়া, উপেক্ষা করা, ফিরানো

عَدِيد ج عَدَائِد ، أَعْدَاد [عدد] ['আদীদ] সংখ্যা, কতক, কতিপয়, কয়েক, কিছুসংখ্যক, অনেক, বহুসংখ্যক, অংশ

عَدِيدَة ج عَدَائِد [عدد] ['আদীদাহ্] অংশ, ভাগ, কতক, কতিপয়, কয়েক, কিছুসংখ্যক, অনেক, বহুসংখ্যক (স্ত্রী)

عَدِيل ج عُدَلَاء ، أَعْدَال [عدل] ['আদীল] সমান, অনুরূপ, সমকক্ষ, সমতুল্য, শ্যালিকার স্বামী, ভায়রা

عَدِيم [عدم] ['আদীম] নেই এমন, অবিদ্যমান, অস্তিত্বহীন, বিলুপ্ত, শূন্য, মুক্ত, বিহীন

عَدِيم ج عُدَمَاء ['আদীম] নিঃস্ব, দরিদ্র, নির্বোধ, পাগল

عَدِيم الْفَائِدَة ['আদীমুল ফা'ইদাহ্] যাতে কোন উপকার নেই, কোন কাজে আসে না এমন, অকেজো

عَدِيم النَّظِير ['আদীমুন নাযীর] যার মত কেউ নেই, যার কোন সমকক্ষ নেই, বেনজির, অতুল

عَذَاب ج أَعْذِبَة ['আযাব] আযাব, শাস্তি, সাজা, নির্যাতন, কষ্ট

عِذَار ج عُذُر ['ইযার] চিবুক, গাল, দাড়ি, শ্মশ্রু, লজ্জা

خَلَعَ عِذَارَهُ [খালা'আ 'ইযারহূ] লজ্জা-শরম ঝেড়ে ফেলা, নির্লজ্জের মতো আচরণ করা, উচ্ছৃঙ্খল হওয়া

عَذَّال [عذل] ['আয্যাল] অধিক তিরস্কারকারী, বেশী নিন্দাকারী, নিন্দুক, কড়া সমালোচক

عَذْب ['আয্ব] মিষ্টি, মিষ্ট, সুমিষ্ট, মিঠা, মিঠে, সুস্বাদু, সুন্দর

عَذُبَ [ك] (عُذُوبَة) ['আযুবা] মিষ্টি হওয়া, মিঠা হওয়া, সুমিষ্ট হওয়া, সুস্বাদু হওয়া

عَذَّبَ (تَعْذِيب) [عذب] ['আয্যাবা] কষ্ট দেওয়া, নির্যাতন করা, আযাব দেওয়া, শাস্তি দেওয়া, সাজা দেওয়া

عَذَرَ [ض] (عُذْر ، مَعْذِرَة) ['আযারা] ওজর মেনে নেওয়া, কৈফিয়ত গ্রহণ করা, ক্ষমা করে দেওয়া

عَذَرَ (عَذْر) ['আযারা] খাৎনা করা, পবিত্র করা

عَذَّرَ (تَعْذِير) [عذر] ['আয্যারা] মিথ্যা অজুহাত দেখানো, বেশী বেশী ওজর পেশ করা, অজুহাত না টেকা, গালে পশম গজানো, দাড়ি গজানো

عُذْر ج أَعْذَار ['উয্র] ওজর, কৈফিয়ত, অজুহাত, ক্ষমা

عَذْرَاء ج عَذَارَى [عذر] ['আয্রা'] অবিবাহিত বালিকা, কুমারী, কন্যা

الْعَذْرَاء [আল-'আয্রা'] কন্যারাশিঃ রাশিচক্রের ষষ্ঠ রাশি, ঈসা (আ)-এর কুমারী মা মরিয়ম (আ)

عُذْرَة ['উয্রাহ্] কুমারীত্ব, কৌমার্য, একটি আরব গোত্রের নাম, উয্রা গোত্র

عُذْرَة ج عُذَر ['উয্রাহ্] কেশগুচ্ছ, কেশর

عُذْرِيّ ['উয্রী] উয্রা গোত্রীয়, নিষ্কাম, পবিত্র (প্রেম)

الْهَوَى الْعُذْرِيّ [আল-হাওয়াল 'উয্রী] উয্রা গোত্রীয় প্রেম, নিষ্কাম প্রেম, পবিত্র ভালবাসা

عَذْق ج أَعْذُق ، عِذَاق ['আয্ক] ফলধারী খেজুর-গাছ

عَذِق ['আযিক] সুন্দর ঘ্রাণযুক্ত, সুগন্ধ

عِذْق ج عُذُوق ، أَعْذَاق ['ইয্ক] (ফলের) থোকা,

গুচ্ছ, কাঁদি

[‘আয্ল] নিন্দা, ভর্ৎসনা, তিরস্কার عَذْل

[‘আযালা] নিন্দা করা, ভর্ৎসনা করা, তিরস্কার করা عَذَلَ [ض] (عَذْل)

[আয্যালা] ভর্ৎসনা করা, নিন্দা করা, তিরস্কার করা عَذَّلَ (تَعْذِيل) [عذل]

[‘উযূবাহ্] মিষ্টতা, মধুরতা, মজা, সুস্বাদ عُذُوبَة [عذب]

[‘আযূল] অধিক নিন্দাকারী, বেশী বেশী তিরস্কারকারী, কড়া সমালোচক عَذُول [عذل]

[‘আর্] দোষ, ত্রুটি, পাঁচড়া, খোস-পাঁচড়ায় আক্রান্ত عَرّ

[‘আর্রা] লজ্জিত হওয়া, লজ্জিত করা, অসম্মান করা, কষ্ট দেওয়া, (উট) খোস-পাঁচড়ায় আক্রান্ত হওয়া, পাঁচড়াযুক্ত হওয়া عَرَّ [ن] (عَرّ)

[‘আর্রা] (উটপাখি) আওয়াজ দেওয়া, ডাকা عَرَّ [ض] (عِرَار)

[‘উর্রা] (উট) খোস-পাঁচড়ায় আক্রান্ত হওয়া, পাঁচড়াযুক্ত হওয়া عُرَّ

[‘আরা] আপতিত হওয়া, এসে পড়া, সংঘটিত হওয়া, আঘাত দেওয়া عَرَا [ن] (عَرْو) [عرو]

[‘আরা’] নগ্নতা, উলঙ্গতা, বিবস্ত্রতা عَرَاء [عري]

[‘আরা’] খোলা জায়গা, তৃণবিহীন প্রান্তর عَرَاء ج أَعْرَاء [عري]

[‘আর্রাব] ধর্মপিতা, আরবীতে অনুবাদকারী عَرَّاب [عرب]

[‘আর্রাবাহ্] ধর্মমাতা عَرَّابَة ج عَرَّابَات [عرب]

[‘আর্রাদাহ্] একপ্রকার যুদ্ধাস্ত্র যা দ্বারা পাথর নিক্ষেপ করা যায় عَرَّادَة ج عَرَّادَات [عرد]

[‘আরার] সুন্দর ঘ্রাণওয়ালা হলুদ রঙের একপ্রকার নরম মরিচ, বন্য নার্গিস (ফুল) عَرَار

[‘ইরাদ] প্রান্ত, পার্শ্ব, অংশ, বড় অংশ, প্রধান অংশ, অর্ধেক عِرَاض ج عُرْض

[‘উরাদ] প্রশস্ত, চওড়া, বড় عُرَاض

[‘আর্রাফ] ভবিষ্যদ্বক্তা, গণক, গণৎকার, জ্যোতিষী, চিকিৎসক, ডাক্তার عَرَّاف [عرف]

[‘ইরাফাহ্] গণকবৃত্তি, গণকের পেশা, ভবিষ্যদ্বাণী عِرَافَة [عرف]

[‘ইরাক] সমুদ্র বা নদীর লম্বা তীর, দীর্ঘ উপকূল, (নখের) পার্শ্ববর্তী মাংস, (কানের) প্রান্ত, বেষ্টনকারী পার্শ্বদেশ, আঙ্গিনা, প্রাঙ্গন عِرَاق ج عُرُق ، عُرُق ، أَعْرِقَة

[আল-‘ইরাক] ইরাক (দেশ) العِرَاق

[আল-‘ইরাক্বানি] দুই ইরাকঃ ইরাকের দুই ঐতিহ্যবাহী নগরীঃ বসরা ও কূফা العِرَاقَانِ

[‘উরাক] মাংসশূন্য হাড়, প্রবল বৃষ্টি, স্বচ্ছ পানি عُرَاق

[‘আরাক্বাহ্] সুগভীর শিকড়, সুদৃঢ় মূল, সুপ্রাচীনত্ব, বংশীয় ঐতিহ্য, প্রাচীন বংশ عَرَاقَة [عرق]

[‘উরাক্বাহ্] প্রবল বৃষ্টি, স্বচ্ছ পানি عُرَاقَة [عرق]

[‘ইরাক্বী] ইরাকসম্বন্ধীয়, ইরাকী, ইরাকের عِرَاقِيّ

[‘আরাক্বীল] বিপদাপদ, বাধা-বিঘ্ন, কষ্টক্লেশ, অসুবিধাসমূহ عَرَاقِيل (عَرْقَلَة)

[‘ইরাক] যুদ্ধ, লড়াই, সংগ্রাম, সঙ্ঘাত عِرَاك

[‘উরাম] তীব্রতা, প্রচণ্ডতা, লাম্পট্য عُرَام

[‘আরব] আরব, আরব জাতি, খাঁটি আরব, বেদুঈন عَرَب ج أَعْرُب ، عُرُوب ، أَعْرَاب

[‘আরিব] শুদ্ধভাষী, বিশুদ্ধভাষী, স্পষ্টভাষী, স্বচ্ছ বেশী পানি عَرِب

[‘আরিবা] ভাষা স্পষ্ট হওয়া, স্পষ্টভাষী হওয়া, পাকস্থলি নষ্ট হওয়া, (ক্ষত) ফুলে ওঠা ও পুঁজযুক্ত হওয়া, (কূপের) পানি বেশী হওয়া عَرِبَ [س] (عَرَب)

[‘আরুবা] আরব হওয়া, খাঁটি আরব হওয়া, শুদ্ধ আরবী বলা عَرُبَ [ك] (عُرُوبَة ، عُرُوبِيَّة)

[‘আর্রবা] আরবীতে অনুবাদ করা, আরবী করা, আরব করা عَرَّبَ (تَعْرِيب) [عرب]

[‘উর্ব] আরব, আরব জাতি عُرْب ج أَعْرُب ، عُرُوب

[‘আর্বাত] বাগদাদে টাইগ্রিস নদীর স্থির নৌকা عَرَبَات (عَرَبَة)

[‘আর্বান] শুদ্ধভাষী, বিশুদ্ধভাষী, স্পষ্টভাষী عَرْبَان [عرب]

[‘উর্বান] আরব, খাঁটি আরব عُرْبَان [عرب]

['উর্‌বান] বায়না عُرْبَان ج عَرَابِين [عربن]

['আরবাহ্‌] গাড়ি, ঠেলাগাড়ি, টানাগাড়ি, ওয়াগন, বগি, বাগদাদে টাইগ্রিস নদীর স্থির নৌকা عَرَبَة ج عَرَبَات

['আর্‌বাদা] ঝগড়া বাধানো, দাঙ্গা বাঁধানো, হৈ-হুল্লোড় করা, কলহপ্রিয় হওয়া عَرْبَدَ (عَرْبَدَة)

['আর্‌বাদাহ্‌] ঝগড়া, দাঙ্গা, হৈ-হুল্লোড়, শোরগোল, কলহ, কলহপ্রিয়তা عَرْبَدَة

['আর্‌বানা] বায়না দেওয়া, বায়না করা عَرْبَنَ (عَرْبَنَة)

['উর্‌বুন] বায়না, অগ্রিম, আমানত, দাদন, বন্ধক عُرْبُون ج عَرَابِين [عربن]

['আরবী] আরবী, আরবীয়, আরবীভাষী, আরব عَرَبِيّ

['আরবিয়্যাহ্‌] টানা-গাড়ি, ঠেলাগাড়ি عَرَبِيَّة ج عَرَبِيَّات [عرب]

[আল-'আরবিয়্যাহ্‌] আরবী ভাষা العَرَبِيَّة [عرب]

['ইর্‌বীদ] কলহপ্রিয়, গণ্ডগোল-প্রিয়, দাঙ্গাবাজ عِرْبِيد [عربد]

['আর্‌রাহ্‌] দোষ, ত্রুটি, খারাপ স্বভাব, কষ্ট عَرَّة

['উর্‌রাহ্‌] খোস-পাঁচড়া, লজ্জাজনক বস্তু, অসম্মানজনক বস্তু, অপরাধ, মস্তিষ্কবিকৃতি عُرَّة

['আরজ] খঞ্জত্ব, খঞ্জতা عَرَج

['আরজা] আরোহণ করা, চড়া, ওপরে ওঠা عَرَجَ [ن] عُرُوج

['আরিজা] খোঁড়া হওয়া, খঞ্জ হওয়া عَرِجَ [س] (عَرَج)

['আর্‌রজা] খোঁড়া করা, খোঁড়া বানানো, আঁকাবাঁকা করা, অবস্থান করা, সূর্যাস্তের সময়ে প্রবেশ করা عَرَّجَ (تَعْرِيج) [عرج]

[-- 'আলা] দেখতে যাওয়া, অভিমুখী হওয়া, থামা عَرَّجَ عَلَى

[-- 'আন] বিমুখ হওয়া, ফিরে যাওয়া, ছেড়ে দেওয়া عَرَّجَ عَنْ

['উর্‌জ] খোঁড়া, খঞ্জ (أَعْرَج-এর বহুবচন) عُرْج

['আর্‌জা'] খোঁড়া, খঞ্জ (أَعْرَج-এর স্ত্রীলিঙ্গ), হায়েনা (হিংস্র প্রাণী) عَرْجَاء [عرج]

['আরজান] খঞ্জত্ব, খঞ্জতা, খোঁড়া ব্যক্তির অক্ষমতা, বিকলাঙ্গতা عَرَجَان [عرج]

['আর্‌জাহ্‌, 'উর্‌জাহ্‌] ক্রমনিম্নতা عَرْجَة ، عُرْجَة

['উর্‌জুন] খেজুরের কাঁদির শুকনো দণ্ড عُرْجُون ج عَرَاجِين

['আরর] খোস-পাঁচড়া عَرَر

['ইর্‌যাল] কুঁড়েঘর, কুটীর عِرْزَال ج عَرَازِيل

['ইর্‌স] স্বামী, স্ত্রী عِرْس ج أَعْرَاس

[ইব্‌ন 'ইর্‌স] নেউল, বেজি, নকুল (প্রাণী) اِبْن عِرْس ج بَنَات عِرْس

['উর্‌স] বিয়ে, বিবাহ, বিয়ের খাবার, বিয়ের ভোজ, বাসর, শাবক عُرْس ، عُرُس ج أَعْرَاس ، عُرُسَات

['আর্‌শ] (আল্লাহর) আরশ, (রাজার) সিংহাসন, প্রাসাদ, ছাদ, মাচা, চালাঘর, তাঁবু, নীড়, শক্তি, নেতা, গোত্র عَرْش ج عُرُوش ، أَعْرَاش

['আরশা] মাচা তৈরী করা, উঁচু করা, উঁচু করে নির্মাণ করা, (লতাগাছ) মাচায় উঠিয়ে দেওয়া عَرَشَ [ن] [ض] (عَرْش)

['আর্‌রশা] মাচা তৈরী করা, (ঘরে) চাল দেওয়া, ছাদ তৈরী করা, (লতাগাছ) মাচায় উঠিয়ে দেওয়া, মাচায় উঠে যাওয়া عَرَّشَ (تَعْرِيش) [عرش]

['আর্‌ছাহ্‌] আঙ্গিনা, প্রাঙ্গন, উঠান, চত্বর, ফাঁকা জায়গা عَرْصَة ج عَرَصَات، عِرَاص ، أَعْرَاص

['আর্‌দ] প্রদর্শন, উপস্থাপন, প্রস্তাবনা, প্রশস্ততা, বিস্তৃতি, ব্যাপকতা, সরবরাহ عَرْض

['আর্‌দ] প্রস্থ, প্রদর্শনী, মেলা, প্রস্তাব, কুচকাওয়াজ, পণ্য, জিনিসপত্র, সামগ্রী, বিরাট সেনাদল, বাহিনী, পাহাড়, পাহাড়ের ঢাল, উপত্যকা, মেঘ عَرْض ج عُرُوض ، عِرَاض ، أَعْرَاض

['আর্‌দ আয্‌ইয়া'] ফ্যাশন শো (fashion show) عَرْض أَزْيَاء

['আর্‌দ হাল, 'আর্‌দুহাল] দরখাস্ত, আবেদনপত্র عَرْض حَال ، عَرْضُحَال ج عَرْضُحَالَات

['আর্‌দ 'আস্‌কারী] সামরিক কুচকাওয়াজ عَرْض عَسْكَرِيّ

[আল-'আর্দ ওয়াত-তলাব] العَرْض وَالطَّلَب সরবরাহ ও চাহিদা

['আর্দ] সামগ্রী, আসবাবপত্র, عَرَض ج أَعْرَاض মালামাল, অত্যাবশ্যক নয় এমন বস্তু, নশ্বর বস্তু, পার্থিব জিনিস, দান, গনীমত, আকস্মিক ঘটনা, লক্ষণ

['আরাদন] আকস্মিকভাবে, ঘটনাক্রমে عَرَضًا

['আরাদা] প্রদর্শন করা, عَرَضَ [ض] (عَرْض) দেখানো, পেশ করা, উপস্থাপিত করা, প্রকাশ করা, দেখা দেওয়া, প্রকাশ পাওয়া, প্রস্তাব করা, কুচকাওয়াজ করা, আড়াআড়িভাবে রাখা,

['আরুদা] প্রশস্ত হওয়া, عَرُضَ [ك] (عَرَاضَة) চওড়া হওয়া, বিস্তৃত হওয়া, সুপরিসর হওয়া

['আর্‌রদা] প্রশস্ত করা, عَرَّضَ (تَعْرِيض) [عرض] বিস্তৃত করা, পেশ করা, প্রদর্শন করা, আকারে-ইঙ্গিতে বলা

['ইর্‌দ] সম্মান, ইজ্জত, মর্যাদা, عِرْض ج أَعْرَاض সুনাম

['উর্‌দ] মধ্য, মাঝ, মধ্যভাগ, عُرْض ج عِرَاض গভীর, মূল অংশ, পার্শ্ব, (পর্বতের) ঢাল

['উর্‌দাহ্] উদ্দেশ্য, অভিলাষ, عُرْضَة ج عُرْضَات লক্ষ্য, লক্ষ্যবস্তু

['আর্‌দী] আড়াআড়ি, অনুভূমিক, সমান্ত-রাল عَرْضِيّ

['আরদী] আকস্মিক, আপতিত, অপ্রধান, عَرَضِيّ লাক্ষণিক, লক্ষণাত্মক

['আর্‌ফ] সুগন্ধ, সুবাস, সৌরভ, সুরভি, عَرْف ঘ্রাণ, গন্ধ

['আরফা] জানা, عَرَفَ [ض] (عِرْفَان ، مَعْرِفَة) চেনা, জ্ঞান রাখা, অবহিত হওয়া, অবগত থাকা, পরিচয় পাওয়া, বুঝতে পারা, অনুধাবন করা

[-- লি] ধৈর্যের সাথে বহন করা, সহ্য করা عَرَفَ لِ

['আরফা] (ঘোড়ার) কেশর عَرَفَ [ن] (عَرْف) কেটে দেওয়া

['আরফা 'আলা] عَرَفَ (عَرَافَة ، عِرَافَة) عَلَى পরিচালনা করা, ব্যবস্থাপনা করা, দক্ষতার সাথে চালানো

['আরিফা] সুগন্ধের ব্যবহার عَرِفَ [س] (عَرَف) ছেড়ে দেওয়া

['আরুফা] মনিটর عَرُفَ [ك] (عَرْف ، عَرَافَة) হওয়া, ঘ্রাণ সুন্দর হওয়া, সুবাসযুক্ত হওয়া, অধিক সুগন্ধ ব্যবহার করা

['উরিফা] হাতে ঘা হওয়া, পরিচিত হওয়া, عُرِفَ খ্যাত হওয়া

['আর্‌রফা] জানানো, عَرَّفَ (تَعْرِيف) [عرف] অবহিত করা, জানিয়ে দেওয়া, চিনিয়ে দেওয়া, পরিচিত করা, বিখ্যাত করা, সংজ্ঞা দেওয়া, নির্দিষ্ট করা, সুগন্ধ লাগানো, (হজ্জ পালনকারী) আরাফাতে অবস্থান করা

['উর্‌ফ] প্রচলন, প্রথা, ঐতিহ্য, عُرْف ج أَعْرَاف রীতি, ব্যবহার, পরিভাষা, ভাল কাজ, সৎ কাজ, দান, উপকার, (মোরগের) ঝুঁটি, (ঘোড়ার) কেশর, স্বীকৃতি, উঁচু স্থান, টিলা, (সমুদ্রের) ঢেউ, কল্যাণ

['উর্‌ফুদ দীক] মোরগের ঝুঁটি, عُرْف الدِّيك মোরগঝুঁটি ফুলের গাছ

['উরুফ] উঁচু স্থান, টিলা, (ঘোড়ার) কেশর عُرُف

['আরাফাত] আরাফাতঃ মক্কার অদূরে عَرَفَات হজ্জ-সমাবেশের বিশাল প্রান্তর

['ইর্‌ফান] জ্ঞান, পরিচয়, স্বীকৃতি, عِرْفَان [عرف] অবগতি

['আর্‌ফাহ্] ঘ্রাণ, সুগন্ধ, সুবাস, জিজ্ঞাসা, عَرْفَة অনুসন্ধান, হাতের তালুতে হওয়া একপ্রকার ঘা

['আরফাহ্] মক্কার নিকটস্থ একটি পাহাড় عَرَفَة

[ইয়াওম 'আরফাহ্] আরাফার দিনঃ يَوْم عَرَفَة যিলহজ (যুল-হিজ্জাহ) মাসের ৯ তারিখ

['ইর্‌ফাহ্] অবগতি, পরিচয়, অনুসন্ধান, عِرْفَة জিজ্ঞাসা

['উর্‌ফী] প্রচলিত, প্রথাগত, ঐতিহ্যগত, عُرْفِيّ সামরিক

['আর্‌ক] মাংস ছাড়িয়ে عَرْق ج عِرَاق ، عُرَاق নেওয়া হয়েছে এমন হাড়

['আরক] লোমকূপ থেকে নির্গত পানি, ঘর্ম, عَرَق ঘাম, আর্দ্রতা, জলীয় বাষ্প, রস, দুধ, পাহাড়ী রাস্তা, (ভবনের দেয়ালে) ইট পাথর টালি ইত্যাদির সারি, লম্বা লাইন, লাইন দিয়ে হাঁটা প্রাণীদের পায়ের ছাপ

['আরকা] (হাড়ের) عَرَقَ [ن] (عَرْق ، مَعْرَق)

উপরের মাংস খাওয়া, (হাড় থেকে) মাংস আলাদা করা, সবটুকু নেওয়া, নিঃশেষ করা

عَرَقَ [ض] (عَرْق ، عُرُوق) فِي ['আরক্বা] প্রবেশ করা, গমন করা

عَرِقَ [س] (عَرَق) ['আরিক্বা] ঘামানো, ঘর্মাক্ত হওয়া, ভিজে যাওয়া, সিক্ত হওয়া, অলস হওয়া

عُرِقَ (عَرْق) ['উরিক্বা] কৃশ হওয়া, কাহিল হওয়া, শীর্ণকায় হওয়া

عَرَّقَ (تَعْرِيق) [عرق] ['আর্‌রক্বা] ঘর্মসিক্ত করা, ঘর্মাক্ত করা, ঘাম বের করানো, সিক্ত করা, তরল করা, (গাছ) শিকড় ছড়ানো

عِرْق ج عُرُوق ، عِرَاق ، أَعْرَاق ['ইর্‌ক] শিকড়, মূল, ডাঁটা, বোঁটা, সুতা, তার, বংশ, জাত, কুল, বংশমূল, *শিরা, সামান্য বস্তু,* লবণাক্ত ভূমি, ছোড় পাহাড়, শক্ত পাহাড়, বালুর টিলা, দুধ

عِرْق الحَلَاوَة ['ইর্‌কুল হালাওয়াহ্] একপ্রকার উদ্ভিদ, soapwort

عِرْق الذَّهَب ['ইর্‌কুয যাহাব] একপ্রকার উদ্ভিদ, ipecac

عِرْق السُّوس ['ইর্‌কুস সূস] যষ্টিমধুর শিকড়, যষ্টিমধু

عِرْق النَّسَا ['ইর্‌কুন নাসা] সায়াটিকা (sciatica)

عُرَق ['উরক] অধিক ঘামায় এমন, অতি ঘর্মাক্ত

عَرْقَاة [عرق] ['আর্‌ক্বাত] বালতির উপর আড়াআড়িভাবে রাখা কাষ্ঠখণ্ড, শিকড়, মূল, মূল শিকড়, বালতির তলায় সামান্য পানি

عَرْقَان مث عَرْقَى [عرق] ['আর্‌ক্বান] ঘর্মসিক্ত, ঘর্মাক্ত

عَرْقَبَ (عَرْقَبَة) ['আর্‌ক্বাবা] হাঁটুর পিছন দিকের পেশীতন্তু কেটে দেওয়া, কৌশল করা, ফন্দি করা

عَرَقَة ج عَرَق ، عَرَقَات ['আরক্বাহ্] সারি, লাইন, লাইন দিয়ে চলা প্রাণীদের সারি, রশি, চাবুক

عَرْقَلَ (عَرْقَلَة) ['আর্‌ক্বালা] বিঘ্নিত করা, বাধার সৃষ্টি করা, বাধা দেওয়া, জটিল করা

عَرْقَلَة ج عَرَاقِيل ['আর্‌ক্বালাহ্] বাধা, বিঘ্ন, জটিলতা, অসুবিধা

عُرْقُوب ج عَرَاقِيب [عرقب] ['উর্‌কূব] হাঁটুর পিছন দিকের পেশীতন্তু, পশুর পিছনের পায়ের জোড়বিশেষ, hock

عَرْقُوَة ج عَرَاقِي [عرق] ['আর্‌কুওয়াহ্] বালতির মুখে আড়াআড়িভাবে রাখা কাষ্ঠখণ্ড, বালুর টিলা

عَرَقِيَّة [عرق] ['আরক্বিয়্যাহ্] ঘাম চুষে নেওয়ার জন্য পাগড়ী বা টুপির নিচে পরিধেয় বস্ত্র

عِرْقِيَّة [عرق] ['ইর্‌ক্বিয়্যাহ্] বর্ণবাদ

عَرَكَ [ن] (عَرْك) ['আরকা] ঘর্ষণ করা, ঘষে মুছে ফেলা, সব খেয়ে ফেলা

عَرْكَة ج عَرَكَات ['আর্‌কাহ্] যুদ্ধ, লড়াই, সঙ্ঘাত, ঝগড়া

عَرَمَ [ن] [ض] (عَرْم) ['আরমা] কঠোর হওয়া, রূঢ় হওয়া, দুষ্ট হওয়া, দুষ্কৃতিকারী হওয়া, দুর্বৃত্ত হওয়া, (বই) বাঁধাই করা

عَرِم ['আরিম] কঠিন, কঠোর, রূঢ়, দুষ্ট, দুর্বৃত্ত, দুশ্চরিত্র, তীব্র, ভয়ানক

عَرِمَ [س] (عَرَم) ['আরিমা] কঠোর হওয়া, রূঢ় হওয়া, দুষ্ট হওয়া, দুর্বৃত্ত হওয়া

عَرَّمَ (تَعْرِيم) [عرم] ['আর্‌রমা] মিশ্রিত করা, গর্বে ফুলে ওঠা, (মাটি) স্তূপ করা

عَرَمْرَم [عرم] ['আরম্‌রম] কঠোর, প্রচণ্ড, অনেক সৈন্য, প্রচণ্ড বৃষ্টি

عَرَن ['আরন] হাড়ের টিউমারবিশেষ, exostosis

عِرْنَاس ج عَرَانِيس ['ইর্‌নাস] সুতা কাটার সময় যে কাঠি থেকে পেঁজা তুলা টানা হয়, distaff

عِرْنِين ج عَرَانِين [عرن] ['ইর্‌নীন] নাক, নাকের হাড়ের শক্ত অংশ, প্রথমাংশ, সম্ভ্রান্ত ব্যক্তি

عَرُوب ج عُرُب [عرب] ['আরূব] সোহাগিনী, মোহিনী, কামিনী, প্রেমিকা

عُرُوبَة [عرب] ['উরূবাহ্] আরবত্ব, আরববাদ, আরব জাতির বৈশিষ্ট্য, আরব জাতীয়তা

عُرُوبِيَّة [عرب] ['উরূবিয়্যাহ্] আরবত্ব, আরব জাতির বৈশিষ্ট্য, আরব জাতীয়তা

عُرْوَة ج عُرًى [عرو] ['উর্‌ওয়াহ্] বোতামের ঘর, ফাঁস, বন্ধন, রশি, (পাত্রের) হাতল, শহরের উপকণ্ঠ, শহরতলি, উপশহর, ঝোপ, মূল্যবান সম্পদ, সিংহ

['উরূজ] আরোহণ, ঊর্ধ্বগমন　عُرُوج [عرج]

['আরূস] (বিয়ের) বর, পাত্র, পুতুল　عَرُوس ج عُرُس [عرس]

['আরূস, 'আরূসাহ্] (বিয়ের) কনে, নববধূ, বউ, পাত্রী　عَرُوس ، عَرُوسَة ج عَرَائِس [عرس]

[আল-'আরূসানি] বর-কনে　العَرُوسَانِ [عرس]

['আরূদ] (কবিতায়) প্রথম শ্লোকার্ধের শেষ পদ　عَرُوض ج أَعَارِيض [عرض]

[আল-'আরূদ, 'ইল্মুল 'আরূদ] ছন্দশাস্ত্র, ছন্দোবিজ্ঞান, ছন্দঃ-প্রকরণ　العَرُوض، عِلْم العَرُوض [عرض]

['আরূদী] ছন্দ-বিষয়ক, ছন্দ সম্পর্কিত, ছান্দস, ছন্দশাস্ত্র-বিষয়ক, ছন্দশাস্ত্রবিদ　عَرُوضِيّ

['আর্রা] আপতিত হওয়া, ঘটে যাওয়া, এসে পড়া, আঘাত দেওয়া　عَرَى [ض] (عَرْي)

['আরিয়া] নগ্ন হওয়া, উলঙ্গ হওয়া, বিবস্ত্র হওয়া, মুক্ত বা শূন্য হওয়া　عَرِيَ [س] (عُرْي ، عُرْيَة)

['আর্রা] উলঙ্গ করা, নগ্ন করা, অনাবৃত করা, কাপড় খুলে ফেলা, বিবস্ত্র করা　عَرَّى (تَعْرِيَة) [عري]

[-- মিন] শূন্য করা, মুক্ত করা, খালি করা, বঞ্চিত করা　عَرَّى مِنْ

['আরী] ঠাণ্ডা বাতাস, শীতল বায়ু　عَرِيّ

['উর্ই, 'উর্রা] উলঙ্গতা, নগ্নতা, বিবস্ত্রতা, শূন্যতা　عُرْي ، عُرَى

['উর্ইয়ান] নগ্ন, উলঙ্গ, বিবস্ত্র, অনাবৃত, প্রকাশ্য　عُرْيَان ج عَرَايَا ، عُرَاة [عري]

['উর্ইয়ানাহ্] উলঙ্গ, নগ্ন, বিবস্ত্র, অনাবৃত, প্রকাশ্য (স্ত্রী)　عُرْيَانَة ج عَوَارِي [عري]

['আরিয়্যাহ্] ঠাণ্ডা বাতাস　عَرِيَّة ج عَرَايَا [عري]

['উর্ইয়াহ্] নগ্নতা, উলঙ্গতা, বিবস্ত্রতা　عُرْيَة

['আরীস] (বিয়ের) বর, পাত্র　عَرِيس ج عُرُس

['ইর্রীস, 'ইর্রীসাহ্] সিংহের আস্তানা, ঝোপ　عِرِّيس ، عِرِّيسَة

['আরীশ] চালাঘর, শামিয়ানা, তাঁবু, মাচা　عَرِيش ج عُرُش

['আরীশাহ্] হাওদা, শিবিকা, আঙ্গুরের মাচা, দ্রাক্ষাকুঞ্জ　عَرِيشَة ج عَرَائِش

['আরীদ] সুপরিসর, প্রশস্ত, চওড়া, বিস্তৃত, ব্যাপক, বিপুল, বিরাট　عَرِيض ج عِرَاض [عرض]

['আরীদাহ্] দরখাস্ত, আবেদন, আবেদনপত্র　عَرِيضَة ج عَرَائِض [عرض]

['আরীফ] সম্যকভাবে জ্ঞাত, অবহিত, পরিজ্ঞাত, সুদক্ষ, বিশেষজ্ঞ, পরিচিত, সুবিদিত, দায়িত্বশীল ব্যক্তি, (বিদ্যালয়ে) মনিটর, monitor, করপরাল, corporal (পদ)　عَرِيف ج عُرَفَاء [عرف]

['আরীক] দৃঢ়মূল, শক্ত, মজবুত, সুপ্রতিষ্ঠিত, সুপ্রাচীন, উচ্চবংশীয়, সম্ভ্রান্ত　عَرِيق [عرق]

['আরীকাহ্] মেজাজ, ধাত, প্রকৃতি, স্বভাব, (উটের) কুঁজ　عَرِيكَة ج عَرَائِك [عرك]

['আরীন] ঝোপ, সিংহের আস্তানা, বন্য প্রাণীর আবাস　عَرِين ج عُرُن

['আরীনাহ্] ঝোপ, বন্য প্রাণীর আবাস, সিংহের আস্তানা　عَرِينَة ج عَرَائِن

['আয্যা] সবল হওয়া, শক্ত হওয়া, শক্তিশালী হওয়া, সম্মানিত হওয়া, প্রিয় হওয়া, প্রভাবশালী হওয়া, বিরল হওয়া, দুষ্প্রাপ্য হওয়া, মূল্যবান হওয়া, দুর্মূল্য হওয়া, পরাজিত করা, হারিয়ে দেওয়া　عَزَّ [ض] (عِزّ ، عِزَّة ، عَزَازَة)

[-- 'আলা] কঠিন হওয়া, কষ্টকর হওয়া, কষ্টসাধ্য হওয়া, দুঃখজনক হওয়া　عَزَّ عَلَى

['ইয্য] ইজ্জত, সম্মান, মর্যাদা, গৌরব, শক্তি, প্রভাব, দাপট, শ্রেষ্ঠত্ব, খ্যাতি　عِزّ

['আযা] সম্পৃক্ত হওয়া, সম্পর্কযুক্ত হওয়া, বংশ-সম্পর্ক দাবি করা　عَزَا [ن] (عَزْو) [عزو]

['আযা'] সান্ত্বনা, প্রবোধ, শোক　عَزَاء [عزي]

['আয্যাফ] (বাদ্যযন্ত্রের) বাদক, যন্ত্রী, গর্জনকারী (মেঘ)　عَزَّاف [عزف]

['ইযাল] দুর্বলতা, শক্তিহীনতা　عِزَال [عزل]

['আযাব] অবিবাহিত, কুমার, একাকী　عَزَب ج عُزَّاب ، أَعْزَاب

['আযাবা] একাকী বাস করা, একা হয়ে যাওয়া, স্ত্রী বা স্বামীবিহীন থাকা　عَزَبَ [ن] (عُزْبَة ، عُزُوبَة)

عَزَبَ [ن] [ض] (عُزُوب) عَنْ **['আযাবা 'আন]** দূরে থাকা, দূরে অবস্থান করা, দূরে চলে যাওয়া

عِزْبَة ج عِزَب **['ইয্বাহ্]** ক্ষেত, খামার, চাষের জমি, কৃষিভূমি

عُزْبَة **['উয্বাহ্]** একাকীত্ব, কৌমার্য, অবিবাহিত অবস্থা

عَزَّة ج عَزَّات [عزز] **['আয্যাহ্]** বাচ্চা হরিণী

عِزَة ج عِزَي ، عِزُون [عزو] **['ইযাহ্]** মানুষের দল

عِزَّة [عزز] **['ইয্যাহ্]** ইজ্জত, সম্মান, মর্যাদা, গৌরব, শক্তি, প্রভাব, শ্রেষ্ঠত্ব, খ্যাতি, অহমিকা, অহঙ্কার, গরিমা

عِزَّة النَّفْس **['ইয্যাতুন নাফ্স]** আত্মসম্মান, আত্মমর্যাদা, আত্মগরিমা

عَزَرَ [ض] (عَزْر) **['আযারা]** নিন্দা করা, ভর্ৎসনা করা, তিরস্কার করা

عَزَّرَ (تَعْزِير) [عزر] **['আয্যারা]** ভর্ৎসনা করা, নিন্দা করা, তিরস্কার করা, সাহায্য করা, শক্তি যোগানো, সম্মান করা, প্রচণ্ডভাবে প্রহার করা, শিক্ষা দেওয়া

عَزْرَائِيل ، عِزْرَائِيل **['আয্রাঈল, 'ইয্রাঈল]** আযরাঈল (আ)ঃ মৃত্যুর ফেরেশতা

عَزَّزَ (تَعْزِيز) [عزز] **['আয্যাযা]** শক্তিশালী করা, জোরদার করা, সুদৃঢ় করা, সমর্থন করা, সম্মান করা, সম্মানিত করা, ত্বরান্বিত করা

عَزْف **['আয্ফ]** বাদন, বাদ্য, শব্দ, বাদ্যের শব্দ

عَزَفَ [ن] [ض] (عَزْف ، عَزِيف) **['আযাফা]** (বাদ্যযন্ত্র, সুর) বাজানো, শব্দ করা, গান করা

عَزَفَ (عَزْف، عُزُوف) عَنْ **[-- 'আন]** পরিত্যাগ করা, বিরত হওয়া, বিরত থাকা, বিরত রাখা

عَزَّفَ (تَعْزِيف) [عزف] **['আয্যাফা]** শব্দ করা

عَزَقَ [ض] (عَزْق) **['আযাক্বা]** (মাটি) কোপানো, খোঁড়া, খুঁড়ে দেওয়া, খনন করা, নিড়ানো, নিড়ানি দেওয়া

عَزْقَة ج عَزَقَات **['আয্ক্বাহ্]** (বল্টুর) নাট

عَزْل **['আয্ল]** আলাদাকরণ, বরখাস্তকরণ, অপসারণ, যৌন মিলনে বীর্য প্রত্যাহার, আযল

عَزَلَ [ض] (عَزْل) **['আযালা]** আলাদা করা, অপসারণ করা, বরখাস্ত করা, যৌন মিলনে বীর্য প্রত্যাহার করা, আযল করা

عُزْل **['উয্ল]** দুর্বলতা; প্রতিরক্ষাবিহীন, অরক্ষিত, অস্ত্রবিহীন, নিরস্ত্র (أَعْزَل-এর বহুবচন)

عُزُل ج أَعْزَال **['উযুল]** নিরস্ত্র, অস্ত্রবিহীন

عَزْلَاء [عزل] **['আয্লা']** নিরস্ত্র, অস্ত্রবিহীন, প্রতিরক্ষাবিহীন, অরক্ষিত (أَعْزَل-এর স্ত্রীলিঙ্গ)

عُزْلَة **['উয্লাহ্]** বিচ্ছিন্নতা, নিঃসঙ্গতা, একাকীত্ব

عَزْم **['আয্ম]** দৃঢ় ইচ্ছা, সঙ্কল্প, সিদ্ধান্ত

عَزَمَ [ض] (عَزْم، عَزِيم، عَزِيمَة) عَلَى **['আযামা]** সঙ্কল্প করা, সিদ্ধান্ত করা, মনস্থ করা, শপথ করা, অনুরোধ করা, মন্ত্র পড়া, যাদু করা

عَزَّمَ (تَعْزِيم) [عزم] **['আয্যামা]** মন্ত্র বা তাবিজ দিয়ে ভূত-প্রেত তাড়ানো, যাদু করা, মন্ত্রমুগ্ধ করা

عَزْمَة ج عَزَمَات **['আয্মাহ্]** সঙ্কল্প, সিদ্ধান্ত, কড়া নির্দেশ

عَزْمِيّ **['আয্মী]** সঙ্কল্প-বিষয়ক, সিদ্ধান্তমূলক, প্রতিজ্ঞা পূরণকারী, ওয়াদা রক্ষাকারী

عَزْو **['আয্ও]** সম্পর্ক, সম্বন্ধ, যোগসূত্র, আরোপ

عُزُوبَة ، عُزُوبِيَّة [عزب] **['উযূবাহ্, 'উযূবিয়্যাহ্]** কৌমার্য, অবিবাহিত অবস্থা, একাকীত্ব

عِزْوَة [عزو] **['ইয্ওয়াহ্]** সম্পৃক্ততা, আত্মীয়তা, বংশ-সম্পর্ক, বংশ, গোত্র, আত্মীয়-স্বজন, ধৈর্য

عَزُوف ج عِزَاف [عزف] **['আযূফ]** অপছন্দকারী, অনিচ্ছুক, অনাগ্রহী

عُزُوف [عزف] **['উযূফ]** অপছন্দ, অনিচ্ছা, অনীহা, অনাগ্রহ, পরিহার, পরিত্যাগ

عَزُوفَة ج عِزَاف [عزف] **['আযূফাহ্]** অতিশয় অনিচ্ছুক, অত্যন্ত অনাগ্রহী, অধিক অপছন্দকারী

عَزُوم ج عُزُم [عزم] **['আযূম]** দৃঢ়সঙ্কল্প, সঙ্কল্প-বদ্ধ

عَزَى [ض] (عَزْي) [عزو] **['আযা]** সম্পর্কিত হওয়া, বংশ-সম্পর্ক দাবি করা

عَزِيَ [س] (عَزَاء) **['আযিয়া]** বিপদে ধৈর্যধারণ করা, নিজেকে সান্ত্বনা দেওয়া

عَزَّى (تَعْزِيَة) [عزي] **['আয্যা]** সান্ত্বনা দেওয়া, প্রবোধ দেওয়া, শোক প্রকাশ করা

عَزِيٌّ [عزي] [‘আযী] ধৈর্যশীল, সহনশীল, সহিষ্ণু

عُزَّى [‘উয্যা] উয্যাঃ পৌত্তলিক আরবদের একটি দেবমূর্তি

عَزِيبٌ [عزب] [‘আযীব] অবিবাহিত, বিপত্নীক

عُزَيْرٌ [‘উযাইর] উযাইরঃ বনী ইসরাঈলের এক বুজুর্গ ব্যক্তি বা নবী

عَزِيزٌ [عزز] [‘আযীয] প্রিয়, কঠিন, কষ্টকর, মূল্যবান, বিরল, সম্মানিত, সম্ভ্রান্ত, জোরালো, বলিষ্ঠ

عَزِيزٌ ج أَعِزَّاءُ ، أَعِزَّةٌ [‘আযীয] বন্ধু, প্রিয়জন, প্রিয়পাত্র, শক্তিশালী, প্রতাপশালী, প্রভাবশালী

الْعَزِيزُ [আল-‘আযীয] মহাপরাক্রমশালীঃ আল্লাহ

الْحَدِيثُ الْعَزِيزُ [আল-হাদীছুল ‘আযীয] সনদের প্রত্যেক স্তরে কমপক্ষে দুইজন রাবী আছেন এমন হাদীস, শক্তিশালী হাদীস

عَزِيمَةٌ ج عَزَائِمُ [عزم] [‘আযীমাহ] সঙ্কল্প, দৃঢ় ইচ্ছা, (শরীয়তের) আবশ্যিক বিধান

عِزِينَ (عِزَةٌ) [عزو] [‘ইযীনা] দলে দলে

عَسَّ [ن] (عَسٌّ ، عَسَسٌ) [عسس] [‘আস্সা] রাতে টহল দেওয়া, প্রহরা দেওয়া, (সংবাদ) দেরিতে আসা, সামান্য খেতে দেওয়া

عُسٌّ ج عِسَاسٌ ، عِسَسَةٌ ، أَعْسَاسٌ [‘উস্] বড় পানপাত্র, বাটি, গ্লাস

عَسَا [ن] (عَسَاءٌ ، عُسُوٌّ) [عسو] [‘আসা] শক্ত হওয়া, শুষ্ক হওয়া, শুকিয়ে যাওয়া, (রাতের) অন্ধকার বেশী হওয়া

عَسَّاسٌ [عسس] [‘আস্সাস] রাতে অধিক চলাচল করে এমন, নৈশ প্রহরী, টহলদার, নেকড়ে

عَسَّافٌ [عسف] [‘আস্সাফ] কঠোর অত্যাচারী, স্বৈরাচারী, নিপীড়নমূলক, স্বৈর

عَسَّالٌ [عسل] [‘আস্সাল] মধু সংগ্রহকারী, মধুওয়ালা, মৌমাছিপালক

عَسَّالَةٌ ج عَسَّالَاتٌ [عسل] [‘আস্সালাহ] মৌচাক, মৌমাছি, মধু সংগ্রহকারী দল

عَسْجَدٌ [‘আস্জাদ] স্বর্ণ, সোনা, মণি, জহরত

عَسَرَ [ن] [ض] (عَسْرٌ) [‘আসারা] কঠোর হওয়া, কঠোরতা করা, কঠিন হওয়া

عَسِرٌ [‘আসির] কঠিন, জটিল, কষ্টসাধ্য, কঠোর

عَسِرَ [س] (عَسَرٌ) [‘আসিরা] ন্যাটা হওয়া, ডেবরা হওয়া, বাঁ-হাতী হওয়া

عَسِرَ (عَسَرٌ ، عُسْرٌ ، عُسُرٌ) [‘আসিরা] কঠিন হওয়া, কঠোর হওয়া, জটিল হওয়া

عَسُرَ [ك] (عُسْرٌ ، عُسُرٌ ، عَسَارَةٌ) [‘আসুরা] কঠিন হওয়া, কঠোর হওয়া, জটিল হওয়া

عَسَّرَ (تَعْسِيرٌ) [عسر] [‘আস্সারা] কঠিন করা, কঠোর করা, জটিল করা, বাম দিক থেকে আসা

عَسَّرَ عَلَى [-- ‘আলা] বিরোধিতা করা, কঠোরতা করা, কষ্ট দেওয়া, কষ্টে ফেলা, জটিলতায় ফেলা

عُسْرٌ [‘উস্র] কাঠিন্য, কষ্টসাধ্যতা, কঠোরতা, জটিলতা, কষ্ট, দারিদ্র, অভাব; বাঁ-হাতী, ন্যাটা, ডেবরা (أَعْسَرُ-এর বহুবচন)

عُسَرٌ [‘উসার] অধিকতর কঠিন, কঠিনতর, জটিলতর (أَعْسَرُ-এর বহুবচন)

عُسُرٌ [‘উসুর] কাঠিন্য, কষ্টসাধ্যতা, কঠোরতা, জটিলতা, কষ্ট, দারিদ্র, অভাব

عَسْرَاءُ [عسر] [‘আস্রা’] বাঁ-হাতী, নেটা, ন্যাটা, ডেবরা (أَعْسَرُ-এর স্ত্রীলিঙ্গ)

عُسْرَةٌ [‘উস্রাহ] কষ্ট, দারিদ্র, অভাব, অনটন

عُسْرَى [عسر] [উস্রা] অধিকতর কঠিন, জটিলতর, কষ্টের বিষয়, (أَعْسَرُ-এর স্ত্রীলিঙ্গ)

عَسَسٌ [‘আসাস] নৈশ প্রহরা, রাতের টহল, যারা রাতে পাহারা দেয়, নৈশ প্রহরীবৃন্দ

عَسْعَاسٌ ، عَسْعَسٌ [‘আস্‘আস, ‘আস্‘আস] নেকড়ে, শিকারী পশু, হিংস্র জন্তু, মরীচিকা

عَسْعَسَ (عَسْعَسَةٌ) [‘আস্‘আসা] (রাত) অন্ধকার হওয়া, গত হওয়া, চলে যাওয়া, অবসান হওয়া, (মেঘ) ভূমির নিকটবর্তী হওয়া, (নেকড়ে) রাতে ঘুরে বেড়ানো, পতিত হওয়া

عَسْفٌ [‘আস্ফ] অন্যায়, জুলুম, নির্যাতন, মৃত্যু, বড় বাটি

عَسَفَ [ض] (عَسْفٌ) [‘আসাফা] অন্যায় করা, জুলুম করা, নির্যাতন করা, না ভেবে কাজ করা, জোর করে নেওয়া, চাকর বানানো, আন্দাজে চলা

عَسَفَ عَلَى ، لِ [-- ‘আলা, লি] পক্ষে কাজ করা

[-- 'আন] বিচ্যুত হওয়া, সরে যাওয়া عَسَفَ عَنْ

['আস্সাফা] চিহ্ন [عسف] (تَعْسِيف) عَسَّفَ ছাড়া চলা, অতিরিক্ত কাজ করানো, ক্লান্ত করা, মুছে ফেলা

['আস্ক্বালান] আস্কালানঃ ফিলিস্তীনের عَسْقَلَان একটি সমুদ্রবন্দর, (মাথার) উপরিভাগ

['আস্কার] সৈন্য, সেনা, দল, عَسْكَر ج عَسَاكِر বাহিনী, সেনাবাহিনী

['আস্কারা] সৈন্য সমাবেশ (عَسْكَرَة) عَسْكَرَ করা, শিবির স্থাপন করা, তাঁবু গাড়া, সমবেত হওয়া, একত্র করা, (রাত) গাঢ় অন্ধকার হওয়া

['আস্কারী] সামরিক, যুদ্ধ-বিষয়ক, عَسْكَرِيّ সেনা-বিষয়ক

['আসাল] মধু, عَسَل ج أَعْسَال ، عُسُول ، عُسْل মৌ, মউ, খেজুরের গুড়

['আসালা] মধু মিশানো, (عَسْل) [ض] [ن] عَسَلَ মধুমিশ্রিত করা, মধু দিয়ে তৈরি করা, মধু খাওয়ানো

['আস্সালা] মধুমিশ্রিত [عسل] (تَعْسِيل) عَسَّلَ করা, সুমিষ্ট করা, মধু খাওয়ানো, মধু দেওয়া, মধু তৈরি করা

['উস্লুজ] কিশলয়, ছোট ডাল, عُسْلُج ج عَسَالِج কচি ডাল

['উস্লুজ] ছোট ডাল, কচি عُسْلُوج ج عَسَالِيج ডাল, কিশলয়

['আসালী] মধু সম্পর্কিত, মধুর মত, মধু- عَسَلِيّ বর্ণ

['আসূফ] অত্যাচারী, স্বৈরাচারী [عسف] عَسُوف

['আসা] শীঘ্র, সত্বর, সম্ভবত, হয়তো عَسَى

['আসীব] عَسِيب ج عُسُب ، عُسُب ، عُسْبَان খেজুরের ডাল, লেজের হাড়, পাহাড়ের ফাটল

['আসীর] কঠিন, জটিল, কঠোর, [عسر] عَسِير কষ্টকর, কষ্টসাধ্য

['আসীফ] [عسف] عَسِيف ج عُسَفَاء ، عِسَفَة মজুর, কামলা, ভাড়াটে শ্রমিক, দাস

['আশ্] পাখির عَشّ ج أَعْشَاش ، عِشَاش ، عِشَشَة বাসা, নীড়, সামান্য দান, দুর্বল, শীর্ণকায়

['উশ্] পাখির عُشّ ج أَعْشَاش ، عِشَاش ، عِشَشَة বাসা, নীড়, কুলায়

['আশা] দুর্বল দৃষ্টিশক্তি, রাতকানা রোগ عَشًا

['আশা] রাতে গমন [عشو] (عَشْو) [ن] عَشَا করা, রাতে চরানো, দুর্বল দৃষ্টিশক্তিসম্পন্ন হওয়া, রাতকানা হওয়া

[-- 'আন] ফিরে যাওয়া, বিরত থাকা, عَشَا عَنْ ছেড়ে দেওয়া

['আশা] রাতের [عشو] (عَشْو ، عَشْي) عَشَا খাবার খাওয়ানো, রাতের খাবার দেওয়া

['আশা'] রাতের খাবার, [عشو] عَشَاء ج أَعْشِيَة নৈশ আহার

['ইশা'] সন্ধ্যা, সন্ধ্যারাত, এশা [عشو] عِشَاء (নামায)

['আশ্শাব] নিরামিষভোজী, তৃণ- [عشب] عَشَّاب ভোজী

['আশাবাহ্] গাছপালার আধিক্য, [عشب] عَشَابَة উদ্ভিদবহুলতা, ঘাসবহুলতা, তৃণবহুলতা

['আশ্শার] ওশর (জমির উৎপন্ন- [عشر] عَشَّار দ্রব্যের এক দশমাংশ) আদায়কারী

['উশার] দশ দশ করে عُشَار

['উশারাহ্] এক দশমাংশ, দশ ভাগের عُشَارَة এক ভাগ, খণ্ড

['উশারী] দশগজী (কাপড়), দশ বছর عُشَارِيّ বয়সী (ছেলে)

['আশ্শাক্ব] অধিক ভালবাসে [عشق] عَشَّاق এমন, বড় প্রেমিক, প্রেমাসক্ত

['আশাওয়াহ্] দুর্বল দৃষ্টিশক্তি, [عشو] عَشَاوَة রাতকানা রোগ

['আশিব] ঘাস আছে এমন, ঘাসে-ঢাকা, عَشِب ঘাসবহুল, তৃণাচ্ছাদিত (ভূমি)

['আশিবা] ঘাসবহুল হওয়া, (عَشَب) [س] عَشِبَ ঘাসে ঢেকে যাওয়া, তৃণাচ্ছাদিত হওয়া, ঘাস হওয়া

['আশুবা] ঘাসবহুল হওয়া, (عَشَابَة) [ك] عَشُبَ ঘাসে ঢেকে যাওয়া, তৃণাচ্ছাদিত হওয়া, ঘাস হওয়া

['আশ্শাবা] ঘাসবহুল [عشب] (تَعْشِيب) عَشَّبَ হওয়া, ঘাসে ঢেকে যাওয়া, তৃণাচ্ছাদিত হওয়া, ঘাস হওয়া, ঘাস জন্মানো

عُشْب ج أَعْشَاب ['উশ্‌ব] ঘাস, তৃণ, গুল্ম, খড়

عُشْبَة ['উশ্‌বাহ্] ঘাস, তৃণ, গুল্ম

عُشْبِيّ ['উশ্‌বী] ঘাস-সম্বন্ধীয়, তৃণ-বিষয়ক, ভেষজ

عُشَّة ج عُشَّات ، عُشَش [عشش] ['উশ্‌শাহ্] খড়ের ঘর, কুড়েঘর, কুটীর

عَشْر ['আশ্‌র] দশ, দশক, দশজন, দশটি (স্ত্রী)

عَشَرَ [ن] (عَشْر) ['আশারা] দশভাগ করা, দশ সংখ্যা পূরণ করা, দশম হওয়া, এক দশমাংশ নেওয়া, ওশর আদায় করা

عَشَّرَ (تَعْشِير) [عشر] ['আশ্‌শারা] দশভাগে ভাগ করা, এক দশমাংশ নেওয়া, ওশর আদায় করা, (পশু, পাখি ইত্যাদির) যৌনমিলন ঘটানো

عِشْر ج أَعْشَار ['ইশ্‌র] দশ ভাগের এক ভাগ, এক দশমাংশ, খণ্ড, দশম অথবা নবম দিনে উটের পানিপান

عُشْر ج أَعْشَار ، عُشُور ['উশ্‌র] এক দশমাংশ, দশ ভাগের এক ভাগ, ওশরঃ জমির উৎপন্ন-দ্রব্যের এক দশমাংশ

عُشَرَاء ج عِشَار ، عُشَرَاوَات [عشر] ['উশারা'] দশ মাসের গর্ভবতী উষ্ট্রী

عَشَرَة ['আশারাহ্] দশ, দশক, দশজন, দশটি (পুং)

عِشْرَة ['ইশ্‌রাহ্] সঙ্গ, সম্পর্ক, মেলামেশা, বন্ধুত্ব, ঘনিষ্ঠতা

عَشْرَغ ['আশ্‌রগ] ডেকাগ্রাম (decagram)

عُشْرُغ ['উশ্‌রুগ] ডেসিগ্রাম (decigram)

عَشْرَل ['আশ্‌রল] ডেকালিটার (decalitre)

عُشْرُل ['উশ্‌রুল] ডেসিলিটার (decilitre)

عَشْرَم ['আশ্‌রম] ডেকামিটার (decametre)

عُشْرُم ['উশ্‌রুম] ডেসিমিটার (decimetre)

عِشْرُون ، عِشْرِين ['ইশ্‌রূন, 'ইশ্‌রীন] বিশ, কুড়ি

العِشْرُون ، العِشْرِين [আল-'ইশ্‌রূন, আল-'ইশ্‌রীন] বিশতম, বিংশ

عَشْرِيّ ['আশ্‌রী] দশ বছর মেয়াদী, দশসালা, দশমিক

عُشْرِيّ ['উশ্‌রী] দশমিক

العِشْرِينَات [আল-'ইশ্‌রীনাত] বিশের দশক

عَشَّشَ (تَعْشِيش) [عشش] ['আশ্‌শাশা] (পাখি) বাসা বানানো, বাসা বাঁধা, সুপ্রতিষ্ঠিত হওয়া, (গাছের) ডাল কমে যাওয়া, (ঘাস) শুকিয়ে যাওয়া

عَشِقَ [س] (عِشْق) ['আশিক্বা] ভালবাসা, প্রেম করা, আকৃষ্ট হওয়া, লেগে যাওয়া

عِشْق ['ইশ্‌ক] প্রেম, ভালবাসা, হৃদ্যতা, অনুরাগ, প্রণয়, প্রীতি

عَشْو ['আশ্‌ও] দুর্বল দৃষ্টিশক্তি, রাতকানা রোগ

عَشْوَاء [عشو] ['আশ্‌ওয়া'] অন্ধ উষ্ট্রী, রাতের অন্ধকার, দুর্বল দৃষ্টিশক্তিসম্পন্ন, রাতকানা (أَعْشَى -এর স্ত্রীলিঙ্গ)

عَشْوَائِيّ ['আশ্‌ওয়া'ঈ] এলোপাতাড়ি, উদ্দেশ্য-বিহীন, অপরিকল্পিত

عَشْوَائِيًّا ['আশ্‌ওয়া'ইয়্যান] এলোপাতাড়িভাবে, উদ্দেশ্যবিহীনভাবে, অপরিকল্পিতভাবে

عَشْوَة ['আশ্‌ওয়াহ্] অন্ধকার, আঁধার, রাতের প্রথম চতুর্থাংশ, রাতের খাবার, নৈশ আহার, আন্দাজী উদ্যোগ

عِشْوَة ، عُشْوَة ['ইশ্‌ওয়াহ, 'উশ্‌ওয়াহ্] রাতে দূর থেকে দৃষ্ট আগুন, অগ্নিশিখা, অন্ধকার, আন্দাজী উদ্যোগ

عَشَوِيّ [عشو] ['আশাবী] সন্ধ্যাকালীন, সান্ধ্য

عَشِيَ [س] (عَشًا) [عشو] ['আশিয়া] দুর্বল দৃষ্টি-শক্তিসম্পন্ন হওয়া, রাতকানা হওয়া

عَشَّى (تَعْشِيَة) [عشو] ['আশ্‌শা] রাতের খাবার দেওয়া, দুর্বল দৃষ্টিশক্তিসম্পন্ন করা, রাতকানা করা

عَشِيّ [عشو] ['আশী] সন্ধ্যা, সাঁঝ, বিকেল, মেঘ

عَشِيب [عشب] ['আশীব] ঘাস আছে এমন, ঘাসবহুল, তৃণাচ্ছাদিত (ভূমি)

عَشِيَّة ج عَشَايَا ، عَشِيَّات [عشو] ['আশিয়্যাহ্] সন্ধ্যা, সাঁঝ, রাতের প্রথম অন্ধকার, মেঘ

عَشِيَّةً ['আশিয়্যাতা] প্রাক্কালে

عَشِير ج عُشَرَاء [عشر] ['আশীর] সাথী, সহচর, সঙ্গী, বন্ধু, আত্মীয়, স্বামী, স্ত্রী, অংশীদার

عَشِير ج أَعْشِرَاء [عشر] ['আশীর] দশ ভাগের

একভাগ, এক দশমাংশ

['আশীরাহ] [عشر] عَشِيرَة ج عَشَائِر ، عَشِيرَات গোত্র, জ্ঞাতি, আত্মীয়স্বজন, আপনজন

['আশীক] প্রেমিক, [عشق] عَشِيق مث عَشِيقَة প্রিয়জন, প্রেমাস্পদ

[আছ্ছা] শক্ত হওয়া, (عَصّ ، عَصَص) عَصَّ [س] কঠিন হওয়া

['আছা] [عصو] عَصَا ج عِصِيّ ، عُصِيّ ، أَعْصَاء লাঠি, যষ্ঠি, ডাণ্ডা, লগুড়

['আছা] লাঠি দ্বারা [عصو] (عَصْو) عَصَا [ن] প্রহার করা, লাঠিপেটা করা, একত্রিত করা, (ক্ষত) বেঁধে দেওয়া

['আছ্ছা'] বিরোধী, [عصي] عَصَّاء ج عَصَّاؤُونَ অবাধ্য

['ইছাব] বন্ধন, বন্ধনী, পটি, ব্যান্ডেজ, عِصَاب ড্রেসিং

['উছাব, 'উছাব নাফ্সী] عُصَاب ، عُصَاب نَفْسِيّ স্নায়ুবৈকল্য, মনোবৈকল্য, neurosis (রোগ)

['ইছাবাহ] বন্ধন, বন্ধনী, পটি, عِصَابَة ج عَصَائِب ব্যান্ডেজ, ড্রেসিং, মস্তকবন্ধনী, ললাটবন্ধনী

['ইছাবাহ] দল, সংঘ, গোষ্ঠী, عِصَابَة ج عِصَابَات ইউনিয়ন, ফেডারেশন, লীগ

['ইছার] বায়ুতাড়িত ধূলি, প্রচণ্ড ধূলি, সময় عِصَار

['উছার, 'উছারাহ] রস, নির্যাস, عُصَار ، عُصَارَة সংক্ষিপ্তসার, সারসংক্ষেপ

['আছ্ছারাহ] রস [عصر] عَصَّارَة ج عَصَّارَات করার যন্ত্র, নিংড়ানোর যন্ত্র

['উছাফাহ] তুষ, ভুষি, তুচ্ছ বস্তু [عصف] عُصَافَة

['ইছাম] বন্ধনী, ফিতা, عِصَام ج عُصُم ، أَعْصِمَة বন্ধনরজ্জু, দড়ি, রশি, প্রতিজ্ঞা, ওয়াদা

['ইছামী] বাব-দাদার কারণে নয়, আপন عِصَامِيّ প্রতিভা ও প্রচেষ্টায় মর্যাদাবান হয়েছে এমন, নিজ গুণে মহীয়ান

['আছ্ব] বাঁধন, ভাঁজ, পেঁচ, পাক, বেষ্টন, عَصْب অবিচ্ছিন্নতা, সংলগ্নতা, পাগড়ি, চিরহরিৎ গুল্ম-বিশেষ, lablab

['আছব] স্নায়ু, শিরা, গোত্রের عَصَب ج أَعْصَاب সেরা ব্যক্তিবর্গ, চিরহরিৎ গুল্মবিশেষ, lablab

['আছবা] বাঁধা, পেঁচানো, (عَصْب) عَصَبَ [ض] পেঁচিয়ে বাঁধা, পাক খাওয়ানো, বেষ্টন করা, ব্যান্ডেজ করা, বেঁধে রাখা, পাগড়ি বাঁধা, লেগে থাকা, শুষ্ক হওয়া

['আছিব] অধিক শিরাযুক্ত, শিরাবহুল عَصِب (মাংস)

['আছিবা] (মাংস) অধিক (عَصَب) عَصِبَ [س] শিরাযুক্ত হওয়া, শিরাবহুল হওয়া

[-- বি] চারপাশে সমবেত হওয়া, বেষ্টন عَصَبَ بِ করা

['আছ্ছবা] পেঁচিয়ে [عصب] (تَعْصِيب) عَصَّبَ বাঁধা, বেঁধে রাখা, পটি দিয়ে বাঁধা, ব্যান্ডেজ করা, *অনাহারে রাখা, মেরে ফেলা, ধ্বংস করা,* নেতা বানানো

['আছবাহ] দল, সংঘ, সগোত্র عَصَبَة ج عَصَبَات ব্যক্তি, জ্ঞাতি, স্নায়ু, স্নায়ুকোষ

['উছ্বাহ] দল, সংঘ, عُصْبَة ج عُصَب ، عُصْبَات *জোট, সংস্থা,* সম্প্রদায়, ইউনিয়ন, লীগ, কন-ফেডারেশন, কোয়ালিশন

['আছবী] স্নায়ুসংক্রান্ত, স্নায়বিক, *স্নায়বিক* عَصَبِيّ দৌর্বল্যযুক্ত, পক্ষপাতমূলক

['আছবিয়্যাহ] পিতার দিকের [عصب] عَصَبِيَّة আত্মীয়তা, দলীয় মনোভাব, স্বজনপ্রীতি, স্বদল-প্রীতি, স্বপক্ষপ্রীতি, পক্ষপাতিত্ব, স্নায়বিকতা

['আছ্র] সময়, عَصْر ج عُصُور ، أَعْصُر ، أَعْصَار যুগ, কাল, আমল, শতাব্দী, অপরাহ্ন, বিকেল, আছর (নামায)

[আল-'আছ্র] সূরা আল-'আছ্রঃ পবিত্র الْعَصْر কোরআনের ১০৩তম সূরা

['আছ্রুল হাদীদ] লৌহযুগ عَصْر الْحَدِيد

['আছ্র যাহাবী] সোনালী যুগ, স্বর্ণযুগ عَصْر ذَهَبِيّ

['আছরা] চাপ দিয়ে বা পাক (عَصْر) عَصَرَ [ض] দিয়ে পানি বের করা, রস বের করা, নিংড়ানো

['আছ্ছরা] ভাল করে [عصر] (تَعْصِير) عَصَّرَ রস বের করা, ভাল করে নিংড়ানো, আধুনিক করা, (শস্য) শিষ বের করা, (মেয়ে) বয়ঃসন্ধি-প্রাপ্তা হওয়া, প্রাপ্তযৌবনা হওয়া

['ইছ্র] সময়, عِصْر ج عُصُور ، أَعْصُر ، أَعْصَار যুগ, কাল, আমল

عُصْر ['উছ্‌র] আশ্রয়ের স্থান, রক্ষার স্থান, আশ্রয়, আশ্রম

عُصْر ، عُصُر ج عُصُور ، أَعْصُر ، أَعْصَار ['উছ্‌র, 'উছুর] যুগ, কাল, সময়, আমল

عَصْرَنَ (عَصْرَنَة) [عصر] ['আছ্‌রনা] আধুনিক করা

عَصْرَنَة [عصر] ['আছ্‌রনাহ্] আধুনিকীকরণ

عَصْرِيّ ['আছ্‌রী] যুগসম্পর্কিত, যুগোপযোগী, আধুনিক, সাম্প্রতিক

عَصْرِيَّة [عصر] ['আছ্‌রিয়্যাহ্] যুগোপযোগিতা, আধুনিকতা, নতুনত্ব

عُصْص ، عُصُص ['উছ্‌ছ, 'উছুছ] লেজের গোড়া

عَصْعَص ، عُصْعُص ج عَصَاعِص ['আছ্‌'আছ, 'উছ্‌'উছ] লেজের হাড়, লাঙ্গুলাস্থি

عُصْعُوص ج عَصَاعِيص [عصعص] ['উছ্‌'উছ] লেজের হাড়, লাঙ্গুলাস্থি

عَصْف ['আছ্‌ফ] ঝড়ো হাওয়া, দমকা হাওয়া, প্রবল বাতাস, ভুসি, শস্যের পাতা

عَصَفَ [ض] (عَصْف ، عُصُوف) ['আছফা] (বাতাস) তীব্র হওয়া, প্রবল হওয়া, ঝড়ের বেগে প্রবাহিত হওয়া, ছুটে চলা, জোরে ধাবিত হওয়া

عَصَفَ بِ [-- বি] উড়িয়ে নিয়ে যাওয়া, ধ্বংস করে দেওয়া, মেরে ফেলা

عَصْفَة ['আছ্‌ফাহ্] ঝড়ো হাওয়া, দমকা হাওয়া, প্রবল বাতাস

عَصْفَرَ (عَصْفَرَة) ['আছ্‌ফারা] উছ্‌ফুর নামক গুল্ম থেকে প্রাপ্ত হলুদ রং দ্বারা (কাপড়) রং করা

عُصْفُر ['উছ্‌ফুর] এক প্রকার গুল্ম যা থেকে হলুদ রং পাওয়া যায়, safflower

عُصْفُور ج عَصَافِير [عصفر] ['উছ্‌ফূর] ছোট পাখি, চড়ুইপাখি, চড়াই, চিড়িয়া

عَصَل ['আছল] বাঁক, ভাঁজ, পাক, বক্রতা, বাঁকা বালুকাভূমি

عَصَل ج أَعْصَال ['আছল] অন্ত্র, আঁতড়ি, নাড়ীভুঁড়ি

عَصَلَ [ن] (عَصْل) ['আছলা] বাঁকা করা, পাক দেওয়া, ভাঁজ করা

عَصِل ج عِصَال ['আছিল] বাঁকা, বক্র, তেড়া, শক্ত

عَصِلَ [س] (عَصَل) ['আছিলা] বাঁকা হওয়া, পাক খাওয়া, ভাঁজ হওয়া, শক্ত হওয়া

عَصَّلَ (تَعْصِيل) [عصل] ['আছ্‌ছলা] বিলম্বিত হওয়া, (তীর) বাঁকাভাবে নিক্ষিপ্ত হওয়া, বেঁকে যাওয়া, বাঁকা করা, পাক দেওয়া, ভাঁজ করা

عِصْل ج أَعْصَال ['ইছ্‌ল] অন্ত্র, আঁতড়ি, নাড়ীভুঁড়ি

عَصْم ['আছ্‌ম] রক্ষা, হেফাজত, বাধা, বিরতকরণ

عَصَمَ [ض] (عَصْم) ['আছমা] রক্ষা করা, আশ্রয় দেওয়া, বিরত রাখা, বাধা দেওয়া, বেঁধে রাখা, সংক্রমণমুক্ত রাখা, আশ্রয় নেওয়া

عَصْمَاء [عصم] ['আছ্‌মা'] সাদা পা-বিশিষ্ট, শুভ্র-পদ (পশু) [أَعْصَم-এর স্ত্রীলিঙ্গ]

عَصَمَة ['আছমাহ্] (গলার) হার, (কুকুরের) গলার বেড়ী

عِصْمَة ['ইছ্‌মাহ্] পবিত্রতা, পাপমুক্ত থাকার গুণ, পাপমুক্তি, সতীত্ব, হেফাজত, রক্ষা, সংরক্ষণ, বাধা, আশ্রয়

عِصْمَة ج عِصَم ، أَعْصُم ، أَعْصَام ['ইছ্‌মাহ্] রশি, রজ্জু, বন্ধনী, গলাবন্ধ, বাজুবন্ধ, সম্পর্ক, সংশ্রব

عُصْمَة ['উছ্‌মাহ্] (কুকুরের) গলার বেড়ী

عَصُوف ج عُصُف ['আছূফ] বেগে প্রবাহিত, তীব্র গতিসম্পন্ন, প্রচণ্ড, ঝড়ো (বাতাস), ঝড়ো হাওয়া, ঝড়ের বেগে ধাবনশীল, অতি দ্রুতগামী (হরিণ, উট, উটপাখি)

عَصَى [ض] (عِصْيَان) ['আছা] বিরোধিতা করা, অবাধ্য হওয়া, অমান্য করা, বিদ্রোহ করা, পাপ করা

عَصِيّ ج أَعْصِيَاء ، عَصِيُّونَ [عصي] ['আছী] অবাধ্য, বিদ্রোহী, বিরোধী, পাপী

عَصِيَ [س] (عَصًا) ['আছিয়া] লাঠি নেওয়া

عَصِيَ بِالسَّيْف ['আছিয়া বিস-সাইফ] তরবারি লাঠির কাজে ব্যবহার করা, তরবারি দ্বারা লাঠির মত আঘাত করা

عِصْيَان [عصي] ['ইছ্‌ইয়ান] অবাধ্যতা, বিদ্রোহ, অমান্যতা, বিরোধিতা, পাপ

عَصِيب ['আছীব] কঠিন, জটিল, গুরুতর, সঙ্কট-পূর্ণ (সময় ইত্যাদি), প্রচণ্ড গরম (দিন)

عَصِيب ج عُصُب ، أَعْصِبَة ['আছীব] একত্রে

বেঁধে ভুনা-করা ভেড়ার নাড়ীভুঁড়ি ও ফুসফুস, দড়ি দিয়ে বাঁধা উট

عُصَيَّة ج عُصَيَّات [عصو] [‘উছইয়াহ্] ক্ষুদ্র যষ্ঠি, ছোট লাঠি

عَصِيدَة [‘আছীদাহ্] ছারীদঃ ময়দার সাথে মাখন ও মধু মিশিয়ে তৈরী তরল খাদ্যবিশেষ

عَصِير ، عَصِيرَة [‘আছীর, ‘আছীরাহ্] রস, নির্যাস, আরক, শরবত

عَصِيف [‘আছীফ] তীব্র গতিসম্পন্ন, প্রচণ্ড, ঝড়ো (বাতাস), প্রচণ্ড বাতাস, ঝড়ো হাওয়া

عَصِيم [‘আছীম] ঘাম, গাছের পাতা, অবশিষ্টাংশ

عَضّ [عضض] [‘আদ্] কামড়, দংশন, দন্তাঘাত

عَضَّ [س] (عَضّ ، عَضِيض) [‘আদ্দা] কামড় দেওয়া, দংশন করা, কামড়ানো, কামড়ে ধরা, আকড়ে ধরা, কষ্ট দেওয়া

عِضّ ج أَعْضَاض ، عُضُوض [‘ইদ্] দুরাচারী, দুষ্ট, পাপিষ্ঠ, ধূর্ত, শক্ত, অনড়, কৃপণ, ব্যয়কুণ্ঠ

عُضّ [‘উদ্] শুষ্ক গো-খাদ্য, যব, গম

عَضَا [ن] (عَضْو) [عضو] [‘আদা] খণ্ড খণ্ড করা, ভাগ করে দেওয়া, (পশু) জবাই করে মাংস ভাগ করা

عَضَّاض [عضض] [‘আদ্দাদ] দাঁত দিয়ে কামড়ে ধরে এমন, অধিক কামড়ায় এমন

عُضَال [‘উদাল] দীর্ঘস্থায়ী, দুরারোগ্য, কঠিন (রোগ)

عَضْب [‘আদ্ব] তীক্ষ্ণ, ধারালো, ছেদক, ধারালো (তরবারি)

عَضَّة [عضض] [‘আদ্দাহ্] কামড়, দংশন, দন্তাঘাত

عِضَة ج عِضُون [عضو] [‘ইদাহ্] দল, খণ্ড, টুকরা

عَضُد ج أَعْضَاد [‘আদুদ] সাহায্যকারী, সহায়ক, দিক

عَضَدَ [ن] (عَضْد) [‘আদাদা] সহায়তা দেওয়া, সাহায্য করা, বাহুতে আঘাত দেওয়া

عَضِدَ [س] (عَضَد) [‘আদিদা] বাহুতে ব্যথা হওয়া, বাহুর অসুখে ভোগা

عَضَّدَ (تَعْضِيد) [عضد] [‘আদ্দাদা] জোরে কামড় দেওয়া, অধিক কামড়ানো

عَضُد ج أَعْضَاد ، أَعْضُد [‘আদুদ] বাহু, শক্তি, বল, জোর, সাহায্যকারী

عَضَلَ [ن] (عَضْل) [‘আদলা] পেশীতে আঘাত করা

عَضَلَ بِ [-- বি] কঠিন হওয়া, কষ্টকর হওয়া, কষ্ট দেওয়া

عَضَلَ عَلَى [-- ‘আলা] কঠোরতা করা, কড়াকড়ি করা, বাধা দেওয়া, নিষেধ করা, বিধিনিষেধ আরোপ করা, নিষেধাজ্ঞা জারি করা

عَضَلَ [ن] [ض] (عَضْل ، عِضْلَان) عَنْ [-- ‘আন] বিরত রাখা, দূরে রাখা, আটকে রাখা, (স্ত্রীকে) স্বামীর কাছে যেতে না দেওয়া, (নারীকে) বিয়ে করতে না দেওয়া

عَضِلَ [س] (عَضَل) [‘আদিলা] পেশীবহুল হওয়া, মাংসল হওয়া

عَضَّلَ (تَعْضِيل) [عضل] [‘আদ্দালা] কঠোরতা করা, বাধা দেওয়া, (স্থান) সংকীর্ণ হওয়া

عَضَّلَ بِ [-- বি] কষ্টকর হওয়া, কঠিন হওয়া, কষ্ট দেওয়া

عَضَّلَ عَلَى [-- ‘আলা] কঠোরতা করা, কড়াকড়ি করা, বাধা দেওয়া, বিধিনিষেধ আরোপ করা, *নিষেধাজ্ঞা জারি করা*

عَضَّلَ عَنْ [-- ‘আন] বিরত রাখা, আটকে রাখা, দূরে রাখা, (স্ত্রীকে) স্বামীর কাছে যেতে না দেওয়া, (নারীকে) বিয়ে করতে না দেওয়া

عَضِل ، عَضُل [‘আদিল, ‘আদুল] পেশীবহুল, মাংসল, বলবান, শক্তিশালী

عَضَلَة ج عَضَل ، عَضَلَات [‘আদলাহ্] মাংসপেশী

عُضْلَة ج عُضَل ، عُضَل [‘উদ্লাহ্] চতুর ব্যক্তি, ধূর্ত লোক, কুশলী

عَضَلِيّ [‘আদলী] মাংসপেশীসংক্রান্ত, বলবান, শক্তিশালী

عُضْو ج أَعْضَاء [‘উদ্ও] অঙ্গ, সদস্য, সভ্য

عَضُوض [عضض] [‘আদূদ] দাঁত দিয়ে কামড়ে ধরে এমন, অধিক পানিবিশিষ্ট (কূপ)

عُضْوِيّ [‘উদ্বী] অঙ্গসংক্রান্ত, দেহযন্ত্র-সম্বন্ধীয়, আঙ্গিক

عُضْوِيَّة ج عُضْوِيَّات [‘উদ্বিয়্যাহ্] সদস্যপদ,

membership

['আদ্দা] বিভক্ত করা, [عضو] (تَعْضِيَة) عَضَّى
ভাগ করে দেওয়া, (পশু) জবাই করে মাংস ভাগ করা

['আদীদ] গাছের [عضض] عَضِيد ج عِضْدَان
কর্তিত অংশ, খেজুর গাছের সারি, খাটো খেজুর গাছ

['আদীদ] কামড়, শক্ত কামড়, [عضض] عَضِيض
জোরালো দংশন, সমকক্ষ, সঙ্গী

['আদীলাহ] পেশী, [عضل] عَضِيلَة ج عَضَائِل
মাংসপেশী

['ইদীন] টুকরা টুকরা, [عضو] (عِضَة) عِضِينَ
খণ্ড খণ্ড

['আত়া] দান, দানের বস্তু, [عطو] عَطَا ج أَعْطِيَة
পুরস্কার, বকশিশ, বখশিশ

['আত়া'] দান, পুরস্কার, [عطو] عَطَاء ج أَعْطِيَة
দানের বস্তু, দক্ষিণা, বকশিশ, বখশিশ

['আত্তার] আতরওয়ালা, আতর- [عطر] عَطَّار
বিক্রেতা, সুগন্ধি-ব্যবসায়ী, অধিক সুগন্ধযুক্ত

['ইত়ারাহ] সুগন্ধি দ্রব্যের ব্যবসা, [عطر] عِطَارَة
আতরের ব্যবসা

['উত়ারিদ] বুধ (গ্রহ) عُطَارِد

['উত়াস] হাঁচি, হাঁচা عُطَاس

['উত়াশ] তীব্র পিপাসা, প্রচণ্ড তৃষ্ণা عُطَاش

['ইত়াফ] চাদর, শীতে عِطَاف ج عُطُف ، أَعْطِفَة
গায়ে দেওয়ার চাদর, তরবারি

['আত়ালাহ] বেকারত্ব, কর্মহীনতা [عطل] عَطَالَة

['আত়াওয়াহ] দান, দানের বস্তু, [عطو] عَطَاوَة
বখশিশ, পুরস্কার

['আতব] ক্ষয়, ধ্বংস, বিনাশ, পচন, পতন عَطَب

['আতিবা] ক্ষয়প্রাপ্ত হওয়া, (عَطَب) [س] عَطِبَ
ধ্বংস হওয়া, নষ্ট হওয়া, পচে যাওয়া, নিঃশেষ হওয়া, ভেঙ্গে পড়া, অতিশয় ক্রুদ্ধ হওয়া

['আত্তবা] ধ্বংস করা, [عطب] (تَعْطِيب) عَطَّبَ
নষ্ট করা, (মদ, পানীয়) চোলাই করা, পরিস্রুত করা, (দ্রাক্ষালতায়) গিঁঠ হওয়া

['আতির] সুগন্ধযুক্ত, সুবাসিত, সুরভিত عَطِر

['আতিরা] সুগন্ধযুক্ত হওয়া, (عَطَر) [س] عَطِرَ
সুবাসিত হওয়া, সুরভিত হওয়া

['আত্তরা] সুবাসিত করা, [عطر] (تَعْطِير) عَطَّرَ
সুরভিত করা, সুগন্ধযুক্ত করা

['ইতর] সুগন্ধিদ্রব্য, আতর عِطْر ج عُطُور

['আতসা] (عَطْس ، عُطَاس) [ض] [ن] عَطَسَ
হাঁচি দেওয়া, হাঁচা

['আত্তসা] হাঁচানো, [عطس] (تَعْطِيس) عَطَّسَ
হাঁচি দেওয়ানো, হাঁচির উদ্রেক করা

['আত্সাহ] হাঁচি, হাঁচা عَطْسَة

['আতশ] তৃষ্ণা, পিপাসা, তীব্র আকাংক্ষা عَطَش

['আতিশ] তৃষ্ণার্ত, পিপাসার্ত, তৃষ্ণাকাতর عَطِش

['আতিশা] তৃষ্ণার্ত হওয়া, (عَطَش) [س] عَطِشَ
পিপাসার্ত হওয়া, তৃষ্ণা অনুভব করা, তৃষ্ণা লাগা

[-- ইলা] তীব্র আকাংক্ষী হওয়া, পেতে عَطِشَ إِلَى
চাওয়া

['আত্তশা] পিপাসার্ত [عطش] (تَعْطِيش) عَطَّشَ
করা, তৃষ্ণার্ত করা, তৃষ্ণা জাগানো

['আত্শান] তৃষ্ণার্ত, [عطش] عَطْشَان ست عَطْشَى
পিপাসার্ত, তীব্র আকাংক্ষী

['আত্ফ] সহানুভূতি, দয়া, ভাঁজ, ঝোঁক, عَطْف
নমনীয়তা, (ব্যাকরণে) আত্ফঃ সংযোজন, conjunction

[হারফুল 'আত্ফ] সংযোজক حَرْف العَطْف
অব্যয়, conjunction (ব্যা)

['আতফা] নোয়ানো, নোয়া, (عَطْف) [ض] عَطَفَ
সহানুভূতিশীল হওয়া, দয়াপরবশ হওয়া, আত্ফ (সংযোজন) করা (ব্যা)

['আত্তফা] নোয়ানো, [عطف] (تَعْطِيف) عَطَّفَ
নমনীয় করা, নরম করা, ভাঁজ করা

['ইত্ফ] عِطْف ج أَعْطَاف ، عِطَاف ، عُطُوف
(দেহের) পার্শ্ব, বগল, স্কন্ধ, কাঁধ

['আতল] বেকারত্ব, কর্মহীনতা, শূন্যতা عَطَل

['আতলা] (শ্রমিক) কর্মহীন (عَطَالَة) [ن] عَطَلَ
থাকা, বেকার থাকা, অলস বসে থাকা

['আতলা] (নারী) (عَطَل ، عُطُول) [ف] عَطَلَ

গহনা না পরা, গহনাবিহীন থাকা

عَطِلَ [س] (عَطَل) ['আতিলা] শূন্য থাকা, খালি থাকা, (ধনুক) ছিলাবিহীন থাকা, (ঘোড়া) দড়ি-বিহীন থাকা, কর্মহীন থাকা, বেকার থাকা

عَطِلَ (عَطَل ، عُطُول) ['আতিলা] (নারী) গহনা না পরা, গহনাবিহীন থাকা

عَطَّلَ (تَعْطِيل) [عطل] ['আত্তলা] ফেলে রাখা, ঝুলিয়ে রাখা, বেকার রাখা, নষ্ট করা, অকেজো করা, থামিয়ে দেওয়া, বাধা দেওয়া, বন্ধ করা, শূন্য করা, গহনাবিহীন করা

عُطْل ['উত্‌ল] ব্যর্থতা, ত্রুটি, অকেজো অবস্থা, নষ্ট অবস্থা, শূন্য, অভাবী

عُطِّلَ (تَعْطِيل) ['উত্তিলা] পতিত অবস্থায় থাকা, পরিত্যক্ত অবস্থায় থাকা, অরক্ষিত থাকা

عُطْلَة ['উত্‌লাহ] ছুটি, অবসর, কর্মবিরতি, কর্মহীনতা, বেকারত্ব

عَطَنَ [ن][ض] (عَطْن) ['আতনা] (পশম আলগা করার জন্য চামড়া) লবণ মাখিয়ে রাখা

عَطِن ['আতিন] পচে গিয়েছে এমন, পচা, দুর্গন্ধময়

عَطِنَ [س] (عَطَن) ['আতিনা] পচা, পচে যাওয়া, দুর্গন্ধ ছড়ানো

عَطَّنَ (تَعْطِين) [عطن] ['আত্তনা] (পশম আলগা করার জন্য চামড়া) লবণ মাখিয়ে রাখা

عَطُوف ج عُطُف [عطف] ['আতূফ] স্নেহশীল, সহানুভূতিশীল, মমতাময়, সহৃদয়, দয়ালু

عَطِيَّة ج عَطَايَا ، عَطِيَّات [عطو] ['আতিয়্যাহ] দান, প্রদত্ত বস্তু, দক্ষিণা, উপহার, অনুদান

عَطِين ['আতীন] পচে গিয়েছে এমন, দুর্গন্ধময়

عَظَاءَة ج عَظَاء ['আযাআহ] টিকটিকি (প্রাণী)

عَظَائِم (عَظِيمَة) [عظم] ['আযা'ইম] বড় বড় কাজ, মহৎ কার্যাবলী, বড় বড় বিষয়

عُظَام ، عُظَّام [عظم] ['উযাম, 'উয্‌যাম] বিরাট, বড়, মহান, মর্যাদাপূর্ণ, গুরুত্বপূর্ণ

عِظَة ج عِظَات [وعظ] ['ইযাহ] উপদেশ, শিক্ষা, হিতোপদেশ, ধর্মোপদেশ, দৃষ্টান্ত

عَظْم ج أَعْظُم ، عِظَام ، عِظَامَة ['আয্‌ম] হাড্ডি, হাড়, অস্থি

عَظْم ج أَعْظَام ['আয্‌ম] বেশির ভাগ, অধিকাংশ

عَظُمَ [ك] (عَظَامَة) ['আযুমা] বড় হওয়া, বিরাট হওয়া, মহান হওয়া, কঠিন হওয়া

عَظَّمَ (تَعْظِيم) ['আয্‌যমা] সম্মান করা, মর্যাদা দেওয়া, সম্মানিত করা, মহান করা, বড় করা

عِظَم ['ইযম] বড়ত্ব, বিরাটত্ব, বিশালতা, গুরুত্ব, মহত্ত্ব

عَظَمَات ['আযমাত] নেতৃস্থানীয় ব্যক্তিবর্গ, নেতৃবৃন্দ,

عَظَمَانِيّ ['আযমানী] হাড়ের মত, অস্থিসদৃশ

عَظْمَة ج عَظْمَات ['আয্‌মাহ] হাড়, একখণ্ড হাড়, হাড়ের টুকরা, অস্থিখণ্ড

عَظَمَة ['আযমাহ] বড়ত্ব, মহত্ত্ব, সম্মান, মর্যাদা, বড়াই, গর্ব, অহঙ্কার

عَظَمُوت [عظم] ['আযমূত] বড়ত্ব, মহত্ত্ব, শক্তি, ক্ষমতা, বড়াই, গর্ব, অহঙ্কার

عَظْمُوم [عظم] ['আয্‌মূম] হাড়ের টিউমার

عَظْمِيّ ['আয্‌মী] হাড় সম্বন্ধীয়, অস্থি-বিষয়ক, হাড়ের মত, হাড়ের, অস্থি-, সাদা কবুতর, শ্বেত পায়রা

هَيْكَل عَظْمِيّ [হাইকাল 'আয্‌মী] অস্থিপঞ্জর, কঙ্কাল

عُظْمَى [عظم] ['উয্‌মা] মহত্তর, বৃহত্তর, সুমহান (أَعْظَم-এর স্ত্রীলিঙ্গ)

عَظِيم ج عِظَام ، عُظَمَاء ، عُظُم [عظم] ['আযীম] বিরাট, মহান, বড়, সম্মানিত, মর্যাদাপূর্ণ, গুরুত্বপূর্ণ, গৌরবময়, ক্ষমতাবান

العَظِيم [عظم] [আল-'আযীম] মহামহিমঃ আল্লাহ

عُظَيْم ، عُظَيْمَة ['উযইম, 'উযইমাহ] ক্ষুদ্র হাড়, অস্থিখণ্ড

عَظِيمَة ج عَظَائِم [عظم] ['আযীমাহ] বড় কাজ, বিরাট ব্যাপার, ভয়ানক বস্তু, মহাবিপদ, বিরাট দুর্যোগ

عَفّ ج عُفُون ['আফ্‌] পবিত্র, সচ্চরিত্র, নিষ্পাপ, সংযমশীল

عَفَّ [ض] (عَفّ ، عِفَّة ، عَفَاف) ['আফ্‌ফা] পবিত্র হওয়া, সচ্চরিত্র হওয়া, নিষ্পাপ হওয়া, সংযমশীল হওয়া

عَفَّ عَنْ [-- 'আন] বিরত থাকা

عَفًا ج عِفَاء ، عَفْوَة [عفو] ['আফা] গাধার বাচ্চা

عَفَا [ن] (عَفْو) [عفو] ['আফা] বিলুপ্ত করা, মুছে ফেলা, নিশ্চিহ্ন করা, বৃদ্ধি করা, বৃদ্ধি পাওয়া, বেড়ে যাওয়া, কম হওয়া, কমে যাওয়া, (পশম) ছেঁটে দেওয়া, (চুল) বড় হতে দেওয়া, (ভূমি) গাছপালায় ছেয়ে যাওয়া

عَفَا عَنْ [-- 'আন] মাফ করা, মার্জনা করা, ক্ষমা করা, অপরাধ ক্ষমা করে দেওয়া, বিরত হওয়া

عَفَا لِ [-- লি] অপরাধ মার্জনা করে দেওয়া

عَفَا (عَفْو ، عَفَاء ، عُفُوّ) [عفو] ['আফা] মুছে যাওয়া, নিশ্চিহ্ন হওয়া, জীর্ণ হওয়া, নষ্ট হওয়া, ধ্বংস হওয়া

عَفَاء [عفو] ['আফা'] নিশ্চিহ্নকরণ, বিলুপ্তকরণ, বিলুপ্তি, ধ্বংস, মাটি, ধূলি

عِفَاء [عفو] ['ইফা'] লম্বা ও ঘন চুল, উটপাখির ঘন পালক, উটের পশম

عُفَار ['উফার] ধূলি, ধুলা, ধুলো, রেণু

عَفَّارَة ج عَفَّارَات [عفر] ['আফ্ফারাহ্] ছিটানোর যন্ত্র, স্প্রে

عُفَاشَة ، عُفَاشَة مِنَ النَّاس [عفش] ['উফাশাহ, 'উফাশাহ মিনান নাস] অকাজের লোক

عَفَاف ['আফাফ] পবিত্রতা, নির্দোষিতা, চারিত্রিক নিষ্কলুষতা, সংযম

عِفَاف ['ইফাফ] ঔষধ, চিকিৎসা

عِفَّة ['ইফ্‌ফাহ্] পবিত্রতা, নির্দোষিতা, চারিত্রিক নিষ্কলুষতা, সংযম

عَفْج ، عَفَج ، عَفِج ج أَعْفَاج ['আফ্‌জ, 'আফাজ, 'আফিজ] অন্ত্র, ক্ষুদ্রান্ত্রের প্রথম অংশ, গ্রহণী, duodenum

عَفْر ، عَفَر ج أَعْفَار ['আফ্‌র, 'আফার] ধূলি, ধুলা, ধুলো, রেণু

عَفَرَ [ض] (عَفْر) فِي ['আফারা] ধুলায় গড়াগড়ি দেওয়ানো, মাটির সাথে ঘষা, ধূলি মাখানো

عَفِرَ [س] (عَفَر) ['আফিরা] ওপরে ধুলো পড়া, ধূলিময় হওয়া, ধূলিযুক্ত হওয়া, ধূসরবর্ণ হওয়া

عَفَّرَ (تَعْفِير) [عفر] ['আফ্‌ফারা] ধুলায় গড়াগড়ি দেওয়ানো, মাটির সাথে ঘষা, ধূলি মাখানো, মাটিতে ফেলে দেওয়া, শিশুকে স্তন্যপান থেকে বিরত রাখার জন্য স্তনে মাটি লাগিয়ে রাখা, (মাংস) রৌদ্রে শুকানো, গরম বালির ওপর বিছিয়ে শুকানো, সাদা করা

عِفْر ، عُفْر ج أَعْفَار ، عِفَار ['ইফ্‌র, 'উফ্‌র] শূকর, বরাহ, পুরুষ শূকর, খারাপ লোক, বীর, শক্তিশালী

عَفْرَاء ج عُفْر ['আফ্‌রা'] সাদা মাটি, চান্দ্রমাসের ত্রয়োদশ রাত

عَفْرَة ، عُفْرَة ['আফ্‌রাহ্, 'উফ্‌রাহ্] (ঘোড়া বা সিংহের) কেশর

عِفْرِيت ج عَفَارِيت [عفرت] ['ইফ্‌রীত] দানব, ভূত, প্রেত, শয়তান, ধূর্ত, দুষ্ট

عَفْش ['আফ্‌শ] আবর্জনা, মালপত্র, আসবাবপত্র

عَفَشَ [ض] (عَفْش) ['আফাশা] পুঞ্জীভূত করা, স্তূপীকৃত করা, জমা করা

عَفْص ['আফ্‌স] ওক-গাছ, ওক-ফল, বৃক্ষস্ফোট

عَفِص ['আফিস] তিক্ত, তীক্ষ্ণ, তীব্র, কড়া (স্বাদ)

عَفَن ['আফান] পচন, বিকৃতি

عَفِن ['আফিন] পচা, নষ্ট, বিকৃত, পচনশীল

عَفِنَ [س] (عَفَن ، عُفُونَة) ['আফিনা] নষ্ট হওয়া, পচে যাওয়া

عَفَّنَ (تَعْفِين) [عفن] ['আফ্‌ফানা] পচানো, নষ্ট করা

عَفْو ['আফ্‌ও] মাফ, ক্ষমা, মার্জনা, অনুগ্রহ, সহজ, প্রয়োজনের অতিরিক্ত

عَفْو ، عُفْو ج عِفَاء ، عَفْوَة ['আফ্‌ও, 'উফ্‌ও] গাধার বাচ্চা, বাচ্চা গাধা

عَفْوٌ عَامٌّ ['আফ্‌উন 'আম] সাধারণ ক্ষমা

عَفْوًا ['আফ্‌ওয়ান] মাফ করুন, ক্ষমা করুন, ও কথা বলবেন না *(সৌজন্য)*, *স্বয়ংক্রিয়ভাবে*, আপনা-আপনি

عَفُوّ ['আফূ] মার্জনাকারী, ক্ষমাশীল

العَفُوّ [আল-'আফূ] পরম ক্ষমাশীলঃ আল্লাহ

عَفْوَة ج عَفْو ['আফ্‌ওয়াহ্] গাধার বাচ্চী, ছোট গাধী, রান্নার হাড়ির ফেনা

['ইফ্ওয়াহ্] শ্রেষ্ঠাংশ, মাথার চুল, রান্নার হাড়ির ফেনা عِفْوَة

['উফ্ওয়াহ্] রান্নার হাড়ির ফেনা, মাথার চুল عُفْوَة

['উফূছাহ্] তিক্ততা, তিক্ত স্বাদ عُفُوصَة [عفص]

['উফূনাহ্] পচন, বিকৃতি عُفُونَة [عفن]

['আফ্বী, 'আফাবী] স্বতঃস্ফূর্ত, স্বতঃপ্রবৃত্ত, স্বয়ংক্রিয়, স্বাভাবিক عَفْوِيّ ، عَفَوِيّ [عفو]

['আফ্বিয়্যান, 'আফাবিয়্যান] স্বতঃস্ফূর্তভাবে, স্বয়ংক্রিয়ভাবে, স্বাভাবিকভাবে, আপনা-আপনি عَفْوِيًّا ، عَفَوِيًّا

['আফ্বিয়্যাহ্, 'আফাবিয়্যাহ] স্বতঃস্ফূর্ততা, স্বয়ংক্রিয়তা, স্বাভাবিকতা عَفْوِيَّة ، عَفَوِيَّة

['আফ্ফা] নিশ্চিহ্ন করা, মুছে ফেলা, ধ্বংস করা, মেরে ফেলা, ঘন ও লম্বা চুলবিশিষ্ট হওয়া عَفَّى (تَعْفِيَة) [عفو]

['আফীর] ধূলিমাখা, ধুলায় আবৃত, রৌদ্রে শুকানো হয়েছে এমন, গরম বালির উপর বিছিয়ে শুকানো হয়েছে এমন (মাংস), শুকনো (রুটি) عَفِير

['আফীফ] পবিত্র, নিষ্পাপ, সচ্চরিত্র, সংযমশীল عَفِيف ج أَعِفَّة ، أَعِفَّاء [عفف]

['আফীফাহ্] পবিত্র, নিষ্পাপ, সচ্চরিত্রা, সংযমশীলা (স্ত্রী) عَفِيفَة ج عَفِيفَات ، عَفَائِف [عفف]

['আক্কা] অবাধ্য হওয়া, অমান্য করা, অবৎসল আচরণ করা عَقَّ [ن] (عُقُوق ، مَعَقَّة)

['আক্কা] ছিঁড়ে ফেলা, বিদীর্ণ করা عَقَّ [ن] (عَقّ)

['আকা'ইদ] মতাদর্শ, ধর্মমত, বিশ্বাস عَقَائِد (عَقِيدَة) [عقد]

['আকা'ইদী] আদর্শিক, মতাদর্শগত عَقَائِدِيّ

['ইক্বাব] শাস্তি, সাজা, আযাব, দণ্ড عِقَاب

['উক্বাব] শ্যেন, ঈগল (পাখি) عُقَاب ج عِقْبَان ، أَعْقُب جج عَقَابِين

['ইক্বাবী] শাস্তিমূলক, দণ্ড-বিষয়ক, দণ্ডমূলক عِقَابِيّ

['আক্কাদ] দড়ি সুতা ফিতা ইত্যাদি প্রস্তুতকারক ও বিক্রেতা عَقَّاد [عقد]

['আক্বার] ভূমি, বাড়ি, ভূসম্পত্তি, স্থাবর সম্পত্তি, ঘরবাড়ি, ক্ষেত-খামার, ঘরের আসবাবপত্র, লাল রং عَقَار ج عَقَارَات

['আক্কার] ঔষধ, প্রতিষেধক عَقَّار ج عَقَاقِير

['ইল্মুল 'আক্বাকীর] ঔষধবিজ্ঞান, pharmacology عِلْم العَقَاقِير

['আক্বাকীরী] ঔষধবিজ্ঞানী, pharmacologist عَقَاقِيرِيّ

['উক্বার] মদ, অবশিষ্টাংশ, সেরা সম্পদ, গৃহ-সামগ্রী, শৌখিন আসবাবপত্র عُقَار

['আক্বারিব] বিপদাপদ, কষ্ট, তীব্র ঠাণ্ডা, কুৎসা, চুগলি عَقَارِب (عقرب)

['আক্বারাহ্] বন্ধ্যাত্ব, নিস্ফলতা, ফলহীনতা عَقَارَة [عقر]

['আক্বারী] স্থাবর, স্থাবর সম্পত্তি-বিষয়ক, ভূসম্পত্তি-বিষয়ক عَقَارِيّ

['ইক্বাছ] চুল বাঁধার ফিতা, ঝুঁটি বাঁধার ফিতা, রেশমী ফিতা, লাল রেশম عِقَاص ج عُقُص

['ইক্বাল] রশি, দড়ি, বেড়ি, শৃঙ্খল, শিকল, নিগড়, মস্তকবন্ধনী, পশুর যাকাত عِقَال ج عُقُل

['উক্কাল] পশুর পায়ের রোগবিশেষ عُقَّال

['আক্বাম] খারাপ স্বভাববিশিষ্ট, বদমেজাজী, খিটখিটে, নিঃসন্তান, প্রচণ্ড, তীব্র (যুদ্ধ) عَقَام

['উক্বাম] প্রচণ্ড, তীব্র (যুদ্ধ), কঠিন (দিন), দুরারোগ্য (রোগ) عُقَام

['আক্ব] গোড়ালি, পায়ের গিঁঠ, শেষভাগ, অবশিষ্টাংশ, পরে আসে বা ঘটে এমন ব্যক্তি বা বস্তু, পুত্র, পৌত্র, সন্তান, বংশধর عَقْب ج أَعْقَاب

['আক্বাব] শিরা, তন্তু, তার, ছিলা عَقَب ج أَعْقَاب

['আক্বাবা] পিছনে পিছনে আসা, পরে আসা, অনুসরণ করা عَقَبَ [ن] [ض] (عَقْب ، عُقُوب)

['আক্বাবা] গোড়ালিতে আঘাত করা, তার দিয়ে বাঁধা عَقَبَ [ن] [ض] (عَقْب)

['আক্কাবা] পরে আনা, পশ্চাদ্বর্তী করা, অনুসরণ করানো, বারবার করা, একের পর এক করা, পিছনে তাকানো, ফিরে আসা, নামায আদায়ের পর দোয়া কিংবা নফল নামাযের জন্য হাঁটু ভেঙ্গে গোড়ালির ওপর বসা, তার দিয়ে বাঁধা عَقَّبَ (تَعْقِيب) [عقب]

عَقْر ج أَعْقَار ['আক্‌র] ঘরের মধ্যস্থল, উঁচু ভবন, প্রাসাদ, বাড়ি, মহল্লা, পাড়া, মূল

عَقَرَ [ض] (عَقْر) ['আক্বারা] হত্যা করা, বধ করা, আহত করা, পা কেটে দেওয়া

عَقَرَ [ض] (عَقْر ، عُقْر ، عُقَار) ['আক্বারা] বন্ধ্যা হওয়া, নিঃসন্তান হওয়া, নিষ্ফল হওয়া

عَقُرَ [ك] (عَقَارَة) ['আকুরা] নিঃসন্তান হওয়া, বন্ধ্যা হওয়া, নিষ্ফল হওয়া

عُقْر ['উক্‌র] বন্ধ্যাত্ব, নিষ্ফলতা, মধ্য, মূল

عُقْر ج أَعْقَار ['উক্‌র] বন্ধ্যা, নিঃসন্তান, মধ্যস্থল, ঘরের মধ্যস্থল, ঘরের শ্রেষ্ঠতম জায়গা, কবিতার সেরা চরণ, মহল্লা, পাড়া, প্রাসাদ

عُقِرَ ['উক্বিরা] বন্ধ্যা হওয়া, নিঃসন্তান হওয়া

عَقْرَب ج عَقَارِب ['আক্‌রব] (ঘড়ির) কাঁটা, বিচ্ছু, বৃশ্চিক

العَقْرَب [আল-'আক্‌রব] বৃশ্চিকরাশি; রাশিচক্রের অষ্টম রাশি

عَقْرَة ، عُقْرَة ['আক্‌রাহ, 'উক্‌রাহ] সন্তান জন্ম-দানে অক্ষমতা, বন্ধ্যাত্ব, নিষ্ফলতা

عَقَصَ [ض] (عَقْص) ['আক্বাছা] (চুল) বেণী করা, বেঁধে রাখা, খোঁপা বাঁধা, গুচ্ছ করা

عِقْصَة ج عِقَص ['ইক্‌ছাহ] খোঁপা, বেণী, চুলের গোছা, কেশগুচ্ছ

عَقْعَق ج عَقَاعِق ['আক্‌'আক] লম্বা লেজবিশিষ্ট কাক আকৃতির একপ্রকার অলক্ষুণে পাখি, magpie, অলক্ষুণে পাখির ডাক

عَقْعَقَ (عَقْعَقَة) ['আক্‌'আকা] (অলক্ষুণে পাখি) ডাকা, জোরে জোরে ডাকা, ডাকতে থাকা

عَقْعَقَة ['আক্‌'আকাহ] অলক্ষুণে পাখিবিশেষের ডাক, কাগজ কিংবা নতুন কাপড়ের খসখস শব্দ

عَقَفَ [ض] (عَقْف) ['আক্বাফা] বাঁকা করা, ভাঁজ করা

عَقَّفَ (تَعْقِيف) [عقف] ['আক্কাফা] বাঁকা করা, ভাঁজ করা

عَقْفَاء [عقف] ['আক্‌ফা'] বাঁকা, বক্র, বক্রপৃষ্ঠ, কুঁজো (أعقف-এর স্ত্রীলিঙ্গ), লোহার আঁকড়া, বাঁকা পেরেক, বাঁকা হয়ে কানের উপর আসা শিংযুক্ত ছাগল, লাল ফুলবিশিষ্ট একপ্রকার তৃণ যা খেলে ছাগল মরে যায়

عَقِب ج أَعْقَاب ['আক্বিব] গোড়ালি, পায়ের গিঁঠ, শেষভাগ, অবশিষ্টাংশ, পরে আসে বা ঘটে এমন ব্যক্তি বা বস্তু, পুত্র, পৌত্র, সন্তান, বংশধর

عَقِبَ ['আক্বিবা] পরে, পরক্ষণে

عُقْب ، عُقُب ج أَعْقَاب ['উক্‌ব, 'উকুব] ফল, পরিণতি, পরিণাম, পরিসমাপ্তি, অবশিষ্টাংশ, বিনিময়, প্রতিদান

عُقْبَان [عقب] ['উক্‌বান] পরিণতি, পরিণাম

عَقَبَة ج عِقَاب ['আক্বাবাহ] গিরিপথ, খাড়া ঢাল, পাহাড়ের ঢাল

عَقَبَة ج عَقَبَات ، عِقَاب ['আক্বাবাহ] পাহাড়ের দুর্গম পথ, উঁচু পাহাড়ের রাস্তা, ঘাঁটি, বাধা, প্রতিবন্ধকতা, জটিলতা

عِقْبَة ['ইক্‌বাহ] (সৌন্দর্যের) ছাপ, আকৃতি

عُقْبَة ج عُقَب ['উক্‌বাহ] পরিণতি, পরিণাম, শেষ ফল, অবশিষ্টাংশ, বিনিময়, প্রতিদান, ছাপ, আকৃতি, পালা, রাত ও দিন

عُقْبَى [عقب] ['উক্‌বা] পরিণতি, পরিণাম, শেষ ফল, বিনিময়, প্রতিদান

عَقَّة ['আক্কাহ] গভীর গর্ত, তিক্ত পানি

عِقَّة ج عِقَق ['ইক্কাহ] নবজাতকের চুল

عَقْد ['আক্‌দ] বন্ধন, অনুষ্ঠিতকরণ, সম্পাদন

عَقْد ج عُقُود ['আক্‌দ] গিঁঠ, বন্ধন, চুক্তি, দশক (দশ বছর)

عَقَدَ [ض] (عَقْد) ['আক্বাদা] বাঁধা, গিঁঠ দেওয়া, অনুষ্ঠিত করা, সম্পন্ন করা, চুক্তি করা

عَقِدَ ['আক্বিদ] কথা আটকে যায় এমন, জিহ্বায় জড়তা আছে এমন, জড়তাযুক্ত (জিহ্বা, কথা)

عَقِدَ [س] (عَقَد) ['আক্বিদা] কথা আটকে যাওয়া, বাকরুদ্ধ হওয়া

عَقَّدَ (تَعْقِيد) [عقد] ['আক্কাদা] গিঁঠ দেওয়া, শক্ত করা, জটিল করা, দুর্বোধ্য করা, অস্পষ্টভাবে বলা

عِقْد ج عُقُود ['ইক্‌দ] হার, কণ্ঠহার, মালা

عُقْدَة ['উক্‌দাহ] বাকরুদ্ধতা, বাকশক্তিহীনতা, (জিহ্বার) জড়তা, জটিলতা

عُقْدَة ج عُقَد ['উক্‌দাহ] গিঁঠ, গিরা, গ্রন্থি, বন্ধন, চুক্তি

['আক্‌ল] বুঝ, বোধ, বন্ধন, আটকাবস্থা عَقْل

['আক্‌ল] বুদ্ধি, জ্ঞান, বোধশক্তি, عَقْل ج عُقُول
আকল, আক্কেল, মন

['আক্বালা] বুঝা, বুঝতে পারা, عَقَلَ [ض] (عَقْل)
বুদ্ধিমান হওয়া, জ্ঞানী হওয়া, আটকে রাখা, বেঁধে রাখা, রক্তমূল্য পরিশোধ করা, দিয়াত আদায় করা, ক্ষতিপূরণ দেওয়া

[-- ইলা] আশ্রয় নেওয়া, আশ্রয়ে যাওয়া عَقَلَ إِلَى

['আক্কালা] বুদ্ধিমান করা, عَقَّلَ (تَعْقِيل) [عقل]
বুদ্ধিমান হওয়া, (উট) বেঁধে রাখা

[-- 'আন] আটকে রাখা, বিরত রাখা, عَقَّلَ عَنْ
না দেওয়া

['আক্‌লানী] বুদ্ধিগত, বুদ্ধিসম্মত, عَقْلَانِيّ [عقل]
বুদ্ধিভিত্তিক, যুক্তিযুক্ত, যৌক্তিক, যুক্তিবাদী

['আক্‌লানিয়্যাহ্] বুদ্ধিশালিতা, عَقْلَانِيَّة [عقل]
বুদ্ধিবৃত্তি, বুদ্ধিমত্তা, মনীষা, বিচারশক্তি, যুক্তিযুক্ততা, যৌক্তিকতা, যুক্তিবাদ

['আক্‌লাহ্] কথা আটকে যাওয়া, জিহ্বার عَقْلَة
বাধা, বাকরুদ্ধতা

['উক্‌লাহ্] বন্ধন, গিঁঠ, রশি, দড়ি عُقْلَة ج عُقَل

['আক্‌লানা] বুদ্ধিভিত্তিক عَقْلَنَ (عَقْلَنَة) [عقل]
করা, যুক্তিসঙ্গত করা, যুক্তিনির্ভর করা

['আক্‌লী] বুদ্ধিগত, বুদ্ধিসম্মত, বুদ্ধিভিত্তিক, عَقْلِيّ
যুক্তিনির্ভর, মানসিক

['আক্‌লিয়্যাহ্] বুদ্ধি, عَقْلِيَّة ج عَقْلِيَّات [عقل]
বুদ্ধিমত্তা, বুদ্ধিবৃত্তি, যুক্তিবাদ, মানসিকতা

['আক্‌ম, 'আক্বাম] বন্ধ্যাত্ব, অনুর্বরতা عَقْم، عَقَم

['আক্বামা] বন্ধ্যা হওয়া, عَقَمَ [ن] (عَقْم ، عُقْم)
সন্তান জন্মদানে অক্ষম হওয়া, নিষ্ফল হওয়া

['আক্বামা] বন্ধ্যা করা, সন্তান عَقَمَ [ض] (عَقْم)
জন্মদানে অক্ষম করা, নিষ্ফল করা

['আক্বিমা] বন্ধ্যা হওয়া, সন্তান عَقِمَ [س] (عَقَم)
জন্মদানে অক্ষম হওয়া, চুপ থাকা, নির্বাক থাকা

['আকুমা] বন্ধ্যা হওয়া, عَقُمَ [ك] (عَقْم ، عُقْم)
সন্তান জন্মদানে অক্ষম হওয়া, নিষ্ফল হওয়া

['আক্কামা] সন্তান জন্মদানে عَقَّمَ (تَعْقِيم) [عقم]
অক্ষম করা, বন্ধ্যা করা, সংক্রমণমুক্ত করা, জীবাণুমুক্ত করা, চুপ করানো

['উক্‌ম, উক্‌মাহ্] সন্তান জন্মদানে عُقْم ، عُقْمَة
অক্ষমতা, বন্ধ্যাত্ব, নিষ্ফলতা

['উকূবাহ্] শাস্তি, দণ্ড, عُقُوبَة ج عُقُوبَات [عقب]
বিধিনিষেধ, নিষেধাজ্ঞা

['উকূদ] দশক সংখ্যাসমূহঃ ১০, عُقُود (عَقْد)
২০, ৩০, ৪০, ৫০, ৬০, ৭০, ৮০ ও ৯০

['আকূর] বেশী কামড়াতে অভ্যস্ত, عَقُور ج عُقُر
কামড়িয়ে আহত করে এমন, খাওয়ার জন্য অত্যন্ত লোভী, লোলুপ

['আকূক] গর্ভবতী, গাভীন عَقُوق ج عُقُق ، عِقَاق

['উকূক] অবাধ্যতা, অমান্যতা عُقُوق [عقق]

['আকূল] ভাল বুদ্ধি রাখে এমন, عَقُول [عقل]
বুদ্ধিমান, জ্ঞানী, বোধসম্পন্ন, কোষ্ঠকাঠিন্য ঘটায় এমন, কোষ্ঠবদ্ধতাকারক (ঔষধ)

['আক্বীব] পরে আসে এমন, পর- عَقِيب [عقب]
বর্তী, পশ্চাদ্বর্তী, উত্তরাধিকারী

['উক্কাইব] ছোট জাতের ঈগলবিশেষ عُقَيْب

['আক্বীদ] কর্নেল, লেফটেনেন্ট عَقِيد ج عُقَدَاء
কর্নেল (পদ), ঠিকাদার, চুক্তিকারী

['আক্বীদাহ্] বিশ্বাস, আস্থা, عَقِيدَة ج عَقَائِد [عقد]
মতাদর্শ, আকীদা, ধর্মমত

['আক্বীর] আহত, নিঃসন্তান عَقِير ج عَقْرَى

['আক্বীরাহ্] আহত, কর্তিত عَقِيرَة ج عَقَائِر [عقر]
পা, পা-কাটা (পশু), মাথা-কাটা (খেজুর গাছ) স্বর

['আক্বীছাহ্] عَقِيصَة ج عَقَائِص، عِقَاص [عقص]
কেশগুচ্ছ, খোঁপা, বিনুনি, বেণী

['আক্বীক] আকীক পাথর, নবজাতকের চুল عَقِيق

['আক্বীক] গভীর গিরিখাত, সঙ্কীর্ণ عَقِيق ج أَعِقَّة
উপত্যকা

['আক্বীক ইয়ামানী] আকীক পাথর عَقِيق يَمَانِيّ

['আক্বীক্বাহ্] নবজাতকের عَقِيقَة ج عَقَائِق [عقق]
চুল, আকীকা, আকীকার পশু, আকীক পাথর, নদী, পানির মশক, বিদ্যুতের ঝলক

['আক্বীলাহ্] সম্ভ্রান্ত নারী, عَقِيلَة ج عَقَائِل [عقل]
পর্দানশীন মহিলা, অবরোধবাসিনী, সহধর্মিণী, স্ত্রী, ভালজাতের উট, সেরা বস্তু, মুক্তাদানা, নেতা

['আক্বীম] নিষ্ফল, অকেজো, প্রচণ্ড, عَقِيم [عقم]

তীব্র (যুদ্ধ), অত্যন্ত উষ্ণ (দিন)

['আক্বীম] সন্তান عَقِيم ج عُقَمَاء ، عِقَام ، عَقْمَى জন্মদানে অক্ষম, সন্তান হয় না এমন, আঁটকুড়া, বন্ধ্য, নিঃসন্তান (পুরুষ)

['আক্বীম] সন্তান জন্মদানে عَقِيم ج عَقَائِم ، عُقْم অক্ষম, সন্তান হয় না এমন, বন্ধ্যা, নিঃসন্তানা

['আক্কা] (আবহাওয়া) ভ্যাপসা عَكَّ [ض] (عَكّ) হওয়া, গুমটযুক্ত হওয়া, গুমসা হওয়া

['আকারাহ] কর্দমাক্ততা, পঙ্কিলতা, عَكَارَة [عكر] গাদ, তলানি

['উক্কায, عُكَّاز ، عُكَّازَة ج عَكَاكِيز ، عُكَّازَات 'উক্কাযাহ] ভর দেওয়ার লাঠি, ছড়ি, যষ্ঠি

['উকাশ, 'উক্কাশ] عُكَاش ، عُكَّاش [عكش] মাকড়সা, পুরুষ মাকড়সা, মাকড়সার জাল

['আকাশাহ] এলোমেলো অবস্থা, عَكَاشَة [عكش] অগোছালো অবস্থা, অবিন্যাস, কদর্যতা, অসুবিধা

['উকাশাহ, 'উক্কাশাহ] عُكَاشَة ، عُكَّاشَة [عكش] মাকড়সা, পুরুষ মাকড়সা, মাকড়সার জাল

['উকায] ওকায মেলাঃ জাহিলী আরবদের عُكَاظ একটি বিখ্যাত মেলা

['আকার] কর্দমাক্ততা, পঙ্কিলতা, (তরবারি عَكَر ইত্যাদির) মরিচা, কর্দম, কাদা, গাদ, তলানি

['আকির] ঘোলা, কর্দমাক্ত, পঙ্কিল, অস্বচ্ছ, عَكِر (পানি) গাদযুক্ত (তেল), ঘোলাটে (অবস্থা)

['আকিরা] (পানি) ঘোলা হওয়া, عَكِرَ [س] (عَكَر) পঙ্কিল হওয়া, কর্দমাক্ত হওয়া, (তেল) গাদযুক্ত হওয়া, (অবস্থা) ঘোলাটে হওয়া

['আক্কারা] (পানি) ঘোলা عَكَّرَ (تَعْكِير) [عكر] করা, পঙ্কিল করা, কর্দমাক্ত করা, (অবস্থা) ঘোলাটে করা

['আকারাহ] বিশৃঙ্খলা, তালগোল পাকানো عَكَرَة অবস্থা, এলোমেলো অবস্থা, অনিশ্চয়তা

['আকারাহ] উটের পাল, উষ্ট্রপাল عَكَرَة ج عَكَر

['আকাযা] (বর্শা) মাটিতে গাড়া عَكَزَ [ن] (عَكْز)

[-- বি] দিক-নির্দেশনা পাওয়া عَكَزَ بِ

[-- 'আলা] ভর করা, ভর দেওয়া عَكَزَ عَلَى

['আক্কাযা] (বর্শায়) লৌহদণ্ড عَكَّزَ (تَعْكِيز) [عكز] লাগানো

['আক্স] প্রতিফলন, প্রতিবিম্বন, পরিবর্তন, عَكْس ওলট, বৈপরীত্য, বিপরীত

['আক্সা, 'আলা 'আক্সি] عَكْسَ ، عَلَى عَكْسِ বিপরীতে, বিরুদ্ধে

[বিল-'আক্স, 'আলাল بِالْعَكْس، عَلَى الْعَكْس 'আক্স] বিপরীতভাবে, উল্টাভাবে, উল্টা দিক থেকে, বিপরীতে

['আকাসা] প্রতিফলিত করা, عَكَسَ [ض] (عَكْس) প্রতিবিম্বিত করা, উল্টানো, পরিবর্তন করা

['আক্সী] প্রতিফলনজনিত, প্রতিবিম্বিত, عَكْسِيّ বিপরীত, উল্টা, পাল্টা

['আকিশ] কোঁকড়া (চুল), পেঁচানো, জট- عَكِش বদ্ধ, বিজড়িত, অধিক ডালপালাযুক্ত (গাছ) এলোমেলো, অগোছালো, অবিন্যস্ত, বিশৃঙ্খল, কদাকার, অথর্ব (লোক)

['আকাফা] বিন্যস্ত করা, عَكَفَ [ن] [ض] (عَكْف) সাজিয়ে রাখা, আবদ্ধ রাখা, ধরে রাখা, অবস্থান করা, জমে বসা, প্রদক্ষিণ করা

[-- 'আন] বিরত রাখা, বারণ করা عَكَفَ عَنْ

[-- 'আলা] লেগে عَكَفَ (عَكْف ، عُكُوف) عَلَى থাকা, আকড়ে থাকা, নিবেদিত হওয়া, আসক্ত হওয়া

['আক্কাফা] সাজিয়ে عَكَّفَ (تَعْكِيف) [عكف] রাখা, গুছিয়ে রাখা, বিন্যস্ত করা, বাঁকা করা, (চুল) কোঁকড়া করা

[-- 'আন] বিরত রাখা, বারণ করা عَكَّفَ عَنْ

['আকিফ] কুঞ্চিত, কোঁকড়া (চুল) عَكِف

['আকামা] গাঁটরি বাঁধা, বোঁচকা عَكَمَ [ض] (عَكْم) বাঁধা, মোড়ক করা

['আল] চামড়া কুচকে গেছে এমন عَلّ ج أَعْلَال লোক, বৃদ্ধ, শীর্ণকায়, রোগা, অথর্ব লোক

['আল্লা] হয়তো, সম্ভবত, হতে পারে عَلَّ (لَعَلَّ)

['আলু, মিন 'আলু, মিন عَلُ ، مِنْ عَلُ ، مِنْ عَلٍ 'আলিন] উপর থেকে

['আলা] উঁচু হওয়া, ওপরে عَلَا [ن] (عُلُوّ) [علو] ওঠা, উর্ধ্বে অবস্থান করা, অবাধ্য হওয়া, অহঙ্কার করা

['আলা'] উচ্চতা, উচ্চ মর্যাদা, মহত্ত্ব [علو] عَلَاء

['আলাত] কামারের নেহাই عَلَاة ج عَلَى

['ইলাজ] চিকিৎসা, প্রতিকার, প্রতিবিধান, আরোগ্য, ঔষধ, প্রতিষেধক عِلَاج

['আল্লাফ] পশুখাদ্য বিক্রেতা, পশুখাদ্যওয়ালা [علف] عَلَّاف ج عَلَّافَة

['আলাক্বাহ] সম্পর্ক, সম্পৃক্ততা, সংশ্রব, সম্বন্ধ [علق] عَلَاقَة ج عَلَاقَات

['আল্লাক্বাহ] যে বস্তুর সাথে কোন কিছু ঝুলিয়ে রাখা হয়, হ্যাঙ্গার [علق] عَلَّاقَة ج عَلَّاقَات

['ইলাক্বাহ] যার সাথে তরবারি ধনুক ইত্যাদি ঝুলিয়ে রাখা হয়, গাছে ঝুলে থাকা ফল [علق] عِلَاقَة ج عَلَائِق

['আলামা] কিসের উপর, কিসের ভিত্তিতে? কিসের জন্য? কেন? عَلَامَ؟

['আল্লাম] অনেক জ্ঞানের অধিকারী, বড় জ্ঞানী, মহাজ্ঞানী, সুবিজ্ঞ, সর্বজ্ঞাত [علم] عَلَّام

['আলামাহ] চিহ্ন, নিদর্শন, আলামত, প্রতীক, সঙ্কেত, লক্ষণ, নম্বর [علم] عَلَامَة ج عَلَامَات ، عَلَائِم

['আলামাতুল ইস্‌তিফ্‌হাম] প্রশ্নবোধক চিহ্ন, জিজ্ঞাসা-চিহ্ন عَلَامَة الاِسْتِفْهَام

['আলামাতুল ইক্‌তিবাস] উদ্ধৃতিচিহ্ন عَلَامَة الاِقْتِبَاس

['আলামাহ তিজারিয়্যাহ] ট্রেডমার্ক (trade-mark) عَلَامَة تِجَارِيَّة

['আলামাতুত তার্‌কীম] বিরতি-চিহ্ন, বিরাম-চিহ্ন عَلَامَة التَّرْقِيم

['আলামাতুত তা'আজ্জুব] আশ্চর্যবোধক চিহ্ন عَلَامَة التَّعَجُّب

['আল্লামাহ] বড় জ্ঞানী, মহাজ্ঞানী, সুবিজ্ঞ, আল্লামা [علم] عَلَّامَة

['আলানী] যে প্রকাশ্যে কাজ করে, স্পষ্টবাদী [علن] عَلَانِيّ ج عَلَانِيُّون

['আলানিয়াহ] প্রকাশ্যতা, খোলা-খুলিভাব [علن] عَلَانِيَة

['আলানিয়াতান] প্রকাশ্যে, খোলাখুলি-ভাবে, জনসমক্ষে عَلَانِيَةً

['ইলাওয়াহ] মাথার উপরিভাগ, ঘাড়ের উপরিভাগ, অতিরিক্ত বোঝা, বাড়তি অংশ [علو] عِلَاوَة ج عَلَاوَى ، عَلَاوِيّ

['ইলাওয়াহ] বাড়তি, বৃদ্ধি, বোনাস, ভাতা, অনুদান [علو] عِلَاوَة ج عِلَاوَات

['ইলাওয়াতান 'আলা] উপরে, অধিক, অতিরিক্ত, ছাড়াও, ব্যতীত, অধিকন্তু عِلَاوَةً عَلَى

['উলাওয়াহ] উপরিভাগ, উপরের অংশ [علو] عُلَاوَة

['আলায়াহ] উঁচু জায়গা, উচ্চস্থান [علو] عَلَايَة

['আল্‌ব] আঘাতের দাগ, আঁচড়, খামচি عَلْب

['আল্‌ব] অনুর্বর জায়গা, শক্ত জিনিস, কঠোর লোক عَلْب ، عِلْب ج عُلُوب

['আলাবা] দাগ দেওয়া, সেক দেওয়া, আঁচড় কাটা, খামচি দেওয়া, শক্ত হওয়া عَلَبَ [ن] (عَلْب)

['আল্লাবা] কৌটায় ভরা, বাক্সে ভরা, টিনজাত করা, কৌটা তৈরী করা, দাগ দেওয়া, সেক দেওয়া, আঁচড় কাটা, খামচি দেওয়া عَلَّبَ (تَعْلِيب) [علب]

['উল্‌বাহ] কৌটা, বাক্স, পাত্র, টিন عُلْبَة ج عُلَب ، عِلَاب

['উলাবী] কৌটা প্রস্তুতকারী, বাক্স প্রস্তুতকারী عُلَبِيّ ج عُلَبِيُّون

['আল্লাহ] স্বামীর অন্য স্ত্রী, সতীন, একাধিক স্ত্রীদের একজন, দ্বিতীয় ঢোক, দুর্ভাগ্য, প্রয়োজন [علل] عَلَّة ج عَلَّات

[বানূ 'আল্লাত] বিভিন্ন মায়ের গর্ভে জন্মগ্রহণকারী একই পিতার পুত্রগণ بَنُو عَلَّات

['ইল্লাহ] কারণ, হেতু, রোগ, ব্যাধি, পীড়া, (ছন্দশাস্ত্রে) ইল্লাতঃ নিয়মের ব্যতিক্রমবিশেষ [علل] عِلَّة ج عِلَل ، عِلَّات

['আলাফ] গবাদিপশুর শুকনা খাদ্য, পশুখাদ্য, জাব, বিচালি عَلَف ج أَعْلَاف ، عِلَاف

['আলাফা] (পশুকে) খাদ্য দেওয়া, খাওয়ানো, অধিক পান করা عَلَفَ [ض] (عَلْف)

['আল্লাফা] (পশুকে) খাদ্য দেওয়া, খাওয়ানো, (গাছে) ফলের গুচ্ছ বা কাঁদি বের হওয়া عَلَّفَ (تَعْلِيف) [علف]

['ইল্‌ফ] অধিক খায় এমন, ভোজনপটু, পেটুক, লোভী عِلْف

['উল্লাফ] কলা বা খেজুরের কাঁদি, ফলের গুচ্ছ عُلْف

['আলাক] জোঁক, জমাটবদ্ধ রক্ত, সংলগ্ন রক্তপিণ্ড, ঝুলন্ত পদার্থ عَلَق

[আল-'আলাক] সূরা আল-'আলাকঃ পবিত্র কোরআনের ৯৬তম সূরা العَلَق

['আলাক্বা] আঙ্গুল চোষা, (পশু) গাছের পাতা খাওয়া, ওপর থেকে খাওয়া عَلَقَ [ن] (عَلْق، عُلُوق)

['আলিক্বা] লেগে থাকা, ঝুলে থাকা, সংলগ্ন হওয়া, সম্পৃক্ত হওয়া, অধিক ভালবাসা عَلِقَ [س] (عَلَق ، عُلُوق ، عَلَاقَة)

['আল্লাক্বা] ঝুলানো, ঝুলিয়ে রাখা, লটকানো, লটকিয়ে রাখা, ঝুলন্ত অবস্থায় রাখা, ফয়সালা না করা, (দরজা) লাগানো, লাগিয়ে দেওয়া عَلَّقَ (تَعْلِيق) [علق]

[--'আলা] পর্যালোচনা করা, সমীক্ষা করা, মন্তব্য করা عَلَّقَ عَلَى

['ইল্‌ক] পছন্দের জিনিস, প্রিয় বস্তু, দামী জিনিস, মূল্যবান বস্তু, চামড়ার ঝুলি عِلْق ج أَعْلَاق ، عُلُوق

['আলাক্বাহ] জোঁক, জমাটবদ্ধ রক্ত, সংলগ্ন রক্তপিণ্ড, ঝুলন্ত পদার্থ عَلَقَة ج عَلَقَات

['উল্‌ক্বাহ] সামান্য বস্তু, প্রধান খাদ্য গ্রহণের পূর্বে অল্প পরিমাণে যা খাওয়া হয়, পশুর খাদ্য হিসেবে ব্যবহৃত গাছের পাতা, সম্পর্ক, সম্পত্তি, মালামাল عُلْقَة ج عُلَق

['আল্‌ক্বাম] আলকামঃ একপ্রকার তিতা ফল ও তার গাছ, হান্‌জাল, তিতা বস্তু عَلْقَم ج عَلَاقِم

['আলাকা] চিবানো, চর্বণ করা, দাঁত দ্বারা চূর্ণ করা عَلَكَ [ن] [ض] (عَلْك)

['আল্লাকা] (চামড়া) ভাল করে পাকা করা, (আটা বা ময়দার তাল) জোরে মাজা, ভাল করে যত্ন নেওয়া, আগলে রাখা عَلَّكَ (تَعْلِيك) [علك]

['আল্লাকা ইয়াদাইহি 'আলা] দুই হাতে শক্ত করে ধরে রাখা, ছাড়তে না চাওয়া, কৃপণের মত আগলে রাখা عَلَّكَ يَدَيْهِ عَلَى

['ইল্‌ক] চিবানোর বস্তু, চুয়িংগাম عِلْك ج عُلُوك ، أَعْلَاك

['আলাল] দ্বিতীয়বার পান, পুনরায় পান عَلَل ج أَعْلَال

['আল্লালা] পুনরায় পান করানো, ভুলিয়ে রাখা, ব্যস্ত রাখা, কারণ বর্ণনা করা, ব্যাখ্যা করা, রোগের চিকিৎসা করা, (সম্পদ) দেখেশুনে রাখা, সযত্নে রাখা, (ফল) দ্বিতীয়বার পাড়া, (শব্দের) তা'লীল করা (ব্যা) عَلَّلَ (تَعْلِيل) [علل]

['আলাম] পতাকা, নিশান, ঝাণ্ডা, ব্যানার, নিদর্শন, চিহ্ন, দাগ, কাপড়ের নকশা, পথচিহ্ন, সীমানা-নির্দেশক স্তম্ভ, উঁচু পাহাড়, বিশিষ্ট ব্যক্তি, দলের নেতা, গোত্রপতি, নামবাচক বিশেষ্য (ব্যা) عَلَم ج أَعْلَام ، عِلَام

